সুরলোকে

বঙ্গের পারিচয়।



প্রথম খণ্ড |

"অতোর্হসিক্জমসাধু সাধু বা হিতং মনোহারি চ তুর্লভং বচ:।"

কলিকাতা

একালীকিঙ্কর চক্রবর্ত্তি কর্তৃক

একাশিত।

मश्वद ३२७२।

বিজ্ঞাপন।

অধুনাতন কালের বঙ্গনগাজে যে সকল মহা দোষ প্রবৈশ করিয়াছে, তাহা দর্শন করিয়া মধ্যে মধ্যে মনে অতিশয় চুঃথের উদয় হয়। সেই ছুঃথই আদাকে এই এন্থ প্রকাশে প্রব্রত করিয়াছে। বন্ধভাবে স্থামিট স্বরূপাথ্যান বর্ণনা, সেই দোষ সকল প্রতিকারের প্রধান উপায় মনে করিয়া প্রন্তের সকল স্থানে আমি তাহ। অবলম্ন করিতে চেষ্টা করিয়াছি। ভ্রান্ত ব্যক্তির মুখে স্বদ্ধাস্থের উদয় হয় এবং তাহার সহিত তিনি নিজ দোষ সংশোধনে যতুবান হয়েন, ইহাই গ্রন্থের উদ্দেশ্য। কিন্তু আমার এই আশঙ্কা হইতেছে যে, হয় ত প্রস্তের স্বরূপাখ্যান সকল বন্ধচক্ষে নীরস ভাব ধারণ করিবে। যদি তাহাই হয়, তবে বন্ধুরন্দ আগাকে হিতপ্রার্থী বিবেচনা করিয়া ক্ষমা ক্রিবেন ৷ ইহা নিশ্চিত ভাবিবেন, আমি যে সকল ব্যক্তির প্রমাদ প্রদর্শন করিয়াছি, তাঁহাদিগের গুণ সম্বন্ধে অন্ধ্র নহি। যথাকালে গুণ সম্বন্ধে কিছু বলিবার মানস রহিল।

অবশেষে আমি এই প্রন্থে যাঁহাদিগের সম্বন্ধে স্বরূপা-থ্যান কীর্ত্তন করিয়াছি, তাঁহাদিগের নিকট প্রন্থের আখ্যা পত্রে উদ্ধৃত মহাজন বাক্য সহকারে ক্ষমা প্রার্থনা করি-তেছি,—"হিতকারী বচন সাধু বা অসাধু হউক, তাহা ক্ষমার যোগ্যা, যেহেতু হিতকারী অথচ মনোহারী রচন তুর্লভ।"

সূচী পত্র।

দেবলোক	•••	•••	•••	• • • •	5
সম্বাদতত্ত্ব	•••	***	•••		9
উন্নতি	•••	•••	•••	•••	36
লেখক	•••		***	•••	২ 5
ইংরাজী শিশি	ক্ ত		•••		88
দাসত্ব		•••	***	•••	c o
ডাক্তার	***	• • •	•••	•••	৬৫
অনুরাগতত্ত্ব		•••		•••	42
স†হেব	***	•••	•••	•••	٥٠
আদিম কলিব	কাতাবা সী	***	•••	•••	₽8
ব্যক্তিরন্দের স	ন াগ মস্থান	•••		•••	66
স্ত্ৰী-তত্ত্ব	•••	•••		•••	57
বর্বার স্থান		•••	•••	•••	56
প্রিন্সের আ	ক্ষপ	***	•••	•••	5 0/2



শুদ্ধিপত্র।

পৃ ष्ठ।	পংক্তি	অ শুদ্ধ	শুদ্ধ
30	৬	১৮१ ऽ । १२	3 ⊌9₹
5 ¢	25	ছ ম্প ু [†] প্য	হু স্থাপ্য
2F.	৬	অনায়ত	অশাহত ও
२ 8	२ मम	লোচন করিবা	র সমাবলাচন স্বীয়
	न्दी	য় কচির উপর	ঃ ৰুচির উপর নির্ভর
	নিগ	র্ভর কা র্য্য নছে।	করিবার কার্য্য নহে।
२৮	75	আভাষ	আভাদ
8▶	२७	বহুজ্ঞ	ব ভূজ্ঞ .
৬৭	২৩ ব	চালান্তকালা কু চঃ	র কালান্তকাতুচর
95	3¢	সানান্য	স †ম†ন্য
96	25	করিল	করে
৭৯	30	সিন্দুর	मिन्मृ <u>इ</u>
ራ ዕ	20	गूर् बू	भूभूय्
৮২	۲5	প্রসংসা	প্রশংসা
₽8	٩	অদিন	আদিশ
b t .	8	একবার এ	াকবার ভক্ষণ, সেবন
309	२७	হাস	হ†স



(मवत्नांक।

দেবলোকস্থিত মনোরম উদ্যান হেমময় প্রাচীরে পরি-বৈষ্টিত, ভাহার অভ্যন্তরে সমতল পদ্থানিচয় বিবিধ বর্ণ উজ্জ্বল প্রস্তরে আচ্ছাদিত, সকল পথের উভয় পাশ্বে শ্যামল দুর্বাদল সমাকীর্ণ ও অবিরল রক্ষরাজি স্থাপিত; তত্রস্থ স্থ্য-কিরণে উঞ্জ্বা নাই। উদ্যানের শ্যামল দুর্বাক্ষেত্রে ক্ষমার মৃগ, বিচিত্র ময়ুর, ও হরিদ্বর্ণ শুকপক্ষী পরমোলাদে বিচরণ, উল্লক্ষ্ণনা এবং মধ্যে মধ্যে কেলি করিয়া দর্শকদিগের নেত্ররপ্রন্ধন করিতেছে। কিছু দূর অতিক্রেম করিয়া উপবনের মধ্যদেশে উপস্থিত হইলে দৃষ্ট হয় এক স্থানির্বাচীয় পুলকদায়িনী সদ্গন্ধযুক্ত মধুর-কল্লোলিনী স্থাতন্ত্রতী মৃত্রনক্রী বিবিধ কুম্মলতা রহৎ রহৎ তক্ষ আশ্রয় ও আরত করিয়া আছে। মধ্যে মধ্যে অজ্ঞ্রন নিক্ষক-রন্ত গোলাপ বিক্ষিত হইয়া আছে; যাহার

চিত্ত-বিনোদন সেরিভ সমীরণ সহকারে সতত প্রবাহিত হইতেছে। অরবানু কোকিল কলহংস, অপ্সরা কুলের স্থললিত সঙ্গীতে স্বর সংযোগ করিতেছে, স্রোতম্বতী তীর-বর্ত্তি কুমুমিত ভরুলতার প্রতিভা হৃদয়ে ধারণ করিয়াছে। সেই নানা উৎক্লফ্ট পদার্থ পরিপরিত স্থানে এক কম্প রক্ষ জগতের যাবতীয় সুরুস ফলে শোভা পাইতেছে, এই তকতলে হীরকম্ভিত পর্যান্ধে, পয়ংফেণ্নিন্দিত শুক্র স্থকোমল শ্যায়, প্রিন্সু দারকানাথ ঠাকুর বিরাজ করি-তেছেন। সেই শান্তিরসাম্পদ ইন্দ্রন্থ তুলা, সুথসেবা প্রদেশে তাঁহার সহিত সন্দর্শন দ্বারা আত্মা চরিতার্থ করিতে অশেষশাস্ত্রাধ্যাপক জয়নারায়ণ তর্কপঞ্চানন, প্রেমচন্দ্র ভর্কবাগীশ, ভবশঙ্কর বিদ্যারত্ব, জর্ফিস শস্ত্র নাথ পণ্ডিত, জর্ফিদ দারকানাথ মিত্র, কানীপ্রদাদ ঘোষ, কিশোরী চাঁদ মিত্র, রামগোপাল ঘোষ, প্রসন্নকুমার ঠাকুর, প্রভৃতি মহোদয়গণের উজ্জ্বল আত্মা, ক্রমে ক্রমে উপনীত ও যথোপযুক্ত সম্মানিত হইয়া প্রিক্সকে প্রদক্ষিণ পুরঃসর रहम-मध मितामितन छेशरवणन क्रिटलन। नानाविध मान-লাপের পর প্রিফা জিজ্ঞাদিলেন, আমার দেহান্ত হইলে वक्रजूमि कीपृण दर्णदिनारित ७ कीपृण वाक्ति-इत्म विजृधिक ছইয়াছে, কি কি পরিবর্ত্তন সংঘটনা ছইয়াছে, সবিশেষ বিবরণ অবগত হইতে আমার যৎপরোমান্তি ওৎস্কুক্য জিয়াছে: আপনারা সদয় চিত্তে তৎসমূদর আমাকে জবগত করিলৈ আমি যথেষ্ট আনন্দ-লাভ করিব।

সম্বাদ তত্ত্ব।

মৃত বাবু কাশীপ্রদাদের আত্মার উক্তি।

মহাশয় শ্ৰবণ কৰুন ৷

কলিকাতার বাহু দৃশ্য আর সেরপ নাই। রাজ-পথে গাাসের নল, টেলিপ্রাফ্ তারের স্তব্ত, ময়লানির্গনের ড্রেণ ও चन्छ-मिलन्यंहिनी त्रिंह-ध्यंती मित्रियंति इहेग्राट्ड। গন্ধায় হুই খান রেলওয়েফীমার, নিয়ত লোক পারাপার করিতেছে। পশ্চিম ও পর্ব্ব প্রদেশে, অহরহ টেণ যাতায়াত করাতে, কত লোক, কত ভ্রব্য দেশান্তরের পথ হইতে ক্ষণ মধ্যে কলিকাতায় উপস্থিত হইতেছে। পুরাতন ডাক্ষর নাই, লাল দীঘির পশ্চিমে পুর্বতন সেলাখানার স্থলে এক প্রকাণ্ড ডাকঘর, আর সেই ডাকঘরের স্থানে ছোট আদালতের অট্টালিকা নির্দ্দাণ হইয়াছে। টালা সাহেবের নিলাম ঘরের স্থানে আর এক রহৎ অট্রালিকা ছইয়া তথায় করেন্দি আফিস ও আগুরা বাাঙ্কের কার্য্য চলিতেছে। অপ্লার ও বর্ষিনইয়ং দাহেবের কার্ব্য ভূমিতে টেলিগ্রাফের আফিস ও ডালের্ছেসি ইনফিটীরুট নামক একটা গৃহ মাকু ইসহেফিংএর প্রতিমূর্ত্তির পশ্চা-खार्रा निर्मित इरेशार्छ। उरेलमन कोम्भोनित रशाहिल

এক্ষণে প্রেট ইন্টারণ হোটেল নামে খ্যাত হইয়াছে। যথায় স্থপ্রিম কোর্ট ছিল, তৎপ্রদেশে হাইকোর্টের এক প্রশস্ত বিচারালয় নির্দ্দিত হইয়াছে; ক্যামক্ ফ্রীটে হেজারবন্তি नारम य वनांकीर्य छान हिल, उहारक मरनाहत अद्वालिका শ্রেণীতে সুশোভিত করিয়া ভিক্টোরিয়া স্কোয়ার নাম প্রদত্ত হইয়াছে। মুর্গীহাটার ক্ষুদ্র পথ প্রশস্ত হইয়া ক্যানিং ফীট নাম পাইয়াছে। গরাণ হাটার রাস্তার আয়-তন রদ্ধি হইয়া বীডনু ফ্রীট নাম পাইয়া মাণিকতলাভিমুখে গিয়াছে। উহার দক্ষিণ ও চিৎপুর রান্তার পূর্বে পারে বীতন স্কোয়ার নামে এক মনোহর উন্থান বাঙ্গালি মহাশয়গণের বিচরণার্থে প্রস্তুত হইয়াছে। প্রথমে তাহাতে সুগন্ধি-পুষ্প রক্ষ সংস্থাপিত হইয়াছিল, সে সকল স্থানান্তরিত করত এক্ষণে তথায় নির্গন্ধ-বিলাতী তক লতা, শোভা সম্পাদন করিতেছে। মলঙ্গার ওয়েলিংটন দীঘি, এথিত হইয়া জলের হৃদ করা হইরাছে। ভিতরে হুদ, উপরে মৃত্তিকারত বিচরণ স্থান। গঙ্গাতীরে একটা রাস্তা হইয়া আহিরী টোলার ঘাট হইতে আর্মানি ঘাটের সন্ধিকটে আসিয়াছে। পটল ডাঙ্গার কলেজের সন্মুখে গোলদীয়ি আর গোলাকার নাই, তাহা চতুক্ষোণ হইয়াছে। বোধ হয় বান্ধাল ব্যাকের সূত্র অট্টালিকা মহাশয়ের দেখা হয় নাই, সেটীও নিতান্ত ক্ষুদ্র নহে। হিন্দু কলেজের প্রেসিডেক্সি কলেজ নাম প্রদত হইয়া এতকালের পর উহার একটা স্কচাৰু অট্টালিকা বিনির্দ্দিত হইয়াছে। হেষার সাহেবের স্থলের

षाणि ছिल मा, जाहा मन्म जि हहेशारह। गवर्गतने कर्डक পটলডাঙ্গায় রহত্রহতু গুদ্ধ বিশিষ্ট বিশ্বিতালয় প্রস্তুত হইয়াছে। ত্রান্ম কেশব ঝামাপুকুরে এক উপাসনা মন্দির সংস্থাপন করিয়াছেন, তাহাতে মন্দির মসুজিদ গির্জা তিনে-রই অবয়ব আর্ভে। ৪৫ বৎ সরের অধিক হইল, লোকে শুনিয়া আসিতেছিলেন, গঙ্গার উপরে এক সেতু নির্দ্ধাণ হইবে। শুনিলাম, সংপ্রতি মির্বছর ঘাটের দক্ষিণে অপূর্ব্ব লেছ-সেতৃ বিচিত্র বিলাতীয় শিশ্পের পরিচয় দিতেছে। মর্ত্তা লোকের সেই শিল্পকার্য্যটী, মহোদয়ের দর্শনীয় পদার্থ ; পূর্ব্ব-তন বোর্ডঘরের স্থানে ইণ্ডিয়ানুমিয়জিয়ম প্রতিষ্ঠিত হইয়াছে। পাটের কলে কলে বাগুৰাজার কাশীপুর আকীর্ণ হইয়াছে। নিম্তলার ঘাটে হিন্দু হিতার্থী রামগোপাল বাবুর যতে শব-দাহ কার্য্যের ইষ্টকু নির্ম্মিত শ্মশান স্থান প্রস্তুত হইয়াছে। কিন্তু অনেক ইংরাজ ও হিন্দুকুলতিলক চন্দ্রকুমার ডাক্তর নিমতলার শবদাহ সম্বন্ধে অনেক প্রতিবাদ করিয়াছিলেন।

কলিকাতার সে প্রকার লাল স্থর্কীর রাস্তা নাই।
এক্ষণে প্রস্তুর থণ্ডের রাস্তা এবং প্রধান প্রধান রাস্তার
হুই পাশ্বে ফুটপাথ হইরাছে ও পর্মিট্ ঘাটে আমুদানি
রপ্তানির সুন্দর জেটি প্রস্তুত হইরাছে। নগরে তৃণাচ্ছাদিত
গৃহ নির্দ্দাণের নিষেধ হওরাতে, দীনতুঃধী লোকেরা খোলার
ঘর প্রস্তুত করিরা তাহাতে বাস করিয়া স্থর্যের উত্তাপ, বর্ষার
জল ও পক্ষীর উপত্রব ভোগ করিতেছে।

এক্ষণে যেরূপ অসংখ্য বিজাতীয় রোগের ও লেখকের

রদ্ধি হইয়াছে, তত্ত্পযুক্ত প্রযথালয় ও মুদ্রাযম্ভের সংখ্যাও রদ্ধি পাইয়াছে। তথনকার মত আর কেরাচি গাড়ি নাই। তাবত ভাড়াটে গাড়ি, পাল্কি গাড়ির অবয়ব ধরিয়াছে।

মাথায় প্রায় কোন কুটীওয়ালা ফেটী পাকুড়ী বাঁধেন লা, মের্জাইয়ের বদলে দল্দলে তাকিয়ার গোলাপের মত একপ্রকার গাত্রাবরণ হইয়াছে, তাহার নাম পিরাণ, সকলেই তাহা ব্যবহার করেন। কলিকাতার-জ্রীলোকেরা মল, মিশি, নত, পরিত্যাগ করিয়াছেন, কিন্তু সেই সঙ্গে সঙ্গে মোজা ও চর্মপাত্রকা ব্যবহার করা উচিত ছিল, তাহা করেন না। কিন্তু ছানে ছানে পর্কোপলক্ষে মল ঠনুঠনের চর্ম্মপাত্রকা ও চরণাবরণ পরিধান করিয়া রন্ধনকার্য্য নির্মাহ করিতে দেখা গিয়াছে। কর্মচারী মাত্রে প্রায় সকলেই, প্যান্টুলেন চাপ-কান ব্যাবহার করিতেছেন। য্বনের ন্যায় প্রায় সকল হিন্দুই শাশ্রুধারী হইয়াছেন। ধূমপান প্রায় তিরোহিত হইয়া লক্ষ্য গ্রহণের আবির্ভাব হইয়াছে। বিশেষতঃ নক্ষ্যানী কিশোরদিগের করে চিরপ্রণিয়নী হইয়া আছে।

ভারতীয় ও বন্ধীয় ব্যবস্থাপক সভায় দেশীয় সভ্য নিযুক্ত ছইয়াছেন। ইহাঁদিগের চুই একজন ব্যতীত সকলেই ইংরাজ-দিগের অভিপ্রায়ে ক্রমাগত সম্মতিস্ফক শিরশ্চালন দ্বারা ডিটো দিতেছেন।

সুপ্রিমুকোর্ট ও সদর দেওয়ানী উভর আদালত সন্মি-লিও হইরা হাইকোর্ট প্রতিষ্ঠিত হইরাছে। সেই কোর্টে ক্রমে ক্রমে চারিজন বাঙ্গালি জন্ধ নিযুক্ত হইরা তাহার মধ্যে তিনজন কালপ্রামে নিপতিত হইয়াছেন। কিন্তু তথ্যসৈ মৃত ছারকানাথ মিত্র, যে বিচারাসনে উপবেশন করিয়াছিলেন, তাহা সর্ঝাপেক্ষা সার্থক। এক্ষণে হাইকোর্ট ও তাহার বিচারাসন, পূর্ব্বাপেক্ষা সহস্র গুণে পরিষ্কার পরিচ্ছর দৃশ্যে স্থন্দর হইয়াছে। কিন্তু তথায় বিচার কার্য্য পূর্ব্ববৎ পরিষ্কার পরিচ্ছর হয় না। হাইকোর্টে আর বয়োধিক বিচারপতি নাই। উষ্ণ করিতেছেন।

রসিক ইম্ফ মল্লিক ও মহাত্মা রামগোপাল ঘোষ পুর্বের ইংরাজী বক্ত তা করিতেন এক্ষণে পরমপণ্ডিত বারু রাজেন্দ্র-লাল মিত্র ও অনর্এবেল দিগম্বর মিত্র সে কার্য্য নির্বাহ করিতেছেন। পুর্বের হরিশ্চন্দ্র মুখোপাধ্যায় হিন্দু পেটুরিয়ট পত্র প্রকাশিতেন, এক্ষণে কৃষ্ণদাস পাল সে কার্য্য করিতেছেন।

পূর্ব্বে অনেক রুতবিত্ব লোক ছিলেন, তাঁহাদিগের কোন উপাধি ছিল না। এক্ষণে বিলাতের প্রথানুসারে অনেকে বি, এ; এমু এ; বি এলু ইত্যাদি উপাধি লাভ করিতেছেন। এডুকেশন্ কোমিল রহিত ছইয়া ডিরেক্টর ও ইনস্পেট্টর দ্বারা শিক্ষাকার্য্যের তত্ত্বাবধারণ ছইতেছে। এমন পল্লী দেখা যায় না যে তথায় গবর্ণমেন্ট সাহায্যাধীন বাঙ্গালা অথবা ইংরাজী ভাষার বিত্তালয় নাই।

মতভেদ কত প্রকার হইয়াছে বলা যায় না । বিধবা বিবা-হের দল, বেশ্যা বিবাহের দল, নীচ জাতিতে বিবাহ করিবার দল, বহু বিবাহ নিবারণের দল, বালা বিবাহ রহিতের দল, ভাষ্যা বিবাহ দাতার দল, নগরে যুথেযুথে দেখা যায়।

যুবকেরা বিলাতে গিয়া, কেছ কেছ দিবিল, কেছ কেছ বেরিফীর, কেছ ডাক্তর ছইয়া প্রত্যাগমন করিয়াই ইংরাজ পালিতে বাদ করিয়া থাকেন। নির্বোধ পিতা মাতারা, পুলুদিগকে উচ্চপদস্থ এ ইংরাজ ভাবাপন্ন করণার্থে বিলাত পাঠাইতে ব্যতিব্যস্ত, কিন্তু ভদ্মারা পিতা মাতা স্বদেশী স্বজনগণের কতদূর বিশ্ব সংঘটনা ছইতেছে, তদ্বিষয়ে পিতা মাতার চৈতন্য জনিতেছে না। ইংরাজ ভাবাপন্ন পুল্রেরা যে উত্তর কালে পিতা মাতা স্বজনগণের কোন উপকারে আদিবেন, তাহার আর অণুমাত্র আশা নাই। পিতা মাতা ভাতি ভিনিকৈ ইংরাজেরা প্রায় কোন সাহায্য করেন না, তাঁহারাও ইংরাজ সহবাদে, ইংরাজ ভাবাপন্ন হইয়া সেই-রূপ করেন। জানি না তাঁহারা, কাহার কি করিবেন।

দেশীর মুদিরা তাঁহাদিগের নিকট কোন প্রত্যাশা করিতে পারেনা, বিলাতের ফেরোতেরা, চাউল ডাউল প্রভৃতি ভোজ্য, তাহাদিগের নিকট ক্রয় করেন না। কুন্তু-কারেরা, কি প্রত্যাশা করিবে? ফেরোতেরা, কলাই করা ডেকে, রন্ধন কার্য্য নির্বাহ করান। তৈলকারেরা কি প্রত্যাশা করিতে পারে? এক্ষণে ফেরোতেরা, তৈলের পরিবর্তে চর্মিব ব্যবহার করিয়া থাকেন। হিন্দু দাসীরা, উহাদিগের নিকট কি প্রত্যাশা করিতে পারে? এক্ষণে যবনীরা, তাঁহা-দিগের পরিবর্তা করিতেছে। হিন্দুভ্তেরা তাঁহাদিগের

নিকট কি লাভ করিতে পারে? যবন খেজমত গারেরা, তাঁহাদিগকে আপ্যায়িত করিতেছে। শান্তিপুর, ফরাস ডাঙ্গা ঢাকার তন্ত্রবায়েরা কি ভরসা করিতে পারে? এক্ষণে ফেরোভেরা, বিলাভীয় বস্ত্রের কোট প্যান্টুলান ব্যবহার করিতেছেন। মোদক মেঠাই এয়ালারা ফেরোতের নিকট কি লাভ করিতে পারে? এক্ষণে উইলসনের হোটেল হইতে তাঁহাদিগের ভক্ষ্যদ্রব্য আসিতেছে। কংসকারেরা তাঁহাদিগের নিকট কি উপাৰ্জন করিতে পারে? এক্ষণে কাঁচের বাদন তাঁহাদিগেব ভোজন পাত হইয়াছে। ভার-বাহকেরা তাঁহাদিগের নিকট কি প্রত্যাশা করিতে পারে? এক্ষণে মোষক বাহক ভিত্তিরা, তাঁহাদিগের পেয় ও স্নানীয় জল যোগাইতেছে। অর্ণকারেরা, তাঁহাদিগের নিকট কি লভা করিতে পারে? এক্ষণে ফেরোত দিগের বিবি ভাবাপর গৃহিণীর।, কোন অলঙ্কার ব্যবহার করেন না। ব্রাহ্মণ পণ্ডিতেরা, কি করিবেন, তাঁহাদিগের জ্ঞানগর্ভ প্রান্থ শাস্ত্র, বিলাতি ফেরোড দিগের নিকট প্রভা পাইতেছে না।

বান্ধালায় কত প্রকার কর হইরাছে তাহার দীমা সংখ্যা করা যায় না, পুলিদ ট্যাক্স, লাইটিংট্যাক্স, গাড়ীর ট্যাক্স, বাটীর ট্যাক্স, পথের ট্যাক্স, বোটের ট্যাক্স, প্রভৃতি ট্যাক্স মন্ত্র্ন যাকে উৎখাত করিয়াছে।

নিদাকণ হৃঃথের কথা কি কহিব, বান্ধালি বাবুরা, বান্ধালির সভাতে নিরবচ্ছিন্ন ইংরাজী বক্তৃতা ক্রিয়া, মাতৃভাষার প্রতি অক্টির প্রাকাষ্ঠা প্রদর্শন ক্রিয়া থাকেন। রুক্তবর্গা খৃট্টান মছিলারা ও বিলাতী চল্পের বাদ্দালি স্ত্রীরা জ্রীরদ্ধি সাধনার্থে মুখমণ্ডলে এক প্রকার শ্বেত চূর্ণ প্রক্ষেপ করেন; অকলাহ দেখিলে বোধ হয়, যেন তাঁহারা ময়দার মোট বছন করিরা আদিতেছেন। তাঁহাদিগের গাউন পরিচ্ছদের বিকট চটকের দ্বারা, গতি বিধান কালে বোধ হয় যেন ধীবর কন্যারা, জলাশয়ে বংশ-নির্দ্দিত মৎস্যধরা পোলো বাহিয়া চলিতেছেন। যাঁহারা পল্লীপ্রামের মৎস্থের জলায় গিয়াছেন, তাঁহারা এ দৃষ্টান্তনির সার্থকতা মানিতে দ্বৈধ করিবেন না। এই জ্রীমতীরা, হোএল বোনু বাক্ষেট ও প্যাডের সাহায়ে নিত্রিনী হইয়া থাকেন।

এক্ষণে প্রতিপ্রামে প্রতি পল্লীতে গ্রন্থকর্তা দেখিতে পাওরা যায়। কতই তর-বে-তর দৈনিক সাপ্তাহিক মাসিক সমাচার পত্র প্রকাশিত হইতেছে। কতই নভেল ও মাটকের ক্ষিকর্তা হইয়া, আপনাপনি, পরস্পারের প্রশংসা করিতে-ছেন। এতদ্বিয়ের সবিস্তর পশ্চাত বর্ণন হইবে। বন্ধবাসী ইংবাজী শিক্ষিতেরা, কিছু দিন ইংরাজী ভাষার গ্রন্থ প্রথম্ভ লিখিয়া ছিলেন; কিন্তু পরকীর ভাষায় মনের ভাব তত আয়ত্তমতে প্রকাশ হয় না, তক্জন্য তাঁহারা এক্ষণে প্রায় দেশীর ভাষায় পুস্তক ও প্রবদ্ধ সকল লিখিতেছেন।

রাজা, C. S. I; K. C. S. I. প্রভৃতি সন্ত্রমন্থচক উপাধি আনেকে পাইতেছেন। যাঁহাদের নিজে খাদ্য বস্তু ক্রয়ার্থে নিতা হাট বাজারে না যাইলে চলে না, তাঁহারা পর্যান্ত রায় বাহাচুর হইতেছেন।

গবর্ণর সাহেবেরা, মধ্যে বৎসরের অধিকাংশ কাল দিম-লার পর্বতে অবস্থিতি করিতেন, শুনিয়াছি বিচক্ষণ লার্ড নর্থ ব্রুক সে নিয়নের অন্যথা করিয়াছেন।

খৃঠীয়ান হইয়া হিন্দুজাতির সংখ্যা হাস হইতেছে
দেখিয়া আমুড়াতলার শিবচন্দ্র মিল্লিক, প্রায়শ্চিত্তবিধান দ্বারা
তাহাদিগকে পুনশ্চ হিন্দুসমাজভুক্ত করণার্থে শাস্ত্রের ব্যবস্থা
সংগ্রহ করিয়া মানব লীলা সম্বরণ করিয়াছেল। রাজনারায়ণ
মিত্র লামক একব্যক্তি, কায়ন্থ জাত্ত্বিক ক্ষত্রিয় সপ্রমাণ
হেতু শাস্ত্রের পোষকতা সংগ্রহ করিয়াছেল। সুবর্ণ বণিকেরা মধ্যে বৈশ্যবর্ণ হইতে উন্নত হইয়াছিলেন।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইন প্রবল হইয়া ক্রমশঃ ধর্মশাস্ত্র অপ্রচলিত হইতেছে। একণে জাতান্তর হইলে পৈতৃক বিষয়, কুলটা হইলে স্বামীর সম্পত্তি প্রাপ্ত হইয়া থাকে।

নীলকরের অত্যাচার, ছরিশ্চন্দ্র মুখোপাধ্যারের যত্ত্বে প্রান্টসাহেব অনেক দমন করিয়া আসিয়াছেন। সেইছেতু আপনার প্রতি মূর্ত্তি পটের পার্শ্বে, তাঁছার প্রতিরূপ টাউন-হল গৃহে লহমান আছে। সংপ্রতি যশোহরের ন্যায়ামুগত মেজিষ্ট্রেট, স্মাথ সাহেব, এক পেয়দাকে যথোচিত প্রহার করা অপরাধে, এক নীলকর খেত পুরুষকে কারাবরোধ দণ্ড প্রদান করিয়াছেন। ইহাতে তাঁছার অপক্ষপাতিতার, যথেষ্ট পরিচয় দিতেছে।

ভারতবর্ষের প্রকাণ্ড মহাভারত পুস্তক, বছব্যয় করিয়া

কালীপ্রসন্ধানিং সংস্কৃত হইতে বন্ধভাষার অনুবাদ করাইয়াছেন। ঈশ্বরচন্দ্র বিছাসাগর মহাশয়ের যতে বন্ধ-ভাষা অতি মনোহর মূর্তিধারণ করিয়াছে।

বিলাত হইতে নানা প্রকার, পা'ড়্দার বস্ত্র আনীত হইয়া দিন্তল শান্তিপুর ও লালবাগানের তন্তবায়দিগের মুখনগুল মলিন করিয়াছে। যাত্রার পরিবর্তে নাটক অভিনয় হইতেছে। হোমীয়প্যাথ ডাক্তরেরা, বে-মালুম গোছের প্রথম দিয়া মহত মহতু রোগের শান্তি করিতেছেন।

তারিণীচরণ বস্থ, তথা তুর্গাচরণ লাহা, অতুল ঐশ্বর্যের অধিপতি হইয়াছেন। লাহাবাবু বাঙ্গালার বিদ্যোন্নতির নিমিত্ত পঞ্চাশ সহস্র মুদ্রা অর্পণ করিয়াছেন।

পাথুরিয়াঘাটার থেলচ্চন্দ্র ঘোষের ভবনে একটা সনাতন ধর্মরক্ষিণী সভা হইরাছে; তাহার উদ্দেশ্য উৎকৃষ্ট হইবার আশা ছিল, কিন্তু সভ্য মহাশয়েরা ধর্ম বিষয়ের আন্দোলন ব্যতীত, অন্যবিধ আন্দোলনে প্রবৃত্ত হইয়াছেন।

এক্ষণে পঞ্চান বৎসর বয়ংক্রম অতিবাহিত করিলে, আর কাহারও গবর্গমেন্টর কার্যো থাকিবার বিধি নাই। ফুর্ভাগ্য কেঃগণীগণের বেতন সংপ্রতি রদ্ধি হইয়া, কেহ কেহ সাত আটশত টাকা পর্যান্ত মাসিক পাইতেছেন। মাতলায় নগর সংস্থাপনের অভিপ্রায়ে থেতপুরুষেরা যত্ন পাইয়া সে দিকে রেল চালাইয়াছেন। কিন্তু তথায় নগর হওয়া দুরে থাকুক, রামগতি মুথোপাধ্যায় উহার কার্য্যাধ্যক্ষ না হইলে, এত দিনে সেই রেল অন্ত-লাভ করিত। পর্বোপলকে কর্মচারিদ্বিশেরবিদার কাল সংক্রেপ ছইরা গিরাতে ৷

ভরানক তুর্ঘটনার বিবরণ কি কহিব, ১৮৪৭ শৃঃ অন্দের দিক যুদ্ধে ও ১৮৫৭ খৃঃ অন্দে দিপাই বিদ্রোহে পশ্চিমা-ফলে হুদরবিদীর্ণকর হুড়াকার্য্য ও অশেষবিধ অভ্যাচার ঘটিয়াছে। ১৮৭৭১।৭২ খৃঃ অন্দে জনৈক সৃশংস ঘবন জটিন নর্মানকে ছুরিকাঘাতে কলিকাভার হুড়া করিয়াছে। অপর একজন, লর্ড মেও সাহেবকে ছুরিকাঘাতে পোর্টব্রেয়ারে নিধন করিয়াছে।

এক্ষণে ভারতরাজ্য কোম্পানি বাহাত্রের নাই, ভাহা শ্রীমতী মাহারাণীর নিজন্ম হইরাছে।

ত্বর্ণ বণিকদিগের প্রথা, কায়ন্থ ব্রাহ্মণদিগের মধ্যে প্রচলিত হওয়াতে, কন্যাদান-উপলক্ষে, জানাভাবে প্রায় যথাসর্কান্থ দিবার রীতি হইয়াছে, আবার পাত্তের বিশ্ববিদ্যালয়ের পাস থাকিলে নিস্তার নাই।

গবর্ণনেন্ট আফিসের ব্যয় সংক্ষেপ হওয়াতে অনেক কুদ্র প্রাণী কর্মচারী পদচ্যত হইয়াছেন এবং সামান্য কার্য্য নির্বাহের নিমিত্ত অনেক ইক্সরাজ লোক অধিক বেতনে নিযুক্ত হইয়াছেন।

বন্দদেশে ধর্ম বল যাহা আছে, ধর্ম যেরূপে প্রতিপালন করিতে হয়, তাহা কথঞ্জিং বন্দীর স্ত্রীজাতির মধ্যেই আছে।

নোট বহিলা যাওয়া ভজ লোকের মধ্যে লজাকর কার্য: ইদানীং রেলওয়ে ব্যাগ নামক এক প্রকার বিলাজীর সভ্য মোটের ক্ষি হইয়াছে; কোন ভত্তলোক এ দোট বছনে মতান্তর করেন না।

একণে আত্মহত্যার নিতান্ত আধিকা হইরাছে। ফলতঃ
পূর্বাপেকা ধর্মগ্রান্থ শৈখিলা হওরা প্রায়ুক্ত ঐরপঘটিতেছে।
একণে অনেক পিতা মাতা চাকরের জবানি অর্থাৎ
দাস দাসীর নাায় স্বীয় স্বীয় পুত্রদিগকে বডবাব, মেজোবাব,

দাস দাসীর ন্যায় স্বীয় স্থীয় পুত্রদিগকে বড়বাবু, মেজোবাবু, সেজো বাবু, শব্দে সম্বোধন করিয়া, সভ্যতার চূড়ান্ত দেখাইতেছেন। এবং পুত্রেরা পিডাকে পিডা না বলিয়া প্রায় কর্তা বলিয়া থাকেন।

ধনাত্য ব্যক্তিদিণের শ্বভাব পূর্ব্ববহ আছে। মহাশয়, ধর্ম্মাবতার বলিয়া সম্বোধন করিলে ইহার। আত্মবিশ্ব্ ভ হুইরা থাকেন।

অন্তারনের ব্রাহ্মণ, ধোবা, নাণিত, কর্মকার, শ্বেধর, মোদক এবং আপানর সকল কাভি, অধুনা চাকরী রভি অর্থাৎ কেরাণী গিরী ও মুক্তরী গিরী প্রভৃতি কার্য্যে প্রেরত হইরা কারছের সক্ষানাশ করিতেছেন। মোদক কেরাণী হইরা, উত্তরকালে সন্দেশ বিশ্বাহ্ন করণের উপ-ক্রম করিরাতে। ক্যকেরা, কেরাণী কর্মচারী হইরা, উপাদের ফল শস্ত উৎপাদনের হানি জ্যাইতেছে; পরে যে খাছ জবোর দশা কি হইবে বলা যায় না। দেশীর অস্ত্র আর পূর্ববং তীক্ষ্ণ হয় না। হইবে কেন ? কর্মকারেরা যে কেরাণী ব্যবদার ধরিয়াছেন। শ্বজাতীয় ব্যবদারে আর ভাহাদিগের পুক্রবং যতু নাই। প্রধান প্রধান পল্পী থ্রাম, টাউন নাম লাভ করিরাছে। তথার এক এক মিউনিসিপাল কমিটা ছাপিড
ছইরাছে। প্রায় সেই সকল কমিটার মেম্বর দিগের অনে
কেই দেশবাসীর উপর প্রভুত্ব প্রকাশার্থে বিশেষ তৎপর,
স্তরাং তাঁহারা সকলের অপ্রীতিভাজন ছইরা থাকেন।
তাঁহাদিগের লোকের প্রিয় ছইরা কার্য্য করা পক্ষে কি
ভৎকট শপধ আছে তাহা কেহ ভাত নছেম।

অধুনা মছেন্দ্র, উপেন্দ্র, যোগেন্দ্র, সুরেন্দ্র, রাজেন্দ্র, নগেন্দ্র, এই কয়েকটী নাম দ্বারা প্রায় সমস্ত বাঙ্গালা চলিতেছে।

একণে বন্ধ দেশের যে বাটীতে যে পরিবারের মধ্যে প্রবেশ করা যার, তথার সকলেই কণ্ঠা, অ-কণ্ঠা নিডান্ত ফুল্পাপ্য হইয়াছে।

আর এক সম্পুদারের আলেকিক আচরণের কথা শুনিলে, যৎপরোনান্তি কুত্র হইবেন। তাঁহারা পিতা মাতার জীবিতাবছার তাঁহাদিগকে বধা সমরে অন্নাবরণ প্রদান করেন না; আবার সেই পিতামাতার জীবনান্তে তাঁহাদিগের শ্রাদ্ধ উপলক্ষে আপনার যশো গোরব বিস্তার লালসার, কত শত সহত্র মুদ্রা ব্যর করেন; হার! তাহার শতাংশের একাংশ দিলে তাঁহারা জীবন্দশার, সমরে অন্নবস্ত্র পাইতে পারিতেন।

গবর্ণমেন্ট লেভিতে ইদানী অসংখ্যব্যক্তির নাম সংগ্-হীত হইরাছে; লেভি ছানে তাঁহাদিগের কিরপ, সন্মান তাহা তাঁহারাই জামেন।

ইংরাজীর প্রাত্তর্ভাব হইয়া বন্ধীয় পুরুষেরা প্রায় সকলেই স্বজাতীয় ভাব বিসর্জ্জন দিয়াছেন। কেবল যাঁছারা ইংরাজী শিক্ষা পাইয়াছেন এমন নহে, ইংরাজীতে অনভিজ্ঞ প্রাচীন দিগকেও ইংরাজী ভাব, সংক্রামক রোগের ন্যায় আক্রমণ করিয়াছে এবং তাঁহাদিগেরও হিন্দু ধর্মের প্রতি বিদ্বেষ क्षत्राहिश निशादक। किल मकत्न बत्नम, व्याध हर, कात्न ঐরপ থাকিবে না। কেননা, ইংরাজদিগের অস্কুকরণ করিয়া বঙ্গবাসীরা যে যে কার্য্য প্রথম প্রথম সমৃত্রে অবলম্বন করিতে ব্যগ্র হয়েন কিছু দিন পরে ব্যগ্রভার পরিবর্ত্তে তৎপ্রতি তাঁহাদিগের বিলক্ষণ দ্বেষ জন্মে। মহাত্মা দেখিয়া আসিয়া-ছিলেন, ইংরাজ দিগের প্রদর্শিত খৃষ্টধর্ম্ম, প্রথম প্রথম কত বঙ্গারুবা অবলম্বন করিয়া ছিলেন ও অবলম্বন করিতে উৎসাহী ছিলেন। একণে আর বাঙ্গালির। খৃষ্টধর্মের নামও মুখে आत्मन ना । हेर्त्राष्ट्र माधात्रात्रहे आश्मनानिगरक मञ्जानानी र्यायन। कतिराजन, देश्त्रीक मार्टाटे मजावामी विलया धार्थम প্রথম বাঙ্গালি দিগের হনু প্রতায় হইয়াছিল; কিছু দিন পরে তাহা আবার তিরোহিত হইয়া গিয়াছে। ইংরাজ দিগের পরিচ্ছদ, দেত্তরপ্রন বলিয়া তাঁহারা প্রচার করায় অনেক ব্যক্তি প্রথম প্রথম তাহা ধারণ করিয়াছিলেন। এক্ষণে তাহা বাঞ্চালির পরিধেয় বিনা এই লইয়া অনেকে বিচার করিতেছেন। ইংরাজের খাদ্য উৎক্রষ্ট ভাবিয়া অনেক বান্ধালি প্রথম প্রথম তাহা গ্রাহণ করিয়া ছিলেন; অধুনা তাহা পীড়াদায়ক ও দেহনাশক বলিয়া অনেকের প্রতীতি হই-

য়াছে। ইংরাজদিগের সভ্যতাকে, বান্ধালিরা চূড়ান্ত সভ্যতা বলিয়া প্রথম পূর্থম মানিয়া ছিলেন, এক্ষণে সে সভ্যতাকে তাঁহারা অনেকে সভ্যতা বলিয়া মানিতেছেন না। ইংরাজির পাত্র র্ভাব হইলে প্রথম প্রথম ইংরাজী শিক্ষিতেরা, পূর্ণিমা ও অমাবস্যা তিথিতে লম্বু ভোজন, স্বৰ্ণ কৰচ ও প্ৰথম ধারণ দ্বারা রোগ মুক্ত হয়, শুনিলে তাচ্ছিলা ও উপ-হাস করিতেন, এক্ষণে আর সেরপ করেন না। প্রথম প্রথম তাঁহারা পুরাণে ব্যোম্যান বাচ্চ্যান ইত্যাদির বিব-রণ শুনিয়া উপহাস করিতেন ৷ এক্ষণে বেলুন ও রেল-**अटा** मक हे होलना मिथा, मारे श्रेत्री शिक विवत्र श्रेत्र প্রতি উপহাস করেন না। গোলুড ফকর্, ভট্টমোক্ষ মূলর ও জর্মন দেশীয় পণ্ডিভেরা যথেষ্ট গোরব না করিলে কিছা সংস্কৃত পাঠ জন্য বিশ্ব বিদ্যালয়ের আদেশ না হইলে বন্ধ দেশের সংস্কৃত শাস্ত্রের আরও অধঃপতন হইত, এবং তাহাকে অদার ভাবিয়া, ইংরাজী শিক্ষিতেরা নিতান্ত निकित इरेजन।

এক্ষণ-কার পুত্র, বিবেচনা করেন যে, পিতা তাঁছার প্রতি শতসহত্র কর্ত্তব্য কর্ম করিতে বাধ্য আছেন, কিন্তু পুত্র পিতার প্রতি কোন কর্ত্তব্য কর্ম করিতে বাধ্য নহেন। আর আর সমাচার পরে নিবেদন করিব। সংপ্রতি কিশোরী-চাঁদের আয়ার কিঞ্চিং বলিতে ইচ্ছা ছইতেছে। শুনিয়া প্রিম্বা কহিলেন ভালই ত বনুশ।

(১৮) উন্নতি ।

মৃত বাবু কিশোরীটাদ মিত্রের আত্মার উক্তি।

বঙ্গের আধুনিক উন্নতি সম্বন্ধে আমি কিঞ্চিৎ কহিতেছি, শ্রবণাজ্ঞা হয়। তরুণ বয়ক্ষদিগের অনেক সভাতা রক্ষি হই-রাছে। সে কালের লোকের ন্যার ইইারা সর্বান্ধ অনারত, বিজাতীয় কেশ মুগুন করিয়া নিরন্তর অল্লীলবাক্য প্রয়োগ করেন না। প্রাচীনদিগের অপেকা অদেশের উন্নতি সাধনপক্ষে ইহাঁদিগের কথঞ্চিৎ প্রবৃত্তির উদ্রেক হই-ষাতে। ইহাঁরা প্রাচীনদিগের ন্যায় নীচ লোকের সহিত जानांश ७ वक्कुण कतिए हारहन ना। देशांत्रा श्रीय আর্দ্ধেকে পুরাতনপ্রথা অনুসারে উৎকোচ গ্রহণ করেন না। स्त्रीमिका धार्मला इरेश माधांत्रभात मत्नत्र मालिना विनक्षे করিরাছে। অন্তঃপুরের ইতরভাষা অন্তহিত হইয়াছে। পরিষ্কার পরিচ্ছন্ন থাকার অভ্যাস হইয়াছে; কল্পিভভন্নে নবীনা রমণীরা প্রাচীনাদিগের ন্যায় অভিত্ত হয়েন না। नाना (मर्मन श्रूताहुछ, श्रांनीय विवत्न, विष्मिशिक्षाहरभन স্বভাব ও ব্যবহার ইহারা অনেক অবগত হইরাছেন। ইহা-দিগের বৃদ্ধির জড়তার হাস হইয়াছে।

পূর্বে সমস্ত বিষয়ী লোকের বিদ্যা শিক্ষা ও জ্ঞানাদেশচনার নির্দিষ্ট বয়ংক্রম ছিল; সেই কালের মধ্যে
বৈ জ্ঞান জন্মিত, তাহাই চূড়ান্ত; পরে পাঠ দ্বারা সে
জ্ঞানকে উন্নত করার রীতি ছিল না। অধুনা ইংরাজদিগের দৃষ্টান্তানুসারে দেশীয় লোকেরা জীবনের শেষ
তাগ পর্যন্ত পাঠ দ্বারা জ্ঞানোন্নতি করিয়া থাকেন।
লেখা পড়ার আলোচনা এত প্রবল হইরাছে যে, যে কেহ
হউন, কলিকাতার কোন পদ্ধীতে স্কুল ছাপনা করিয়া সেই
দিন কিয়া দিনান্তরে অস্থান দেড় শত ছাত্র পাইতেছেন।
রাজ-সাহাযো অদেশ বিদেশ জলপথে ও প্রান্তরে অস্থাক্ষত-চিত্তে সকলে পরিত্রমণ করিতে পারে। যে কোন
ফর্দাবলম্বী হউক, তাহার ধর্মকার্য্যে ধর্মান্তরীয় লোক, বির
জন্মাইতে পারে না। প্রবল ব্যক্তি, মুর্বলের প্রতি যথেচছা
ক্রমে ক্ষমতা প্রধাশিতে পারেন না।

ভূর্ভিক্ষ উপস্থিত হইলে রাজকর্মচারীরা অশেষবিধ উপায় দ্বারা তাহা নিবারণার্থে সর্বপ্রকার আফুকুল্য করিয়া থাকেন। এই কার্যাটী দ্বারা তাঁহাদিগের লক্ষ লক্ষ দোষ মার্ক্কনা হইতে পারে।

চিকিৎসালয় বিন্তালর সংস্থাপন দ্বারা রাজপুরুষেরা যথেষ্ট প্রজাবাৎসল্য দ্বানাইতেছেন। মহৎ মহৎ ইংরাজ ও বান্ধালি উদ্যোগ ও আমুক্ল্য দ্বারা বিলুগুপ্রায় বেদ পুরাণ স্মৃতি, দর্শন, অলঙ্কার প্রভৃতি শাস্ত্র ও তাহার অমু-বাদ মুদ্রাহিত করিয়া ভারতভূমির কীর্তি চিরন্মরণীয় করি-

তেছেন এবং অনেক বৎসরাবধি ভারতের অন্তর্গত বঙ্গভূমি हिन्तू होन अञ्चित पूत-इर्गमहोत्न हिन्तू अ यदनिप्रात স্থাপিত যে সমস্ত কীর্ত্তির অবশিষ্ট ভাগ অপ্রকাশিত চিল, ভাষা আবিষ্কার দারা জনসমাজের পরমোপকার করিতে-**(इन)** विक्रमोनिट्यात मगरत य ध्वकांत छन ও विमात्त्र বিচার ছিল, মধ্যে তাহা ছিল না; যিনি যাহা জানিতেন, তাহার কিছুই প্রকাশ পাইত না। তাহা নিবিড় অরণ্যের আভ্যন্তরিক-সদান্ত্র-পূস্পরাজির ন্যায় অনাড্রাত ও বিলীন इदेज। अक्रांत शांत्र विष्ठांत्र इदेख आंत्रस इदेशांत्र। প্রায় সকলেরই অজ্ঞাতবিবরণ অবগত হইবার পিপাসা বলবতী হইয়াছে; কোলীনোর বল ক্ষীণ হইয়াছে, বহু-বিবাহ প্রায় রহিত হইয়া গিয়াছে, রাজস্ব আদায়ের নিতান্ত জ্বন্য হপ্তমের মোকর্দ্দনা চলিত নাই।

অতঃপর তর্কবাগীশ মহাশয়ের আত্মা কোন বিষয়
বলিতে ইচ্ছা করেন। শুনিষা প্রিক্স কহিলেন, তাহ।
প্রবণার্থে আমরা সকলেই প্রার্থনা করি।——

লেখক।

প্রেমচন্দ্র ভর্কবাগীশের আত্মার উক্তি 1

डे: ब्रांबकाल शक्त शांत्र, बाग्र वार्या लयक, नगर পল্লী, প্রভৃতি যথায় তথায় গ্রন্থ লিখিয়া স্ত্রপাকার করি-তেছেন। इंद्रीपिशतक कवि-मनि डियम्डे. नां हेक लाइ है शंखेन, গগত सु, পগ পিরামিড বলিলেও যথেষ্ট হয় না। ইহাঁ-দিগের কবিত্ব-আলোকের আশ্রয়ে পাঠকেরা জ্ঞানরত লাভ করিতেছেন। ছই একটা বাতীত সকল সংবাদ পত্তের मन्त्रीमहरूदा मर्दछ, (मर बाला) मकलाहे, कविवृद्धम, कांदा অলঙারের ভাব, আইনের তর্ক, প্রান্ত সমালোচনা কার্য্যে অভ্রান্ত পরিপক। কতকগুলি লেখক বন্ধ সাধুভাষার যেন ষথেষ্ট উন্নতি হইয়াছে, এই বিবেচনাতেই নীচ ভাষার উন্নতি কম্পে শশব্যস্ত আছেন। অতএব নীচ ও বিকলান্ত ভাষা প্রয়োগদ্বারা নাটকাদি রচনাতে যতু প্রকাশ করিতে-ছেন। জানিনা সেই লজ্জাকর নীচ ও বিকলান্ধ ভাষার প্রতিয়ত্ত জানাইয়া অদেশীয় লোকের নিকট মূণাভাদ হই বার নিমিত্ত, তাঁহার। এত উৎসাহদীল কেন? ঐ সকল छावा रवन किचानकारल धारण कतिए ना हत, मरहां प्रश म्ब वर धानन करना । व्ययम कर्ममाक्तनीर श्रीमानम्बिका নদী, আৰু প্ৰোতশতীকলে বিনিশ্ৰিত ইইয়া তাহা পাইল

করে, সংপ্রতি সেইরূপ নীচজাতি, ও উৎরুষ্ট জাতিউ বিমিশ্রিত হইয়া শ্রেষ্ঠকে অপকৃষ্ট করিতেছে ও নীচ বিকলাঙ্গ ভাষা, সাধু বন্ধভাষায় নিশ্ৰিত হইয়া, জাহা কিন্তু তকিমা-কার করিতেছে। ইহাঁরা বলেন সাধু ভাষার মনের সকল ভাব প্রকাশ পায় না, পায় কি না, পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যা-লাগর ও বারু অক্ষরকুমার দত্তের পুস্তক মনোনিবেশ शृंबंक प्रिथित कानिए शीरतम ; छैशित्रा जकल छावहे সাধু ভাষায় সুচারু রূপে প্রকাশ করিয়াছেন। আধুনিক ইতঃভাষা লেখকদিগের প্রসঙ্গকালে একটা সাদৃশ্য মনে रहेल। कडकथिल विमार्गमृना खात्रान, ब्राएएम इहेएड কলিকাডার দানশীল ব্যক্তির ভবনে, চুর্গোৎসবের পুরে বার্ষিক রত্তি সংস্থাপন করিতে আসিয়া, পরস্পার পর-न्भात्रक विमानकांत्र, छर्कालकांत्र, निर्द्रामणि, विमानिधि, ইতাদি শ্রদ্ধাব্যপ্তক উপাধি প্রদান করিয়া অধ্যাপকের ভাবে পরস্পর পরস্পরের অদ্বিতীয় পাণ্ডিত্যের প্রশংসা দারা স্ব স্থ কার্য্য সাধন করেন: সেই প্রকার ইতর-ভাষা লেখকেরা আপনাপনির মধ্যে একজন অন্যজনকৈ কবিকুলভিলক, কবি **ध्यर्क रे**डामि डेशिथि थेमात्मत विनिमस्य चार्शमात च्रवि-খ্যাত উপাধি সংগ্রহ করিতেছেন। কোন কোন গৌরবা-কাজ্জী বাবুরা লেখা পড়া শিখিতে অবকাশ পান নাই, তাঁহারা একণে এবু কর্তা হইতে লালায়িত, কোন সভার बकी श्रवक शार्यंत्र मिनिख राजा। श्रमिए शोहे, यसाधाक ও কোন কোন সংবাদ পাত্তের সম্পাদক ছারা তাহা লেধাইয়া, স্বর্রচিত আরোপিয়া কথঞ্জিৎ গৌরব লাভের চেম্রী করেন। তাঁছাদিগের এতক্রপ কার্য্যে কেছ প্রভার করেন না, এতজ্ঞপ প্রত্যাশাও তাছাদিগের পক্ষে নিতার অন্যায়; যেমন তুণপত্ত ভক্ষণ না করিয়া তুই চারি সের ত্ত্ব দেওয়া, গাভীর পক্ষে অসাধ্য: অধ্যয়ন না করিয়া পুস্তকাদি লেখাও সেই রূপ অসাধ্য। আবার কোন কোন **সংস্কৃত লেখকের কার্যা দেখিলে মনে অতিশ**য় দ্র:খ ছয়ে। তাঁহারা অভিনৰ অভিধান ও বাাকরণ প্রস্তুত कतिया. अनिधकाती वास्किमिरगत निकृषे इट्रेंप्ड धानाश्मा পত্র সংগ্রহ করেন। বমুউইচ্, লং প্রভৃতি তৎ তৎপুস্তকের প্রশংসাপত প্রদান করেন। ঐ সকল প্রশংসাপত দাতাদিগের উৎকট প্রশ্রার; উল্লিখিত রূপ পুত্তকের গুণ দোষ বিচার পক্ষে, তাঁছাদিগের কি অধিকার আছে সেই সকল প্রশংসাপত্র কডদুর রলবৎ তাহা একবার মনো: निद्यम क्रिका (मथून।

পরস্ত সকল লেখকই সমালোচন লিপি প্রকাশার্থ প্রমন্ত, কিন্তু অনুসন্ধান করিলে জানিতে পারিবেন, যে বর্তনান বাঙ্গালা লেথকের মধ্যে কেবল অতি অলপ সংখ্যক লেথকের প্রস্থু সমালোচন করিবার শক্তি আহি। যেহেতু উক্ত মহাশার গণের যে যে পুস্তক পাঠ করিলে সমালোচনার ব্যুৎপত্তি জন্মে, সে সকল বিলক্ষণ রূপে পাঠ করা হইয়াছে। কিন্তু এক্ষণে অসার অর্ঝাচীন, যে কেহ হউন একথান পুস্তক দেখিবামাত্র শীর কচির উপর নির্জন করিয়া সমালোচন কার্য্যে প্রবৃত্ত হয়েন। সমালোচন করিবার স্থীয় কচির উপার নির্জন কার্যা নছে। বীভৎস কচির অমুমোদন করিতে লা পারিলে যে স্থানেথক হইবে না এমন নছে। তাঁহারা সমালোচন কার্যার কিছু মাত্র না জানিয়া সকল পুস্তকের রচনা থণ্ডন করেন। কোন সমালোচক বাবুর আপান লিখিত পুস্তকে কর্তা কিয়া প্রকাশ অপ্রকাশ রাখার স্থান বিচার নাই। কি মদ-গরের প্রভাব! তিনি আশা করেন, তাঁহার ভাষাকে আদর্শ করিয়া, লোকে এক ব্যাকরণ প্রস্তুত কক্ষক। আ মরি মরি! তাঁহার কি অপূর্ম্ব-পদ-বিন্যাস! পড়িতে পড়িতে ভাবের প্রভাবে আষাদীয় আনারসের ন্যায় আমাদের অক্ষ সকল্টক হইয়া উঠে।

অগ্নির ন্যায় সর্মভুক্ পুস্তক পাঠকেরা, পুস্তক পাইলেই একাদিক্রমে সর্ম্ব প্রকার পুস্তক পাঠ করেন ও প্রায় সকল পুস্তকের প্রশংসা করেন।

লেথকেরা তাঁহাদিগের প্রশংসায় প্রশ্রয় পান। শুনিনাম, লেফটেনেন্ট গবর্ণর কোন কোন বাঙ্গালা লেথককে
প্রশংসা, করিয়াছেন, তাহাতেও হাস্থের উদ্রেক হয়।
বাঙ্গালা ভাষা না জানিয়া আবার সে প্রশংসাকে কোন
ইংরাজি সংবাদ পত্রের সম্পাদক অনুমোদন করিয়াছেন,
করিলে করিতে পারেন; কেননা, সংবাদ পত্রের সম্পাদকেরা স্বজান্তা, সেই অনুসারেই তিনি ঐ প্রশংসায় অনুমোদল করিয়া থাকিবেন; কি আশ্বর্য়! সেই প্রশংসা অবলহন

করিয়া & লেখকেরা দল্পের আয়তন রদ্ধি করেন, আর তাঁহারা মনে করেন যে, তাঁহাদের লেখা এক্ষণে অনেকে অফুকরণ করিতেছে, বাস্তবিক তাহা নহে; যে ব্যক্তি লিখিতে না জানে, সে লিখিতে প্রায়ন্ত হইলেই তাঁহাদিগের তুল্য লেখক হইয়া উঠে!

স্বরলোকে এই সময় একবার শুভ-স্চক বীণাম্বনি रहेल, मकरल महिक इहेरलम धवर पृष्ठि निरक्ष्प পূর্ব্বক দেখিতে পাইলেন, এক শুক্লাম্বরধারী সুপ্রসন্ন-তাব-সম্পন্ন শান্তমূর্ত্তি পূর্বাদিক হইতে উদয় হইতেছেন। তর্কপঞ্চানন কহিলেন,—আপদারা দেখুন; আমাদিগের পরম প্রীতিভাজন চম্রমোহন তর্কসিদ্ধান্তের আত্মা আবি-ভূতি হইতেছেন। সকলে ইহাঁর নিকট বঙ্গদেশের অভি-নব বিচিত্র ঘটনা শুনিবার যতু করুন। ইনি সম্প তি বঙ্গ-ভূমি পরিত্যাণ করিয়া ইহলোকে আসিয়াছেন। আমার অপেকা ইহাঁর অধিক অভিনর রন্তান্ত জানা আছে। এই কথার অবলান হইতে না হইতেই চন্দ্রমোহনের আত্মা সেই কম্পতকতলে উপন্থিত হইয়া সকলকে বিনীতবাক্যে कुणल जिल्लामिश (इब्बेश निवामित छे श्रेर्वणन क्रिल्लन। পরে প্রিকা ও অন্যান্য সকলেই যথেষ্ট যত্ন সহকারে আধু-নিক লেখকদিগের সম্বন্ধে কিছু বিবরণ তাঁহার নিকট শুনি-বার প্রার্থনা করিলে তিনি কছিলেন,—সে অতীব বিচিত্র বিব-রণ: আপনারা এবণ ক্রন।

চক্রমোহনের আত্মার উক্তি।—আমি

এক্ষণকার ইতর ভাষা লেখকদিগের লেখার দোষ কোন বিজ্ঞতম লোকের নিকট উত্থাপন করিলে তিনি আমাকে কহিলেন, আপনি কিছু মনে করিবেন না। উক্ত লেখক বেচারিরা সংপ্রতি কপ্টাইতে শিখিতেছেন, পরে বুলি পদাবলী
ধরিবেন; মধ্যে মধ্যে চঞ্চু বাাদান করিয়া ঠোক্রাইতে
আসিবেন, ভাহাতে আপনারা ভীত হইবেন না। ওটী
উহাদিগের জাতিধর্ম।

লেখার অভ্যাস করা হয় নাই, তথাচ বাবুরা বালিশে শিরোদেশ সংলগ্ন করিয়া মনে করেন, "আমি বেস লিখিতে পারিব, আমার অনেকণ্ডলি ইংরাজী প্রস্থ পাঠ করা হইরাছে, অতএব বাদ্বালা লিখিব ইহার আর আশ্চর্যা কি? উপকরণ অপ্রতুল না থাকিলে কোন একটা বস্তু নির্ম্মাণ করিবার বাধা কি আছে।" কিন্তু কি পরিমাণে কোন দ্রব্য কত দিলে কি প্রক্রিয়াতে একটা আছ্যকর প্রথ অস্তুত হয়, তাহা না ভানিয়া, যেমন কেবল রাশিরাশি পরিমাণে পারদ, স্বর্ণ, মুক্তা ও লেই, সংমিলিত করিলে আছ্যকর প্রথমের পরিবর্তে এক প্রাণান্তকর বিষময় পদার্থ হইরা উঠে; যাহা সেবন করিলে দেহ পৃষ্ট না ছইয়া নট হয়, সেইরূপ প্রায় ইংরাজী শিক্তরো অনেকে অপরিমেয় বিজ্ঞাতীয় উপকরণে কিন্তুত কিমাকার পুস্তক সকল প্রস্তুত করিতেছেন! তাহা পাঠ করিয়া অভিনব বিদ্যার্থীদিগের যথেষ্ট কুসংক্ষার জন্মিতেছে।

যে ইংরাজী পুত্তককে আদর্শ করিরা, তাঁহারা বান্ধালা লিখেন, লেখার পদ্ধতি না জানাতে, তাঁহাদিগের অনু-বাদে কোন রস থাকে না। যেমন অপুযোগে মিফীয়াদি ভোজন করিলে তাহার কোন আম্মাদ পাওয়া যায় না, সেইরূপ ইংরাজী হইতে বান্ধালা অনুবাদ বা সঙ্কলনকারী দিগের অনভান্ত বান্ধালা লেখাতে কোন রসই লব্ধ হয় না।

কোন লেখকের দুঢ় জ্ঞান আছে যে, "আমি বহুজন সংস্থা নিবন্ধন বতুদশী হইয়াছি, অতএব আমি অতি উত্তম বাঙ্গালা যদিও অভ্যাদ করি নাই, তথাচ ভাবগর্ড পুস্তুক লিখিতে পারি।" যাহা হউক, তাঁহার চিন্তা করা উচিত যে, তিনি ভদ্রলোকের মহিত অধিক কাল সহবাস করিবার স্থযোগ পান নাই, তাঁহার প্রতি যে কার্য্যের ভার আছে, তাহাতে তাঁহাকে অধিক কাল অসংখ্য ইতর অভন্তজনের সহিত বাস করিতে হয়। সেই ইতর সহবাস নিবন্ধন তাঁহার ফচি কলুষিত হইয়াছে এবং ইতরতর বিষয়ে তিনি বহুদর্শী ছইয়াছেন, কেন মা তিনি যথন যাহা লিখিতে যান, তথনই তাঁহার লেখনী হইতে ইতরভাবের উদ্ভাবন হইতে থাকে। দেখুন, সেই মহাত্রা জ্যেষ্ঠ সহোদরকে একথানি অশ্লীল এন্থ উৎসর্গ করিয়াছেন। কনিষ্ঠ হইয়া অশ্লীল গ্রন্থ, জোষ্ঠ সহোদরকে উৎসর্গ করিতে কিছুমাত্র লজ্জাবোধ করেন নাই!

লেখক স্কট ও লিটন প্রভৃতির ইংরাজী পুস্তক হইতে যাহা সঙ্কলন করিয়াছেন, যাহাতে তাঁহার আপনার বৃদ্ধি ও আপনার কশানা যোজনা হয় নাই, তাহাই কথঞিৎ ভাবুক লোকের শ্লোতব্য ছইয়াছে।

উক্ত লেখকের একটী গুণ আছে, তাহা আদি অস্বীকার করিতে পারি না। তিনি আপনার গ্রন্থ সন্নিবেশিত ঘটনাবলী, এতদূর মনোরম করিতে পারেন, যে তাহা পিতামহী দেবীর উপক্ষার নাায়, শূন্যহাদয় নির্বোধের নিদ্রোকর্ষণ করিতে পারে।

তাঁহার কচি ও উদাহরণ য়ণাজনক, তাহার আর অথুমাত্র সন্দেহ নাই। কারণ তাঁহার আসুমানির পান-রস-নিষ্ঠীবন, বিদ্যাদিগ্গজের গলাধঃকরণ করান প্রভৃতি মণা উৎপাদক রসিকতা তাঁহার বীভৎস ক্ষৃতির স্পাফ্ট পরিচয় দিতেছে!

হিন্দু ও যবন জাতীয় নায়ক নায়িকা সংযোগ ব্যতীত, তিনি প্রায় কোন গ্রন্থ রচনা করেন না। অনুভব হয়, তাঁহার ধারণা আছে, রাম-খোদা একত্রিত না করিলে কোন পাঠকের চিত্তবিনোদন করা হুঃসাধ্য।

তাঁহার গ্রন্থ-পরিচ্ছেদের শিরোত্যণ অতি কেতিুকা-বহ; অন্যান্য লেশকৈর গ্রন্থ-পরিচ্ছেদের শিরোত্যণ ছারা ঘটনার ছুল আভাব প্রাপ্ত হওরা বায়। তাঁহার গ্রন্থ পরিচ্ছেদের শিরোত্যণ অস্তু ও অলোকিক, ভদ্ধারা প্রভাবের আভাস কিছুই ভাসমান হর না, কেবল সেই প্রভাবের যে কোন ছানের ভূই একটা কথামাত্র উদ্ধৃত করিয়া শিরোত্বণ ছির করা হয়। যথা—"না"; "অবশুঠন- বতী "দাদী চরণে" এতদ্বারা কাহার সাধ্য প্রস্তাবের আভাদ বুরো বা মন্দ্রাবধারণ করে। ইত্যাদি রূপ শিরো-ভূবণের সহিত তন্ত্রবারের সক্ষেত্র চিক্লের (অর্থাৎ তাঁতির ঠারের) কিছুমাত্র প্রভেদ দাই। সে চিক্ল দেখিয়া কিছুই ছির করা যায় না। তন্ত্রবার বন্ধে গ, স, ৭, ৫, ৩, ৪, দৃষ্টি মাত্রেই বলিয়া উঠিতে পারে, এ ধৃতীযোড়ার মূল্য পাঁচটাকা সাড়ে দশ আনা; তক্রেস, "না"; "অবন্তর্গনবর্তা"; "দাসী-চরণে" ইত্যাদি পরিচ্ছেদের শিরোভূষণ দারা কেবল লেখকই সমস্ত বুঝিতে সক্ষম, অন্যে নহে। লেথকের অভিপ্রার এইরূপ যে হলধর বলিলে দশআইনের মোকর্দ্মা বুমাইবে। কেন না হলধর নামক কোন ব্যক্তি, উক্ত আইনের মোকর্দমা কোন জেলা আদালতে উপস্থিত করিয়াছিল। "না" উল্লেখ করিলে ন।—ঘটিত, পরিচ্ছদের সমুদ্র মর্ম্ম বুদ্ধিবলে সংগ্রহ করিতে হইবে।

আবার তাঁহার রচনাতে কি উৎকট ভাব ও শন্দের প্রয়োগ আছে! তিনি সর্বাচ্ছের সৌন্দর্য্য ব্যঞ্জক বর্ণনাতে সুগোল শব্দ প্রয়োগ করিয়াছেন, সুগোল শব্দটী তাঁহার অতি প্রিয়, যেহেতু তিনি লিখিয়াছেন "মুগোল ললাট", ললাট কি প্রকারে সুগোল হইতে পারে? মন্দে করুন যেন তাহা সুগোল হইল, হইলেই বা রমণীয় দৃশ্য হইবে কেন? উক্ত সুগোল ললাট শব্দ লইয়া যথন আমি, একদিন আন্দোলন করিতেছি, তৎকালে এক বিচক্ষণ ব্যক্তি উপস্থিত হইলেন; আমি তাঁহাকে উহার ভাবার্থ জিক্ষাসিলাম, তিনি কিছুক্ষণ

চিন্তা করিয়া আমাকে কহিলেন, উহার ভারার্থ অন্য কিছুই আমার অন্তঃকরণে উদয় হইতেছে না, তবে জান কি, লেথক ব্রাহ্মণের সন্তান, চিরকাল লুচি মেণ্ডা প্রভৃতি নানা প্রকার গোলাকার দ্রব্য ভোজন করিয়া আসিতেছেন, ব্রাহ্মণ-সন্তানের পক্ষে গোলই উপাদেয়, গোলই সুদৃশ্য; এই হেতুই, তিনি সুগোল ললাট লিথিয়া থাকিবেন!

লেথক স্থানে স্থানে বারংবার লিখিয়াছেন, "নাসারদ্ধ্র কাঁপিতে লাগিল," নাসারদ্ধ্র শুন্য স্থান, কি প্রকারে তাহার কাঁপা সম্ভব; তাহার ভাবার্থ এ পর্যন্ত বুঝিতে পারি নাই এবং আমার তুর্ভাগ্যক্রমে কোন সুলেথক বা বিচক্ষণ ভাবুক, গোল ললাটের ভাবার্থের ন্যায় নাসারদ্ধু কাঁপার ভাব সংলগ্ধ করিতে সক্ষম ইইতেছেন না।

ইহার রচনাতে অনেক স্থানে বিস্তৃতি দোষ; বিশেষত রপ বর্ণনার, ভূরি ভূরি নিরর্থক বাগাড়ম্বর; পাঠে বিরক্তি বোধ হইতে থাকে; যেমন হাইকোর্টের অরিজিনেল সাইড্ডের উকীলেরা ফলিও গণনাতুসারে, অধিক পরচা পাইবার আশরে সামান্য সামান্য নোকর্দ্দনা সংক্রান্ত এক এক রহদাকার রফ্ প্রস্তুত করেন লেখক অবিকল সেই রফের ন্যায়, সামান্য প্রস্তাব সকল, প্রশন্ত করিয়া ফেলিয়াছেন। প্রক্রপ করিয়াছেন।

র্জ লেখক ছানে ছানে সর্ব্বদাই রমণীঘূর্ভিতে বহিম-গ্রীবা শব্দ দিরাছেন। লড়ারে কার্ডিকের মত, স্ত্রীলোকের বৃদ্ধিন গ্রীবা হইলে যেরূপ স্থুন্দর দেখার, আপনারা ভাছ। অনুভব ক্রিয়া লইবেন।

আবার কোন দ্রীলোকের সে দির্ঘ্য বর্ণন করিতে "মুন্ত্যু ন্থ আকৃঞ্চন বিক্ষারণ প্রব্রন্ত রন্ধ্যুক্ত সুগঠন নাসা" লেখা হইয়াছে, ইহা নিভান্ত অস্বাভাবিক, পীজিভাবস্থায় কোন কোন ব্যক্তির নাসা আকৃঞ্চন ও বিস্ফারণ হইতে দেখা যায় এবং তৎ কালে মুখমণ্ডল কদাকার হয়; আর কেছ কেহ বলেন, কোন কোন জন্তর প্রক্রপ হইয়া থাকে। অভএব বোদ হয়, আকৃঞ্চন ও বিস্ফারণ এই ছুইটা শব্দ ব্যবহারের নিভান্ত ইচ্ছা হওয়াতে লেখক ভাহা ক্ষ্ট প্রেচ্চে এক স্থানে সংলগ্ন করিয়া দিয়াছেন।

"জানালা জ্বলিতেছে," তদর্থে জানালা ভেদ করিয়া আলোক আদিতেছে, বুঝিতে হইবে।

"হাপুস হাপুস করিয়া ভাত থাইতে আরম্ভ করেন," লেখা হইয়াছে। ইহাতে শব্দের অনুকরণ কতদূর সঙ্গত হইয়াছে, সকলেই অনায়াসে বুঝিতে পারিবেন।

"ন্তিমিত প্রদীপে" এই শিরোভূষণের প্রস্তাব পড়িতে পড়িতে চিত্রপট বর্ণনার ঘটা দেখিয়া মনে হয়, যেন আমরা বালাকালে বিছালয়ে যাইতে যাইতে এক এক পয়সা দিয়া পটলডাজার দীঘির ধারে সহর-বিল দেখিতেছি। প্রদর্শক ঘন্টা বাদন করিয়া আমাদিগকে তাহা দেখাইতেছে। এছলে লেখক, বিদ্যা-সাগর মহাশয়ের সীতার বনবাসের আলেখ্য দর্শনের অমুকরণ করিতে গিয়া তদ্বিষয়ে সফল না হইয়া হাস্যাম্পদ হইয়াছেন। উল্লিখিত লেখক রমণীমূর্ভি অলঙ্ক করিতে গিয়া তাহার উক্লেশে মেখলা দিয়াছেন। আমরা নিতম্বে মেখলা সর্ক্তের দেখিয়াছি, উক্লেশে কোন রাজ্যে দেখি নাই। শুনিয়াছি, অতংপর তিনি কর্ণে কণ্ঠহার ও গলদেশে বলর পরাইয়া আবকারি মহল হইতে সুবর্ণপদক পারি-ভোষিক লইবেন।

জগৎসিংই নামক একজন শুদ্রিত নায়ক ও জিলোত্তমা নান্নী একটা শুদ্রিতা নায়িকাকে কি কার্য্য সাধনার্থে লেথক তাঁহার পুশুকে আনিয়া উপস্থিত করিরাছেন, তাহাদের বিশেষ কার্য্য কিছুই দেখা যায় না। আবার হেমচম্দ্র নামে নায়কের উদ্ধৃত স্বভাব বর্ণনা করিয়া কি এক কুৎসিত ভাবের উদ্ভাবন করিয়াছেন।

এই লেখকের মতের চমৎকারিতার কথা শ্রবণ করুন।—
অপারের মত নাায্য বা অন্যায্য হউক, তিনি সেই মতের
বিপারীত মতাবলম্বন করিবেনই। কিন্তু যে মত থণ্ডন
করেন, তাহার দবিস্তার তিনি বিজ্ঞাত নহেন। তাহার
ইত্যাকার মতভেদ দেখিলে, আমার এক যবনীর ব্যবস্থা
সংগ্রহের কথা স্মবণ হয়।

এক মবলীর অন্ধ কুকুরে উচ্ছিষ্ট করিরাছিল, দেই উচ্ছিষ্ট অন্ন ভোজন করা উচিত, কি অকুচিত, ভাহা নিগৃত্ জানিতে, দে ভাহার স্বামীকে এক মেলিবীর নিকট পাঠান। মেলিবী কোরাথের ব্যবস্থাকাণ্ড দৃষ্টি করিয়া ভাহার বিধি জাবিধি কিছু পাইল না। যবন আসিরা ভাহার বনিভাকে কছিল,—মোলবী কৃক্কুরের উদ্ছিষ্টায় ভক্ষণ পক্ষে কিছুই ব্যবস্থা স্থির করিতে পারিলেন না। তাহাতে যবনী শাস্ত্র-ব্যবসায়ী পণ্ডিতের নিকট উক্ত ব্যবস্থা জানিতে স্বামীকে পাঠাইলে, পণ্ডিত শাস্ত্র দৃষ্টে কহিলেন,—আমাদিগের শাস্ত্রে কৃক্কুরের উদ্ছিষ্টায় ভক্ষণ নিষিদ্ধ। যবনী পণ্ডিতের ব্যবস্থা স্থামীর নিকট শুনিয়া কহিলেন,—ত্বে এস আমরা কৃক্রুরের উচ্ছিষ্টায় ভোজন করি, কেন না, যাহা হিন্দুদিগের পক্ষে নিষিদ্ধ, তাহা আমাদিগের পক্ষে সিদ্ধ ও অবশ্য কর্ত্বর। উক্ত লেখকের সেইরূপ ধারণা। অন্য লেখকের কচিতে যাহা স্থ্রস, তাহা তিনি নীরস এবং যাহা বিরস তাহা নিতান্ত স্থরস বলিয়া ব্যাখ্যা করেন।

উক্ত লেখকের ভাব-সন্দর্ভের বিষয় আর অধিক আন্দোলন করিলে তাঁহার আরও প্রশ্রের ব্লব্ধি হইবে। অভএব সংপ্রতি এই পর্যান্ত রহিল, কেবল তাঁহার পুত্তক বিক্রেডার প্রেরিভ এই বিজ্ঞাপনটা পশ্চাতে প্রকাশ আবিশ্যক।——

বিজ্ঞাপন।

যত টন পরিমাণ নিরর্থক সন্দর্ভের প্ররোজন হয়, তাহা নভেল লেখকের লেখাতে প্রাপ্ত হইবে। যদ্যপি ইহা কাহা-রও সিপ্রেন্ট করিবার ইচ্ছা হয়, তবে তিনি জাহাজের ফেট নিযুক্ত করিয়া তোলদার, বস্তাবন্দ মার্কওয়ালা, এজন সরকার ও গাধা বোট; চুঁচড়ার পরপারে বন্দদর্শনের কার্যালয়ে পাঠাইবেন। Terms cash on delivery.— আর এক অন পটলভাঙ্গার শিক্ষক উপর্যুগরি চারি থান অসার, নীরস, কর্ণেৎপীড়ক নাটক রচনা করিয়াছেন। কোন ভারজ্ঞ ব্যক্তিকে ঐ সমস্ত দেখাইলে উহা লোকসমাজে প্রকাশ করিতে তিনি অবশাই নিষেধ করিতেন এবং তাহা হইলে কলিকাতার অত বাসার অপ্রতুল বা কাহার আশ্রমপীড়া হইভ না.। যে হেতু উক্ত পুস্তক চতুষ্টার নিচ্চর্মা মহাশরেরা নগরের যে যে পল্লীতে পাঠ করেন, সেই সেই ছানে ভদ্র লোকেরা বাস করিয়া তিন্ঠিতে পারেন না। যে হেতু কাঠবিদারণের শব্দ, ময়দা পোবার ঘর্যরাণি, কাংসকারের কার্যালয়ের ঠনুঠনানি অপোক্ষা উক্ত নাটকচতুক্টয়ের ভাবশূন্য,—নীরস শব্দাবলী পাঠ, শঙ্ক সহম্রপ্তরে অসহনীয়। "বাছারে আমার" "পলো" "ও-হ" "করপ্তন।" ইত্যাদি অভিনর প্রাম্যভাষা মহামহিম লেখকের, ভাব-ভাভারের ছারোদ্যাটন করিয়া দিয়াছে।

কোন লেখক এক খান স্বাস্থ্য রক্ষা পুক্তক বহুবারাসে বিবিধ ইংরাজী পুক্তক হইতে সংগ্রহ করিরা লিখিরাছেন। তাঁহার ছূলে ছুল এই যে, বাঙ্গালা বৈদ্য শাস্ত্র হইতে তাহার কোন অংশ সঙ্কলন করা হয় নাই। বৈদ্যাশীস্ত্র হইতে সঙ্কলিত হইলে তাহা ভারতীয় লোকের দেহ রক্ষার সম্যক্ উপযোগী হইত, উষ্ণপ্রধান দেশে কি কি নিয়মে দেহ রক্ষা হয় তাহা না জানাতে সে সম্বন্ধে তিনি কিছুই লিখিতে পারেন নাই। কেবল অনুমানের উপর নির্ভর করিয়া তুই একটা দেশীয় দ্রবার গুণ দোব আরোপ করিয়া লিখি-

রাছেন, কলতঃ স্থান্থ্য রক্ষা লেখার যোগ্য পাত্র কৰিরাজ ও ডাক্তর, কিন্তু কালের কুটিল গতিতে লেখকদিগের মনে কি নের্বজ্ঞতা জন্মিরাছে; তাঁহারা সকলেই সকল বিষয় লিখি-বার যোগ্য মনে করিয়া অমধিকার কার্য্যে হল্ত প্রসারণ করেন।

উজীর পুত্র নামে তিন খণ্ড রহৎ রহৎ পুস্তকের চুই এক স্থান পড়িতে পড়িতে উহাতে সামান্য ভাব ও ইতর শব্দের শ্রেণী দেখিরা অনর্থক সময় নফ করিতে আমার প্রার্হিত জন্মে নাই। বিশেষতঃ এক জন নিছর্মা অথচ সারগ্রাহী ব্যক্তি আমাকে বলেন, আমি উহা পাঠ করিয়াছি কিন্তু আপনার সময় সাজক্রপ্ত, উক্তরূপ গ্রন্থ আপনার পাঠ্য নহে। উহাতে যাহা আছে তাহা আমি দৃষ্টান্ত দ্বারা আপনাকে জ্ঞাত করিতেছি। "মনে ককন যথন আপনার বয়ঃক্রম সাতবৎ সর, মাতামহী শিয়রে বসিয়াছেন, কর্ণমূলে অপপ অপপ করাঘাত করিতেছেন, যাহু দুমাও বলিতেছেন ও প্রাচীন জ্রীলোকের ভাষায় নানা উপকথা কহিতেছেন; মনোনিবেশ করিয়া আপনি তাহা শুনিতেছেন, সেইরূপ প্রাচীন-জ্রীভাষাসম্বলিত, অকিঞ্জিৎনকর-ভাবপূর্ণ এই উজীর পুরের উপকথা।".

ভূরি ভূরি অবেণ ক্তিকভাব ও নীচ উদাহরণপুঞ্জে পরিপূর্ণ—রাজবালা নামক একথানি পুন্তক পাঠ করা হইয়াছে।
উহার লেখক একজন অভিনব, "গদ্যন্তম্ভ্র" ইহার অপেকা
তাহার নিকট সংপ্রতি অধিক আর কিছু প্রত্যাশা করা
যাইতে পারে না। কিন্তু ভিনি পরেই বা কি উদ্মারণ

করেন তাহা মহাশর জ্ঞাত হইতে পারিবেন, কার্ণ কোন না কোন সময়ে তিনি, চর্ম্মিত চর্মণকালে কাহারও দৃষ্টিপথে পতিত হইবেন।

হার কি বলিব। ইতরভাষা লেখকদিগের দৃষ্টান্তাকুসারে এমন কি, কোন কোন কৃতী সন্তান পিতা মাতাকে
পর্যান্ত যৎকুৎসিত আশ্লীল প্রান্থ সকল উৎসর্গ করিতেছেন। সময়াভাবে অতি সামান্য রূপে অত্যান্প লেখকের লেখার প্রসন্ধ উত্থাপন করিলাম। সময়ান্তরে আধুনিক
বিজাতীয় গছা পছা লেখকগণের লেখার তদাদি তদন্ত, মহাশরের গোচর করিয়া প্রবলতর হাস্যের উদ্ভাবন করিব।

প্রি**ন্সের উক্তি ।—বঙ্গভূ**মিতে যথাপ্রত

ইতর বিকলান্ধ অনর্থক ভাব ও ভাষা প্রবল হইবার ইতিরন্তান্ত আপনারা অবগত নহেন। সূতরাং যৎপরো-নান্তি বিস্মিত হইতে পারেন। অতএব আমি তাহা আনু পূর্মিক কহিতেছি শ্রবণ করুন।

এই উন্থানের অনতিদ্রে বাদেবী সরশ্বতীর নিবাসের উপ-বন; কিয়ৎকাল অতীত হইল, একদিন দিবাবসানে ঐ উপবন হইতে মহাপ্রলয় কালের ন্যায় বিজাতীয় কোলাহল আসিয়া আমার কর্ণবিবর উৎথাত করিতে লাগিল। আমি ক্রমে ক্রমে সরশ্বতীদেবীর আশ্রমে উপনীত হইয়া দেখিলাম, তাঁহার সন্মুথে অসংখ্য নীচ বিকলাক বন্ধভাষার শদর্শ, কূতা-প্রলি হইয়া শ্রেণীবন্ধন পূর্মাক দণ্ডায়মান আছে এবং সকলে কহিতেছে,—মাতঃ! সাধু কিম্বা নীচভাষার শব্দ সকলই আপনা হইতে উৎপন্ন হইরাছে। আমরা সকলই আপনার সন্তান, সকলই সমান মেহাস্পদ, সকলের সমান অধিকার হওয়া উচিত, কিন্তু আমাদিগের তপস্যার কি বিড়ম্বনা! যে হেতু অনাদি কাল হইতেই আমরা নীচজাতির আশ্রের দিনপাত করিতেছি; ভব্দ সমাজে আমাদিগের কোন স্বস্তাধিকার নাই; সেই হৃংধে নিভান্ত হৃংধিত হইয়া অদ্য মাতৃ-সদনে আসিয়াছি, এবার সাধুসমাজে অধিকার না দেওয়াইলে, আমরা আপনার জীচরণ-প্রান্তে অনাহারে প্রাণ ভ্যাগ করিব।

বাংগদবী তাহাদিগার ক্ষোভে তাপিত হইয়া আদেশ করিলেন,——

তোমরা বঙ্গদেশে গমন কর,—অধুনা তথায় ভদ্রসমাজে অধিকার পাইবে।

দেবী এইরপ আদেশ করিয়া আমার সহিত কথোপকথন করিতে লাগিলেন; কোলাহল নিরস্ত হইল। পরে
শুনিলান, তাহারা সর্স্থতীর আদেশাসুসারে ভদ্রসমাজের
গ্রন্থে স্থান পাইবার অভিলাষে স্থান ইইতে অবতরণ
পূর্বক সর্বাথ্যে বিদ্যাসাগর মহাশ্রের পুস্তকাগারে উপস্থিত
হইয়া তাঁহাকে জানাইল,—মাতা সরস্বতী আপনার পুস্তকে
আমাদিগের স্থান প্রাপ্তির জন্য পাঠাইলেন; আমরা
ইতর ভাষা, কিন্তু তাঁহার সন্তান বলিয়া, সাধু ভাষার ন্যায়
আমাদিগের সর্ব্বতি স্বত্তাধিকার সমান আছে।

প্র সমস্ত শব্দ দিগের ইত্যাকার বাক্য প্রবৃণ করিরা, বিদ্যাসাগর মহাশয় সহাস্থে কহিলেন,—আমার পুস্তকে তোমাদিগের স্বস্তাধিকার নাই। তোমরা সরস্বতীর বংশোদ্ভব বটে,
কিন্তু তাঁহার সংস্কৃত নামক পুত্রের সন্তান নহ; সংস্কৃত
হইতে যে সকল সাধু শব্দ উৎপন্ন হইরাছে, তাহারা সংস্কৃতের প্ররুপ পুত্র;—তাহারাই আমার পুস্তকে স্থান পায়।
তোমরা সংস্কৃতের ব্যভিচার দোষে উৎপন্ন হইরাছ, এ কারণ
এখানে স্থান পাইবে না। তবে যে তুই একটী ইতর শব্দকে
আমার এম্বানে দেখিতে পাইতেছ, ইহারা কেবল সাধু
শ্বদিগের বহন কার্য্যে নিযুক্ত আছে। দ্বেবীর সহিত
সাক্ষাত হইলে আমি সমস্ত নিবেদন করিব। তোমরা অবিলব্দে এ স্থান হইতে প্রেম্বান করে।

অনন্তর ঘারবানু বলিয়া ডাকিতেই, ইতর শব্দেরা ভ্যা-খাসে প্রস্থান করির। তত্ত্ববোধিনী সভার গমন করিল এবং তত্ত্ববোধিনী পত্রিকায় প্রবেশ করিতে উন্নত হইল। তদ্ ষ্টে অযোধ্যানাথ পাক্ডাসী সরোবে তাহাদিগকে তিরস্থার করিলে তথা হইতে বিমুখ হইয়া তাহারা কোর্ট অফ ওয়ার্ড-সের রাজেন্দ্র বাবুর সম্মুখে উপস্থিত হইল। তিনিও বিদার দিলেন। তথা হইতে বিনির্গত হওত, তাহারা কালীপ্রসম সিংহের পুরাণসংগ্রহ পুস্তকালয়ে উপস্থিত হইয়া মহাভারতে প্রবেশার্থে প্রস্তাব করিল। উক্ত প্রস্তাবে সিংহ সিংহের প্রতাপ ধারণ পূর্মক গভীরগর্জনে কলিকাতানগর কম্পিত করিয়া কহিলেন,—কি প্রশ্নয়! তোমরা আমার পুরাণসং- গ্রহে স্থান পাইতে আদিয়াছ? এবং সরস্থতী ভোমাদিগকে আদেশ করিয়াছেন, বলিতেছ? আমি ভোমাদিগের সরস্থতীর সহিত কোন সম্বন্ধ রাখি না; তাঁহাকে
ভয় কি? আমার চাতুরী ভোমরা কি জানিবে? আমি কম
পাত্র নহি! জান না এখনই তোমাদিগের মস্তক মুগুন
করিয়া বিদায় দিব। অন্যে পরে কা-কথা! প্র দেখ ভট্টাচার্যাদিগের অনংখ্য শিরঃশিখা-শ্রেণীতে আমার গৃহের
প্রাচীর সুসজ্জিত হইয়াছে। "শিখাই-ত-বটে-হে!" এই
বলিয়া ইতর শব্দেরা ভরাকুল হইয়া পলায়নের উপক্রন
করিতেছে, তবু সিংহের ইঙ্গিতে হেমচন্দ্র, রুম্ণ্যন, অভ্যাচরণ
প্রভৃতি ভট্টার্য্যাণ স-ক্রোধে গাত্রোপান পূর্বক অন্ধ্রচন্দ্র
দ্বারা ইতর শব্দিগিকে পুস্তকালয় হইতে বহিষ্কৃত করিয়া
দিলেন।

অনন্তর কিছুকাল পরে অসাধু শব্দেরা আর একটী স্থান পরীক্ষা করিতে মির্জ্জাপুরাভিমুখে বাল্মীকি যন্ত্রের সন্ধিকটে উপানীত হইল, যন্ত্রালয়ে সহসা সকলের প্রবেশ করা যুক্তিযুক্ত বলিয়া বোধ করিল না, যে হেতু সর্ব্বেত তাহারা হতাদর হইয়াছিল। কেবল একটীমাত্র ইতর শব্দ, সে স্থানের অধ্যক্ষ,—কে, দেখিতে অগ্রসর হইয়া, যন্ত্রালয়ের বাতায়নের একদেশ দিয়া হেয়চন্দ্র ভট্টাচার্যকে দেখিতে পাইয়া উদ্ধি-শ্বাসে ক্রত পদচালনে, প্রত্যাগ্যন করিয়া কহিল, ভাইসকল! প্রস্থান কর; প্রস্থান কর; আর কায নাই, এস্থানে ক্ষণেক অবস্থান করাও ত্রংসাহসের কার্য;

কারণ এখানে সেই স্থূলাঙ্গ যমসম পুরুষ আছেন, যাঁহার বিশেষ আকোশে আমরা কালীপ্রসন্ন সিংহের গ্রন্থোন পরিত্যাগ ক্রিতে বাধ্য হইয়াছিলাম।

আনন্তর সকলে পালায়ন পরায়ণ হইয়া পুনশ্চ সরস্থতী দেবীর নিকটে গমন করিতে হইবে দ্বির করিল, কিন্তু সংপ্রতি কেহ কেহ বেলিয়াঘাটায়, কেহ কেহ নারিকেলডাক্ষায়, কেহ কেহ পর্মিট্ ঘাটে, নিজ নিজ পুরাতন বাসায় গমন করিল।

মর্ত্তালোকে বিকলাক্ষ অসাপূ শব্দদিগের ঈদৃশ অপমান ঘটিয়াছে, অন্তর্যামিনী বাগদেবী জানিতে পারিয়া ধর্মতত্ত্ব ও বন্ধদর্শন সম্পাদক, নাটক রচয়িতা, বিশ্ববিদ্যালয়ের প্রবেশাকা পুস্তক লেখক, গবর্গমেন্ট গেজেটের অনুষাদক, জেলা আদালতের উকীল ও আমূলাগণকে প্রজাদেশ করিলেন যে,—"আমি বিকলাক্ষ ইতর শব্দগণকে তোমাদিগের সন্নিধানে প্রেরণ করিব, ইহাদিগকে হতাদর না করিয়া, তোমাদিগের বর্ণনাতে সাদরে স্থান দান করিবে; তাহাতে তোমাদিগের অশেষ মন্ধল ছইবে। যে কোন লেখক ইতর বিকলাক্ষ শব্দকে হতাদর করিবেন, আমি তাহাদিগের মুথে রক্ত তুলিয়া যমালয়ে পাঠাইব।"

পূর্ব্বে সরস্বতীকে অবহেলা করিয়াছিলেন সেই হেতু তাঁছার প্রত্যাদেশে ভীত হইয়া সিংহমহাশয় হুতুম লিথিয়া ইতর শব্দের যথেষ্ট সমাদর করিলে, বাগ্রদেবী তাঁহার প্রতি কিছুদিনের জন্য অক্রোধ ছইলেন, এবং উল্লিখিত প্রত্যা-দিষ্ট ব্যক্তিরা সকলেই ঐ শব্দিগকে তদবধি যথেষ্ট সমাদর

পূর্বক তাঁহাদিগের রচনামধ্যে স্থানদান করিতে প্রব্রুত হইয়াছেন। কিন্তু ইতর শব্দকে হতাদর ও সরস্থতীর আদেশ উল্লেড্যন করা অপরাধে বিত্যাসাগর মহাশয় ও বাবু রাজেন্দ্র-লাল মিত্র চিররোগী হইলেন। পাকুডাদী মহাশয় এক-কালে কালকবলে নিপতিত হইলেন। অক্ষয়ক্মারদত্ত শিরোরোগগ্রস্ত ও নিতান্ত অব্যবহার্য্য হইয়া বালীর উদ্যানে রক্ষদেবার নিযুক্ত রহিলেন। এ সকল সাংখাতিক ঘটনা দেখিয়া আরু কি কাহারও সাধুশব্দ লিখিতে সাহস জনায়। তবে বিদ্যাসাগর মহাশরের অভাবসিদ্ধ নিভীকতা: তিনি পীডিতাবস্থাতেও মধ্যে মধ্যে সাধু শব্দের পুত্তক লিখিতে ক্ষান্ত হয়েন নাই। জগন্মোহন তুর্কালফার ও হেমচন্দ্রভট্টা-চার্যা, প্রভৃতি চুইএকজন অদ্যাব্ধিও সাধুভাষা লিখিতেছেন, ইংগাদিগের অদুষ্টে উত্তরকালে, যে, কি অশুভ ফল উৎপন্ন হইবে, তাহা না জানিয়া ভয়ে তদীয় স্বজনগণের হৃদকম্পা হইতেছে।

যে কারণে সংপ্রতি বঙ্গে ইতর ভাষা লেখা হইতেছে, ভাষার প্রধান কারণ উক্ত হইল। অপর কারণ শ্রোতা ও পাঠকের কচি অনুসারে সঙ্গীত ও রচনাকার্য্য নির্কাহ হইয়া থাকে। যথন আমি নরজাতি ছিলাম কলিকাভার নিকটন্থ পালীতে পর্বোপলক্ষে যাত্রা উৎসব দেখিতে সর্বাদাই আমার নিমন্ত্রণ হইত; তাহাতে অনেক স্থানীয় ভূসামী ভবনে আমার গমনাগমন হইয়াছিল। আমি একবার কোন জমিদারের বাচীতে পর্বোপলক্ষে রজনীযোগে যাইয়া দেখিলাম

একজন বিখ্যাত যাতার অধিকারী (প্রমানন্দ কি বদন যে হউক অনেক দিনের কথা বিশেষ স্মরণ নাই) সুললিত সুরসংযুক্ত যাত্রাঙ্গ গান করিতেছে, সহস্রাতিরেক ভদ্রলোক চিত্তার্পণ করিয়া তাহা প্রবণ করিতেছেন। সেই ভক্ত মণ্ডলীর পশ্চান্তাগে ও জমীদারের প্রায় দুই সহস্র কৃষক প্রজা বসিয়াছিল। তাহারা যাত্রান্ধণীতে নিতান্ত বিরক্ত হইয়া मकल देत देतनारक मर, मर, विलया हिएकात करिया छैठिल এবং বদ্ধাঞ্জলিপুটে আদিয়া জনীদারকে জানাইল "ধর্ম-অবতার! আমরা পার্ঝণী দিবার সময়ে ত মহাশয়কে বিশেষ করিয়া জানাইয়া ছিলাম যে আমরা তাহা দিতে যথেষ্ট ইচ্ছ ক; কিন্তু আমরা যেন এই পরবে সংদার থাতা শুনিতে পাই। তাহা কোথায়?" প্রজারা নিতান্ত বিরক্ত হইয়াছে দেখিয়া জমীদার যাত্রার অধিকারীকে অগত্যা সং নামাইতে আদেশ করিলেন: অধিকারী সংএর উপর সং তাহার উপর সং আনিতে আরম্ভ করিল। চাষীরা অধিক পরিমাণে পেলা দিতে লাগিল, আমরা সকলে বিদায় হইয়া স্ব স্থানে প্রস্থান করিলাম। তক্ষেপ বাঙ্গালা পুত্তক পাঠকের। অধি-কাংশ এক্ষণে আর উৎক্রম্ট শব্দ বা রভান্ত ঘটিত পুলুক চাহেন না ৷ তাঁহারা উক্ত ক্লমক প্রজার মত সং-দার পুস্তকের গ্রাহক, তজ্ঞন্য সং-দাতা গ্রন্থকার দীনবন্ধু মিত্র অনেক সং দিয়াছেন; ৰান্ধালা নাটক রচয়িতারা, অনেক সং দিতেছেন। বন্ধদর্শন-সম্পাদক সংএর উপার সং তাহার উপর সং দিতেছেন, এবং এক্ষণে চুঁচুড়ার সং নির্ত্তি

পাইয়া চুঁচুড়ার সমস্থ পর-পারে বঙ্গদর্শনে নানা প্রকার-সং বাহির হইতেছে। বাস্তবিক ঐ অঞ্চলটাই সংএর আড়ং; আর সংপ্রিয় পাঠকেরা, সংদার লেথকের যগেন্ট উৎসাহ-বর্দ্ধন করিতেছেন। উক্ত পাঠকেরা যেমন তেমন সংপ্রিয় নহেন; তাঁহারা ক্রমাণত সাজ্যরের দিকে চিত্র-প্রেলিকার ন্যায় হাঁ করিয়া চাহিয়া আছেন; কতক্ষণে সং বাহির হইয়া ধেই ধেই হৃত্য ও তিরীরার্মের মত উচ্চঃ-স্বরে চিৎকার করিয়া তাঁহাদিগের মনোরঞ্জন করে। অত-এব আপনারা বিরক্ত হইবেন না।

চন্দ্রমোহন—ইতর শব্দ লেখকই হউন অথবা সংদার লেখকই হউন,উহাঁদিগের লেখার মর্মার্থ অত অকিঞ্চিৎকর ও কম্পেনা শক্তি অত স্বভাববিক্ল্প কেন?

প্রিকা— দে উহাঁদিগের মস্তকের দোষ;

চন্দ্র— উহারা অত্যুৎকৃষ্ট বিজ্ঞ মনোরপ্তক উত্তররাম চরি-তের অত্যুবদ সমালোচনায়, অসদৃশ নিন্দাবাদ করিয়াছেন।

প্রিন্স—তাহা করিতে পার্রেন। তাঁহাদিগের বীতৎস কচিতে ঐ পুস্তক, তাল লাগে নাই। জানেন ত
বিক্রমপুরবাসী বীভৎসকচি বাঙ্গালেরা কলিকাভার উৎকৃষ্ট
উপাদের সন্দেশ ভক্ষণ করত মিন্ট কম বলিয়া নিন্দাবাদ ও
ম্বণা প্রদর্শন পূর্বক পরে অধিক পরিমাণে চিনি মিশ্রিত
করিয়া তাহা ভক্ষণ করিয়াছিলেন, অতথব আপনারা
বীভৎসকচির দৃষ্টান্ত দেখিয়াও উত্তররাম্চরিতের অত্বাদাদির সমালোচনার তাব হাদরক্ষম করিতে পারেন নাই ?—

চন্দ্র—এক্ষণে অযোগ্য লেথকের নাটক নবেলক্ষরপ জাঙ্গলিক লতাবল্লী, বিদ্যাদাগর মহাশারের অতি যত্নের স্করদ সাধুভাষার রক্ষটীকে জড়ীভূত করিতেছে, আবার ভত্নপরি বিষয়ক্ষাদি নিজ নিজ শাখা প্রসারণ করিভে আদিতেছে, অতএব সাধুভাষা রক্ষের সজীব থাকিবার সম্ভাবনা দেখি না। কিন্তু এন্থলে ইহাও বলা কর্ত্তব্য যে, দেবেন্দ্র বাবু ও রাজনারা-য়ণ বাবু প্রভৃতি কতিপয় মহাত্মা হইতে বাঙ্গালা ভাষার । যথেষ্ট উন্নতি ইইয়াছে, পরে তাহা বিশেষ নিবেদন করিব।

জষ্টিশ দ্বারকানাথ মিত্র।—যে সকল লেখকের
কথা উল্লেখ হইল এই মহাপুরুষেরা বন্ধভাষা ও ভাব
সমুদায়কে (মর্ডর) হত্যা করিতেছেন ইহার প্রমাণ পক্ষে
সংশয় থাকিল না। অতএব আমার বিচারে ইহাঁদিগের
কাগন্ধ, কলম বলপূর্মক গ্রহণ করিয়া যাবজ্জীবনের নিমিত্ত
ইহাঁদিগকে পোর্ট ব্রেয়ারে পাঠান হয়।

ইংরাজী শিক্ষিত।

জষ্টিশ শন্তুনাথ পণ্ডিতের আত্মার উক্তি।—
ইংরাজীশিক্ষিত নব্যমহাশয়েরা, প্রায় সকলেই সম্বর্দ্ধনাবিমুধ; সম্বর্দ্ধনা কিম্বা অভ্যর্থনা করা ইহাঁদিণের পক্ষে তুষ্কর
ব্যাপার! কেহ কেহ তাহা লক্ষাকর কেছ কেহ তাহা লঘুতা
বিবেচনা করেন। ভূমগুলের সর্বত্তে সকলেই প্রাচীন

মহাশয়গণকে সবিশেষ সন্মান করিয়া থাকের। কিন্ত ইংরাজীশিক্ষিত বঙ্গীয় যুবারা, সন্মান করা দূরে থাকুক, সংপ্রতি মহাপ্রামাণিক প্রাচীনদিগকে যথাক্রাতরপে আস্থন বস্থনও বলেন না; বরঞ্চ তাঁহাদিগকে অশ্রন্ধা করেন। কাহারও গাত্রে চরণস্পর্শ হইলে দেশীয় রীত্যমুসারে তাঁহারা নমস্কার করেন না, কি ইংরাজী রীত্যমুসারে বেগ ইউয়র পার্ডন্ত বলেন না।

ইহাঁরা সাংসারিক কার্য্য সম্বন্ধে অতিশয় হাম্বুজ অর্থাৎ আত্মবুজ; তাহার অর্থাত না বুঝিলেও তৎসম্বন্ধে কাহারও সহিত পরামর্শ বা মন্ত্রণা করা তাঁহাদিগের প্রথা নহে।

"ধর্মস্য তত্ত্বং নিছিতং গুছারাং" যে তত্ত্বের যথ কিঞ্চিথ বোধ করাও দীর্ঘকাল সাপেক্ষ; যুবারা ক্ষুলে ধর্মের অগুমাত উপদেশ না পাইয়া তথা ছইতে বিনির্গত ছইবার ছুই চারি দিবস পরে, নিমেষের মধ্যে দৈব বিছাবলে ধর্মতত্ত্বের নিরাকরণ করিয়া কেলেন। কোন শাস্ত্র কিন্বা কাছার উপদেশ অবলন্ধন করিয়া ধর্মের নিগৃড় নিরূপণ করেন না।

স্থূলতঃ তাঁহারা প্রায় কোন বিষয়ের নিগুঢ়রূপ অনুধাবন করিতে সক্ষম নহেন। কারণ বয়েগরন্দে রাগ ছেব সম্বরণ করিতে না পারায়, তাঁহারা উৎক্লফ্ট জ্ঞানাপর হই-লেও সে জ্ঞান কোন কার্য্যে নিয়োগ করিতে পারেন না।

ইংরাজী শিক্ষিতমাত্তেই ইংরাজী পরিচ্ছদ প্রিয়; কিন্তু সে পরিচ্ছদ কুৎসিত ও আবাদ্যুকর; কুৎসিৎ তাহা বিচক্ষণ ইংরাজের। আপদারাই দিদ্ধান্ত করিয়াছেন। উহার দেশিল্যা ও অদেশিল্যা লইয়া একদা সংবাদ পত্তে অনেক তর্ক বিতর্ক হইয়াছিল। অবশেষে ক্সীরামপুর হুইতে ক্ষেণ্ড অফ্ ইণ্ডিয়া লেখেন যে ইংরাজী পরিচছদ কেবল শীতপ্রধান-দেশে বসতি বলিয়া ইংরাজিদিগকে ব্যবহার করিতে হয়; দৃশ্য দেশিল্যার জন্য তাহা ব্যবহার করা হয় না। তিনি দৃষ্টান্ত দেখান খ্য, ইংরাজী পরিচছদ দৃশ্যে কদর্য্য ও অবিনীত ভাব বিশিষ্টা, সেই হেতু যে যে স্থলে মহৎ ইংরাজের প্রতি-দৃর্তি আছে, সেই প্রতিদৃ্তির পরিচছদ একটা (দ্রেপরি) আবরণদারা আচ্ছাদিত করা থাকে।

ক্রম্থনগর কালেজের লবু সাহেব বলেন,—ইংরাজদিগের পরিচ্ছদ বিন্ত্রী; ভাষার পরিবর্ত্তে অন্যরূপ পরিচ্ছদের স্থিটি হয়, ইহা লইয়া বিলাভে মধ্যে মধ্যে আন্দোলন হইয়া থাকে। বঙ্গদেশীয় লোকে সেই পরিচ্ছদের এত প্রিয় কেন ?

নব্য ও প্রাচীন ইংরাজী শিক্ষিতদিগের তৈলমর্দ্ধনে, বাল্যবিবাহে, জাতিভেদে দ্বেষ; ইহাঁরা পার্থকাভাবের অনুরাগী; ইহাঁদিগের জ্যেষ্ঠাধিকার ধর্মান্তর অবলম্বন, শাস্ত্রে অমর্গ্যাদা, শবদাহে আনিচ্ছা, বৈত্যক চিকিৎ্সায় অননুরাগ প্রায়ই দৃষ্ট হইয়া থাকে। এ সমস্তই ইংরাজী ভাব।

স্ত্রীলোকের স্থানীনতা অর্পণ করণার্থে ইহাঁদিগের
ফুর্দননীর আগ্রহ, ইহাঁর। প্রায় ইংরাজি শিক্ষিত ভিন্ন সকলকেই নির্মেণ্ড মনে করেন। কিন্তু স্থাভাবিক জ্ঞানবিশিক্ট

লোকের বুদ্ধি ব্যুৎপত্তির নিকট কেবলমাত্র ইংরাজী-শিক্ষিতের পাঠাব্জিত জ্ঞান পরাভূত হয়।

তাঁহাদিগের আবার কতিপয় বিশেষ বিশেষ পুত্তক পাঠ করার অহঙ্কার প্রচরতর। ভাবেন না মিলুটন দ্বিতীয় আর একখানি যিলটন, বেকন দ্বিতীয় আর একখানি বেকন, দেক্সপিয়র দিতীয় আর একথানি দেক্সপিয়র পুস্তক পাঠ করেন নাই: অথচ তাঁহারা উৎক্রফ পণ্ডিত হইয়াছিলেন। অনাদিকাল হইতে বহুদর্শন ও আভাবিক বৃদ্ধি সংস্থারে বিশাল পৃথিবী-পত্তিকা আলোচনায় অনেকলোক প্রামা-ণিক হইয়াছেন। সেইরূপ এক্ষণে বহুতর প্রানাণিক লোক, দান্ত্রিক ইংরাজীশিক্ষিতদিগের অপেকা এই বঙ্গ-ভূমিতে বিরাজমান আছেন। জানি না তবে কেন কেবল ইংরাজি এনু পাঠ করিয়া ইহারা স্ফীত হইয়া উঠেন। ইংরাজী পুস্তকের সংখ্যাবহু, কেবল এক কথা এক ঘটনা পুনঃ পুনঃ লেখা। তাহাতে এত অব্যবহার্য্য বিষয়ের বর্ণনা আছে যে, সে সকল বিশেষ জ্ঞানোৎপাদন করিতে পারে না ও কাল কম্পে কোন কার্য্যে আইদে না, দেই নিক্ষল পুস্তক বহু ইংরাজীশিক্ষিত অনন্য চিত্ত হইয়া পাঠ করিয়া কাল-ক্ষয় করেন, তদর্থে আমরা তাঁহাদিগকে নিষ্কাম পাঠক বলি, কেন না কোন ফলের আশা থাকিলে তাঁছারা ঐ রূপ পুস্তকপাঠে নিমগ্ন হইতেন ন।।

এই মহাপুরুষেরা জানিলে অথবা পারিলেও **খুদ্**শ্য হস্তাক্ষর লেখেন না। ইংরাজী শিক্ষিতের। আপনার পিতামহ ও মাতামহের নাম হঠাৎ বলিতে পারেন না। কিন্তু বেঞ্জামিন্ ফুল্ফ-লিন্রে সাত পুরুষের নাম চক্ষের নিমেষে উচ্চারণ করেন। ইংরারি পুস্তক ও সমাচার পত্র স্ত্রপাকার পাঠ করিতে অরুচি জন্মে না, কিন্তু তুই চারি পংক্তি বাঙ্গালা পড়িতে মুখমণ্ডল বিক্বত ও সর্বাঙ্গ ঘর্মাক্ত হয়। কেহ কেহ এতদুর নির্লক্ত্র "আমি বাঙ্গালা জানি না, তরিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ইইতে পারি নাই" বলিয়া আপনার গোরব করেন। ইহাঁদিগের নাম লার্নেড, এডুকেটেডু—বিদ্বান্ন; বিদ্বান শব্দ বিদ্যাত্ম হইতে উৎপন্ন ইইয়াছে; কেহ অনেক বিদ্বান শব্দ বিদ্যাত্ম হইলে তাহাকে বিদ্বান বলা যায় না। কিন্তু এক্ষণে বিদ্বান শব্দের এত হর্দ্দশা ঘটিয়াছে যে, ঐ শব্দটী প্রায় সকল ইংরাজীশিক্ষিতের নামের পূর্বের অনা-য়াদে স্থান লাভ করে।

উক্ত বিদ্বানের। অনেক অব্যবহার্য্য বিষয় জ্ঞাত আছেন; ব্যবহার্য্য বিষয় যৎ সামান্য; এমন কি সামান্য বেতনভুক কর্মন্টরী ও আতপ-তণ্ডুলভোগী সংস্কৃত ব্যবসায়ীদিগের মধ্যে অনেকে তাঁহাদিগের অপেক্ষা অধিক ব্যবহার্য্য ও জ্ঞানগর্ভ রক্তান্ত অবগত আছেন। ইংরাজীশিক্ষিতেরা, বিবিধ বিশেষ বিষয়ে অপটু, দেশভাষা ও সংস্কৃত জ্ঞানগর্ভ শাস্ত্রের নর্মার্থ পরিজ্ঞানে অনভিজ্ঞ, তাঁহারা আবার আপনাদিগকে বিদ্বান্ন বলাইতে চাহেন। তাঁহারা কেবলমাত্র ইংরাজী-জানার গুণ গোরবে উন্মন্ত হইয়া আপনাদিগকে বহুজ্ঞ বলিয়া ভাগ করেন। আমর। তাঁহাদিগকে একদেশচর্দ্মারত বৈরাগীর খপ্তনী বলি; খপ্তনীতে যেমন নাম সঙ্কীর্ত্তন ভিন্ন অন্যরূপ খেয়াল গ্রুপদ বা প্রকৃত তান-লয়-বিশুদ্ধ কোন সঙ্গীতের সঙ্গত হয় না, তাদৃশ কেবল ইংরাজীশিক্ষিত বঙ্গবাসীর দ্বারা কোন যৎসামান্য কার্য্য ভিন্ন অন্য কিছু সম্পন্ন হইতে পারে না।

এই খঞ্জনী ভারাদিগের পিতা দাতা ভাতা ভগ্নী স্ত্রী প্রত্র কনা। আত্মীয় বন্ধু স্বদেশী প্রতিবাসী প্রভৃতি সকলেই গুণগরিমা প্রকাশ করিয়া ভাঁছাদিগের প্রশ্রম বৃদ্ধি করেন।

অনেকানেক ইংরাজীশিক্ষিত ব্যক্তি ইংরাজী ব্যতীত দ্বিতীয় আর কোন ভাষার মর্মার্থ বিদিত নছেন।

এই বিশাল পৃথীপতে কি লেখা আছে, তাঁহাদিগের তাহা দেখা কি দেখার যতু হয় না। তাঁহাদিগের ধারণা আছে, ইংরাজীতে যাহা নাই তাহা অসার, ইংরাজীতে যাহা আছে তাহাই সার; সেই সার জানিয়া ইংরাজীশিক্ষিতেরা আপনা-দিগকে সারদর্শী বিবেচনা করিয়া স্কীত হইতে থাকেন।

ইংরাজেরা তোপে নানা দেশ আমিকার এবং কলবলে
শকট ও তরণী চালনা করিতেছে বলিরা বে তাঁছাদিগের
ভাষার সকল পুস্তক সর্ব্বরাজ্যের ভাষা অপেক্ষা জ্ঞানগার্ত্ত ভাবে
পরিপূরিত হইবেই হইবে, এমন প্রত্যায় করা বুদ্ধিমান
লোকের কার্য্য নহে; যেহেতু সেই ইংরাজীর অনেক
পুস্তক, দান্তিক গ্রন্থকারের অর্যোক্তিক মীমাংসায় পরিপূর্ণ;
তৎসমুদ্য কু-যুক্তি হিল্লোলের বেগে কেবল ইংরাজীশিক্ষিতের বুদ্ধি বিবেচনা ছিন্নভিন্ন করিয়া কেলে। এত

লোকের এত প্রান্থ, এত লোকে খণ্ডন করিয়াছে যে কাছারও দিদ্ধান্ত স্থাকার করিয়া হদয়ে স্থান দেওয়া যায় না। বিশেষতঃ সেই পরদেশীয় ইৎরাজী ভাষা যে বঙ্গবাসী যতই অনুধাবন করুন বা শুদ্ধ রূপে লিখুন, তাছা প্রায় সর্ববিংশে জ্রম বর্জিত হয় না। অতএব বাঙ্গালিরা ভাদৃশ অনায়ত্ত ভাষাকে উপলক্ষ করিয়া র্থা আপনাদিগের গুণগোরব প্রকাশ করেন। তাই যাহা হউক; ছাই ভঙ্গ্ম সভাং বা মিথাা বা কতকগুলিন শিক্ষা করিয়া রাখুন, তাছা প্রায় ঘটে না; অনেকে পাঠান্তে যেমন উচ্চতর ইংরাজীবিছালয় হইতে বিনির্গত হয়েন, অমনি তাঁহাদিগের পঠিত প্রান্থ সকল সেল্ল-কের আপ্রয় লয়, আর বহির্গত হয় না।

এই মহাত্মারা পল্পী গ্রামের বাঙ্গালা দপ্তরথানার, নিষ্কর্মা-মগুলীতে, প্রত্যাশাধীনদিগের নিকট এবং শৃশুরালয়ের অন্তঃ-পুরে মহামহোপাধ্যায় ক্লেবর লার্নেড নামে বিখ্যাত; কিন্তু ধীশক্তিসম্পন্ন ব্যক্তিমাত্রেই নিমেষমাত্রে তাঁহাদিগের বিছা-বৃদ্ধির আয়তন বিলক্ষণরূপে বৃথিতে পারেন।

ক্তজ্ঞতা স্থীকার পক্ষে ইংরাজী শিক্ষিতেরা অতান্ত কুণ্ঠিত হয়েন। আর এক রহস্যকর ব্যাপার এই যে, দৃশ বৎসরের কনিষ্ঠকেও ইহারা সনবয়ক্ষশ্রেণীভুক্ত করিতে যত্ত্ব করেন; কিন্তু গাঁচ সাত বৎসরের জ্যেষ্ঠকে অসমকালিক সে কেলে পুরাতন লোক ইত্যাদি বলেন; কলুটোলার লোক পটলডাঙ্গাবাসীদিগকে পূর্ব্বদেশীয় বাঙ্গাল বলিলে যেমন শুনায় ইছাও সেইরপ। কেহ কেহ বোধ করেন, বঙ্গভূমির ক্রমশঃ জীর্ণবিস্থা উপদ্বিত হইতেছে; তরিবন্ধন তথায় ক্রমশঃ হীনবৃদ্ধি ও হীনবীর্বা লোক জন্মিতেছে, কেন না আধুনিক প্রাচীনেরা পিতৃপুরুষ অপেক্ষা হানবীর্বা ও হানবৃদ্ধি; আবার সেই আধুনিক প্রাচীনদিগের অপেক্ষা তৎ সন্থানেরা আরও হীনবৃদ্ধি ও নির্বার্বা, অতএব পূর্ব্বে অত্যাপে বয়স্কশ্বসুষ্টের, যেরূপ বৃদ্ধি-মন্তার পরিচয় পাওয়া গিয়াছে, এক্ষণে অনেক সুশিক্ষিত সাত সন্তানের পিতা, তাহার শতাংশের একাংশ বৃদ্ধি ধারণ করেন না। উক্ত সিদ্ধান্তটিকে আমরা প্রভায় করি না, কিন্তু মধ্যে মধ্যে প্রভায় করিবার যথেষ্ট নিদর্শন দেখিতে পাই।

ইংরাজি শিক্ষিতদিগের উকীলপদ লাভের জন্য মনের বিষম বেগ; কিন্তু আধুনিক উকীলদিগের মধ্যে অনেকের যোগ্যতা ও উপার্জ্জন এত সামান্য যে, তদ্ধারা তাঁহাদিগের বাহ্য আড়হরের ব্যয় নির্কাহ হয় না। অধিক কি, তাঁহাদিগের অন্নকট বলিলেও দোষ হয় না। এই অবস্থায় আবার তাঁহারা অনেকে "আমরা উকীল" এই গরিমায় ব্রহ্মাগুকে পোন্ত-দানার অপেক্ষা ক্ষুদ্রবোধ করেন; তাঁহারা আপনাদিগের অপেক্ষা সকল প্রকার পদস্ত লোককে হীনাবন্থ বিবেচনা করেন এবং কেই কেই স্পান্তীক্ষের বলেন,—"We are above the ordinary class of people" কিন্তু অন্য কোন ব্যবসায়ী-দিগকে তাঁহাদিগের অপেক্ষা বিপন্ন দেখিতে পাই না। তাঁহারা কত উচ্চতর তাহার অলোচনা করিতে গিয়া এক

বার চীনেবাজারের দোকানদারদিণের অবস্থা স্মরণপথে আদিলাম, তাহাতে দেখিতে পাইলাম, কাটাকাপড় ও কাক বোতলের দোকানদার, বেণে বকালি সকলেই তাঁহাদিণের অপেক্ষা সম্পন্ন লোক ও অধিক উপার্জ্জন করে। সওদাগরি আফিসের ওজনসরকারী বাজ্যে, অথবা দোকানদারদিণের কাটাবাজ্যে শ্রাহা জমা থাকে, অনেক উকীলের যথাসর্ব্দের বিক্রয় করিলেও তাহা প্রাপ্ত হওয়া যায় না। ইহারা ফিট ফাট থাকিবার জন্য গাড়োয়ান ও ধোপা নাপিতকে আহার দিয়া থাকেন; তাহারাই ইহাদিগকে মহা ধনী, মহা বারু বলিয়া জানে।

সামলাধারী উকীল মহাশয়েরা কেছ কেছ এক দিনে নানা বিচারালয়ে উপস্থিত থাকিতে পারিবেন না, বিলক্ষণ জানি-রাও অনেক স্থানীয় বিচারালয়ের বাদী প্রতিবাদীর নিকট ফি-র টাকা গ্রহণ করেন। আহা! কি বিদ্যা! কি নিষ্ঠা!

তথনকার উকীলদিগের বিলক্ষণ বজ্তা শক্তি ছিল, আধুনিক মহাশয়দিগের মধ্যে অনেকের বজ্তাপ্রবাহের কি পরিচয় দিব, ইহাঁরা যথন বিচারপতির সম্মুখে বজ্তা কার্ছো নিয়ুক্ত হয়েন, দেখিলে ও শুনিলে জ্ঞান হয়, যেন বিদ্যালয়ের নিম্ন শ্রেণীস্থ বালকেরা, শিক্ষকের সমক্ষে সপ্তাহের পাঠ মুখস্থ বলিতে প্রব্রুত হইয়াছেন; শিক্ষকের ন্যায় বিচার-পতি উকীলদিগকে অপটুতা জন্য মধ্যে মধ্যে যথেষ্ট তিরস্কার করিতেছেন।

मामञ् ।

বাবু রামগোপাল ঘোষের আত্মার উক্তি।—কেবল
দাসত্ব অর্থাৎ চাকরী এক্ষণে বঙ্গবাসীদিগের কি যে গোরবাস্পদ, তাহা বর্ণনা করা আমার সাধ্যায়ত্ত নহে। দাসত্ব
আবার সন্মানের অবস্থা! দাসত্বে মানহানি ও গুঃসহ অধীনতা, উহা ঐহিক স্থগদন্তাগ ও পারলোকিক মন্ধলোদ্দশের
বিরোধী হইয়া রহিয়াছে।

দাসত্ব এক প্রকার জীবস্কুতের অবস্থা, তাহাতে লঘুতার একশেষ, এই দাসত্ব উপলক্ষেকত জানবিষ্ট প্রভুর
সম্মুথে রুতাঞ্জলি হইয়া কালক্ষেপ করিতে হয়, দাসত্বের
ক্ষুদ্রত্ব রহত্ব নাই, সকল দাসই প্রভুর পদানত, কিন্তু পুত্রের
অহঙ্কার আমার পিতা চাকরী করেন, মাতাপিতার অহঙ্কার
পুত্র চাকরী করে, ভগিনীর অহঙ্কার আমার ভ্রাতা চাকরী
করেন, স্ত্রীর চূড়ান্ত অহঙ্কার আমার স্বামী চাকরী করেন;
দে চাকরী যে কি তাহা তাঁহারা সহসা বুঝিতে পারেন
না; যে করে সেই জানে, সেই তাহাতে জর্জ্জরিত
আছে, সেই তাহাতে দম্ম আছে; গুকতর চাটুকার ভিন্ন
প্রায় প্রভুর প্রিয়পাত্র ও আশু নিজপদের উন্নতি করিতে
পারেন না।

দাদদিশের মধ্যে কেবল বিচারপতিরা নছেন, উচ্চতর পদস্থ লোক মাতেই মনে করেন যে, "আমি অতিশয় বোদ্ধা; আমার সদৃশ উপযুক্ত লোক দুপ্রাপ্য," কিন্তু জানেন না যে, অকুসন্ধান করিলে মধুমক্ষিকার শ্রেণীর ন্যায় তাঁহার তুলা বহু লোক যথায় তথায় মিলিতে পারে; সেই পদস্থ লোক, তাঁহার শিরোমণি তুল্য উপযুক্ত অধীনকে বুদ্ধি দান করিতে লজ্জা ধোধ করেন না। ভূসী-সদৃশ অধীন অধ্যেরা, তাঁহার মতের পোষকতা ও উত্তেজনা করাতে এতাদৃশ পদস্থ ব্যক্তির গুণগরিমা ও অহঙ্কার হিমালয় পর্বতের শিথর দেশ উল্লপ্তবন করিয়া উদ্ধানমী হয়।

কর্মচারী দাদদিশের মধ্যে যাঁহার উপর সাহেব সদয়, তিনি অন্বিতীয় উপযুক্ত লোক, তিনি সকল বাঙ্গালীর বুদ্ধিদাতা, তিনি তাহাদিশের বিবাদ বিসম্বাদের নিষ্পতি-কারক; কিন্তু তাঁহাদিশের অনেকের বিদ্যাবৃদ্ধি এত অসাধা-রণ যে, রামহরি আপনি আপন নাসা দংশন করিয়াছে, এ পর্যান্তও তাঁহারা কেহ কেহ প্রত্যয় করিয়া থাকেন।

দাসত্ব কার্য্য-ভুক্ত লোকদিগের মধ্যে আদালত, পুলিংশ ও রেলওয়ের কর্ম্মচারীরা, নিতান্ত সোজন্য ও হিতাচারশূন্য; শোনা যায় ইহাঁদিগের আক্ষালন ও উপসর্গ ভয়াবহ, কিন্তু মোভাগ্যক্রমে ইহাঁদিগের শ্রীকরে আমরা কদাচিৎ নিপ-ন্তিত হই নাই।

এক্ষণকার বিচারপতি দাস মহাশয়েরা অনেকেই এমন্দ বিচক্ষণ যে, বিচারাসনচ্যুত করিয়া তুলনা করিলে বেধি হয় এমন কি তাঁহারা জেলা উকীলের মুক্রীরও অপেক্ষা সর্কাংশে অযোগ্য; সেই বিচারপতিদিশের অসীম ক্লেশ সংঘটনার অদ্যাপি অবসান হয় নাই। মুন্সেদ্ সন্ জড় ডেপুটা ম্যাজি-ছ্রেট্ অদ্য ক্পূলীতে কার্য্য করিতেছেন, কলা তাঁহাকে নিরপরাধে পদ্মা নদীর ফুর্জ্জয় তরক্ষমালা উত্তীর্ণ হইয়া রাজসাহী যাইতে হইল; অদ্য মতিহারীতে আছেন কলা কক্সবাজার যাইতে হইল; অদ্য মুক্তেরে কলা রক্ষপুর যাইতে হইল। কাহারও বনিতা পথিমধ্যে সন্তান প্রস্ব করিলেন, বিপদের সীমা নাই।

কোন মহাশয়, স্বয়ং কি তাঁহার শিশু সন্তর্গন অস্বাস্থ্যকর কুস্থানে উৎকট রোগ প্রস্ত হইলেন, চিকিৎসাভাবে কাল-কবলিতও হইলেন; কি ভয়ঙ্কর ব্যাপার! কার্য্যক্রমে কাহাকে দল্লাগুলীর মধ্যদেশে জীবনীশায় জলাগুলি দিয়া অবস্থিতি করিতে হয়; কি হুঃসাহসিক কার্য্য! কোন মহাশয়ের সহ-ধর্মিণীর সহিত বহুকাল সন্দর্শন হয় না, কি হুঃসহ হুঃথের বিষয়!

কোন বিচারপতি উচ্ছ্ সিত সমুদ্রের প্রাস ও বাঞ্ধাবায়ুর উপত্রের সহা করিতে না পারিয়া, বিচার স্থান হইতে প্রাণ রক্ষার্থে স্থানান্তর গমন দোষে নিম্ন শ্রেণীস্থ হইলেন। রবিবার কার্যাস্থানে না থাকা প্রমাণে সামান্য পরিচারকের ন্যায় কাহাকে বেতন কর্তনের দণ্ডাধীন হইতে হইল।

ইহাদিগের এক জন্মের মধ্যে শত-জন্মের জনন-মরণ নিব-ক্ষান যন্ত্রণা ঘটিরা থাকে; এক জন্মের মধ্যে বারস্কার দেহান্ত হয় না, কিন্তু মরণের অন্যবিধ সমস্ত নিপ্রাহ সহা করিতে হয়; মরণের লক্ষণ এই যে—"অদেশ স্বজন চিরবন্ধুর সহিত বিবহসংঘটন ইচ্ছা হইলে তাঁহাদিগের সন্দর্শন লাভ হয় না।" স্থান পরিবর্ত্তন নিয়মের দ্বারা তাঁহাদিগের সর্ব্বদাই ইছা ঘটিয়া থাকে।

যাহাই হউক তাঁহারা নরণ সদৃশ যন্ত্রণা, কিছুকাল সহ করিয়া যথেষ্ট সম্পত্তি সঞ্চয় ও জীবনের শেষভাগ সচ্ছন্দে অতিবাহিত করিতে পারেন না। বিচারপতির পদে ত কাহাকে সচ্ছল হইতে দেখি নাই। বহুকাল কার্য্য করিলে শেষদশায় নিতান্ত লঘুতা স্বীকার করিয়া তাঁহারা ভিক্ষা-স্থরূপ রাজদ্বারে কিঞ্চিৎ কিঞ্চিৎ পেন্সনু পাইয়া থাকেন।

ইহাঁদিগের কার্য্য দারা অধর্মের যেরপে প্রক্টিবর্দ্ধন হয়, তাহা কি বলিব ? বিবেচনাশক্তির অভাবে সর্ব্যাই তাঁহাদিগের ভ্রম প্রকাশ পায়; সেই ভ্রম দ্বারা যদ্যপি সম্পূর্ণ না হউক, তৎকর্ত্তক লোকের আংশিক অপকার ও দণ্ড ঘটিয়া থাকে।

শুক্রতা র্যাডিসনু কহিয়াছেন "যে, যেরপ ধীশক্তিন্দ্রসম্পন্ন সে সেইরপ কার্য্য নির্বাহে প্রব্রন্ত হইবে" সামান্যজ্ঞানসম্পন্ন ব্যক্তি চিকিৎসাকার্য্য, যাজক ও বিচার-কার্য্য বিধানে প্রব্রন্ত হইবেনা। কিন্তু অতি হীনবুদ্ধি লোকও অধুনা প্রধান লোকের আয়ুকুল্যে বিচারাসনে বসিয়া বহুতর আবালরদ্ধ বনিতার মুগুপাত করিতে থাকেন। এই বিচারপতিরা প্রমাণের অযুগত হইয়া বিচারকার্য্য নির্বাহ করিতে বাধ্য হয়েন; প্রত্যয়ের অযুগামী হইয়া নিষ্পত্তি করিতে

পারেন না; যেহেতু তাঁহাদিগের যৎসামান্য দিগুদৃষ্টি, প্রমাণকে থণ্ডন করিয়া তাঁহাদিগকে প্রতায়ের অনুসামী হইতে দেয় না।

কেরাণী মহাশয়দিগের এক প্রকার নিরূপিত আলো চনা আছে। তাঁহাদিগের আয় যেরূপ পরিমিত, বৃদ্ধি-শক্তিও দেইরপ পরিমিত। তাঁছারা অভিরেক কোন বিষয়ে বৃদ্ধি চালনা করিতে পান না। তাঁহাদিগের ধৈর্ঘাকে আমরা ধন্যবাদ প্রদান করি। তাঁহারা বেলা দশটার সময় হইতে সন্ধ্যা পর্যান্ত সেই লেজরের মিল, সেই অহ-পাত, সেই সঙ্কলন ব্যবকলন প্রভৃতি কর্ত্তব্য কার্য্য নির্ব্বাহ চিত্তায় নিমগ্ন থাকেন। উক্তরূপ চিত্তা দ্বারা তাঁহাদিগের জ্ঞানের কেমন জডতা জন্মাইয়া যায় যে, তাঁহারা অন্য কোন বিষয়ের সারদর্শী হইতে পারেন না, ইহা অনেক আলো-চনা দারা এক প্রকার সিদ্ধান্ত হইয়া গিয়াছে: তথাচ দুষ্টান্ত স্বরূপ এখানে একটা আখ্যা বিকা উত্থাপন করি-তেছি। রঙ্গপুর জেলার একজন দেশীয় বিচারপতির অধিক নিষ্পত্তি, সদর আদালতের বিচারে পুনঃ পুনঃ অন্যথা হইলে, সদর জজেরা রঙ্গপুরের জজকে তাহার কারণ তদন্ত করিতে লেখেন। তিনি বহুদিন তদ্বিষয়ের বহুতর তদন্ত कत्रगास्त लिथिलन य,- এখাनकात प्रनीय विठातर्शाञ, লোকসত্যন্তি, পক্ষপাতশূন্য, উৎকোচাদি গ্রহণ করেন না, তদন্ত করিয়া জানিলাম; দোষের মধ্যে ইনি ইতঃপূর্ব্বে বহু-দিন কেরাণীগিরি করিয়াছিলেন, তাহাতেই ইহাঁর বুদ্ধি

জড়ীভূত হইরা গিরাছে, স্কুতরাং ইহাঁর নিকট স্থলম বিচারের প্রত্যাশা করা যায় না। সদর জজেরা পূর্ব্বাপর কেরানীগণের বুদ্ধি বিচারের বিশেষ পরিচয় পাইয়া ছিলেন; তদর্থে তাঁহারা রক্ষপুর জজের এই বিবরণ, বিনা আপত্তিতে অনুমোদন করিলেন।

কোন কোন কেরাণীর পরিশ্রমার্জিত অর্থ দ্বারা অনেক পরিবার স্বজনের প্রাণ রক্ষা পায়, সেই হেতু তাঁহাদিগকে ভূয়দী প্রশংসা করা উচিত; কিন্তু তাঁহারা কেহ কেহ পদ-গর্কিত হইয়া বিবিধ প্রকার ব্রুক্টি ও উপসর্গ প্রদর্শন করেন, সেইটী তাঁহাদিগের বিশেষ রোগ।

আমি একদা ককরেল সাহেবের আত্মার নিকট শুনিয়াছি লেভুটেনেন্ট গবর্ণর ক্যান্থেল সাহেব সবডেপুটী নামক এক সম্পুদায় কর্মচারীর স্ফি করিয়াছেন; তাঁহাদিগের কার্য্য সাধ্য, প্রথা, পদ্ধতি সকলই অন্তুত, যাঁহারা লক্ষ্ক ত্যাগ, ক্ষতপদে ধাবমান, সন্তর্গ, অথ ও রক্ষে আরোহণ, প্রাচীর উল্লপ্ত্যন ইত্যাকার বিপুল কফকর কার্য্য করিতে পারেন ও যৎকিঞ্জিত লেখা পড়া জানেন, কেবল তাঁহারাই এই পদ লাভের যোগা পাত্র। এই স্থানে রামগোপাল বারু বিপ্রামের ইচ্ছা করিলেন।

প্রিন্স—কালীপ্রসন্ধ দিংহের হুতুমি ভাষায় বঙ্গের দাসত্ব সম্বর্ম্বে কিছু শুনিতে ইচ্ছা হয়, সিংহ কোন কার্য্যার্থে বর্ব্বর স্থানে অবস্থিতি করিতেছে। এক্ষণে তাঁহাকে সংবাদ দেওয়া আবশ্যক। তথন প্রিক্ষের মানস পূর্ণ করিতে রামগোপালবারু একথানি পত্র লিখিয়া সিংছের নিকট পাঠাইলেন, সিংছ পত্র পাঠ ছুই ঘন্টার মধ্যে তথায় উপস্থিত হইয়া আপন ভাষাতে দাসত্বের বিবরণ কহিতে আরম্ভ কবিলেন।

কালীপ্রসন্ন সিংহের আত্মার উক্তি।—মহেশদয়!
চাক্রে মহলে বন্দের পর, যা দেখে এলেন, আজ্ঞা
হলে বলি,—

বন্দের পার, স্কল, আংফিস, কাছারি খুলেছে, চাকু-রেরা বড় ব্যস্ত, জেলা বজেলা থেকে কেউ গাড়ি কেউ পাল্কী কেউ পান্সি চেপে, কেউ পায় চলে, কলুকেতা মুখে হুগলী মুখে, আলিপুর পানে চলেচেন; দশটার ভেতর কাজে वमुर् इरव वरल, दबल अरब व याजीवा ना रथरव दाँ है। रमरहन. অনেকে বাডীতে স্ত্রীর কাছে বলে আসবার সময় পান নাই, ধোপায় কাপড় যোগাতে পারে নাই, তাই সাদা, ময়ল। আড়ময়লা তু তিনরকমের কাপড়ে স্কুট মিলিয়েছেন। গাড়িতে অঞ্জুত্তি জাতের কাছে বদে পান থেতে খেতে চলেচেন। কোন কোন কাবিল মনিবের কাছে সর-ফরাজি জানাবার জন্যে আফিদের দরজা খুলুতে না খুলুতে দরজায় দরোয়ানের খাটিয়াতে বসে আছেন; এঁরা অনেকেই মিয়াজীদের কাছ থেকে দূই একথান ৰুটী কিনে থান; পেটের জন্যে বড় ব্যস্ত নন। উকীলের বাডীর কেরা-ণীরা ডেক্সের স্বযুকে বসে দিশু ইণ্ডেঞ্চর মেড ইন্ দি ইয়ার অফ ক্রাইফ ইত্যাদি রক্ষেয় বয়ান ও সওদাগরের বাড়ীর কেরাণীরা ইন্ভাইশ অফু থি থাউজেন বার্ণ্য অফ মুগি রাইস লিখতে স্কুক ক'রেছেন, গবর্গনেন্ট আফিসের কেরাণীরা সাশীর ধারে কলমই কাট্চেন। আর কোন কোন উনেদার, গুরুরে রঙের মুক্কিদের কাছে লম্বা সেলান করে থাড়া রয়েছেন, তাঁরা বিলিতি ইংরেজের চঙে ভাঁহাদিগকে বলছেন,—টো-মি সার্চিপিকেট আনুতে পারে? টবে আসবে।

কোন মহাপুক্ষের লাকো-টাকার জমীদারী আছে, তিনি চাক্রী কল্লে ইজ্জত বাড়ুবে, এই ভেবে ইংরেজদিগের দ্বারে দ্বারে থোসামুদি করে বেড়াচ্চেন।

হানেক চাক্রে সেরেগ মনিবের লাভের জন্যে কতই সয়তানি কচ্চেন। আদালতের আমলারা আজ ব্রাদারে মাদারে
পেছারে জগুভে ওয়াকেজ সরেনাও আর আর কয়েকটা
বেজেতে কথা লিখে আপনাদের নাএকির হদ দেখাচেন।
বাদালী হাকিমেরা মুরব্বী সাহেবদেরকে সেলাম দিতে
বাবেন, তাই চাপকানের ওপার চোকা জোববা চাপিয়ে
ব্যারিষ্টারদিগকে লজ্জা দিচেন। গাড়ী পালকী চড়বের থরচের জো নাই, নোজা পেন্টুলন ধূলায় ধূসর করে কোন
কোন আফিসর আপনার মোরাতিবে জানাচেন। কেউ হয়
তো সাহেব বাড়ীর সিঁড়ির ঘরের নিচেতে একটু বসবার জায়গা
পোয়েছেন, তাঁরও মদগর্মের সীমা নাই, আর শিক্ষা ডিপার্টমেন্টের কোন অহঙ্কেরে কেরানী, চেরিক্সীর অফিসে টাঁয়
বিট্যা কচেন। তিনি আপনাকে ঠিক ক্ষিক্র্ডা ভেবে বসে

আছেন। প'র্মিটে ও টেজরিতে কেউ নম্বর কেউ তারিখ কেউ এগজামিনের দাগ দে একজন কেরাণীর কাজে দশ বারজন দিন কাটাচ্চেন। রেজফীরি আফিসের কেরাণীরে দলিলের বজনিস নকল তুলছেন। বড় আদালতের উকীল-দের বিল সরকারেরা দাওয়াই থানার বিল স্বকার্দের মত বড়মানষেদের ছারে ছারে টো টো কত্তে স্থক করেচেন। কাল রঙের অনেক বাঙ্গালীরে মিস কালা রঙের আলপাকা চাপকান প'রে আপিশে বেকচ্চেন, দেকে অনেকে মনে কচ্চেন, এঁরা কেশে ডেঙ্গায় গোর দিতে চলেচেন। আজ্কাল কলমবন্দ আমলাদের মান ভারি! কি ব'লবো. তাঁবেদার জাতু ব'লে গর্লাএক ইংরেজেরাও উপযুক্ত বাঙ্গালী আমূলাকেও প্রায় থানসামার মত তোয়াজ কচেন। পাচশ টাকা মাইনের কার্যাদক বাঙ্গালিকেও মৃত্তিকা ফোঁশ্ ভায়ারা, **স্টু** পিড় বোলবের স্থযোগ পেলে ব'লে থাকেন। 'কোন কোন বাড়ীর ফেরোভ কলমবন্দ আজ কেদারার গায়ে চাদর রেকে আফিশে আম্বার চিহ্ন দেকুয়ে বাদায় গে 'কানায়ে চাপাচ্চেন। বড় বড় চাক্রেরা আগিসের ছোট ছোট তাঁবেদারদের ওপর ছচোক রাঙা করে প্রভুত্ব গিরির কৈজোত কচ্চেন ও হক্ কুল্লো দাবি দিকেন। কোন কোন কেরাণী বাড়ীর ফেরত আজু পাড়ুদার কাপোড ও শান্তিপ্ররে পোদাকি উড়ুনি বদুলাবার সময় পান নাই দেই কাপড়েই আফিশে এনেচেন। কিন্তু প্রধানপক্ষ সাংহেবদের কাছে ঐ পোদাকে যেতে ফড়দড় ইচেন। পাড়া

গাঁবের আমূলাদের কাফ কাফ গাঁর আতর বা ওডিকলমের গল্প ও ঠোঁটে পানের কম ইত্যাদি বিলাদের চিহ্ন দ্যাকা গাঁচে। কুড়ি টাকার কেরাণীদের পাকেটে রেশমের কমাল ও হাতে শিলআংটী আজ বাহার দিচে, কোন কোন বারু পল্লীপ্রামে থেকে আস্তে পথে ধামাথানেক জলপান চিব্যে এসেচেন। আজ ক-দিনের পর, হু-ভিন্ন দিনের মাইনের পরসায় মেঠাই গিল্চেন। গৃহ-শূন্য যাঁদের হয়েচে, তাঁরা আছু পাটনা, মুদ্ধীর, কাশী, কানপুর, আগ্রা, ভাজ্বিরীর গাোর, লক্ষ্ণোর, থস্কবাগু দেকে কোলুকেতার জম্চেন। আপিশ বন্দে তাঁদের বিশেব আরামু বোদ হয় নাই, সর্ম্বাই বোজাচেন আমাদের আপিশ থোলা থাকা আর বন্দ থাকা উভয়ই সমান; অন্ধ জাগরে, না কিবা বাত্তি কিবা দিন!

হাইকোটের সামলা অওলাদিণের আদালত খোলে নাই, তাঁহারা মক্কেলেদের কাছে ওড়ুহাত, প্লেন্ট, এলো-কেটার, বার্ড বাই লিমিটেশন এই রকম গোটাকতক শব্দ শোনাচ্চেন। হাতে একটীও মোকর্দমা না থাকিলেও' এঁরা দশটা বাজলেই জজের স্থমুকে ঘন্টার গড়ুরের মত খাড়া হল, আপিলে মোকর্দমা নিশ্চর ফিরাবেন, এই আশা দিয়া মক্কেলকে টুইয়ে দ্যান। মোক্তারের খোসামুদি করেন, জজের মুখনাড়া খান, আদালত থেকে বেরিয়ে এসে আপানার ইণ্ডিপেণ্ডেন্ট প্রোক্ষেসনের পোর্চয় দ্যান। জেলা আদালতের রোথো উকীলেরা গাছতলায় বসে "আমি

আসামীকে চিনি," লিখিয়া কেবল সনক্তের কাজে—সাদের জীবন কাটাচেল।

নতুন চীনেবাজারে খুবুরী খুবুরী ঘরে কাপ্তিনি আপিশ ওয়ালার!, ডাইনের চাত্ত্রের মত আপিশ সাজ্যে বসে আচেন। একধারে ছোট একটা টেপায়ে বা টেবিলে ব্রাণ্ডি বিয়ারের প্রাস শোভা পাচে। লাল মুকো কাপ্তেন এসে বসেচেন, হেড সর্কার—ফাঁকে বিনয়ে মুচ্ছ কি বলা যায়. তিনি ভাঙা ইংরিজীতে বেধডক ইংরিজি জড়ে দেচেন। আপিশের সুমূকে ধর্মতলা টেরিটি বাজারের ক্সাইরা হল্ল! কচ্চে। কেউ কেউ মুর্গীর ঝ ড়ি পাঁগছের বোজা ও আলুর চুত্ড়ি নাব্রেছে। প্রধান সরকার ও তাঁবেদারের। খুব সকালে সন্ধ্যাবন্দনা কিছুই না ক'রে ভোপের আগে ভাত গিলে বেরু য়েচেন। ত্রুআনা জিনীসের দেড়টাকা দাম লিক্চেন। মাজে মাজে ধরা পড়ে ছুসো ঘাসাটাও থাচেন। জিনীস পরে যোগানএযালাদের সচ্ছে হিসাবের ভারি গোল যোগ কচ্চেন। ছোট আদালতের ওয়ারিন পর্যান্ত নাহ'লে অনেক হিসাব সহজে চুকুচেনা। সরুকারেরা আপিশের নাম করে দোকানথেকে জিনীস নিয়ে ও কাপ্তেনের নাম ক'রে আপিশথেকে টাকা নিয়ে যথন তথন পালাচে। কাপ্তিনি আপিশ ওআলারা দশটা এগারোটা রাত্রে আপিশ বন্দ ক'রে যান। রাত্তি বেশি হয় তথন আর লালদীঘীর ধারে গাড়ী পাওয়া যায় না। সকলেই পায় চলে বাটী জান, কেউ কেউ পাছে টাইম লাশ অর্থাৎ

মিছে বিলম্ব হয় সেই ভয়ে পেচছাব কত্তে কত্তেও চলে থাকেন।

হে সের বিশলকপতি মুচ্ছু দিরা, হাতে বাঁদাপাক্ড়ী বেঁদে বদে আছেন। এঁদের চাদ্দিকে দালালেরা চাল সোরা ও কুসমফুলের ন্মুনো ধ'রেচেন। রেডো দালালেরা শেল লাক লাক ডাই চাদরের খঁটে বেঁদে এসেচেন। হিন্দুস্থা-নীরা চিনি দোরা কাঁচা পাকা সোয়াগার নমনো এনেচেন। গাধানোটের দেডে, মাজিরে বাাঁকে বাাঁকে এদে, আমুদানি রপ্তানির বোট দেবে বলে উমেদারি কচ্চে। মাজে মাজে সর্-কারদের সঙ্গে কথান্তর হয়ে তাদিগকে বাটে। বাটো ব'লে সম্বোধন কচ্চে। বিল্যাদা সরকারেরা সমস্ত দিন দোকানে কাল কাট্যে দশহাজার টাকার বিলের মধ্যে একশ টাকা আদায় করে এনে, তপিল দারের তেঙ্কার লাভ কচ্চে। মুহুরীরা থাতার সাডে তিনশ আইটেমু ঠিক দিতে মাথার ঘি গলাচ্চেন। কোন কোন ছোসের তিসি সর্ষে তিলের ধূলাতে শত শত পাড়ার লোকের কাশরোগ জন্মাচে । মুটে বস্তাবন্দ মার্কওআলা, তেলি দার, সরকার, গৰুর গাড়ীর গাড়োয়ান পোর্মিটে কালেকটর সাহেবের দেডশত আমলাকে উপাসনা করে, এক একটী কর্মা শেষ হচ্চে। কিন্তু গঙ্গার জোয়ার ভাঁটার গতিকে সে সকল কাজ ঠিক সময়ে হচেচ না। কোন কোন হে দের কাজে সকাল বেলায় এলাহি কাগু উপন্থিত। বোধ হয় এক ৰাড়ীতে একশ ছুগুগোচ্ছৰ হলেও য়াতো গোল হয় না।

ডাকাডাকি হাঁকাহাঁকি অসময়ে শতেক ফর্মাশ আঞ্জাম কত্তে হয়।

প্রিন্স—(সহাস্যে) এ সকল আমার জানা আছে তবু "অমৃতং বালভাষিতং" তোমার মুখে ভাল শুমালো।

ডাক্তার।

কিশোরীচাঁদের আত্মার উক্তি—ডাক্তারেরা নিতান্ত মন্দ লোক নয়। সকলেই এক স্থানে এক জনের নিকট এক রূপ উপদেশ পাইয়া থাকেন কিন্তু আশ্চর্য্য এই চিকিৎসা বিষয়ে প্রায় চুই জনের মত এক হয় না। ইহাঁরা প্রত্যেকেই সমব্যবসায়ী হইতে শ্রেষ্ঠ এই বিবেচনা সিদ্ধ করিয়া রাখিয়াছেন। কোন রোগীর পীড়া নিশ্চয় করিতে না পারিলে অন্য ডাক্তারের সহিত একমতে চিকিৎসা করা ইহাঁদিগের পক্ষে দাহুল অসম্ভ্রম; কতক গুলিন ভারতীয় রোগের পক্ষে তাঁহাদিগের ডাক্তারি পুস্তকে উপসম দায়ক বিশেব প্রথম নাই। ইহা তাঁহারা সবিশেষ জানিয়াও তদ্বিষয়ে যৎকিঞ্জিত যাহা জানা আছে দেই অফুনসারেই চিকিৎসা করিয়া থাকেন। কি তৃশংস! ইহাঁরা

উক্ত রোগের চিকিৎসা বিষয়ে অপারক এবং দেশীয় কবি-রাজেরাই (সেই-রোগের) প্রক্রত চিকিৎসক, ইহা তাঁহারা কাছার নিকট ভ্রমক্রমেও স্বীকার পান না। রোগী. তাঁহাদিগের চিকিৎসায় বিনষ্ট হয় হউক, তথাপি তাঁহারা আপনাদিগের ক্ষমাভার ভ্যুনতা স্বীকার পাইয়া বৈদ্য চিকিৎসার আদেশ প্রদান করেন না। ইহাঁরা প্রায় অর্থ উপার্জ্জনে চকুর্লজ্জা বিবর্জিড়ত; এই মহাপুরুষ-দিগের অর্থ-গ্রহণের করাল চেষ্টা হইতে দীন হীন ভনেও পরিত্রাণ পার না। মহাত্মারা সামান্য পীড়াকে উৎকট বলিরা বর্ণনা করেন, এবং ভাছা আরোগ্য করিয়া আপনা-দিগের ভূয়সী প্রশংসা করিয়া থাকেন। যেমন হিংস্র জন্ত বিনাশ হেতু অন্ধকারে লোম্ভ নিক্ষেপ করিলে জন্তর পরি বর্ত্তে নরহত্যাও ঘটিয়া থাকে, সেইরূপ এই মহাশয়েরা অনেকে বাহ্য লক্ষণ দৃষ্টে রোগ নির্ণয় করিতে না পারিয়া যে প্রবিধ্ব দেন ভদ্ধারা রোগ নষ্ট না হইয়া অভি সহজে রোগী নম্ট হয়।

ইংদিণের পুনঃ পুনঃ চরণবিন্যাসের আতিশয্যে পথে তৃণ জন্মাইতে পারে না, কিন্তু রোগী আহ্বান করিলেই উৎক্রফী রূপ অখ্যান চানু। মনুষ্যের গাত্তে অস্ত্রাঘাত করিয়া ইংদিণের দয়া-রতি অন্তর্হিত হয়, স্ক্তরাং পীড়িত বাক্তি, মকক বা বাঁচুক টাকা পাইলেই সম্ভফ্ট থাকেন। কোন মহাদ্বার ভিজিট চারি কাহারও দশ, কাহারও যোল টাকা; কি গুণে যে তাঁহারা এতাদৃশ মহাদূল্য পাইবার পাত্র

ভাবিয়া স্থির করা যায় না। যদি বলেন, প্রাণের দায়ে মনুযাকে উক্ত মূল্য প্রদানে বাধ্য হইতে হয়। সে কথা
, অস্বীকার করিতে পারি না,—স্থান বিশেষে প্রাণের দায়ে
কোন উপকার না পাইয়াও যথা সর্ব্বন্থ প্রদান করিতে বাধ্য
হইতে হয়। যেমন নির্জ্জন-প্রান্তরন্থ-অস্ত্রধারী দস্ত্যা, পথিককে বলিয়া থাকে "ভোর নিকট যাহা আছে, আমাকে
অর্পণ কর, নতুবা এই অস্ত্রাঘাতে প্রাণান্ত করিব।"
পথিক কি করে, উপায় নাই, ভয়াবহ বাক্য প্রবণে চাঁদমুখে যথাসর্ব্বন্থ তাহার হস্তে প্রদান করিয়া প্রস্থান করে,
বোধ করি, ইহাও সেইরপ।

ডাক্তরেরা সকলেই প্রত্যুৎপন্নমতি; রঞ্জকে অগ্নি
দিলে যেমন বন্দুকে তৎক্ষণাৎ শব্দ হয়, ডাক্তরেজিরা,
দেই রূপ পীড়িত ব্যক্তির গৃহে প্রবেশ করিয়াই নিমেষ
মধ্যে তাহার প্রথমের ব্যবস্থা করিয়া যান। এত সক্তিক্ষপ্ত
কালের মধ্যে কি আলোকিক সঙ্কেতে প্রত্যুহ ব্যাপার
নির্বাহ করেন, কেহই জানেন না। বিলাতবাসীদিগকে
যেরূপ অপরিমেয় প্রথম সেবন করান হইয়া থাকে,
অন্নজীবা বাদ্দালিকে সেই পরিমাণে প্রথম সেবন করাইয়া
হিতে বিপরীত ঘটাইয়া থাকেন। আসন্ন মৃত্যু প্রায় ডাক্তার
বারুরা অত্মান করিতে পারেন না। রোগীর নিকট
প্রশান্তর্গুরার কালাচাপ্রকান, চার্কা প্যান্টুলন্ ও
জলপানের খুঁচী মাথায় দেখিয়াই রোগী কালান্তরালাক্ষ্ন

চর জ্ঞানে ভয়ে শক্ষিত হয়। সকলে সময়ে আসিতে পারেন না: কাল বিলম্ব জন্য রোগীর রোগ রদ্ধি পায়। কেছ কেছ অজ্ঞ কম্পাউণ্ডার নিযুক্ত রাখেন, কম্পাউণ্ডারের প্রথম বিমিশ্রিত করিবার দোষে ও ডাক্তার দিগের কমিশন গ্রাহী क्षेत्रशालरत माक्काजात जागरलत क्षेत्रश्व प्रारंग, द्वांगी স্তু হইতে পারে না। ইহাঁদিণের মধ্যে চুই চারিজন উদার-স্বভাব, ডাক্তার আছেন। তাঁহার। প্রাতে বিনা मुला मीन छःशीत हिकिए मा कतिया थारकम, এবং मुख-বাক্তির স্বজন শাশান বা গোরস্থান হইতে প্রভাগমন না कतिरल ভिজिटित विल शांठीन न।। इसैता त्रांग निर्मिष्ठ করিতে না পারিয়া বারংবার ঔ্রধের পরিবর্ত্তে ঔ্রধ্য প্রয়োগ করত রোগ পরীক্ষা করিয়া দেখেন। যেমন পারসীনবিশ মুষ্সীরা লেখা শিখাইবার জন্য তাঁহার ছাত্রদিগকে হরফ মক্স করিবার নিমিত্ত একখণ্ড কাষ্ঠ দেন, (তাহার নাম ভক্তিয়া মক্স; ছাত্র পুনঃ পুনঃ তাহার উপরে লিথিয়া হস্ত বশ করেন) সেইরপ ডাক্তারেরা রোগ না জানিয়া রকম রকম প্রথধ দিয়া রোগীকে ভক্তিয়া মক্সের মত বানাইয়া আপন ব্যবসা অভ্যাস করিয়া থাকেন।

ইহাঁরা লার্নেড প্রোক্ষেদনের অমুবর্তী বলিয়া চুর্জ্জয় আহমার প্রকাশ করিয়া থাকেন, ঐ যৎকিঞ্চিৎ ডাক্তারি পর্যান্ত ইহাঁদিগের বিদ্যা;—আন্য কথার প্রসঙ্গ হইলে বদন-ব্যাদান করিয়া থাকেন। শুকদেবতুল্য কোন ব্যক্তির আঙ্গে ক্ষত দেখিলে বলিয়া উঠেন,—এ তোমার পারার ক্ষত,

কুসংসর্গে ইহা জন্মিরাছে। তাঁহাদিগের রোগ নিরাকর-নের বিবরণ অনেকেই অবগত আছেন, তথাচ চুই একটা দৃষ্টান্ত দিতে বাধ্য হইলাম।

কিছুদিন গত হইল সভাবাজারনিবাসী আমাদিগের একজন পরমাত্মীয় ধার্মিকের উরুদেশে একটা ত্রণঘটিত ক্ষত হইয়াছিল। তাঁহাকে জনৈক মেডিকেল কলেজের বাঙ্গালি ডাক্তান্থ ঐ কলেজের হাসপিটলে লইয়া ঘাঁইলে প্রকাণ্ড প্রকাণ্ড ইংরাজ ডাক্তারেরা একত্রিত হইয়া কন্সলুট দ্বারা কহিলেন, তোমার জাত্মদেশ পর্যান্ত চ্ছেদন করিতে হইবে। নতুবা এই ক্ষত বিস্তৃত হইয়া তোমার মৃত্যু উপস্থিত করি-বেক। রোগী কহিলেন বরং মৃত্যু শ্রেয়; তথাপি আমি জাত্মদেশ চ্ছেদন করিতে পারিব না।

অনন্তর তিনি গৃহে পুনরাগমন করিয়া অপপদিন হলওয়ের মলম ব্যবহার করাতে রোগ শাস্তি হইল। পুনরপি তিনি ঐ প্রকাণ্ড প্রকাণ্ড ডাক্তারের সহিত সাক্ষাত করিলেন, তাঁহারা সকলে দেখিয়া কহিলেন, তুমি সংপ্রতি আরাম হইয়াছ বটে, কিন্তু পুনশ্চ তোমার ঐ পীড়া হইবে। অন্ত সাত বৎসর অতীত হইল তাঁহার সেই জানুদেশে একটা ত্রণও দেখা যায় নাই। রোগ নির্ণয় করিবার কি অন্ত শক্তি!

আমজাতলা নিবাসী কোন বাবু ধাতুঘটিত দ্বর ও প্রস্রাবের দোষ ঘটনায় দিন দিন ক্ষীণ হইতে লাগিলেন। তাঁহার ফ্যামেলি ইউরোপীয় ডাক্তার, আর হুই তিনজন

দক্ষ বাঙ্গালি ডাক্তার যত পারিলেন, তাঁছার উপর ঔষধ প্রয়োগ করিলেন। ঐ বাবুর নিজের ঔষদালয় থাকাতে একদণ্ডের নিমিত্ত ঔষধ আনাইতে কাল বিলম্ব হয় নাই। অবশেষে প্যান্টলন ওয়ালারা কহিলেন, বাবু তে'মার মৃত্যু আসর হইয়াছে, ধনসম্পত্তি যথেষ্ট আছে, উইল করিবার সময় উপস্থিত; আমরা ঔষণ ক্রমাগত দিলান, কোন প্রতিকার হইল না। এই বলিয়া তাঁহারা ব্রদায় হইলে, তাঁহার প্রতিবাসী রায় কবিরাজ, মধ্যাত্নে আদিয়া সাক্ষাত করণান্তে ক হলেন,—বাবু শুনিয়া চুঃখিত হইলাম যে ডাক্তারেরা আপনার জীবনাশা পরিত্যাগ করিয়া গিয়াছেন। যাহা হউক আমি আপনাকে কিছু ঔষধ সেবন করাইতে চাই। বাবু কহিলেন, হানি কি। কবিরাজ কহিলেন, ডাক্তারেরা শুনিলে আমার ঐষধ সেবন করিতে मिटरन ना। ठावू कहिलन, **जाशनांत छे**यर शांश्रान ব্যবহার করিব। বৈভ্যের ঔষধ গোপনে ব্যবহার করিতে লাগিলেন। ডাক্তার বন্ধুরাও বোতল বোতল ঔষধ আনিয়া দিতে লাগিলেন। কিন্তু তিনি তাহা ব্যবহার না করিয়া সঞ্চিত রাখিলেন। বৈল্পের প্রথমে জম্পে দিনের মধ্যে সম্পূর্ণ আরাম হইয়া মাপের ফিতা বাহির করিয়া, ডাক্তারদিগের চিকিৎসা বিহার দেডি মালিতে প্রবত্ত रुहेटलन। इहे এक ी विवतन विलया नितल्ड इहेलाग। প্রয়োজন হইলে ডাক্তারি বিচক্ষণতার শত শত প্রমাণ প্রদর্শন করিতে পারিব।

আর একটা ডিকার্মিটি রিমুত করিবার ইতি রত্তান্ত মেডিকেল কালেজের ছাত্রদিগের এবং প্রায় সকল ডাক্তার বাবুদের গোচর থাকায় তদ্বিবরণ এ স্থলে লিপিবদ্ধ করিলাম না।

অনুর†গ-তত্ত্ব।

→•◎•**~**

বাবু প্রসন্মক্ষার চাক্রের আত্মার উক্তি — পূর্ব্ধে কতকগুলি বিষয়ে বঙ্গসমাজের যে পরিমাণে অনুরাগ ছিল, এক্ষণে সে সকল বিষয়ে অনুরাগের অনেক আভিশয্য হইযাছে। তাহা যথকিঞ্জিৎ মহাশয়কে অবগত করিতেছি।

প্রথমতঃ সাহেবানুরাণের র্ভান্ত এই,—কোন সাহেবানুরাণী পুত্রকে উপদেশ দিয়া থাকেন, দেখ চাক! তুমি
প্রণমা বাদ্বালিকে প্রণাম কর জার না কর, তাহাতে
কিছু হানি নাই, তাহাতে কিছু আদে নায় না। কিন্তু সাহেব
বা সাহেবাকার টুপিওয়ালা-সেলাম্যকে, সেলাম করিতে যেন
কথন ক্রটি না হয়। সাহেবানুরাণীরা যৎসানান্য কেরাণী
ও জাহাজি থালাসি সাহেবদিণকে রাজা ও প্রভু মনে করেন,
তাঁহাদিণের ধারণা, সাহেবমাত্রেই রূপে গুণে অতুল;
সাহেবের নিন্দা শুনিলে তাঁহারা জলমগ্ন হইয়া প্রাণত্যাগে

উদ্যত হয়েন। সাহেবের চরণে পুনঃ পুনঃ মন্তক ঘর্ষণ করিয়া নিষ্কেশ হওয়াও গোরবের বিষয় বিবেচনা করেন।

সাহেবত্ব অনুরাগ—একদিন চারু সাহেবত্ব অনুরাগীকে কহিয়াছিল, মহাশয়! এ-একতালা এঁদোঘরে ছেঁড়া
কাপড়ের পরদা ঝুলাইয়া অনবরত স্ক্যাভেঞ্জারের গাড়ীর
দুর্গন্ধ ভোগ অপেক্ষা সেই তরঙ্গিনীতীরবর্তী বায়হিল্লোলসংশোধিত নিবাসে বাস করিলে ভাল হয় না?

উত্তর হইল—তুমি বুরা না, সেথানে নিগার্দের সঙ্গে বাস করা ভাল নহে। বরঞ্চ চট্টগ্রাম, চন্দননগর, চূণোগলির নকল সাহেবদের অনুসারে চলিতে আমার উল্লাস হয়। কিন্তু কুবের সদৃশ বাঙ্গালির ভাবে চলিতে আমার দারণ লজ্জা হয়। এই সাহেবালুরাগীদের বাস্তুরক্ষের উত্তম ফল ও পুষ্প, সর্বাগ্রে সাহেবদিগের বাটীতে উপহার দেওয়া হইয়া থাকে।

কাহারও যানানুরাগ এত প্রবল যে, যান এবং অশ্ব ক্রয় কার্যো তাঁহার উপার্জ্জিত ধন নিঃশোষিত করিয়া ফেলেন এবং অশ্বের যে গাত্রাবরণ-দিয়া থাকেন তত্তুলা উৎক্লট বস্ত্র তাঁহার পিতা শীত নিবারণার্থে পান কিনা সন্দেহ।

থাদাকুরাগীরা কর্ত্তব্য কার্য্য রহিত করিয়া সমস্ত মাসের উপার্জ্জন সন্দেশাদি থাদ্য ক্রয়েই নিঃশেষ করিয়া থাকেন। জানি না, আত্মাবিহীন নির্জীব সন্দেশাদি কিরপে তাঁহার পক্ষে পরকালে সাক্ষ্য দিতে দণ্ডায়মাক সাহে।

কেশাতুরাগের প্রভাবে, নব্যদিগের স্থান সমূল

এক ঘন্টাকাল বিলম্ব হয়। মস্তকের কেশের কিয়দংশ অহি-ফণার ন্যায় উদ্ধান্তিমুখে, কিয়দংশ বামভাগে, কিয়দংশ দক্ষিণভাগে বিরাজিভ থাকে; আর যে তাহা কিরপ বিজা-তীয় ভাবে বিনাক্ত হয়, তাহা বর্ণন করা আমার ন্যায় জ্ঞানহান লোকের সাধ্য নহে। কিন্তু উচ্চতর ভদ্রপরিবারস্থ বুবাদিগের তাদৃশ কেশাকুরাগ নাই।

তত্ত্বামুরাগীরা, তত্ত্ব তত্ত্ব করিয়া উন্মৃত্ত । বপুর তত্ত্ব জামাতার তত্ত্ব, শ্রহ্মর তত্ত্ব এই সকল বাহুলারপে নিজ্পন্ন করিতে পারিলেই তাঁচাদিগের মনুযাত্ব, খ্যাতি প্রতিপত্তি ও অর্থের সার্থকতা হইল । পিতা, মাতা, স্কজন, পরিজনের অভাব বোচন না হউক, পুত্রের শিক্ষাকার্য্য সম্পান না হউক, ঝা পরিশোধ না হউক, দাস দাসীগণ বেতন না পাউক, রোগের চিকিৎ সা না হউক, স্ত্রীপুত্র পর প্রত্যাশাশাকর, রোগের চিকিৎ সা না হউক, স্ত্রীপুত্র পর প্রত্যাশাশাকর, কোগের চিকিৎ সা না হউক, স্ত্রীপুত্র পর প্রত্যাশাশাকর, কোগের চিকিৎ সা না হউক, স্ত্রীপুত্র পর প্রত্যাশাশাকর হউক, তাহাতে লক্ষাপাত্ত নাই, কিস্তু ভূমি সম্পত্তি তৈত্বস অলক্ষার বন্ধক দিয়াও বৈবাহিক ও বৈবাহিক-বিনিতার সন্তোয সাগনার্থ আড়েম্বর বিশিষ্ট তত্ত্ব করিতে না প্রারিলে তাঁহাদিগের মানবজন্মের সার্থকতাই সম্পাদিত হইল না । তত্ত্বকার্য স্থানজ্ঞার ও প্রশংসদীয় হইলে তাঁহারা চরিতার্থ হয়েন, কিন্তু সেই সর্ম্ব্যাপাহারক তত্ত্বের কিছুই কল দেখিতে পাই না, তদ্বারা কেবল ভৃতভোজন হইয়া থাকে।

দম্ভাক্রাগ।—শুনিয়াছি, দম্ভের সাক্ষাৎ প্ররম পুত্র স্বরূপ পাঁচটী ব্যক্তির আছ কাল সাতিশয় প্রান্তর্ভাব। তাঁহা-দের মধ্যে প্রথম, শাবক সমেত ভাইপোর খুড়া, দ্বিতীয়টা গোঁপধারী অধ্যাপক, তৃতীয়টী চটিধারী ডাক্তার, চতুর্থটী এঁদো একতালার বক্ষীপুত্র, পঞ্চমটী কাঁটালতলার কানাই। এই দান্তিক পঞ্চের প্রত্যেকের ধারণা যে, তাঁহাদিগের তুল্য বিচক্ষণ লোক বঙ্গভূমিতে, শুদ্ধ বঙ্গভূমিতে কেন, সমস্ত ভূমপ্রলে বিশ্বমান নাই। তাঁহাদিগের মধ্যে যিনি যে বিষয়ে পণ্ডিত, তাঁহার মনের ধারণা এই যে, তিনি যাহা কুমিয়াভ্ছন, তাহাই প্রকৃত, তিনি যাহা শুনিয়াছেন, কি পড়িয়াছেন, তাহাই প্রকৃত, তিনি যাহা ভর্ক করেন, তাহাই অথপ্র-নীয় তাঁহার ফচিতে যাহা ভাল লাগে, তাহাই উপাদেয়। তিনি যাহা ম্বণা করেন, তাহাই নিম্কৃত, তিনি যাহা লেথেন, তাহাই অভান্ত ও তাহাই অয়তধারা।

যাহা হউক, ইত্যাকার সিদ্ধান্ত করা, নিতান্ত বাদশাই বর্কবের কার্য। কেন যে দম্ভদেব তাঁহাদিগের উপর এতদূর অনুরাগী হইলেন, আবশ্যক হইলে তাহার বিবরণ যথান্যথ বর্ণন করিতে চেন্টা করিব। উপয়ুর্ভিক্ত মহাত্মাদিগকে দম্ভ সম্বন্ধে এক শ্রেণীভুক্ত করিলাম, কিন্তু গুণ সম্বন্ধে উহাঁদিগের পরস্পরে, অতিশয় ইতর বিশেষ আছে।

পটলডান্থা, হুণলী, ঢাকা, রুষ্ণনগর প্রভৃতি বিখ্যাত গবর্ণমেন্ট কলেন্দ্রের উত্তীর্ণ যে সকল ক্ষেপণীচালক অর্থাৎ লাড়টানা ছাত্র আছেন, তাঁছারা অতি সামান্য তর্ক-তরম্বেই তরণী ডুবাইয়া ফেলেন; তথাচ উক্ত কলেজের ছাত্র বিলয়া ভাছাদিগের অহকারের রস ট্রস্ ট্রস্ শব্দে নিপাতিত হুইতে থাকে। সেইটি সহা করা যায় না। কম্পি- টিদন্ একজামিনেদন অর্থাৎ প্রতিযোগী পরীক্ষার প্রথা প্রচলন না হইলে কেবল তাঁহারাই চিরকাল সরস্বতীর বরপুত্র নামে বিখ্যাত থাকিতেন। যেরূপ হাইকোর্টে দেশীয বিচারপতি না হইলে দেশীয় লোকেরাও চিরদিন অনুপযুক্ত থাকিয়া যাইতেন। সেইরূপ অন্যান্য বিদ্যালয়ের শিক্ষি-তেরা চিরকাল অনুপযুক্ত বলিয়া গণ্য হইতেন।

অভিযোগ অথবা মোকর্দমানুরাগ ৷-কভকণ্ডলি অভিযোগানুরাগী অধুনা বঙ্গে বিদ্যমান আছেন, ভাঁহার অভিযোগ সংশ্র রাজীত প্রাণ প্রারণ করিতে পারেন না ৷ কথন প্রজার নামে, কখন প্রতিবাসীর নামে, কখন স্বজন পরিবারের নামে অভিযোগ উত্থাপন করিয়া প্রম প্রতি লাভ করেন। এইরপ অভিযোগকাণ্ডে তাঁহারা সর্বস্থান্ত হয়েন; জয়যুক্ত হইলে যৎসামানা লাভ হয়। তথাচ অভিযোগানুরাগীর অভিযোগ উপস্থিত না থাকিলে তিনি এই সংসার শূন্যময় দেখেন। সংসারের প্রতি তাঁহার প্রদাস্য জন্মে, আপন দেহকে ভারভূত জ্ঞান হইতে থাকে. তিনি সময়কে কঠোর যন্ত্রনা উৎপাদক বিবেচনা করেন। উদরে অল্ল পরিপাক হয় না, নানাবিধ রোগ ও চিন্তা আসিয়া তাঁহার শরীরকে জর্জ্জরিত করিতে থাকে। তিনি रत्नम,-(माकर्ममा मामला ना कतित्न श्रतमश्रत्त माक्तार উপদেশ অবহেলা নিবন্ধন যেরূপ চিত্তবিকার জন্মে সেইরূপ চিত্তবিকার তাঁছার অস্তরকেও যার পর নাই আকুল করিয়া তুলে। কোন এক নোকর্দ্বানী।

পর্ম বন্ধ তাঁহাকে অকারণ অভিযোগ উপস্থিত করণে নিষেধ করাতে, তিনি উত্তর করিলেন,—আপুনি জাত নহেন. আমি আর পুনঃ পুনঃ সংসারের জনন-মরণ-যন্ত্রণা মহ্য করিতে পারিব না। সংপ্রতি ভূতভাবন ভগবান. কোন রজনীতে আমার নিদোবস্থায় প্রত্যাদেশ করিয়া-ছেন যে,—"তোমাকে জন্ম গ্রহণের পুর্বের আদেশ করিয়া ছিলাম যে, তুমি জন্ম গ্রহণ করিয়া আজীয় অন্তরত্ব প্রতিবেদী ও নিজ পরিবার সকলের নামে অভিযোগ উত্থা-প্র করিবে, অন্যথা হইলে, তোমাকে পুনশ্চ সতুর জন্ম গ্রহণ করিতে হইবে।" আমি পুনশ্চ আর জঠর-যন্ত্রণ। সহ্য করিতে পারিব না। সেই হেতু সংসারের প্রায় সকল লোকের নামে অভিযোগ উত্থাপন করিয়াছি, কেবল সহ-ধর্মিণী বনিতা ও কনিষ্ঠ পুত্রটীর নামে কোন অভিযোগ করা হয় নাই। বনিভার নামে সত্তরেই নালিশ উপস্থিত করিব। কনিষ্ঠ পুত্রটীর বয়ঃপ্রাপ্তির বিলম্ব আছে। অধুনা তাহার নামে কোন মামূলা উপস্থিত করা বে-আইনি, তাহাতেই চিন্তানলে আমার শরীর শুষ্ক ও হৃদয় তাপিত হইতেতে। কি জানি, তাহার নামে অভিযোগ করিবার পুর্ব্বে দেহান্ত হইলে ভগবানের প্রত্যাদেশ অনুসারে আমাকে পুনশ্চ জরায়ু-শ্য্যায় শ্যুন করিতে হইবে। এই চিন্তায় যেন আমার শ্বাস অবরোধ করিতেছে।

বাবুত্বানুরাগ;— আধুনিক বাবুত্বের বিবরণ, নিবেদন কালে হাস্থার্ণব বেগবান হইতেছে। যথন দাকণ অপ্রতুল

নিবন্ধন স্ত্রী পুত্রের অল্লাচ্ছাদন হইতেছে না, তথনও চারি টাকা মূল্যের ইংরাজী পাতুকা চাহি। নিকটস্থ কার্যালয় গমনাগমনের গাভি পাল্কিভাড। ও শনিবার নাটকাভিনয় দর্শন লালদা পরিতপ্তের ব্যয় চাহি। ইহাঁদিগের প্রব-পুৰুষেরা, বাবুত্ব জানিতেন না। অতিরেক সুখ-দেব্য বস্তুতে লালদা ছিল ন।। আপনাদিগের অব্জিত অর্থে আবাদ-ভূমি ও অট্রালিকা করিয়া গিয়াছেন, এক্ষণকার বাবুরা, ইংরাজদিণের ন্যায় অনেক টাকা বাটী ভাডা দেন। মিতাচরণ-দ্বারা কর্মস্থানে একথানি বাটী করিবার ক্ষমতা হয় না। যাহা উপার্জ্জন করেন, তাহা দেই কার্যান্তলে নিঃশেষিত হয়। ভূমি সম্পত্তির পরিচয় দিতে হইলে সেই পিতৃপুক্ষের ভূমিসম্পত্তির নামোল্লেখ করিতে হয়। এক্ষণকার উচ্চতর বাবুদের সকলই বাবুয়ানায় যায়; অথচ আলোচনা করিয়া দেখিলে তাঁছারা যাবজ্জীবনের মধ্যে স্মরণের উপযুক্ত কোন কার্য্য করিয়াছেন, এমত দেখা যায় ন।। সামান্য উপাৰ্জ্জকদিগেরও বাবৃত্ব অতি প্রশস্ত ; নিঃস্ব কেরাণী ও উকীলবাবুদের তুইটা হিন্দু ভূত্য, একজন পাচক, একজন সরকার গাডীর সইস কেচিম্যান, নিত্য ক্ষেরি-কার্য্যের নাপিত ইত্যাদি আপনার প্রতি শতেক প্রকার প্রতিদিনের ব্যয়; দরিদ্রকে দান, অভুক্তকে অন্ন ও আতু-রের প্রতি দাক্ষিণা প্রকাশ করিতে এথনকার বাবুদিণের थाय (प्रथा याग्र ना। विद्यालग्, bिकि मालग् biलाहेवात দান অনুরোধক্রমে স্বাক্ষর করিয়া কি কেশিলে না দিতে হয়,

বাবুরা পৃষ্খাতুপুশ্বরূপে শ্বতঃ পরতঃ তাহার চেফ্টা পান ও সে দান রহিত করণান্তে নিশ্চিন্ত হরেন। ইহাঁরা প্রায় একমহল বাটীতে বাসা করিয়া থাকেন, সঙ্গে অন্য কোন পরিবার থাকিতে পায় না। ইহাঁদিগের স্ত্রী সর্বন্ত ; কোন আলাপীয় কি আত্মীয় লোক সাক্ষাৎ করিতে যাইলে সেই একমহল বাটীর দ্বারদেশ ধারণ করিয়া সংক্ষেপে তাঁহার সহিত কথোপকথন করিয়া অভ্যন্তরে প্রবেশ করেন। নিরুপায় আত্মীয় ভবানীপুর হইতে বেলা দশ্টার সময় বাগ্রাজারে আসিয়াছে। ভৃষ্ণায় কণ্ঠ গুষ্ঠ শুষ্ক হইয়াছে। এক্ষণে কোথায় গিয়া বিশ্রাম করে! চিন্তায় নিম্পন্দ, অবশেষে কিং-কর্ত্তব্য-বিমৃত্ হইয়া দক্ষিণাভিমুথে প্রস্থান করিল।

কনিষ্ঠাঙ্গুলের অঞ্জাগ চর্মণ বা লেছন করা, দন্ত বা অধরোষ্ঠ ছারা লেখনী ধারণ করা, উভয়পার্শ্ব পকেটে হস্ত সমিবিফী করিয়া দণ্ডায়মান থাকা উচ্চতর বাবুত্বের লক্ষণ!! ওপন-তাপে সর্মাঙ্গ ঘর্মাক্ত; মন্তকের মন্তিষ্ক শুষ্ক হইতেছে তথাপি স্ব-হস্তে ছত্ত ধারণ করা হয় না।

জাতীয় ভাবানুরাগ।—শ্বদেশানুরাগী স্থার মহাশয়গণের যত্নে জাতীয়ভাবের উন্নতি সাধনার্থে, জাতীয় সভা,
জাতীয় বিদ্যালয়, জাতীয় সম্বাদ পত্র, জাতীয় মেলা, ইত্যাদির
ফটি ইইয়াছে। সেই সকলের নাম জাতীয়; কিন্তু অদ্যাবধি তত্তাবতের কার্য্যের অনেকাংশে জাতীয় ভাব নিবিফ
ইইবার কাল বিলম্ব আছে। জাতীয় সভায় কেবল জাতীয়

ভাষার প্রবন্ধ পাঠ হইয়া থাকে। কিন্তু জাতীয় বিদ্যালয়ে তিন্ন জাতীয় অর্থাৎ ইংরাজী ভাষার আলোচনা হইয়া থাকে। তদর্থে কেহ কেহ প্রস্তাব করেন ঐ বিদ্যালয়ে কেবল দেশীয় ভাষার আলোচনা হয়।

বিদেশীয় রীতিপদ্ধতির প্রতি কোন কোন জাতীয় ভাবা-তুরাগীদিগের এতদূর বিদ্বেষ যে তাঁহারা ঐ বিদ্যালয়ের বেঞ্চ স্থানান্তরিত করিয়া কুশাসনে বসিয়া বালকদিগকে পড়িতে বলেন ও শংখশ্বনি করিয়া বিদ্যালয়ের কার্য্য আরম্ভ ও ভদ্দ হয়। বিদ্যালয়ে সাইন বোর্ড না থাকে। তৈলাক সিন্দুর দ্বারা ভাষার প্রাচীরে অথবা একটা মুজপটে কি প্রস্তর ফলকে লেখা থাকে শ্রীশ্রীলক্ষী নারায়ণ শ্রীচরণ প্রসা-দাৎ এই বিদ্যালয় করিতেচি ও জাতীয় সম্বাদ পত্ৰ, জাতীয় ভাষায় বিরচিত হয়। আর কেহ কেহ প্রস্তাব করেন জাতীয মেলার স্থানে দেশীয় উৎক্লফ্ট পদার্থ অর্থাৎ ঢাকাই মলুমল ঢাকাই অলঙ্কার, মিজ্জাপুরের তুলিচা, কাশ্মীরী শাল, বারাণদী বস্তু, মুর্শিদাবাদের পট্টবস্তু, তমরালা ও শ্রীরামপুরের তমর এই সকল আইদে। ওদিরিকেরা বলেন, বাঙ্গালার নানাবিধ স্ক্রম স্কুগন্ধি তণ্ডুল, জনায়ের রসকরা, ধনেথালির খইচুর, সিলহট্টের কমূলা নেরু, স্থব্দর বনের মধু, ও অকাল-জাত-ফল সমুদায় মেলায় আনা হয়।

মেলার বিবরণ পত্তে যথা শ্রুত বঙ্গভাষা লেথকদিগকে যথেষ্ঠ প্রশংসা করিয়া বাঙ্গালা ভাষার অপকার করা না হয়। উৎক্লফ্ট লেথকদিগকে যথোপযুক্ত অনুরাগ করা হয়। হিন্দু ছানীয় স্ত্রীলোকদিণের যৎকুৎসিৎ ধিং ধিং হত্য ও বাউলের বিজাতীয় সদ্দীত রহিত হয়। কবি, সংকীর্ত্তন, রাম-প্রসাদী পদ ও কথকথার আলোচনা হয়। ছুলতঃ কি কি উপায়ে জাতীয়ভাব রক্ষা পায় ও নিন্দিত বিজাতীয়ভাব দুরীভূত হয়, সুযোগ্য বদ্ধলেশক কর্তৃক তাহার প্রবন্ধ নিচয় বিরচিত হইয়া মেলা স্থানে পাঠ হয়। কেবল অসংখ্য স্থজাতি একত্ত্ব হইয়া এদিক ও ওদিক ছুটা ছুটা, বৈ তৈ নিনাদ ও ছুমু দামু বোমা বাজি শন্দায়মান করিলে জাতীয় মেলার অভিসন্ধি সফল হইতে পারে না। যাহা হউক ভরসা হয় ক্রমশঃ মেলার অধ্যক্ষ মহাশয়েরা মুর্গু জাতীয়-ভাবকে পুনকদ্দীপন করিতে সক্ষম হইবেন। সংপ্রতি কি করিলে জাতীয় ভাবের রক্ষা হয়, কাহাকে জাতীয় ভাবে বলে অধ্য-ক্ষরা অন্যাপি তাহা নির্গ্র করিতে পারেন নাই।

সাহেব।

~•⊚•**~**

ইউরোপীয়ানের। ভারতবর্ষে পদার্পণ করিয়া ঘোর বারু হইরা পড়েন। তাঁহারা সকলেই মনে করেন, বাঙ্গালীরা সর্বাংশে নীচ, কিন্তু হিমপ্রধান-দেশে বসতি বলিয়া তাঁহা-দিগের অনেকেই স্থূলবৃদ্ধি, বাঙ্গালীরা যেরূপ ইউরোপীর ভাষা শিক্ষা করিতে পারে, তাঁহারা ভারতীয় ভাষা সেরূপ শিখিতে পারেন না। ইহাঁরা অনেকেই "কোঁচুলি, আমারবিক তেমারবি, পেটইএ, লুকাইয়াছিল আড়ালেতে গাছের" ও গ্রই একটা ইতর হুর্মাক্য দেশীয় ফিরাদ্ধি ও যবন পরি চারকদিগের নিকট বহু কালে ও বহু কফে শিথিয়া থাকেন। আপনাদিগকে স্ক্রন্সী মনে করেন, কিন্তু বাঙ্গালীর ন্যায় তাঁহাদিগের উৎকৃষ্ট গঠন নহে।

বিবিরা নিজনিজ স্বাভাবিক স্বরে কথা বার্ত্তা কছেন না। তাঁহারা সকলেই এক প্রকার সক্ত সাধা স্বরে কথা কছেন। তাহা নিতান্ত কর্কশ বোধ হয় । হইবেই ত, কেন না অস্থা-ভাবিক কোন বস্তুই ভাল নছে।

ইউরোপিয়ানদিগের স্বভাব, ব্যবহার অন্য যে কোন জাতির সহিত অনৈক্য হয়, তাঁহাদিগকে ইহাঁরা স্যাভেজ বলেন। তাঁহাদিগের স্বভাব, ব্যবহার যে অনুকরণ করে, তাহাকে তাঁহারা সভ্য বলেন। কোন পরিচিত ব্যক্তিকে বন্ধদেশীয় লোকেরা কোথায় যাইতেছেন জিজ্ঞাসিলে আত্মীয়তা প্রকাশ করা হয়। ইংরাজদিগকে প্রিরপ জিজ্ঞা-দিলে তাঁহারা কি একটা কুটাল অর্থ করিয়া কটে হয়েন। ইহাঁদিগের স্বজনের মধ্যে কেবল আপনার স্ত্রী; অন্য দূরে থাকুক, পুত্রও কেহ নহে।

একবার একজন ইংরাজ সৈনিক পুরুষ, তাঁহার নাতার নিমিত্ত বিলাতে থরচ পাঠাইবার জন্য যথন পত্র লিথিতে-ছিলেন, কোন সৈন্যাধ্যক্ষ সাহেব তথন তাঁহার নিকটবর্ত্তী হইয়া পত্রের মন্দ্রার্থ অবগতান্তে বিম্মাপন ইইলেন এবং মনে মনে কহিলেন যে, এ ব্যক্তি কি মহৎ! ইনি মাতার জনা আপন পরিশ্রমের ধন পাঠাইতেছেন। সাহেব জানিতেন না, ভারতের অতি নিঃম্ব হের ব্যক্তিও ঐরপ করিয়া থাকে। পরে সৈন্যাধ্যক্ষ সংবাদপত্ত্বে সৈনিক প্রক্ষের ঐ পত্রের মর্মার্থ ঘোষণা করিয়া দিলেন এবং অনুরোধ করিলেন যে, সে ব্যক্তি অতি মহৎ, তাহার ন্যায় অন্যান্য ইংরাজেরা মহৎ হইয়া যেন অনাথিনী মাতার থরচ পাঠাইয়া দেন। ঐ ঘোষণা পত্র যে যে ভারতবাসীর দৃষ্টিপথে পতিত হইয়াছিল, তাহাদিগের হাসিয়া হাসিয়া উভয় পাশ্বে বেদনা জিয়য়াছিল।

আবার কি অন্তুদ ইংরাজি দয়। যে ঘোড়া বহুকালা-বিদি যে ইংরাজ প্রভুর কার্য্য করিয়া আদিতেছে কালে সে অকর্মণ্য কি প্রাচীন হইলে স্বহস্তে গুলি করিয়া তাহাকৈ সংহার ও আহারার্থে প্রতি দিন অসংখ্য পশু পক্ষী বধ করা হয়, অথ্য পশুদিশের প্রতি নিষ্ঠুরতা-নিবারিণী সভার অর্থাৎ Prevention to the cruelty to animals বিষয়ে তিনি পোষকতা করিয়া থাকেন ক্ষতযুক্ত পশুকে শকটে যোজনা ও চারি জনের অধিক তাহাতে আরোহণ করিতে দেন না।

রাগান্ধ হইলে মুখমণ্ডলে প্রহার করা ইংরাজি সভ্যতা।

ইংরাজের অধ্যাবসায়, প্রনশীলতা ও বলকে আমরা যথেষ্ট প্রসংসাকরি।

বঙ্গবাদীদিগকে এই মহাপুরুষেরা কি কারণ অসভ্য বলেন, কেহ ভাবিয়া স্থির করিতে পারিতেছে না। কেহ কেছ অনুমান করেন, তাঁছারা অপক্ষ মাংস ভক্ষণ করেন, বন্ধবাদীরা তাছা করেন না, ইহারা মাংস পাক করিয়া ভোজন করেন। ইংরাজেরা আপন বিবিক্তে পর-প্রকষের সহিত নির্জ্জন গমন ও ভ্রমণ করিতে দেন, আমরা ভাষা দিই না। তাঁহারা মল মূত্র ত্যাগান্তে জল ব্যবহার না করিয়া কাগজ ব্যবহার করেন, আমরা তাহা করি না, তাঁহারা মৃত দেহ দুর্গন্ধযুক্ত ও প্রোথিত করেন, আমরা তাহা দক্ষ করি। তাঁহাদিগের সহোদর ভাতা ও ঘনিষ্ট বন্ধকে পাথের ভিথারী দেখিয়াও তাঁহাদের কোমল হৃদয়ে দুঘার সঞ্চার হয় না, আমরা উহাতে নিতান্ত দ্যান্র চিত্তে যথা-সাধ্য সাহায্য করি। তাঁহারা পিতা মাতার সহিত পার্থক্য ভাবাপন্ন হয়েন, আমরা একত থাকি। ভাঁছারা Not at home very busy শব্দ দ্বারা অনেকের সহিত সন্দর্শন ও কথোপকথন কষ্টের নিবারণ করেন, আমরা ভাহা করি না। তাঁহার। স্ববংশীয় স্ত্রীকে এমন কি পিতৃত্য কন্যাকৈ পর্যান্ত বিবাহ করিতে পারেন, আমরা তাহা পারি না। তাঁহারা পত্নী অসাকে বিবাহ করিতে পারেন না, আমরা তাহা পারি। বিবাহের পূর্বে তাঁহাদিণের স্ত্রীপুরুষের সহবাসের প্রথা মাছে, আমাদিণের তাহা নাই। তাঁহাদিণের স্ত্রীজাতি নিল'জ্জ, আমাদিণের তাহা নহে। ইনি আমার ভাতা, ইনি আমার পুত্র, ইনি আমার কন্যা, ইত্যাদি সম্পর্ক নিবন্ধন যে দৃঢ় ভরসা আমাদিগের মধ্যে ছিল, তাহা ঐ সভ্যতম ইংরাজদিগের আদর্শেই এককালে ফুর্বল হইয়া

পড়িতেছে। এই সমস্ত কারণেই কি তাঁহারা সভ্যজাতি ? আর আমরা অসভ্যজাতি? উল্লিখিত সমুদায় কার্য্য যন্ত্রাপি তাঁহাদিগের সভ্যতার প্রতি কারণ হয়, তবে তাঁহার। তাঁহা-দিগের সভ্যতা লইয়া থাকুন, প্ররপ সভ্যতাতে আমাদি-গের প্রয়োজন নাই। ঐ সমস্ত সভ্যতাকে প্রদক্ষিণ পূর্ম্বক নমস্কার করিয়া আমরা বিদায় লইতে চাহি।

অদিম কলিকাতাবাসী।

000

প্রধান প্রধান ব্যক্তির। পল্লীপ্রাম হইতে কলিকাতায় আবিভূতি হইয়াছেন। যাঁহারা পল্লী হইতে না আসিয়া মরণাতীত পূর্বকাল হইতে কলিকাতায় বাস করিতেছেন, ইহাঁরা অপ্রসিদ্ধ লোক। ইহাঁরা মনে মনে বিবেচনা করেন, আদিনকাল হইতে কলিকাতাবাসী হইলেই প্রধান লোক বুরায়। মেই হেতু অনেকেই এক্ষণে ঐকপ কলিকাতাবাসী প্রকাশ করিয়া শ্রদ্ধাশপদ হইবার আশা করেন, কিন্তু আলোচনা করিয়া দেখিলে আদিম কলিকাতাবাসীয়া তাহা নহে। এই নগরবাসীয়া নানা প্রকার উপাদেয় পদার্থ ভোগ বিবজ্জিত থাকিয়া মনে করেন, তাঁহারা নগরে কিঞ্জান্পম স্বচ্ছদ্দই ভোগ করিতেছেন; কিন্তু তাঁহাদিনগের রসনা ধারণ করা বিজ্ঞ্বনা মাত্র, ইহা হদয়ঙ্গম নাই।

সুষাতু হ্ঝা, নানাবিধ সন্থানার ফল মূল, মৎসা, মধু, মাৎস অবদ্ধ বারু, মনোহর লতা-বিতান, পশ্চিগণের অমৃতময়-ব্যর, অনারত হরিদ্র্ণ শস্তাক্ষেত্রের রমণীয়তা তাঁহাদিগের ফাবজ্জীবনের মধ্যে চুই একবার প্রবণ ও অবলোকন হওয়া হৃদর।

সেই আদিম কলিকাতাবাসীদিগের ভাষা ও তাহার অর্থ সঙ্কলন।

অৰ্থ
(सम्ब
ৰত ৷
शीं का है कि ।
কাঁকাল।
কাওরা ৷
कॅरिशेल ।
টাকা ৷
প্রবেশ করে।
আমাদিগের।
কালী ঠাক্রণ।
ছুর্গা ঠাক্রণ।
मिक्ति।
याहेलांग।
খাইলাম।

(৮৬)

2

	मिञ्	मिलाम ।
	নি কু	লইয়াছিলাম ৷
	ছেরকাল	চিরকা ল ।
	পকুর	পুকুর।
	शकी म	প্রদীপ।
	বামুন	ত্ৰাশণ।
	ট †ড়ি যে য়	ठां ट्रेट या ।
	र्शमि	शिम ।
	এনাদের	इंड्रांटमत ।
	७ नोत्नद	উহাঁদের।
(শেঁ কারি	শাঁকারি।
	নোনোদ	ननम् ।
(চেঁ ত্রিশ	চৌত্তিশ।
•	চালিশ	চল্লিশ।
•	গাঁড়া হাৰ	থর্কাকার।
(কোব্রেজ	কবিরাজ।
•	গাঁবিজ্ঞা	গাঁজা।
è	हेकूम	উकून।
:	र्गालिठञ्जन	माला ठक्त ।
(বের করা	বাহির করা।
:	শ্ৰুক শি ক্ষ	কাঁকড়া।
	বাসাভা	বাভাসা।
	বাসাত	বাতাস।
		• •

(bg)

সম্বার	সোমৰার।
কিরেট	রূপণ।
কে'প্ৰু স	রূপণ।
ফোঁটা	(क्रांचे।
দোন্দোর	ञ्चमत ।
প্রাচিত্তি	প্রায়ন্চিত্ত।
ভাগুনা	তাঁগিনেয়।
পুঁতি	পুথি।
পরিবার 🛎	खी।
আশদ গাছ	অশ্বত্য গাছ।
(मवल)	দেবলৈয়।
দেদার	পুনঃপুন:।
अ श्रुप	অশ্বেচ।

 পত্নী, জায়া, ভার্য্যা, জ্রী, সহধর্মিণী, বনিতা, দায়া,
 ইত্যাদি স্বত্বে কোন্ মহাপুক্ষ পরিবার শব্দ দিলেন? পরি-বার শব্দে কেবল জ্রী নহে স্ত্রী পুত্র কন্যা প্রভৃতির সম্ফি।

ব্যক্তিবৃন্দের সমাগম স্থান।

-assignere-

সংপ্রতি প্রায় অধিকাংশ মনুষ্য নিতার অভিমা-নের বশবর্ত্তী। কোন সমাগ্য ভলে প্রবেশমাত, প্রায ইইাদিণের অনেকের মনে ভিন্ন ভিন্ন রূপ আহাতি-মান উপস্থিত হয়; তাঁহারা কেহ কোন অংশে আপনাকে উৎ্রুষ্ট ভাবেন। কোন ধনী আপনার অর্থাভিমানে स्की **इहे**श मगांगम इटल डेन्स इरान। किन्र मार्गाना लांदिक धरन, रयक्रिय माधावरनेव डेलकाव इहेगाइ. ভাঁহার ধনে কথন তাহা হয় নাই। স্কুতরাং তাঁহার দে ধনাভিমানকে কেছই আছা করে ন।। কেছ পরিষ্কার পরিচ্ছন্ন পরিচ্ছদের অভিনানের সহিত তথায় প্রবেশ করেন। কেহ সেই অকিঞ্চিৎকর পরিচ্ছদের নিনিত তাঁহাকে সন্মান করে না। কোন ব্যক্তি নিজে যাহা হউন, বিখাতি লোকের সন্তান, মান্য ব্যক্তির জামাতা, সম্ভান্ত লোকের ভাগিনেয় বা দেছিত এই অভিমানের সহিত তথার প্রবেশ করেন। কিন্তু কেছ তাঁহার সে অভিমানের অমুমোদন করে না । স্বয়ং বিশেষ কার্যা না করিলে কেছ কাহাকে মান্য করে না। বিখ্যাত পুরুষের সন্থান বলিয়। অভিমান করার অর্থ কি? মনুষ্য মাত্রেই ত দেই বিশ্ব পূজা প্রজাপতির সন্তান, যিনি হীন বর্ণের কার্য্য দ্বারা কালাতিপাত করিয়া থাকেন, তিনিও বর্ণাভিমানের সহিত

উপস্থিত হয়েন। কেহ কেছ পল্লব গ্ৰাছী পাণ্ডিত। লইয়া উদয় হয়েন; किन्ह गॅंशिता श्वां जीविक প্রথর বুদ্ধিবলে, এই বিশাল পৃথীপত্র পাঠ করিয়াছেন, তাঁহারা সেরূপ বিদ্বা-নকে উৎক্লয় ভাবেন না। কেহ কেহ উচ্চতর দাসত্বের অভিমানের সহিত প্রবেশ করেন, বাস্তবিক তিনি দাস ভিন্ন আর কিছুই নহেন। সেই কথা মনে হইলে কেছ তাঁহার অভিমানারুঘায়ী মান্য মনোমধ্যে আনর্যন করে না। কেহ কেহ কে লীন্যাভিমানের সহিত উদয় হয়েন। এক-ণকার নিষ্ঠারত্তিবিবর্জিত কুলীনকে কেহ অন্ত:করণের সহিত শ্রনা করে না। বিশিষ্ট বর্দ্ধিন্ত লোকের সহিত আলাপ পরিচর আছে দেই অভিনানের সহিত অনেকে তথায় আগমন করেন, সে অভিমানের কোন কার্য্য কারণ নাই বলিয়া সকলেই অগ্রাস্থ্য করেন। কেছ কেছ যৌবনা-বস্থার অভিনান বলবৎ করিয়া, কেহ বা প্রাচীনাব-স্থার পরিপক্তাভিমান উপলক্ষ্য করিয়া উদয় হইয়া থাকেন। তথায় যুবারা, রদ্ধদিগকে নির্কোধ অনুমান করিয়া তাঁচ্ছিল্য করেন এবং প্রাচীনেরাও যুবাদিগকে জ্ঞান-শূন্য জানিয়া অবহেল। করিয়া থাকেন। রাজা, রায় বাহাতুর ইত্যাদি উপাধিযুক্ত মহাপুক্ষেরা সমাগমন্থলে অভিমানের বিজাতীয় ওকভার লইয়া প্রবেশ করেন। তাঁছাদিগের মধ্যে অনেকের অন্যের হিভার্থে কোন কার্য্য করিতে ক্ষমতা নাই। সুতরাং তাঁহারা আম্যাদেবতা ও ভিক্ষুকদিগের প্রতিষ্ঠিত দেবতার ন্যায় যথায় তথায় গডা- গড়ি যান। কেই তাঁহাদিগকে পাছ, অৰ্ঘ্য দ্বারা পূজা প্রদান করেন না।

অতি পুরাকালে গায়ক বাদকের নাম উল্লেখ করিলে সরস্বতী, মহাদেব, নারদ প্রভৃতি পরম জানিগণের কথা স্মরণ হইয়া লোকের অচলা ভক্তি জিয়াত। এক্ষণে গায়ক বাদক বলিলে প্রায় মনে হইতে থাকে, ইহাঁরা অবশাই বিদ্যাশূন্য ইয়ার হট্টলোক হইবেন। এই গায়ক বাদকেরা সমাগম স্থলে যে কতনুর অভিমানের সহিত প্রবেশ করেন, তাহার ইয়ভা করা ভুরহ ব্যাপার। তাঁহারা মনে করেন, ব্রহ্মাণ্ডের মধ্যে তাঁহারা যেরপ সম্মান ও সোহাগের পদার্থ, তেমন আর কেছ নাই।

কেহ কেহ দশ বিঘা বাস্তভূমি, উন্থানের সুমিন্ট আত্র
রক্ষ, চণ্ডীনগুপে কাঁঠাল কাঠের সারবান থামের অভিসান আন্দোলন করিতে করিতে সমাগম স্থলে উপস্থিত
হয়েন। কিন্তু কেহ তাঁহার সে অভিমানের পদানত হয় না।
স্থূলতঃ সন্মান লাভের উপযুক্ত কার্যা না করিয়া সন্মানের
জন্য লালায়িত হইলে সন্মান লাভ হয় না। জানি না,
আধুনিক সন্মানলোভীরা কেন মিথ্যা সন্মানের আশা
করেন? কেহ কেহ সন্ধাদপত্রের সন্পাদক বলিয়া কেহ বা
প্রান্থকার বলিয়া অভিমানের সহিত আইসেন। তাঁহার।
প্রায় অনেকেই ছাই ভন্ম গ্রন্ম ও প্রবন্ধ প্রস্তুত করেন এবং
সন্মান চান।

একটা চন্দ্রাতপ, একথান ছাগবলির থক্সা, একটা মৃগ-

য়ার উপযুক্ত বন্দুক, একটা দক্ষিণাবর্ত্ত শংখ, একটা আকবর বাদসাহের নামান্ধিত মোহর ইত্যাদি দ্রব্যের ছুই একটা কোন কোন পুরাতন লোকের বাটীতে আছে, সেই হেতু দর্পে তাঁহাদিগের চরণ, পৃথিবী স্পর্শ করে না। কেহ কেহ পুরাতন ঘৃত, তেঁতুল, রসসিন্দুর, বহুদিনের স্কুর্জাপত্ত ইত্যাদির অধিকারী বলিয়া সদর্পে সমাগম স্থলে প্রবিষ্ট হয়েন।

প্রিন্স।—এক্ষণকার অনেক ব্যক্তির অভিমানের উপকরণ সম্বন্ধে যাহা বলিলেন, তাহা সাতিশয় কে\তু-কাবহ।

অনন্তর এই সকল উল্লেখ করিয়া বাবু প্রসন্ধরর আত্মাবিশ্রাম করিতে লাগিলেন।

স্ত্রী-তত্ত্ব।

এইরপ নানা-প্রসঙ্গ উত্থিত হইতেছে, ইত্যবসরে সেই
স্বর্গীয়-স্নোতস্বতী-কূলে এক তরুণী আসিয়া উপস্থিত
হইল। উহা হইতে তুইটী পরম-রূপসী রমণী অবতর্প করিলেন, তাঁহাদিগের পবিত্র প্রশান্তভাব সকলকে মোহিত ও অঙ্গ-সেগিরভ উপবন আমোদিত করিল।
কম্পত্রু তল-স্থিত মহাপুরুষগণের আল্লা তাঁহাদিগের

প্রতি বিশুদ্ধ চিত্তে দৃষ্টিপাত করিতে লাগিলেন। রমণী-দ্বয় বিশ্রামার্থ তৎ প্রদেশের অনতিদূরে এক মরকভম্য আসনে উপবেদন করিলেন। তথন তত্ত্ত সকলের নিদে-শানুসারে তর্কবাগীশ মহাশয় তাঁহাদিগকে সরল সম্বো-ধন ও বিনীত স্বরে জিজ্ঞাসিলেন, আপনাদিগের মুখ-কমলের অলে কিক জীদর্শনে, আমরা আপনাদিগকে দেব-কন্যা অনুমান করিতেছি, এ সুকুনার দেবশরীরে ক্লেশ সহ্য করিয়া কোণা হইতে আগমন করিলেন? কোথায় কি উদ্দেশে শুভাগমন হইয়াছিল; উভয়ের নাম কি? অকাপট্যে সমস্ত প্রকাশিলে আমরা প্রমাপ্যারিত হই। প্রথম কহিলেন, আমার নাম প্রমদা, আমার এই সন্ধিনীর নাম প্রিয়বাদিনী: আমরা উভয়ে স্টিকর্ত্তা ক্মল্যোনির নিবাসে থাকি, বিম্ন বিপদের শান্তি করিতে মধ্যে মর্ত্য-লোকে গমন করি, সম্পাতি আমাদিগের তথায় ফাইবার কারণ এই,—কিছুদিন পূর্ব্বে বঙ্গদেশ হইতে এক আবেদন পত্র বিধাতার নিকট আইসে, তাহাতে নরগণ বর্ণনা করি-য়াছেন, বঙ্গের স্ত্রীজাতি, এক্ষণে অবশ্য কর্ত্তব্য প্রতি-शानात विश्व **इहेशार्क्स । ख्रीरनारक** ताई मश्मात वक्रास्त মূলীভূত, তাঁহাদিগের কর্ত্তবা কার্য্যের কি ব্যতিক্রম হইয়াছে. তত্তাবতের তত্ত্ববেধান করিতে কমলবোনি আমাদিগকে বঙ্গভূমিতে প্রেরণ করিয়াছিলেন। আমরা দেই সমস্ত তদন্ত করিয়া আসিলাম। ইহা প্রবণ করিয়া, সভাস্থ সক-लहे थिएमत निकृषे निरायम क्रिलन, हेराँत। आधु-

নিক বঙ্গমহিলাদিগের ইতির্ত্তান্ত সবিশেষ কছিতে পারি-বেন, অতএব সে পক্ষে যত্ন করা অত্যাবশ্যক; তদকুসারে প্রিন্স যত্ন করাতে প্রিয়বাদিনী, বঙ্গরমণীগণের যথাযথ বিব-রণ বলিতে আরম্ভ করিলেন।

আমরা দেখিয়া আসিলাম বদদেশের অনেক স্ত্রী,
এক্ষণে স্নেছ ও ভক্তিশূন্য; গৃহকার্য্য, রন্ধনকার্য্য ও সন্তান
প্রতিপালনে নিতান্ত অপটু; ইহাঁরা পক্ষপাত, পরনিন্দ।
ও কুটুম্বজনের সহিত কলহে বিশেষ নিপুণ; ইহাঁদিগের
লক্ষা ও নীতি জ্ঞানের মূলে নাটক ও নভেল লেখকেরা
পুনঃ পুনঃ কুঠারাঘাত করিতেছেন। বদ্ধদেশের স্ত্রীদিগের
ধর্মান্তকর স্ক্রদেশের আয়তন রহৎ, নতুবা এত দিনেঐ
কুঠারাঘাতে নিপতিত হইত। এই স্ত্রীদিগের মধ্যে ঘাঁছারা
বুদ্ধিমতী, তাঁহারা পতিকুলাবলম্বিনী।

এক্ষণে বঙ্গের নারীরা আমীর উপর কর্তৃত্ব করিতে না পারিলে সন্ত্রই হয়েন না। পূর্বে প্রাচীনা স্ত্রীরা তীর্থন্তানে বাইতেন, মুবতীরা অক্র্যাম্পাশ্যা ছিলেন। কিন্তু এক্ষণ-কার স্ত্রীলোক না গমন করেন এমন স্থানই নাই। ইহারা পূর্ব্বকালের ন্যায় ভ্রমীপতিদিণের প্রতি সাংঘাতিক পরি-হাস করেন না। যাতৃ, ননন্দৃ ও ভ্রাতৃ জারার সহিত পূর্ব্ববং মনান্তরের কার্য্য করিয়া থাকেন, অসার আমীর কর্ণে এ, এ, তা বলিয়া অন্য পরিজনের প্রতি দ্বেষ জন্মাইয়া দেন। ইহারা বিদ্যাশিক্ষা উপলক্ষে কেবল নভেল নাটক প্রভৃতি সামান্য পুস্তক পাড়িয়া জ্ঞানোয়তির পরিবর্তে তুর্মতি, কদাচার ও কুসংস্কারের রদ্ধি করিতেছেন। বমগার নাম অবলা ও সরলা ছিল, এক্ষণকার স্ত্রীরা মুখরা
ও কুটীলা হইয়াছেন। ইহাঁরা পরিবারের মধ্যে কেবল
আমী, পুত্র, কন্যাদিগকে আপন বলিয়া জানেন। কেহ
কেহ মাতা ও ভ্রাভাকে কি জামাতাকে প্রভিবেশীর ন্যায়
ঘনিষ্ঠ দেখেন, অপরের প্রতি তাঁহাদিগের দয়া দাক্ষিণ্য
কিছুই নাই।

একত্র সহবাস জন্য নিঃসম্বন্ধীয় লোককে আপদগ্রস্ত ও সন্তাপিত দেখিলে তথনকার স্ত্রীলোকের নয়ন অশ্রুপূর্ণ হইত, দে সময় আর নাই। পিসী, মাসী, ভাগিনী, যাত, ননন্, ভ্রাতৃ-ছায়া সকলে এক্ষণকার স্ত্রীলোকের সমক্ষে পীডিতা হইতেছে, লোকান্তর হইতেছে; চাক্ষ্ম দেখিলেও তাঁহাদিণের কিছুমাত্র কৰুণার উদয় হয় না। তুলা সম্বন্ধ স্বজনের প্রতি ইতর বিশেষ ও পক্ষপাত করা ইহাঁদিগের নূতন একটী স্বভাব হইয়াছে, ইহা নিভান্ত পাপকাৰ্যা। যে হেতু ঐ পক্ষপাতিত্ব পাপে যাজ্ঞমেনী দ্রেপিদীর স্বর্গা-রোহণ কালে অধঃপতন হইয়াছিল। আবার জিজ্ঞাসিলে স্পষ্টাক্ষরে বলেন, এরূপ ইতর বিশেষ হইয়া থাকে। যে গাভী অধিক ত্র্ব্ব দেয়, তাহাকে অধিক যতু করা যায়। হা! একথা উল্লেখ করিতেও লক্ষা বোধ হয় না। তাঁহারা সকলেই আশা করেন যে সকলে তাঁহাদিগকে তাল বাসেন, কিন্তু আজ কাল ভাল বাদার কাজ তাঁহারা কিছুই করেন না। ইহাঁরা কোন অলকারই ব্যবহার করেন না। অথচ স্বামীকে দায়গ্রন্ত

করিয়া নানা প্রকার জলভার সংগ্রন্থ করিয়া থাকেন। জল-কার সংগ্রহের ফল কি কহিব, তাহা প্রস্তুত উপলক্ষে যত টাকা ব্যয় হয়, অর্দ্ধেকেরও অধিক প্রভারক স্বর্ণকারের ভোগে আইনে। স্বামীর ধন এরপ অনর্থক নম্ট করিয়াও তাঁহারা সোহাগিনী হইতে চাহেন। আগদ্ধককে আদর आख्यान ও यञ्ज कता इंडांनिएशत डेम्हा नय । इंडांटनत मरका কেছ কেছ এত নির্ফোধ যে, পতি পুত্রের উপর যেরূপ বিক্রম প্রকাশ চলে, অপরের প্রতিও সেই রূপ প্রকাশ করিতে প্রস্তুত হয়েন। ইহাঁরা অনেকে অর্দ্ধেরে অধিক মিখ্যা কথা করেন এবং নিজের স্বভাব জানেন, সেই জন্য আনোর কথায় প্রভায় করেন না । ইহাঁদিগের খেলা ও হাসির ইচ্ছা কথন পরিপূর্ণ হয় না। ইহাঁরা উড়ে বেহারার ন্যায় শার লোকের প্রতি দেবিাতা করেন ও আশার লোকের নিকট বিনীত থাকেন। বিনয় করিলে বক্ত এবং ভাডনায় मदल हर्यम ।

এক্ষণের স্ত্রী লোকেরা অতি সুবোধ শোনা গিয়াছিল, কিন্তু তাহার কিছুই দেখিলাম না। সুবৃদ্ধির মধ্যে আপ-নাদিগের সুখ বিস্তারের চেটাই অধিক। ইহাঁরা অভ্যাপি পুরুষের সন্মুখে বিচরণ ও ভোজন করেন না, করিলেই বা দোষ কি, এই আন্দোলন চলিতেছে। পাঁডি পুত্র গুরুজন সত্ত্বেও ইহাঁরা জামাতা ও বধু মনোনীত করিয়া কন্যা পুত্রের বিবাহ দিবার কর্মী হইরাছেন। ইহাঁরা অনেকে সংসার চলাইবার সমস্ত মাসের বায় স্থামীর নিকট হইতে

বুঝিয়া লইয়া সংস্থান জন্য সকল পরিবার ও পরিচারকদিগকে অন্নকষ্ট দেন । আপনারা যতই রপ গুণ মাধুর্য্য
বিবিজ্জিতা হউন, অপর নারীর যৎকিঞ্চিৎ রপ গুণ মাধুর্য্যের
ব্যাতিক্রম দেখিলেই তাহার প্রতি কটাক্ষ করিতে ক্রটি
করেন না।

এক্ষণকার স্ত্রীলোকেরা, সে দামিনী বসু, রুষ্ণকামিনী দত্ত, শরৎ সুন্দরী মুখোপাধ্যার এইরূপে আপনাদিগের নাম লিখিরা থাকেন। শুনিলে এরপ নাম স্ত্রী কি পুরুষের এমন কোন মতে বুঝা বায় না। সে দামিনী বসু শুনিলেই সহসা বোধ হয় যে, স্ত্রী ও পুরুষ উভয়বিধ জাতির গুণ, ধর্ম্ম, ও মূর্ত্তি বিশিষ্ট এক প্রকার অলোকিক জন্তু সেই সঙ্গে সম্মে মনে হইতে থাকে, ইহাঁদিগের বাস লোহপিঞ্জরে ও থাতা তুণ পত্রাদি হইতে পারে।

ইহারা রোগ গোপন রাখেন, তাহা উৎকট না হইলে প্রকাশ করেন না। দ্বেষ হিংসা সম্বন্ধে কেবল আপনার সপত্নীর প্রীতি ইহাঁদিগের সপত্নী ভাব নহে, প্রায় স্ত্রীলোক মাত্রেরই প্রতি ইহাঁদিগের সপত্নী ভাব। ইহাঁরা যৎসামান্য কারণে ক্রন্দন করেন। প্রাচীনা স্ত্রীলোকেরা তত্তৎ নবীনাবন্থার মনের গতি একহালে বিন্মৃত হওয়াতে নবীনারা আপনাদিগের বয়সের উপযুক্ত সন্তোষজ্ঞনক কার্য্য করিলে তাঁহারা নিতান্ত তীব্র ভাব প্রকাশ করেন। দ্রীলোকেরা যথন যাহার সমক্ষে থাকেন, তথন তাঁহারই আপনার জন বলিয়া প্রকাশ করেন। কিন্তু অসাক্ষাতে

ইহাঁদিগের মনের ভাব অন্যরূপ; স্ত্রীদিগের অর্থ প্রায় নিঃসম্পর্কীয় লোকের ভোগজাত হয়।

স্ত্রীলোকেরা কতকগুলি স্নানের ঘাটে একত্রিত হইলে আনেক প্রক্ষের কথা উত্থাপন করিয়া, তাঁহারা কে উত্তম, কে অধন, তৎসম্বন্ধে একটা মীমাংসা না করিয়া নিশ্চিন্ত হয়েন না। ইহাঁদিণের মধ্যে ঘোর পাণীরসীরা অনায়াসে পতিকে নিন্দা ও অশ্রন্ধা করিয়া থাকে। পরিবারস্থ পুরুষ পক্ষ সকলের আহার হইবার অগ্রে তথনকার স্ত্রীলোকেরা জলবিন্দু গ্রহণ করিতেন না। এক্ষণে যার পর নাই স্থামীর আহারের পূর্বেও অনেক স্ত্রী উদর শীতল করিয়া তামূল চর্মণ করিতে থাকেন।

প্রীজাতি নিতান্ত ছুংখভাগিনী, ইহাঁরা যে পুত্রাদিকে স্থানান করান, যাহাকে প্রাণপণ-যত্নে লালন পালন করেন, হায়! কালক্রনৈ তাঁহাদিগকে সেই পুত্রাদির জ্রুটির অনুবর্তিনী হইতে হয়। তক্র বংশজ রমণীরা, পুরুষ পরিবারের পরিচর্যায় দিন্যাপন করেন। পুরুষদিগের প্রাণ রক্ষার প্রতি লোকে যতদূর যতুপান নারীদিগের রক্ষার্থে কেই ততদূর যত্ন করেন না। হিন্দু জ্বী যে ছুংখ সহা ও সম্বরণ করেন, তাহার শতাংশের একাংশও সহা করিতে হইলে পুরুষেরা উন্তে ইইলে পুরুষেরা উন্তে ইইল

হিন্দু গৃহত্তের গৃহিণীরা নানাবিধ পরিচারকের কার্য। করেন, তথাপি নিষ্ঠুর স্থামীরা তাঁহাদিগের প্রতি সম্ভট্ট নহেন। অনেকানেক মহাপুক্ষ আপনার আমোদ প্রমোদ সুথ সন্তোগেই নিয়ত রত থাকেন। পূজনীয়া জনন্দ, কি সছ-ধর্মিনী বনিতার ক্লেশ নিবারণ করা দূরে থাকুক, মাসান্তরেও একবার তাঁহাদিগের তুঃথের কথা স্মরণপথে আনেন না।

''ব্যঞ্জন অধিক লবণাক্ত হইয়াছে, দুগ্ধ ঘনীভূত করা হয় নাই, অল্ল উষ্ণ নাই, আলোকাধার পরিষ্কার হয় নাই, মশা-রিতে মশা প্রবেশ করিয়াছে, পানীয় জল শীতল হয় নাই," ইত্যাদি উপলক্ষ করিয়া অনেক পুরুষ অন্তঃপুরবাসিনী-দিণের প্রতি কর্কশ্রাক্য ও বিক্লত বিজ্ঞাতীয় বদনভঙ্গী দারা অশেষ প্রকার বিভীষিকা দেখান। স্ত্রীরা যেন পাষাণ-मशी, जांशामित्रात ममल मिन मश्मातकार्या निन्दी करिया শ্রম অথবা আলদ্য হয়, ইহা নিষ্ঠুর পুরুষদিগের মনে সংস্কার নাই। জননীর পীড়া হইয়াছে, পিতা মরণাপর, পিত্র-লয়ে যাইয়া তাঁহাদিগের শুশ্রুষ। করা কন্যার অবশ্য কর্ত্তব্য অনেক মহাপুৰুষ স্থামী হাকিমি ফলাইয়া স্ত্ৰীকে পিতালয়ে ষাইতে দেন না। স্ত্রীর প্রতি অতান্ত উপদ্রব করাতে অনেক পুরুষ পরে তাহার প্রতিফল ভোগ করেন, তথাপি ठाँशिषिरगत रेहजना जत्य ना। खोषिरगत रेजिहजाउ ক্মলযোনির নিকট এই রূপ স্বিশুর কহিব, তিনি তাহার প্রতিবিধান করিবেন ।

বর্র-স্থান।

অতঃপর কালীপ্রসন্ধ সিংহ কিশোরীচাঁদকে সয়ত্ব বর্ষর-স্থানে লইয়া চলিলেন।

কিশোরীচাঁদ বর্মর-স্থানের সম্মুখে উপস্থিত হইয়া দেখি-লেন, স্বন্ধে ওকভার দ্রব্য, কেহ কেহ অর্থপুষ্ঠে আরোহণ করিয়া থাইতেছেন। বহুমূল্য মুক্তা ভশ্ম করিয়া তাম্ব লের জনা চূর্ণ প্রস্তুত হইতেছে। কেহ কেহ পা'ড় ছিঁড়িয়া ঢাকাই বস্ত্র পরিয়াছে, কারণ পা'ডের কাঠিনা কটিদেশ সহ্য করিতে পারে নাই। এক স্থানে কুটুম্ব-ভবনে তত্ত্ব যাইবে, তদর্থে ন্ত, পাকার মূল্যবান বস্ত্র ও খাদ্য আসিয়াছে। এক এক জন পিভৃতুল্য মান্য লোকের সন্মুখে ধূম পান করিতেছে। কেছ কেহ অকারণে দিবাবসানে পশ্চিমাভিমুখে গমন করিতেছে। কেই কেই অপ্পবৃদ্ধি স্ত্রীর সহিত সংসার নির্ম্বাহের কর্ত্তব্যা-কর্ত্তব্য বিবেচনা স্থির করিতেছে। কেছ বা কলকণ্ঠ পক্ষী সমূহ গৃহপিঞ্জরে বন্ধ রাখিয়া তাহার স্বরে শ্রবণ রঞ্জন করিতে র্থা চেফ্টা পাইতেছে, যে হেতৃ তাহারা বনের ফরে গ্যহে ডাকিতেছে না। পরিশোধ করিবার কোন উপায় নাই জানিয়াও, কেহ কেহ অলফার বিক্রয় না করিয়া বস্ত্রক দিতে চলিতেছে। কেহ কেহ ভোগ বিবৰ্জিত হইয়া কঠিন পরিশ্রমার্ক্তিত ধন পরের ভোগের জন্য সঞ্চয় করিতেছে কেছ কেছ উকীলের করাল হত্তে পতিবার উল্লোগে আছে।

কেহ কেহবা মিথ্যা ভয় ও চিন্তার অনুগত হইয়া ক্রেশে কাল যাপন করিতেছে। কেহ অপরীক্ষিত নিয়মাবলম্বন, অজ্ঞাত ভক্ষা দ্রব্য ভোজন ও দেহের প্রতি নানা প্রকার স্বাধীনতা ব্যবহার দ্বারা ৰুগ্ন ও ভগ্ন হইতেছে। কোন ব্যক্তি অনায়ত্ত ও পরকীয় স্থানে পরের সহিত দ্বন্দু কলহ করিয়া অবমানিত হইতেছে। কেহ বা যাকে তাকে প্রত্যয় করিয়া বিষম বিপদে পড়িতেছে।

অবস্থান্য ক্ষুদ্র গৃহ নির্মাণ না করিয়া কোন স্থানে কেই কেই প্রকাণ্ড প্রকাণ্ড অট্টালিকা পত্তন দিয়া অসম্পূর্ণা-বস্থায় রাথিয়াছে। অর্থাভাবে কেই ছাদ, কেই বা দার ও বাতায়ন প্রভৃতি নির্মাণ এবং চূর্ণ বালুকার কার্য্য শেষ করিতে পারে নাই, ব্যবহারের যোগ্যও হয় নাই, স্থানে স্থানে অর্থাথ বট রক্ষ মূল-সঞ্চার করিতেছে, ভিত্তি ভাঙ্গিয়া পড়িতেছে, অথচ কোন প্রকোঠে, বাতায়নে কাচ বসিতেছে, প্রাচীর নানা বর্ণে রঞ্জিত ইউতেছে।

কেহ কেহ পিতার কায়ক্লেশের উপার্জ্জিত সঞ্চিতধনে জন্ত, যান ক্রয়, অলভ্য বাণিজ্য ও গো-কুল-ষণ্ড সদৃশ সহচরদি-গের উদরপূর্ত্তি করিয়া হতসর্প্রস্থ হইয়াছেন। কেহ কেছ অন-র্থক অর্থ ব্যয় করিয়া রাজস্ব দিতে অপারক হওয়াতে পৈতৃক সম্পত্তি অপচয় করিতেছেন। তাঁহাদিগের অনেকের বর্ণজ্ঞান নাই, ইংরাজি সংবাদপত্রের বিপরীত দিক নয়নাত্রে ধরিয়া পাঠ করা ছলে প্রকাণ্ড শকটারোহণে গমন করিতেছেন।

কেহ কেহ দিগন্তব্যাপী এক এক উদ্যান বহু সহস্ৰ

মুদ্রা দিয়া ক্রয় করিয়াছেন, তাহাতে শত শত উল্লানগাল কার্য্য করিতেছে, দেশ দেশান্তর হইতে ফল ফুলের রক্ষ আনাইয়া তাহাতে সংস্থাপিত করা হইয়াছে। গূল্যবান দ্রব্য সামগ্রী যাহা জন্মিতেছে, তাহা উদ্যানপালেরা গোপনে আপুসাৎ করিতেছে, কেবল তুই একটা পুস্পাণ্ডছে, তুই একটা অপক্ষ কদলী ভাহারা বাবুর বাটাতে আনিতেছে। বাবু তাহা পাইয়া চিত্রাপিতের ন্যায় মুখব্যাদান করিয়া দর্শনান্তে যৎপরোনান্তি সন্তুষ্ট হইতেছেন।

কেহ কেই প্রতিবেশী অথবা স্বন্ধন পরিবারের সহিত্
কলহ জনিত ক্রোপ চরিতার্থ হেতু আপন গৃহের তৈজদ
পত্র ভালিরা ও বস্তাদি ছিন্ন করিয়া স্তুপাকার করিভেছে।
কোন স্থানে অনেকে বাহ্যজ্ঞান শূন্য হইয়া কার্যের
প্রার্থনায় কায়ননের সহিত ক্ষমতাবিহীন পদাভিষিক্ত
লোকের উপাদনা করিভেছে। অকিঞ্চিৎকর স্থ্যসের্য মুক্তিযোগ ঔষধে অপ্পকালে রোগমুক্ত হইবেন, আশা করিয়া
হানেকে অপ্পকালে কাল প্রাব্য নিপ্রিত হইভেছেন।

আর এক জন বারু দিবাভাগে বাইনাচ ভাল লাগে
না, অথচ দিবা ভিন্ন তাঁহার নাচ দেখিবার সাবকাশ না
থাকায়, তিন চারিটা চন্দ্রভিপ উপর্যুপরি তুলিয়া দিবাকে
যানিনীতুল্যা তানসী করিয়া প্রজ্জালিত বর্ত্তিকা সংস্থাপন
পূর্মক হত্য দর্শন করিতেছেন, তিনিই সত্ত্ব জোয়ার আনাইবার জন্য নাবিকের উপর বিষম ধুম্ধাম করিয়াছিলেন!
তিনিই ফর্দ্দের পরপৃষ্ঠায় যে ইজা শব্দ লেখা থাকে, তাহার

অর্থ কি না জানিয়া তাঁহার অধিকার সম্বন্ধীয় প্রজার রাজ্য বক্রির ফর্দ দৃষ্টে ইজাকে হাজির করিতে আজা দিয়াছিলেন।

আর এক জন বাবুর নিকট তাঁহার কর্মচারী আদিয়া কহিল,—ধর্ম অবভার! মৃত কর্তামহাশরের আদ্ধান্তর সমস্ত আয়োজন হইয়াছে, একবার আদিয়া দৃষ্টিপাত করুন। ধর্মাবতার হত্তে আদ্ধাের তালিকা লইয়া আগমন করিলেন। সমস্ত দ্রবাদি মিলাইয়া লইলেন, অবশেষে দক্ষিণা তু-টাকা লেখা ছিল, তাহা দেখিয়া কর্মচারীকে কহিলেন,—এহে! দক্ষিণা ক্রয় করিতে বিস্মৃত হইয়াছ? দেখ, যেন দক্ষিণা মূল্যময় না করিতে হয়!

কোন ছানে গোলায় আগুণ লাগার দিবদের রিপোর্ট, তাহার তুই মাদ পরে বিচারপতিরা শুনিবার দাবকাশ পাইয়া আজ্ঞা-লিপিতে অধীনকে লিথিতেছেন,—অগ্নি
নিভাইয়া দিবে।

কোন বিলাতীয় বণিক্কে তাঁহার বঙ্গবাদী কর্মচারী বুঝাইয়া দিতেছেন, আমদানীর তাঁবা রোচে শুথাইয়া ভার লাঘর হইয়াছে।

এক স্থানে একথান পতিত বোল্তার চাকের চতুর্দিণে বেষ্টন ক্রিয়া শত শত লোক দণ্ডায়মান, উহা কি বস্তু কেহই স্থির করিতে পারিতেছে না। বর্ষর্দিণের মধ্যে লালবিচক্র নামে এক প্রাচীন তাহা দেখিয়া নিদ্ধান্ত করিয়া কহিলেন,— "লালবিচক্র সবকুচ জানে আর না জানে কই। পুরাণাচাঁদ গেরপড়া হায় গুছুনে ধরা হায় উই॥"

বাদী চণ্ডীমগুপের সম্মৃথে টাকা দিয়াছিল শুনিয়া, বর্ব্বর স্থানের কোন বিচারপতি সাক্ষ্য হেতু চণ্ডীমগুপকে হাজির করণার্থে হুকুম দিলেন,—"চণ্ডীমগুপকো বোলাও।"

এক জন বিদেশে কর্মা করিতেন। পাঁচ সাত বৎসর পরে এক এক বার বাটীতে আসিতেন। ইতপূর্বে যে সময়ে বাটীতে আসিয়াছিলেন, তথন তাঁহার বনিতার গর্জ-লক্ষণ দেখিয়া যান এবং স্ত্রীকে অনুসতি করিয়া যান, গর্ভে সন্তান হইলে যেন তাহার রামজয় নাম রাখা হয়। উক্ত গৃহস্থ এক্ষণে পাঁচ বৎসর পরে বাটীতে আসিয়াছেন; তাহার বনিতার দেই গর্ভে যে সন্তানাদি কিছুই হয় নাই, তাহার তত্ত্ব তল্লাস কিছুই না লইয়া বাটীতে আসিয়া আমার রামজয় কোথায় রামজয় কোথায় এই অন্বেধণেই ব্যস্ত হইললেন। পরে রামজয়েকে দেখিতে না পাইয়া রামজয় রামজয় বলিয়া উচ্চৈঃফরে রোদন করিতে লাগিলেন। তাঁহাকে সান্তনা করা অসাব্য হইয়া উঠিল।

বর্ধর স্থানের এক মহাক্মা অতি প্রভূষাবধি স্নানের ঘাটে বদিয়া আছেন। পূর্ব্ব রাত্রে চৌরে ভাঁছার গৃহ হইতে দ্রবা লইয়া মুল্ছ স্থান দিয়া প্রস্থান করিয়াছিল, সে শুদ্ধ হইবার জন্য সেই ঘাটে স্থান করিতে আদিলেই দেই স্থযোগে তিনি তাহাকে ধ্রত করিবেন।

কোন স্থানে রাজপথে দণ্ডায়মান হইয়া ধর্ম যাজকেরা

উচ্চৈন্দরে হুঃ স্বঃ ধর্ম প্রচার করিতেছেন ও অপরকে সেই ধর্মাকোন্ত করিতে যত্ন পাইতেছেন।

সুস্থাদ লাউ জন্মিবে এই আশা করিয়া তাহার বীজ কেহ কেহ চুগ্নে ভিজাইয়া রোপণ করিতেছে।

আত্মরক্ষার ক্ষমতা নাই এমন ব্যক্তিরা স্ত্রী দিগকে স্বাধীনত্ব দিবার আয়োজনে ব্যতিব্যস্ত আছেন।

কেছ কেছ কার্য্য স্থলত জন্য পূর্ম্বদিন গাতীকে অঙ্গ পান করাইয়া দিতেছেন, যে হেতুপের দিবস দোহন করিলে এক কালেই দধি নির্গত হইবে।

কোন ক্রমকের একান্ত বাদনা ছিল যে, সে সময় পাইলে ও বিষয়াপান ছইলে সোণার কান্তে গড়াইয়া তাছাতে ধানা ছেদন করিবে, এক্ষণে সেই সময় পাইয়া সে এক সোণার কান্তে হত্তে করিয়া ধান্যছেদনার্থে চলিয়াছে।

এই স্থানে এক জন প্রাচীন বর্ষর তাহার চতুর্দ্দিণে
কতকণ্ডলি যুবাকে আহ্বান করিয়া কহিতেছেন,—ওহে যুবাগণ! তোমরা কিছুই দেখিলে না, কিছুই শুনিলে না, আমি
লোকান্তর গত হইলে তোমাদিগের যে কি দশা হইবে.
ভাবিয়া স্থির করিতে পারিতেছি না। এই বেলা মনোনিবেশ করিয়া প্রবণ কর, সকলে স্মরণ রাখিও।——

কন্দর্প এক গোরবর্ণ রূপবান্ প্রক্ষ ছিলেন; ছেপিদীর ফর্নের নাায় বর্ণ ছিল। কর্ণ তীন্মদেবের জ্যেষ্ঠ পুত্র, জ্রীরাম চন্দ্র হিড়িস্বা রাক্ষ্যীকে সংহার করিয়াছেন। লক্ষ্য ও বক্ষবাহনে ঘোরতর সংগ্রাম ইইয়াছিল। বঙ্গবাসীরা ইংরাজ দিগের নিকট নাটকাভিনয় শিক্ষা পাইরাছেন। রাজা

যুধিষ্ঠিরের শাপে গল্পা দ্রবময়ী হয়েন। ভগবতীর গর্ভে

কার্তিক গণেশের জন্ম হইয়াছিল। বানর লাল্কুল অফ হইয়া

নরজাতি হইয়াছে। উত্তরাগুলের ধানারক্ষে প্রকাণ্ড পরি
সর তক্তা প্রস্তুত হয়। সমুদ্রের ভীষণ কল্লোলের শব্দে
ভীতা হওয়াতে পুরীতে স্কুভ্রা দেবীর হস্তদ্বর তাঁহার উদরে

প্রবেশ করিয়াছে। বিষ্ণু ও মহাদেবে বিবাদ হইয়াছিল,
তত্বপলক্ষে বিষ্ণুর করনিম্পীড়নে মহাদেবের নীলকণ্ঠ হইরাছে। রাবণের শাপে গণেশের গজমুখ হইয়াছে। অধিক
কথা ভোমরা স্মরণ রাখিতে পারিবে না, সে সকল বলা
রথা। ভারতের আর কিছু নিগৃঢ় জানিবার ইচ্ছা হইলে

আধুনিক এক ইংরাজের ভারত-ইতিহাস পাঠ করিবে, তাঁহার
নাম আমি গোপনে ভোমাদিগকে বলিয়া দিব।

প্রিন্সের আক্ষেপ।

কালীপ্রদন্ধ ও কিশোরীর্চাদ বর্বার-স্থানে গমন করিলে প্রিস্তাহঃখিত মনে বলিলেন;——

বঙ্গের উন্নতি হইতেছে,—বঙ্গের উন্নতি হইতেছে! এ উনবিংশ শতাব্দী,—এ অস্তুত উন্নতির সময়। ইতাংকার চীৎকার বহুদিনাববি আকাশ ভেদ করিয়া প্রবলোকে উথিত হইতেছে। উনবিংশ শতাকীর উন্নাত ইউরোপ থণ্ডে হইতেছে, বঙ্গের সহিত তাহার কোন সংশ্রবই দেখিতে পাই না। আপনাদের নিকট বঙ্গের যৎকিঞ্চিং উন্নতির পারিচয় পাইলাম, তন্তির সকলই ত তাহার অবনতির চিত্ন, শ্রোন্ত ব্যক্তিরা যাহ। উন্নতি বলিয়া মানিতেছেন, তাহা উন্নতি নহে। তাঁহারা বারিশ্রমে মৃগত্ঞিকার অনুসরণ করিতে-ছেন,—রজ্লমে জ্লন্ত অসারে হস্ত প্রদান করিতে যাই-তেছেন। বারি সহে, উত্তাপের শিখা,—রজুনহে, জ্লন্ত জ্লার, তাহা বোধ হইতেছে না।

বিশুদ্ধ ভাবাপন্ন, বিদ্বান, রাজা রাধাকান্ত, হিন্দুহিতার্থী কফণানিধান রামগোপাল, অপ্রতিহত-সাহসমূক্ত হরিশ্চন্দ্র, গরন্তর তুল্য ডাক্তার চুর্গাচরণ, সদানন্দ আশুতোধ বাবু, উদারস্থভাব দানদীল প্রভাপচন্দ্র সিংহ ও মতিলাল শীল, পরমন্তানাপন্ন প্রীরাম, জয়নারায়ণ, কাশীনাথ, গোলোকচন্দ্র, গল্পার, হলরর প্রভৃতি পণ্ডিতরন্দ যথন বঙ্গভূমি পরিত্যাগ করিয়া আসিয়াছেন, তথন তাহার মঞ্চল, তাহার উন্নতির আশা আর কি আছে; সদাশয় ডেবিড ক্রোর সাহেব, সর লরেক্য পীল, ডাক্তার জ্যাকশন, বঙ্গ পরিত্যাগ করিয়াছেন, কোলক্রক জোক্য ও উইলসন বঙ্গে বর্ত্তমান নাই, কে বাস্ত্র-বিক উন্নতি, কে বঙ্গের জ্ঞানচক্ষু উন্থালন, কে বিয় শান্তি করিতে এক্ষণে অগ্রসর হইবেন। শুনিতেছি পীল মর্টন, টেটন ডিকেন্স অভাবে বিচার সংক্রান্ত বিপদ নিবারণের পথ এক প্রকার রোগ হইয়াছে; বঙ্গের উন্নতি হইবার

হইলে নিদারুণ নিষ্রদিগের হত্তে গিয়া অত অর্থ আবদ্ধ হইত না। বঙ্গের বিদ্যোত্মতি হইবার হইলে বন্ধবাসীরা কেবল ইংরাজীভাষা আলোচনা করিয়া ক্ষান্ত হইতেন না, আর বিশ্ববিদ্যালয়ে অতি সংক্ষিপ্ত গ্রন্থাংশ পাঠের নিয়ম বলবৎ হইত না; বঙ্গের মঙ্গল চিহ্ন হইলে পিতা মাতা গুৰু জনকে অবহেল। ও তাঁহাদিগের অন্তঃকরণে নিদারুণ ক্রেশ দিতে লোকের প্রবৃত্তি জ্যাত্রনা; ক্ষাবাণিজ্যের প্রতি অতুৎসাহ ও দাসতের প্রতি বিষম আগ্রহতা হইত না; কভজতা স্বীকার ও সম্বন্ধ সংক্রান্ত প্রণয়ের ক্রমশঃ অভাব ও স্ত্রী-জাতিতে মমতার অপ্রভুল হইত না, গুরুতর সুগ ভোগের লালসা প্রাপেকা পরিবর্দ্ধিত হইয়া সর্বদাই অর্থভোর হইত না। কোথায় বন্ধ দেশের মঙ্গল, কোথায় উন্নতি? শুনিয়াছি বল এতদুর দুঃথের স্থান হইয়াছে যে, ত্রিংশত বৎসর বয়ক্রম উত্তীর্ণ করিতে না করিতে লোক শীর্ণ ভীৰ্ণ ও সংসারের বিঘ্ন বিপত্তিতে বিপন্ন হইয়া মৃত্যু প্রার্থনা করে; উল্লাদের আনন্দের চিহ্ন আধুনিক বদীয়লোকের युथम छटल दम्यी यात्र ना, डाँहादमत मर्खनाई नितानन, मर्ख-দাই ক্ষুক্তিত।

কোথায় বন্ধের গুণগোরব বন্ধের যশঃ সৌরভ বিবরণ শুনিয়া হৃদয় প্রফুল্ল হইবে কোথায় আজ তাহার সন্তানগণের দাসত্ত্বার্ঘা, নীচত্ত্ব স্বীকার, হেয় অত্যুকরণ কার্য্যে প্রবৃত্তি, তাহাদিগের দেহ, শক্তি, আয়ু, স্বজন স্বজাতির প্রতি প্রকৃত প্রণয়ের হাস ইত্যাদির পরিচয় পাইয়া এমন চিত্তবিনোদন মুরলোকের উদ্যানেও আমার বিপুল মনস্তাপ উদয় হইল, তাঁহাদিগের শরীরে আর্যাজাতির ফার্মর সত্ত্বে ক্রতজ্ঞতা শ্বীকার পিতৃ মাতৃ ভক্তি স্থদেশ স্থজনের প্রতি কি প্রকারে প্রদাস্য জ্বিল, ছে বিশ্বের! সকলই তোমার ইচ্ছা, যেমন তুমি আমাকে অন্ত কয়েকজন পরম প্রীতিভাজন ব্যক্তির আত্মার সহিত সন্দর্শন করাইয়া চিত্ত পরিতৃত্ত করিলে, সেই রূপ যত্তাপি আমি ইইাদিগের নিকট বাস্তবিক বঙ্গের উন্নতির পরিচয় পাইতাম, তাহা হইলে আমার আমনদের পরিসীমা পাকিত না, তাদুশ আনন্দের অধিকারী হইব, আমার এমন সোভাগ্য নহে; হে পরমাত্মা! একবার ভোমার ক্রত্যাপুর্ণ দুক্তি অনাথিনী বন্ধভূমির প্রতি নিক্ষেপ কর, আমার উল্লোক্তে অপ্রথভ সরল স্থানীর স্থানার ক্রে পরিবেটিতা, তাহাকে সেই প্রেট্রাবন্থার বিমল বেশবিন্যাসে বিভূষিতা নেথিল। পরমান্দ্র নীরে নিময় হই।

অতংপর দ্বিতীয় অনিবেশনের দিন স্থির ও পরস্পর উপযুক্ত সদালাপ হইয়া সুরলোকের সভাভত্ন হইল।

S. S. B. S

সম্পূর্।

স্থরলোকে

বঙ্গের পরিচয়।



দিতীয় খণ্ড।

"অতোহর্হদি ক্ষন্তমসাধু সাধু বা হিতং মনোহারি চ ছর্লভং বচঃ।"

কলিকাতা

বাল্মীকি যন্ত্ৰে শ্ৰীকাণীকিষ্কর চক্রবর্ত্তী কর্তৃক প্রকাশিত। সংবৎ ১৯৩৪

বিজ্ঞাপন

এক্ষণে বঙ্গুসমাজে যে সকল অনুচিত রীতি পদ্ধতি প্রবেশ ক্রিয়াছে, তাহার কিয়দংশ প্রথম থণ্ডে প্রকাশ করায় সারদর্শী বিজ্ঞাপ যথেষ্ট অমুরাগের সহিত তাহা পাঠ করিয়া বলেন, "মধ্যে মধ্যে ঐরপ পুস্তক প্রণয়ন করিয়া বন্ধীয় বিপথস্থ জন-গণের অনুচিত রীতি পদ্ধতি নিবারণের যত্ন করা উচিত।" লণ্ডন নগরের বিখ্যাত লেখকেরা সমাজ সম্বন্ধে ঐরূপ বছ-সংখ্যক পুস্তক লিখিয়া সমাজের যথেষ্ঠ উপকার সাধন করিয়া-ছেন। অনেক ব্যক্তির অমুচিত রীতি পদ্ধতি দূরে প্রস্থান করিয়াছে। আমারদিগের দেশে ঐরপ পুস্তক উপকারী হুইবে আশা করিয়া এই দ্বিতীয় খণ্ডেও সমস্ত স্বরূপ বিবরণ প্রকাশ, ও স্কুচারু গদ্য পদ্য লেখক মহাত্মাগণকে যথাযোগ্য প্রশংসা করিতে ত্রুটি করি নাই, তাহাতে তাঁহাদিগের উৎসাহ বর্দ্ধন হইতে পারে। যাঁহারা স্বরূপ বর্ণনাতেও বিরক্ত হয়েন, তাঁহাদিগের নিকট অনুনয় বিনয় পূর্ব্বক এই গ্রন্থের আখ্যা পত্রে উদ্ধৃত মহাজন বাক্যসহকারে ক্ষমা প্রার্থনা করিতেছি। "হিতকারি বচন সাধুবা অসাধু হউক তাহা ক্ষমার যোগ্য, যে হেতৃ হিতকারি অথচ মনোহারি বচন ছর্লভ।"

মহোদয়গণ আরো এই মনে করিয়া লেথকের অপরাধ

মার্জনা করিবেন যে আমি বিদেশীয় ব্যক্তি নহি, তাঁহারা যে বঙ্গুমাতার সন্তান আমিও তাঁহারই সন্তান। তাঁহারদিগের ভাতা, ভ্রাতাগণের অমুচিত রীতি পদ্ধতির বিরুদ্ধে আমি লেখনী ধারণ করিয়াছি, সেই হেতু যেন তাঁহারা আমার প্রতি অসস্তোব ও অঙ্গেহ প্রকাশ না করেন, আমি তাঁহারদিগের অত্যাজ্য এ ও তাঁহারদিগের নিকট অশেষ বিধ প্রশ্রম পাইবার অধিকারী।

শুদ্ধিপত্ত।

পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
>0	হউরোপীয়	ইয়োৱোপীয়
२७	গ্রয়কৃষ্ণ	জয়কৃষ্ণ ়
>	দৈধ করেন	দৈধ বোধ করেন
२५	প্রভূত্বতার	প্রভূত্বের
> 0	উদ্ ত	উল্লেখ
స	কুস্বর শন্দ	কুস্বর
>8	আরোগা লাভ	আরোগ্য লাভ করে
\$8	অপনার	আপনার
>	স্যমক	সম্য ক
৯	তোমায়	তোমার
२२	পূৰ্ক	পূৰ্ব্বক
స	অমিত্র ছন্দে)	
	কাব্যরচনা করা বাতুলের কার্য্য	- ছ ন্দে কা ব্য রচনা করা বাতুলের কার্য্য
8	কম্পবান	কম্পান
59	ছন্দাবলীতে	ছ न्मिनिहस्
२२	নিষ্ণন্ন পূৰ্ব্বক	নিষ্পাদন পূৰ্ব্বক
> ¢	অনোচিত্ততা	অনোচিত্যদোষ
৯	নৃসংশ	न् नंश
	\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\	১৩ হউরোপীর ২৩ গ্রারকঞ্চ ১ বৈধ করেন ২১ প্রভুত্বতার ১০ উদ্ভুত ৯ কুস্বর শন্দ ১৪ আরোগ্য লাভ ১৪ অপনার ১ স্যুমক ৯ তোমার ২২ পূর্ব্ব ৯ অমিত্র ছন্দে কাব্যরচনা করা বাভূলের কার্য্য ৪ কম্পবান ১৭ ছন্দাবলীতে ২২ নিম্পন্ন পূর্ব্বক অনৌচিত্ততা

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ।
५ ०२	\$ 5	ক্বতি	কৃতী
200	5 2	मट्टो यि	মহৌষধ
>>	১৬	তত্রস্থ বাসীরা	তত্রত্য লোকেরা
225	ъ	বিশ্বান্ দলভুক্ত	প্ৰাজ্ঞ দলভুক্ত
>>0	8	মাগ্য	সন্মান
	20	ইচ্ছিত	অভিপ্ৰে ত
220	১২	তত্ত্বাবধাবন	তত্ত্বাবধারণ
	2¢	আবিৰ্ভাব	আবিভূ´ত
>२७	\$8	আসিয়া	আসিয়া
১২৯	ь	বৃদ্ধিজীবি	বৃদ্ধিজীবী
202	৬	চিৎকার	চীৎকার
১৩৬	৬	কর্মচারী	কর্মচারিরা
১৩৬	৯	নিষ্ঠর	নিষ্ঠুর
১৩৭	٩	রিথিয়া	রাখিয়া
১৩৭	>>	ভূদেব	ज् रमव
১৩৯	२७	যুবাজন	যুবাগণ
285	>	রাত্রদিন	রাতিদিন
285	¢	ক্ষীণাম্বেহ	ক্ষীণম্বেহ
\$83	>>	স্থজিত	কৃত

সূচীপত্ত।

					পৃষ্ঠা
দেবলোক	•••	•••	• • • •	•••	>
সমাদতত্ত্ব	•••	•••	•••	:	ર
প্রভূত্ব	• • • •	•••	•••	•••	১৩
পাঠক ও শ্রে	াতা	•••	•••	• • •	20
লেখ ক	• • • •	• • •	•••	•••	२,१
		গদ্য	1		
রাজা রামমোহন রায়। স্যার রাজা রাধাকান্ত দেব।					
বাবু নীলরত্ব হালদার।				७ २	
" नियंत्र छ छ ।					
	क्रेश	রচন্দ্র বিদ্যাস	াগর।) ७७	
	•	জেন্দ্রণাল মি		"	
হেমচক্র ভট্টাচার্যা।				,,-৩৪	
তারাশঙ্কর ভট্টাচার্য্য।				৩৪-৩৬	
বাবু দেবেক্রনাথ ঠাকুর।			৩৬		
	्र नी	লমণি বসাক	1	৩৭	
	" রাং	জনারায়ণ ব	% 1	৩৭	
,, অক্ষয়কুমার দত্ত।				७ 9-85	

বাবু ভূদেব মুখোপাধ্যায়।	82
মুক্তারাম বিদ্যাবাগীশ।)
জগন্মোহন তর্কালস্কার।	
রামকমল বিদ্যালস্কার।	
ষারকানাথ বিদ্যাভূষণ।	} 8₹
'রামগতি স্থায়রত্ন।	
বাবু গোপালচন্দ্ৰ বন্দ্যোপাধ্যায়	1
্, রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়।	J
হরিনাথ স্থায়রত্ব।	88-88
গিরীশচক্ত বিদ্যারত্ব।	88-8¢
রামকমল ভট্টাচার্য্য।	8@
মধুস্থদন বাচস্পতি।	80-85
णক্তার যত্নাথ মুখোপাধ্যায়।	85-89
হ্রানন্দ ভট্টাচার্য্য।	89-86
হ তোম	86-60
शना।	
मार्टेरकल मधुरुपन पख	¢0-9¢
বাবু র ঙ্গ লাল বন্দ্যোপাধ্যায়।	৭৫-৭৯
মধুস্দন বাচস্পতি।	b0-b3
বাবু নীলমণি বসাক।	৮১-৮ २
,, বিহারিলাল চক্রবর্তী।	b \$- b 8
" नवीनष्ठक (मन।	b 8-b9

ه / د

	বাবু দিজেক্ত্রনাথ ঠাকুর।			৮৭-৮৯	
	" হেমা	তক্ত বন্দ্যো	পাধ্যায়্।	P2-20	
শাস্ত্র	•••	• • •	• • •		20
সম্বন্ধ-তত্ত্ব	•••	•••	•••		503
নবযুবা			•••		১২
বিশ্বতত্ত্ব				•••	520
ভারিত্ব	•••		•••		30:
উপসংহার	•••	•••		-	300



স্থরলে (ক

বঙ্গের পরিচয়।

--ত্তা হৈছে। দেব-লোক।

しからないとう

দ্বিতীয়-সভাধিবেশন।

অদ্য শারদীয় পূর্ণচক্রের রজতবর্ণ বিমল জ্যোতিঃ, প্রিক্সের স্ফর্গীর-উদ্যান আনন্দময় করিল। উপবনের পীযৃষ্বাহিনী কলোলিনীতে হংসমালা শোভমান হইল। তরুপল্লবের সঞ্চালন শব্দ, পক্ষীগণের মধুর-কণ্ঠ-স্বর, শ্রবণেক্রিয় পরিভৃপ্ত করিল। বর্গবাসিনী স্থন্দরী কামিনীদিগের চরণালম্বারধ্বনি, ত্রিতন্ত্রীবীণাবাদনশন্দ, স্বরলোকস্থ সভাসীনজনের চিত্ত হরণ করিল। মৃত্-মন্দ-বায়ু সহকারে, নানাবিধ নববিক্ষিত পুষ্পারাজি, সোগর্ক বিস্তার করিল। এই সময়ে প্রিন্দা, রমণীয়-পরিচ্ছদে পরিশোভিত হইয়া, কল্প-বৃক্ষ-তলস্থিত পর্যক্ষে উপবেশন করিলেন। পরে ক্রমে ক্রমে সভ্যাগণ সকলেই সমাগত হইয়া, তৃষ্ণাভূর বেমন ব্যগ্রভাবে জলধারা প্রতীক্ষা করিতে থাকে, প্রবাদীর

গৃহাগমনের সম্বাদ পাইয়া যেমন তাহার পুত্র কলত্র পথ নিরীক্ষণ করিয়া থাকে, সেইরপ তাঁহারা আনন্দচক্র বেদাস্তবাগীশ ও বাব্ ঈশ্বরচক্র নন্দির আত্মার স্বর্গারোহণ সংবাদে পরমাহলাদিত হইয়া সন্দর্শনার্থে অতিমাত্র বাত্র হইতে লাগিলেন। ইহাঁদিগের উভয়ের আত্মা, দেহ-পিঞ্জর পরিত্যাগ পূর্ব্ধক স্বাধীনতার প্রত্যক্ষ-মূর্ত্তিনয়ী শক্তির রসমাধুরী উপভোগ করিতে করিতে স্বর্গপথে আগমন কালে প্রিক্ষের হৃদয়-রঞ্জন উপবনের উজ্জন প্রভা দূর হইতে দেখিতে পাইলেন। যেমন সাত্বিক মহাপ্রক্রমেরা দূর হইতে দেখিতে পাইলেন। যেমন সাত্বিক মহাপ্রক্রমেরা দূর হইতে দেবমন্দিরের ধ্বজপট দেখিয়া প্রক্র হয়েন, ইহাঁরাও সেইরূপ হইলেন। শ্রান্তি দূর হইলে, এই উভয় মহায়া, ভবশক্ষর বিদ্যারত্ব, প্রেমচক্র তর্কবাগীশ, বাবু রামগোপাল যোষ, জষ্টিস বারকানাথ মিত্র প্রভৃতির আত্মার অন্তরোধে, বঙ্গভূমির আধুনিক ঘটনা সম্বন্ধে এইরূপ বলিতে লাগিলেন।

সম্বাদ-তত্ত্ব।

আনন্দাচন্দ্র বেদান্তবাগীশ ও বাবু স্থারচন্দ্র নন্দী দণ্ডায়মান হইয়া প্রিন্সকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন, মহাত্মন্! অধুনা পূর্বকালের স্থায় আত্মীয় ও অতিথিকে সময়ে সময়ে আহ্বান করিয়া আহা- রাদি করাইবার প্রথা ক্রমে বিলুপ্ত হইয়াছে। আতিথা কাহাকে বলে তাহ। অনেকেই অবগত নহেন। পূর্কে আতিথ্য এত প্রবল ছিল যে, পন্নীতে কোন অতিথির আগ-মন হইলে, প্রতিবাসীরা সকলে একত্র হইয়া তাহাকে কে নিজ নিবাসে লইয়া যাইবেন এ নিমিত্ত পরম্পর দ্বন্দ কলহ করি-তেন। এক্ষণে কেহ কোন স্থানে অতিথি হয় না'; যদ্যপি কাহা-কেও অগত্যা অতিথি হইতে হয়, প্রতিবাসীরা তাহাকে দেখিয়া কেহ দার ক্লব্ধ করেন, কেহ বা তাহার দৃষ্টি পথ হইতে অন্তর্হিত হয়েন। অনেক সম্ভ্রান্ত সম্পত্তিশালী ব্যক্তি মৃষ্টি ভিক্ষা প্রদানে কাতর হয়েন। ভিক্ষকের প্রতি কুপিত হইয়া বলেন "তোরা গিয়া পরিশ্রম করিয়া দিনপাত কর"; তাহাদিগকে যে পরিশ্রম ক্রাইয়া আহারাদি দিবার লোক নাই তাঁহারা জানিয়াও জানেন না। কোন কোন তর্কবাগীশ বলেন পরমেশ্বর ভিক্ষুক দিগকে ক্রেশ দিতে ইচ্ছা করিয়াছেন আমরা জগদীধরের সেই ইচ্ছার বিপরীত কার্য্য কি কার্ণ অবলম্বন করিব। কেহ কেহ বলেন ইংরাজেরা ভিক্ষা দেন না আমরা কেন দিব ; কিন্তু ইংরাজেরা যে চেরিটেবিল সোদাইটীতে (দাতব্য শালায়) বিপুল ধন দান করিয়া ভিক্ষক দিগকে চিরদিন ভিক্ষা দিবার উপায় করিয়া রাখিয়াছেন বঙ্গবাদীরা তাহা কিছু করেন নাই তাঁহারা হঠাৎ বলিয়া উঠেন ইংরাজেরা ভিক্ষাদেন না আমরা কেন দিব ? ইত্যাদি নানা কার্য্য ছারা আধুনিক বঙ্গবাসীরা এক প্রকার ধর্ম কর্ম বিবর্জিত হইতেছেন; তবে গবর্ণমেণ্ট তাঁহাদিগের নিকট হইতে রোড্-শেষ নামে যে কর বলপূর্বক গ্রহণ করিয়া তাহাতে ব্যক্তি সাধা-

রণের গমনাগমনের পথ প্রস্তুত করিয়া দেন সেই অর্থে ঐ অর্থ সঞ্চয়ী দিগের ইহ কালের গমন স্থলভ ও পরকালের পুলার পথ কিছু পরিদর হয়। রোড্শেষ নামক কর গ্রহণের জন্ত গবর্ণ-মেণ্টকে অনেকে নিন্দা করেন, আমরা তাহাতে নিন্দা না করিয়া প্রশংসা করি, যেহেতু অনেক মৃঢ় ব্যক্তি ইচ্ছা পূর্বক শক্তি সত্ত্বে লোকের কোন উপকার করেন না; কিন্তু ঐ কর সম্বন্ধে তাহা-দিগের অর্থ দারা গ্রন্মেন্ট কর্তৃক পথ প্রস্তুত হইয়া সাধারণের যে উপকার দর্শে ইহাতে তাহাদিগের অর্থের সার্থকতা হয়। লোকে আতিথ্য বর্জিত হইয়াছে ও ভিক্কুককে ভিক্ষা দেন না ইত্যাদি নিঠুরাচারের কথা শুনিয়া হুংথে করুণ স্থভাব প্রিন্দের দরদরিত অঞ্ধারা নিপতিত হইতে লাগিল। হইবেইত তাহার সন্দেহ কি, কেন না মানবদেহ ধারণ কালে তিনি হুংথির হুংথ নিবারণার্থ ডিষ্ট্রীক্ট চেরিটেবিল সোসাইটীতে এক লক্ষ টাকা সমর্পণ করিয়াছিলেন।

এক্ষণকার মহাশরেরা অনেকেই পীড়াদায়ক থাদ্যবস্ত ব্যবহার করেন; এবং প্রায় আপনাকে সর্ব্বাপেক্ষা অধিক বৃদ্ধিনান মনে করেন। ইহাঁরা, স্বীজাতিকে স্বাধীনতা প্রদানে একান্ত প্রোৎসাহী, প্রাপ্তবোবনা না হইলে ক্সাগণের বিবাহদানে ইচ্ছুক নহেন। কামিনীগণকে প্রকাশ্যস্থানে লইয়া পরিভ্রমণ করাই ইহাঁদিগের প্রিয় প্রধানতম কার্য্য; এই প্রিয়কার্য্য সম্বন্ধে একটা আখ্যায়িকা, আপনাদিগকে অবগত করাইতেছি প্রবণ করুন। উত্তর পশ্চিমাঞ্চল হইতে কোন বন্ধদেশীয় যুবক বার্, দ্বিতীয় শ্রেণীর রেলওয়ে শক্টে সন্ত্রীক কলিকাতাভিমুথে

আসিতেছিলেন। প্রথমে ঐ শকটে একজন ভদ্র ইংরাজ ছিল কিছু পথ আসিতে আসিতে কোন ষ্টেসন হইতে এক তুর্কৃত্ত ইংরাজ উল্লিথিত শকটে আরোহণ করিয়া বাবুর সহধর্মিণীর সহিত নানাপ্রকার ধৃষ্টতা করিতে লাগিল। ভদ্র ইংরাজকে এক স্টেসনে, শকট হইতে বাহির করিয়া দিলেন। ভদ্র ইংরাজকে এক স্টেসনে, শকট হইতে আবতরণ কালে ঐ বাবুর উভয় কর্প সবলে মর্দ্দন করিলেন এবং গমন কালে বলিলেন "Nonsense native, you must not venture to accompany your wife in Railway carriage until you are competent enough to protect her." (নির্কোধ বঙ্গবাসী, যতদিন তোমরা স্থ-বলে জী রক্ষা করিতে সক্ষম না হইবে তত দিন এরপ অবস্থায় গমনাগমন করিও না)।

এক্ষণকার লোকের পিতামাতার প্রতি ভক্তির, প্রতিবাসী ও জ্ঞাতি জনগণের প্রতি প্রীতি ও স্নেহের হ্রাস হইরাছে। কুরুর সহবাসে, তাহার প্রতিপালন ও দাসত্ব কার্য্যার্থে অনেকরই প্রবৃত্তি বলবতী হইরাছে। পরমার্থতত্বে ইদানীন্তন লোকের শ্রন্ধার বাতিক্রম হইরাছে। অনেকেই জাতিভেদের বিদ্বেরী; ইহাঁরা স্বজাতির স্বরূপ বিবরণ না জানিয়া ভিন্ন জাতির নিকট, তাহার নিন্দাবাদ করেন। স্বজাতীর ধর্ম্মরক্ষা অবহেলা করিয়া কার্য্য করেন। হিন্দু-সামাজিক কার্য্যের কর্ত্যব্যাকর্ত্ব্য বিধান হেতু, ইংরাজ-সিদ্ধান্তের অন্থগত হয়েন। দেশাচার, কুলাচার প্রায়্ব আর কেহই গ্রাহ্য করেন না।

পিতৃ-মাতৃ-প্রাদ্ধ করিয়া ধর্মশাস্ত্রের মত মান্ত করা, যদিও এক্ষণকার ব্যক্তিবর্ণের পক্ষে অযৌক্তিক কার্য্য জ্ঞান হয়, তথাপি তদ্বারা পিতামাতার প্রতি যে ক্লতজ্ঞতা স্বীকার করা হয়, তাহা অনেক অধুনিক মহাশয়দিগের ধারণাতেই আইসে না।

ইদানীং স্ত্রী-জাতিকে অম্চতি-প্রশ্রম-প্রদান করা তাঁহাদিগের পরম-ব্রত, পূর্ব্বিলের স্থায় কেহ আক্মিক ঐখর্যাশালী হইতে পারেন না। এক্ষণে পূর্ব্বিৎ পরম্পরের মধ্যে প্রম-পবিত্র-বন্ধুতা নাই। কেহ কাহাকে উচ্চপদস্থ করিতে যত্নবান হয়েন না।

বিলাতীয় মহাশরেরা, পূর্ব্বে বঙ্গ-বাসীগণের প্রতি যেরূপ সদয় ছিলেন, এক্ষণে সেরূপ নাই।

যুবারা, প্রাচীনদিগের নিকট ঔদ্ধত্য প্রকাশ করিতে লজ্জা বোধ করেন না।

এক্ষণে অনেক বঙ্গীয় যুবা, যেমন ইংরাজদিগের নিকট বিদ্যা লাভ করিতেছেন তেমনই তৎ সঙ্গে সঙ্গে তাঁহা-দিগের তায় অহংকারিতা, নির্লজ্জতা, অমমতা, রুঢ়তা, পান দোষিতা, বিলক্ষণ রূপে শিক্ষা পাইতেছেন। যাঁহারা এইরূপ শিক্ষা পাইতেছেন, পশ্চিম দেশীয় হিলুরা, তাঁহা-দিগকে নিতান্ত অশ্রদ্ধা করেন। ইংরাজ ভাবাপের বাঙ্গালী মহাশয়দিগের এত নীচ প্রবৃত্তি হইয়াছে যে তাহা দর্শন করিলে তাঁহাদিগকে আর্য্য-বংশোদ্ভব পূজনীয় বলিয়া গণনা করা যায় না। হায়! যে জাতির রীতি, নীতি, কার্য্য কলাপ দেখিয়া, সর্ব্ধ দেশের লোক, তদম্করণে ব্যগ্র হইতেন, এক্ষণে

তাঁহারা ভিন্ন দেশীয় রীতি নীতি ক্রিয়া কলাপ অবলম্বন করিতে ব্যগ্র!

বাঁহাদিগের মন ক্ষুদ্র, কিছুমাত্র প্রশস্ত হয় নাই তাঁহাদিগের আয় বৃদ্ধি হইলে অনর্থক আপনাদিগকে প্রধান মনে করেন। মনের ভাব বাঁহার প্রশস্ত ও পবিত্র নহে, অতিরিক্ত ধনাধিকারী হইলেও কেহ তাঁহাকে প্রধান মধ্যে পরিগণিত করেন না। কিন্তু এক্ষণে অনেকে ক্ষুদ্র মনা হইয়া ধনবলে আপনাদিগকে প্রধান ভাবিয়া হাস্থাম্পদ হয়েন।

পূর্ব্বে শয্যা হইতে উঠিবার সময় বঙ্গবাসীদিগের .আবাল বৃদ্ধ বনিতা সকলেই ভক্তিভাবে ঈশ্বরের নাম পুনঃ পুনঃ উচ্চা-রণ করিতেন। এক্ষণে বিপৎপাত হইলেও প্রায় কেহ ঈশ্বরের নাম গ্রহণ করেন না।

পূর্ব্বে হউরোপীয় কর্ম্মচারী বণিক ও অন্থবিধ সাহেবের। বঙ্গদেশে আসিয়া বঙ্গবাসীর সহিত যুক্তি পরামর্শ ও তাঁহাদিগের সাহায়া লইয়া নিজ্ঞ নিজ্ঞ কার্য্য নির্ব্বাহ করিতেন, সেই হেতু তাঁহারা যথেষ্ট সম্মান, স্থখ্যাতি ও সম্পত্তি লাভ করিয়া স্বদেশে প্রতি গমন করিতেন। এক্ষণকার ইউরোপীয় সাহেবেরা বঙ্গে আসিয়া বঙ্গবাসীর পরামর্শ ও সাহায্য গ্রহণের পরিবর্ত্তে ইউরোপীয়দিগের সহিত কার্য্য নির্ব্বাহ করিয়া যাবজ্জীবন বঙ্গে বাস করত বঙ্গের সবিশেষ জানিতে সক্ষম হয়েন না। এই হেতু তাঁহারা অনেকেই যথেষ্ট অপমান ও অখ্যাতি লাভের সহিত ধনক্ষয় করিয়া স্বাহ্ব স্থানে প্রস্থান করেন।

কলিকাতায় মেও হৃদ্পিটল (চিকিৎদা-বাদ), ক্যাম্বেল

চিকিৎসা বিদ্যালয়, ইণ্ডিয়ান লিগ্, ইণ্ডিয়ান য়াসোসিয়েসন্, সায়েস য়াসোসিয়েসন্, আল্বার্টহাল প্রভৃতি নানা বিষয় আন্দো লনের স্থান, সম্প্রতি সংস্থাপিত হইয়াছে।

এই বৎসর রাজ্ঞী ভিক্টোরিয়ার জ্যেষ্ঠ পুত্র, ভারত দর্শন ও ভ্রমণার্থে আগমন করিয়াছিলেন। তাঁহার আগমনোপলক্ষে অপরিমেয় মুদ্রা অয়ি শিথায় বিনষ্ট হইয়াছে। হিন্দুকূল স্ত্রীদিগকে তাঁহার নেত্রপথে আনিয়া এক মহাপুক্ষ আপন মাহায়্ম দিন্দেশে বিক্ষিপ্ত করিয়াছেন। রাজপুত্রের আগমনে কলিকাতা নগরী রাজা, নবাব, রাজ্ঞী, ভূস্বামী এবং বৈভবণালী বণিকে পরিপূর্ণ হইয়াছিল। গত খঃ ১৮৭৫ সালের ২৩ শে ডিসেম্বরে প্রিন্সের নগর প্রদক্ষিণ রজনীতে রাজপথের আলোক মালা যানিনীকে এরপ ঔজ্জ্ল্যশালিনী করিয়াছিল যে তাহার সহিত দিবসের কিছুমাত্র প্রভেদ ছিল না।

প্রিন্স, কলিকাতার বিশ্ব বিদ্যালয় হইতে ডি এল উপাধি পাইরাছেন। সেই সময় বাবু রাজেক্রলাল মিত্র ও রেবারেও কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় উক্ত উপাধি লাভ করিয়াছেন। ভট্তমোক্ষমূলর মিত্রবাবুর উড়িষ্যার পুরাবৃত্ত পাঠে চমৎকৃত হইয়া ভূয়দী প্রশংসা করিয়াছেন।

জিরাটে পশু সংগ্রহের এক উদ্যান প্রস্তুত হইতেছে।
বর্দ্ধিষ্ণু লোকেরা, উহার ব্যয় নির্বাহ করিতেছেন। লর্ডনর্থক্রক
কর্তৃক আলেথ্য ও নানাবিধ শিল্প কার্য্যের আদর্শ প্রদর্শনার্থে
এক শিল্পশালা প্রতিষ্ঠিত হইয়াছে। উত্তর পাড়া গ্রামে ভূস্বামী
জয়ক্বক্য মুখোপাধ্যায় যে পুস্তুকালয় সংস্থাপন করিয়াছেন,

তথায় যেরূপ বহুসংখ্যক পুস্তক দেখিতে পাওয়া যায়, বঙ্গবাসী কোন মহাশ্যের গ্রন্থালয়ে দেরূপ দেখিতে পাওয়া যায় না।

পূর্ব্বে গবর্ণমেণ্ট কালেক্টরীতে সামান্ত বেতনভুক্ কর্মচারীরা, যে কোষাধ্যক্ষের কার্য্য নির্দ্ধাহ করিতেন, এক্ষণে সেই কার্য্য নির্দ্ধাহার্থ ডেপুটী কলেক্টর মহাশরেরা নিযুক্ত ইইয়াছেন।

এক্ষণকার বিচার পতি ও ভূষামীরা অনেকে এতদূর ভ্রমাচ্ছন্ন যে তাঁহাদিগের বিচারালয়ের কিন্ধা ভূমাধিকারের সহিত যে যে ভদ্রজনের কোন সংস্রব না থাকে তাহাদিগের সহিত তাঁহারা বিচার-পতিত্ব ও ভূমাধিকারিত্ব প্রকাশ করিতে সন্ধৃচিত বা লজ্জিত হয়েন না।

আর এক অত্বৃত বিবরণ শুনিয়া বিশ্বরাপন্ন হইবেন রাজা রাধাকান্তদেব বাহাত্বর সংস্কৃত শাস্ত্রে যেরূপ পারদর্শী ছিলেন তাহা প্রায় কাহারও অবিদিত নাই। কলিকাতার কোন স্থল স্তম্ভ বিশিষ্ট প্রধান বিদ্যালয়ের শিক্ষকদিগের প্রতি অনেক কারণ বশতঃ দেব বাহাত্বের শ্রদ্ধা না থাকাতে এক্ষণে সেই মহামতি শিক্ষকগণ প্রচার করিয়া দিয়াছেন যে রাজা রাধাকান্ত-দেবের হিন্দুশাস্ত্রে যৎসামান্ত জ্ঞান ছিল।

উক্ত শিক্ষক মহাশরগণের ছাত্র ও অন্থগত জনেরা ঐ প্রচা রকে সত্যজ্ঞান করিয়া কথাপ্রসঙ্গে সর্মাদাই বলিয়া থাকেন "রাধাকাস্তদেব শাস্তের কি জানিতেন? তিনি একজন সামান্ত শাস্ত্রবাবসায়ীর অন্ধ্রূপ ছিলেন না।" হায়! মৃচ্দিগের কি ভর-ক্ষর প্রদাপ!! পূর্ব্বে প্রধান প্রধান বিদ্যালয়ের ক্রতবিদ্য মহাশয়েরা কেহ কেহ কলিকাতার বাণিজ্য কার্য্যালয়ের কর্মচারী হই-তেন। কিন্তু অধুনা প্রায় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ কোন ব্যক্তি বাণিজ্য কার্য্যালয়ের কর্মচারী হইতে প্রার্থনা করেন না। যেহেতু তাঁহারা নিশ্চিত জানেন, যে বিলাতীর বণিকেরা প্রায় সকলেই বিদ্যাশৃত্য ও তাঁহারা ধনগর্বের কোন ক্রতবিদ্য লোকের গুণের বিচার অথবা সম্মান করেন না। বিলাতীর অর্কশিক্ষিত সাহেবেরা ও কলিকাতার ডব্টন ও সেণ্টজেবিয়র কালেজ বিনেভোলেণ্ট ইনষ্টিটিউসন্ ও লা নার্টিনিয়র স্কুলের সামাত্তরপ শিক্ষিত দেশজ সাহেবেরা, বাণিজ্য কার্য্যালয়ের প্রধান প্রধান করিতে হয় ইত্যাদি কারণে বিশ্ববিদ্যালয়ের উত্তীর্ণ কোন ব্যক্তির বাণিজ্য কার্য্যালয়ের দিকে যাইতে প্রবৃত্তি হয় না।

নবাব গণিমিঞা ঢাকানগরে স্বচ্ছ-জ্বল-প্রদায়িনী লোহ-প্রণালী-নির্মাণের সমস্ত ব্যর অর্থাৎ লক্ষাধিক মুদ্রা নিজ কোষ হইতে অকাতরে দান করিয়াছেন। ইহাতে জাঁহার কীর্ত্তি চির স্মরণীয়া হইবে তাহার সন্দেহ নাই।

বঙ্গবাসীদিগের অপ্রতিহত যত্ন, গবর্ণমেন্টের দয়া ও অ্মু-গ্রহ আকর্ষণ করাতে, স্ত্রীবধাপরাধে দ্বীপান্তরিত নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় নিষ্কৃতি লাভ করিয়াছেন।

চউগ্রামের মিউনিসিপাল কমিটীর চ্যারারম্যান মাজিট্ট্রেট্ কার্কু্ড্সাহেব, তদেশীর মাগ্ততম মিউনিসিপাল কমিসনর্ বারু লালচাঁদ চৌধুরীর প্রতি অতি জ্বদন্ত আচরণ করিয়া সর্বসাধা-রণের ম্বণাম্পদ হইয়াছেন।

কালভীন ঘাটের সম্মুথে রয়াল ইঞ্জিনিয়ার হ্যারিসন সাহেবের অনবধানতায় বারুদাধারে অগ্নিসংযোগ হইয়া স্বয়ং ইঞ্জিনিয়ার বিশ পাঁচিশ জন ব্যক্তির সহিত দগ্ধ ও শতধা হইয়া লোকা-স্তরিত হইয়াছেন।

তুর্গোৎসবোপলক্ষে চারিদিনের অধিক কার্য্যালয়-রুদ্ধ না থাকে, এই প্রার্থনায় কলিকাতাস্থ ইংরাজ বণিকেরা, গবর্ণমেণ্টে আবেদন পত্র প্রদান করেন; কিন্তু বঙ্গবাসীদিগের প্রিয়বর সর্ রিচার্ড টেম্পল সাহেব সে প্রার্থনায় অন্থনোদন না করাতে আবেদনকারীরা নিতাস্ত লজ্জিত হইয়াছেন।

লর্ড সেলিস্বরি, উপযুক্ত বঙ্গবাসী লোককে, জিলার জজ ও মাজিট্রেটের পদে নিযুক্ত করিতে যত্মবান হইরাছেন শুনিয়া ইংরাজ মহাপুরুষেরা এরপ অসন্তোষ স্বচক চিৎকার ও আন্ফালন করিতেছেন যে দেখিলে অভ্নত্তব হইতে থাকে যেন মেষশালায় অগ্নুৎপাত হওয়াতে মেষগণ চকিত হইয়া উচ্চৈঃস্বরে স্বজাতীয় শব্দের সহিত চতুর্দিকে ভয়ানক কোলাহল উৎপন্ন করিতেছে।

বঙ্গবাসিদিগের সহিত প্রণায় সংস্থাপন না ক্রিলে রাজপুরুষদিগের বঙ্গদেশে কোন কার্যাই স্থশৃন্ধালা পূর্বক নির্বাহ হইতে
পারে না। বিচক্ষণ সর্ রিচার্ড টেম্পল তাহার লক্ষণ বিলক্ষণ
অন্তত্ত্ব করিতে পারিয়া প্রণায় সংস্থাপন জন্ম সর্বাদীদিগের নিবাসে গমনাগমন করিতেছেন। তাঁহার
কার্য্যের বিশেষ স্থাতি হইবে তাহার আর সন্দেহ নাই।

অনরেবল বাবু দিগম্বর মিত্র সি এস্ আই, গতবর্ষে উচ্চতম আদালতের সেরিফ হইয়া ছিলেন। ইতিপূর্ষ্ণে বঙ্গদেশের কেহ কোনকালে উক্ত পদাভিষিক্ত হয়েন নাই।

কাশিমবাজারবাসিনী শ্রীমতী মহারাণী স্বর্ণমন্ত্রীর দরা দান্ধিণ্য ও অপর্য্যাপ্ত দান, দিন দিন তাঁহার যশ, পুণ্য, স্থ্যাতি, ও রাজদত্ত সন্মান জগদ্বিখ্যাত করিতেছে। পূটীয়ার রাণী শরৎস্থলরীর দান ধর্মও অসাধারণ সকলেই স্বীকার করেন।

প্রিন্স আলবর্টের ভারত ভ্রমণ উপলক্ষে তাঁহাকে দর্শনার্থে পশ্চিমাঞ্চল হইতে কলিকাতা রাজধানীতে যে যে রাজ্যাধিপতি ও নবাবের শুভাগমন হইয়াছিল তাঁহারা কেবল নিজ নিজ বৈভব প্রদর্শনার্থে বহুসূল্য বস্ত্রালঙ্কারে বিভূষিত হইয়া ও বহুতর সহচর ও দাদ দাসী সঙ্গে লইরা আদিয়াছিলেন। কলিকাতার লোক বাহ্যাভ্রবের স্তৃতিবাদক নহে। রাজ্যেশ্বেরা যদ্যপি দীন তুঃখী প্রত্যাশাপর দিগকে কিছু আফুকুল্য করিতে পারিতেন. তাহা হইলে ইহাঁদিগের যশ-গৌরব প্রচার হইতে পারিত। ইহাঁদিগের মধ্যে ইন্দোরাধিপতি হলকার শিক্ষা বিষয়ে কিছু দান করিয়া প্রশংসা ভাজন হইয়াছেন। অবশিষ্ট মহাশয়েরা সে পক্ষে অতি ব্যয়কুঠের স্থায় কর্ম করিয়া প্রস্থান করিয়াছেন। বরঞ্চ টেরিটিবাজারে যে ভিক্ষোপজীবী চটগাঁই ছিল সে ব্যক্তিও উপরি-উক্ত রাজ্যাধিপতিদিগের অপেক্ষা দান শীলতায় চিরকীর্ত্তি সংস্থাপন করিয়া গিয়াছে।

সম্বাদাবলী শেষ হইলে প্রিক্স, পণ্ডিত বেদান্তবাগীশ ও স্থালি নন্দীকে উপবেশন ও বিশ্রাম করিতে অন্তরোধ করিলেন। পরে বাবু প্যারীচরণ সরকারের আত্মাকে সভাস্থ দেখিয়া সম্বোধন করিয়া বলিলেন "বিগত সভাধিবেশনে বঙ্গের আধুনিক দাসত্ব সম্বন্ধে আমি যে সমস্ত বৃত্তান্ত অবগত হই-য়াছি তাহা অতীব বিচিত্র, সম্প্রতি আপনি বঙ্গের আধুনিক প্রেড্ড সম্বন্ধে কিঞ্চিৎ বিবরণ আপনার মধুময় বাক্যাবলিতে প্রকাশ করিয়া আমার হদর রঞ্জন করুন।"

প্রভূত্ব

~~~

পারীচরণ বাবু প্রিন্ম মহোদয়ের অভিলাষ
পরিপূর্ণ হেতু এইরপ কহিতে প্রবৃত্ত হুইলেন;—মহাশয় শ্রবণ
করুন—বলিব কি বলিতে অভিশয় তুঃথ উপস্থিত হয়! এক্ষণকার
প্রভু মহাশয়েরা, অধীনের প্রতি প্রায় অমুকুল নহেন। তাঁহারা
অনবরত তাহাদিগের প্রতি উগ্রভাব ধারণ করিয়া স্ব স্ব কার্য্য
সাধনে বাতিবাস্ত থাকেন। অধীনেরা, স্বথে কাল্যাপন করে,
তাহাদিগের অপ্রভুল না থাকে, পীড়িতাবস্থায় পরিশ্রম করিতে

না হয়, প্রভুদিগের এই নিয়ম ছিল। দয়াবৃত্তি তাঁহাদিগকে. ঐরপ নিয়মাবলম্বনে বাধ্য করিত। অধীন পরলোক গত হইলে তদীয় পুত্রকে কি তৎপরিবারের কোন ব্যক্তিকে কার্য্য দিয়া প্রভুরা তাহার সংসার নির্বাহের উপায় করিয়া দিতেন, আর সেরপ নাই। এক্ষণে যে ব্যক্তি স্বয়ং প্রভুকার্য্য নির্বাহ দারা শরীর জীর্ণ করিয়াছে সে অশক্ত হইলে প্রভু তাহাকে কার্য্য-চাত করেন: অথচ দিনপাতের কোন উপায় করিয়া দেন না। ন্ত্রী পুত্রের সহিত একত্র বাস করিয়া কার্য্যস্থলে স্থথে কালাতি-পাত করিবে তদর্থে কলুটোলার কোন প্রভু অধীনদিগকে নগরে অবস্থিতি জন্ম গৃহ নির্মাণ ও গৃহ নির্মাণের উপযুক্ত ভূমিদান করিতেন, কি অপরিসীম দয়ার কার্য্য !! কিন্তু ইদানীং কত লোক বংসরের মধ্যে ছুই তিন দিনের জন্ম, স্ত্রী পুত্র দর্শ-নাভিলাবে অদেশ গমনবশতঃ মহামতি প্রভূদিগের নিকটে কর্মচ্যুত হইতেছেন। প্রভুরা, অধীনকে স্থাবর-সম্পত্তি দান করিয়া তাহাকে ও তদীয় উত্তরাধিকারীগণকে যাবজ্জীবন জন্ম প্রতিপালন করিতেন। সে সকল বিবরণ এক্ষণে উপ্রাসের ন্তায় হইয়া উঠিয়াছে। অধীন স্বথে আছে শুনিলে প্রভুরা আহলাদে পরিপূর্ণ হইতেন, কিন্তু আধুনিক বিচিত্র প্রভুরা উহা শুনিলে বিমর্থ হইয়া মনে করেন আমার সর্বনাশ করিয়া এই রূপ অবস্থায় আছে। ক্রিয়া-কলাপ উপলক্ষে অধীন ব্যক্তি, জনগণকে উৎকৃষ্টরূপে ভোজন করায় সে জন্ত প্রভর বিশেষ আকিঞ্চন দেখা যাইত এবং তৎকার্যা স্থপ্রতুল জন্ম তিনি অর্থের সাহায্য করিতেন। একণে সেরপ সাহায্য

দেখা যায় না। অধীন সপরিবারে পরিক্ষার প্রিচ্ছন্ন বসনা-ভরণে বিভূষিত না থাকিলে প্রাভূ ক্ষুত্র হইতেন, এক্ষণ-কার প্রভূরা অধীনের শোভা সৌন্দর্য্য দেখিলে অসম্ভষ্ট হইয়া মনে মনে কতই কল্পনার সৃষ্টি করেন।

অধুনা বঙ্গবাদীরাও কর্মাচারী নিযুক্ত করিবার পূর্ব্বে তাহাকে পূর্ব্ব প্রভ্র প্রশংসা পত্র দর্শাইতে কহেন। বে ব্যক্তি ত্রাচার প্রভ্র কার্য্য করিয়াছে সে তাহা দেখাইতে পারে না, এমতস্থলে তাহাকে অযোগ্য ও অপ্রসিদ্ধ কর্মাচারী মীমাংসা করিয়া নব্য প্রভ্রা স্বকীয় বিজ্ঞতার পরিচয় দিয়া থাকেন। বঙ্গদেশে ইংরাজী প্রথা প্রচলিত হইয়া এইরূপে কর্মাচারী মনোনীত করিবার নিয়ম হইয়াছে। অধীন পীড়িত হইলে, পূর্ব্ব প্রভ্রা চিকিৎসক সঙ্গে লইয়া তাহার বাটীতে তত্তাবধান করিতে যাইতেন এবং সে ব্যক্তির যত দিন আরোগ্য লাভ না হইত তত্তিনের নিমিত্ত চিকিৎসক ও পরিচারক নিযুক্ত করিয়া দিতেন।

নহোদর অবগত আছেন যে লানের পরে দীর্ঘ কেশ শুক হইতে বিলম্ব হইত এবং শুক না হইলে পীড়া জন্মিত সেই হেতু দয়ার সাগর বণিক বাটু সাহেব দশম ঘটিকার পরিবর্ত্তে তাঁহার কর্মচারী মৃত মহাম্মা বিশ্বস্তর মল্লিককে কেশ শুক্ষ করিয়া দাদশ ঘটিকার পরে কার্য্যালয়ে উপস্থিত হইতে আদেশ করিয়া দিয়াছিলেন। এক্ষণে অধীন, প্রভূর কন্ম নির্কাহ করিয়া, কঠিন পীড়ায় পীড়িত হইলে আধুনিক প্রভূ মহাশয়েরা ক্রক্ষেপ করেন না। মহোদয়! বলিব কি—এক্ষণকার প্রভূত্বের প্রলাপই বা কত ? দেখিয়াছি এক জন কর্মাচারী, প্রভূত্ব গরিমায় আলিপুরে উপ্র-

মূর্ত্তি ধারণ করিয়া,কার্য্যস্থলে অনজ্বানের স্থায় উচ্চৈঃস্থরে চিৎকার করিতেন। বিল ছিন্ন করিতেন, আর কোন কোন বিল দূরে নিক্ষেপ করত বিকটাকার মুখ ভঙ্গী প্রকাশ পূর্ব্বক অঞ্জনা হৃদয় নন্দনের মনোহর বদনকে পরাভব করিয়া দিতেন।

অধীন সাক্ষাৎ করিতে যাইলে অনেক সামান্ত-কর্মচারীরাও. ডাক্তর জ্যাকদন্ত কৌন্দিলিডয়েন, অথবা জজ পিককের স্থায় কাহারও সহিত দাক্ষাৎ করিবার বা কথা কহিবার অবকাশ পান না। যদি দৈবাৎ কাহারও ভাগ্যে সাক্ষাৎ লাভ ঘটে তবে প্রভূ ছই একটা বাক্য প্রয়োগ করিয়াই কহেন "আমার সময় অতি অন্ন আর বিরক্ত করিও না—স্বস্থানে প্রস্থান কর।" ধন্তরে প্রভুষ! তোর পদে নমস্কার! এক্ষণে প্রভুরা যে পরিমাণে অধীন-দিগের উপকার করেন তদপেক্ষা শতগুণ দম্ভ করিয়া থাকেন। প্রভুরা প্রভুত্ব করিলে কথঞ্চিত শোভা পাইলেও পাইতে পারে, কিন্তু তাঁহাদিগের প্রভুত্ব-প্রিয় অধীনেরা অপর-অধীন কর্মচারীর উপর এরপ অসহা ও অসঙ্গত প্রভূত্ব প্রদর্শন করেন যে তাহা কাহারও সহ্থ হইবার নহে। প্রভুরা অনেকে এমন নির্লজ্জ যে অধীনের প্রতি পক্ষপাতের কার্য্য ও নিষ্ঠ্র নির্দ্ধরের ব্যবহার করিতে কিছুমাত্র সন্ধৃচিত হয়েন না। তাঁহাদিগের উচিত যে উৎক্লষ্ট কার্য্যবিধান করিয়া অধীন জনের ভক্তিভাজন হয়েন। তাহা অনেকে করেন না। এক্ষণকার প্রভুমাত্রেই প্রায় অধীনের মুণাম্পদ, ইহাঁরা বৈতন দিয়া থাকেন এই প্রশ্রার অধীনের প্রতি সর্ম্বদাই অহঙ্কারের সহিত অসম্বাবহার করেন। অসময়ে অস্তম্থ অনাহারী অধীনকে ছুর্গম স্থানে প্রেরণ করিতে কিছুমাত্র দ্বৈধ করেন না।

বিলাতীয় প্রভ্রা অসঙ্গত-জতভাবাপয়। ইহাঁদিগের মন ব্রিয়া অতি জতকার্য্য নির্বাহ করা কঠিন কর্ম। পুরাতন রাম যাত্রার হন্মানেরা কথন কোন দিকে লক্ষ প্রদান করেন, তাহা দর্শকদিগকে দেখাইতে আলোক সংস্থাপন করা বেমন আলোকধারীর পক্ষে ছ্রহ ব্যাপার, সেইরূপ জতবেগী প্রভ্দিগের কার্য্যের অনুগামী হওয়া, অধীনের পক্ষে অসাধ্য হইয়া উঠে।

পূর্বে প্রভ্রা উচ্চ পদস্থ কর্মচারীদিগকে সামান্ত কিছরের কার্য্য নির্বাহ করিতে অনুমতি করিতেন না। যদি কোন প্রধান কর্মচারী প্রভ্রুর সন্তোষ সাধনের নিমিত্ত সামান্ত কিছরের কার্য্য করিতে অগ্রসর হইতেন, প্রভু তাহা দেখিয়া বিরক্তি প্রকাশ করিতেন। আমরা অবগত আছি কোন স্থানে একবার এক প্রভু ভৃত্যকে ডাকিয়া কহেন "ওরে—দর্পণ থান আন্" সে কিঞ্চিৎদূরে ছিল শুনিতে পায় নাই, একজন প্রধান কর্মচারী তাহা শুনিতে পাইয়া দর্পণ হত্তে লইয়া প্রভুর সম্মুখে দণ্ডায়মান হইল। প্রভু তাহা দেখিয়া কোপের বশীভূত হইয়া আরক্তলোচনে কহিলেন "তোমার নীচ প্রবৃত্তি দেখিয়া আমি তোমাকে কর্মচ্যুত করিলাম। তোমার দায়া আমার কার্য্য চলিবে না। তুমি আমার সন্তোবার্থে সামান্ত ভৃত্যের কার্য্য করিলে কেন? প্রতার আমার অধীনস্থ কোনে লোক তোমাকে মান্ত কিছা গ্রাহ্য করিবে না। তুমি অদ্যই স্বস্থানে প্রস্থান কর।"

এক্ষণকার প্রভূদিগের সে ভাব নাই। প্রধান কর্মচারী পর্যান্ত

হীনকার্য্য করিতে স্বীকার না পাইলে তাঁহারা তাহাদিগকে স্বস্থানে প্রস্থান করিতে আদেশ করেন। এই প্রভ্রা নিতান্ত সত্যবাদী কর্ম্মচারী চাহেন। কর্মাচারীরা ভ্রম ক্রমে বা গলছলে মিথ্যা কথা কহিলে তাহাদিগের প্রতি প্রচণ্ড কোপ-প্রকাশ করেন। কিন্ত বিচারালয়ে সেই প্রভূদিগের কোন অভিযোগ উপস্থিত হইলে তাঁহারা কর্ম্মচারীদিগকে আদ্যোপান্ত মিথ্যা সাক্ষ্য দিতে অনুরোধ করিয়া থাকেন।

প্রভূষাভিমানীরা অধীনের সহিত স্পষ্টরূপে কথা কহেন না। তাহাদিগের অক্ষুট ভাষা অধীনকে অন্ধুভবে ব্রিয়া লইতে হয়। প্রধান প্রধান প্রভূবর্গের এমনই ধারণাশক্তি ও এমনই স্মরণ শক্তি যে তাঁহারা পাঁচ সাত বৎসরের রক্ষিত অধীনের নাম স্মরণ রাথিতে পারেন না ও তাহাদিগের গুণ দোষের নির্দ্র-পণ করিতে মনোযোগী হয়েন না। অধিক কি সময়ে সময়ে অধীনদিগকে চিনিতেও পারেন না।

অধীনেরা নিতান্ত নির্বোধ—তাঁহাদিণের দৃঢ় সংস্কার বদ্ধমূল থাকে, ফলতঃ অধীন ব্যক্তি প্রভু অপেকা শতগুণ উৎকৃষ্ট—ইহা অনেক স্থলে দেখা গিয়াছে। জাতি, বংশ, সদ্গুণ ইত্যাদি বিষয়ের গৌরব সর্ব্বভ্রই বিদ্যমান আছে। কিন্তু প্রভুদিগের নিকটে অধীনেরা সে গৌরবের অধিকারী হইতে পারে না।

অধীনের সম্মানের প্রতি এক্ষণকার প্রভূদিগের প্রায় কিঞ্চিনাত দৃষ্টি নাই। অধীন নির্দ্তণ, অপদার্থ, হীনবংশজাত, হীনবৃদ্ধি বলিয়া অনেক মহামতি প্রভূর ধারণা আছে। কি আক্ষেপের বিষয় বঙ্গবাসী অধীনেরা সত্যবাদী নহে। তাহারা

প্রভুর ধনক্ষর করে ইত্যাকার সংস্কার ইংরাজ-উপাসক বর্দ্ধিঞ্ বাব্রা, সাহেব প্রভুদিগকে জন্মাইয়া দেন। সে প্রভুরা, অধীন-দিগের গুণের পরিচয় চাহেন না। অধীন, নিগুণ হইলে হানি নাই। সে উপাসনাপরায়ণ হইলেই প্রভুর প্রিয়পাত্র ও অধিক-বেতন পাইবার অধিকারী হইতে পারে।

প্রভুত্ব প্রকাশ করিবার স্থযোগ পাইলে এক্ষণে কেহই নিরস্ত থাকিতে পারেন না। এমন কি অনেককে জ্যেষ্ঠ সহোদর, পিতৃব্য,পিতা প্রভৃতি গুরুজনের উপরে প্রভৃত্ব করিতে দেখা যায়। নিরুপায় গুরুজনেরা কি করেন! উপযুক্ত কনিষ্ঠ ভাতা, ভ্রাতৃপুত্র ও আত্মজের সম্ভোষ সাধনার্থে নিয়তলম্ব গ্রহে, শকটের সন্মুখন্ত স্থানে উপবেশন করেন। কিঙ্করের অভাবে বিপণি হইতে থাদা দ্রবা আনিতে বাধ্য হয়েন। লোকে কনিষ্ঠ ল্রাতা, ল্রাতৃপুত্র ও নিজ পুত্রের জন্ম সেই সকল হীন কার্য্য স্বীকার করিতে দেথিয়া किছ गत्न कतित्वन त्मरे जग्न धक्रकात्नता मर्खनारे পतिहत तमन আমরা স্লেহবশত ও বাৎসল্যভাব প্রযুক্ত কনিষ্ঠ ভ্রাতা ও পুত্র বা লাতপুত্রের জন্ম উক্ত কার্য্য না করিয়া স্থির থাকিতে পারি না। কিন্তু প্রভুত্বতার ভয়ে ঐ সমস্ত কার্য্য না করিলে তাঁহাদিগের নিস্তার নাই তাহা তাঁহারা জনসমাজে ব্যক্ত করেন না, স্বতরাং তাঁহাদিগকে বুদ্ধিমান বলা উচিত।

পাঠক ও শ্রোতা।

প্যারীচরণ বাবু আধুনিক প্রভুদিগের ইতিবৃত্ত সমাপ্ত করিলে, স্থর সভাস্থ পবিত্র আত্মাদিগের অভিলাযামুসারে পরম পণ্ডিত চন্দ্ৰমোহন—পাঠক ও শ্ৰোতাদিগের সম্বন্ধে এই-রূপ বলিতে প্রবৃত্ত হইলেন। মহাত্মন ! আধুনা আমি বঙ্গদেশে যত পরিমাণে কুৎদিত কচির পাঠক নয়ন গোচর করিয়া আসিয়াছি বোধ হয় অন্ত কোন দেশের কোন মহাত্মাই তত দর্শন করেন নাই। সেই মহামুভব পাঠক মহাশয়দিগের গুণের পরিচয় কি দিব তাঁহারা বাস্তবিক কিছুই জানেন না অথচ তাঁহারা না জানেন এমন শাস্ত্র নাই, না পড়েন এমন বিষয় নাই, না আস্বাদন করেন এমন রুদই নাই এবং না বলৈন এমন কথাই নাই। যেমন তর বেতর আধুনিক গ্রন্থ কর্ত্তার উদয় হইতেছে এবং তর বেতর গ্রন্থ বাহির হই-তেছে তেমনই সর্বভুক্ সদৃশ অসংখ্য পাঠক মহাশয়েরা সেই সকল গ্রন্থ অন্নান বদনে উদয়সাৎ করিতেছেন। কিন্ত আশ্চর্য্যের বিষয় এই কিছুতেই ক্ষুধার শান্তি হইতেছে না। তাঁহাদিগের সহায়তায় গ্রন্থকারগণের সন্মান রক্ষা হইয়া থাকে।

পাঠকগণের গুণের প্রশ্রের অনেকেই কবি বলিয়া অবিজ্ঞ সমাজে গণ্য হইয়া প্রাচীন কবি মহাশয়গণের পবিত্র নামে কলশ্বার্পণ করিতেছেন। এই পাঠকগণের সহাদয়তার কথা

কি কহিব উক্ত অশ্লীল গ্রন্থ নিচরের রসিকতা শিক্ষা ও রস মাধুরী পান করিয়া সানন্দে শৃগালবৎ সমস্বরে সেই সেই গ্রন্থ কর্ত্তার গুণ গান করিয়া বেডান। কোন পণ্ডিত অথবা স্থবিজ্ঞ পাঠক কি শ্রোতা যদি তৎ প্রতিকৃলে কোন কথার উল্লেখ করেন তবে ক্রোধের সীমা থাকে না। যাহা মূথে আইদে তাহাই কহিয়া থাকেন, স্বমত রক্ষা জন্ত পূজাতম বিচক্ষণ গুরু-গণের মান হানি করিতেও সম্কৃতিত হয়েন ন।। তাঁহারা বালা-কাল হইতে প্রাপ্ত যৌবন পর্য্যস্ত যে কিছু জ্ঞানোপার্জন করেন তাহা ও আপনার বহুমলা জীবনের একাংশ কুংসিং নভেল নাটকাদিতে সংলগ্ন করিয়া স্বজন পরজনের উন্নতির পথে কণ্টকার্পণ করেন। অধিক কি কহিব, অনেক পাঠক নৃতন পুস্তক দেখিলেই তাহা নভেল কিনা, তাহা নাটক ও ইতর ভাষাতে পরিপূরিত কিনা এই অমুসন্ধান করেন, যদি হয়, তাহা মনোযোগের সহিত পড়িতে থাকেন, না হইলে বিএক্ত ভাবে পুস্তক এক পার্শ্বে নিক্ষেপ করিয়া রাথেন। ইহাঁরা প্রায় বাস্ত-বিক বিষয় পড়িতে ইচ্ছক নহেন, মিথ্যা ও কল্পিড আখ্যায়িকা পড়িতে পাইলে সম্ভূষ্ট হয়েন। ইহাঁদিগের বনিতা ঠাকুরাণীরা যে পুস্তক ব্ৰিতে কি পড়িতে পারেন সেই পুস্তককে তাঁহারা অগ্রগণ্য করিয়া মানেন, যে পুস্তকে অনীতি ও ব্যভিচার দোষের খানোলন আছে পাঠকজীরা উক্তরূপ পুস্তক নিজ নিজ সহ-ধর্মিণীদিগকে পাঠ করিতে নিষেধ না করিয়া বরং প্রবৃত্তি প্রদান করেন। নাটক পাঠকেরা অনেকে আবার নীতি ও ধর্ম পুস্তক পাঠ করিয়া তাহার উত্তমতা ও অধমতার সিদ্ধান্ত করেন। যে

পাঠকেরা পল্লীগ্রামে ক্রমক মণ্ডলীর মধ্যে যাবজ্জীবন অতিবাহিত করেন, তাঁহারাও গ্রন্থকারের লিখন প্রণালীর বিচার করিতে উদ্যত হয়েন ও কোন পুস্তককে সমাদর ও কোন পুস্তককে অনাদর করেন। অনেক পাঠকের ভাষা জ্ঞান নাই, উংক্লপ্ত ভাষার পুস্তক অনুণাবন করিতে সক্ষম নহেন, তদর্থে যৎসামান্ত ভাষার পুস্তক পড়িতে তাঁহারা অতিশয় ভাল বাসেন; ক্রমকস্থানদিগের সহিত বাল্যকালে ক্রীড়া উপলক্ষে যে সকল ইতর শব্দ শুনিয়াছিলেন, এক্ষণে উল্লিখিত গ্রেছ সেই সকল পূর্ব্ব পরিচিত শব্দ দেখিরা তাঁহারা পুলকে পরিপূর্ণ হয়েন। আমরা শুনিয়াছি উক্তর্রপ বীশুৎসক্ষচি পাঠকেরা কখন কখন বলেন বিদ্যাসাগরের পুস্তকে কোপাবেশ পরতন্ত্র, কিং কর্ত্তব্য বিমৃচ্ প্রভৃতি কেবল ঢেঁকীর কচ্কিচ; রাগিয়া উঠিয়া লাকাইয়া পড়িয়া দেটিয়া গিয়া জড়াইয়া ধরিল ইত্যাদি কি সরল ভাষা!

মাইকেলের যেরূপ রচনার প্রণালী, যে সে পাঠক কি শ্রোতা তাহার অর্থ সংগ্রহ করিতে সক্ষম নহেন। কিন্তু ঐরূপ পাঠক ও শ্রোতাগণের সেই রচনা পাঠ করিলে যে কি ভাবের উদয় হইয়া অশ্রধারা বহিতে থাকে তাহা বলা যায় না। সেই অশ্রবর্ধণ দেখিয়া আমার একটি আখ্যায়িকা শ্ররণ হইল। এক দীর্ঘ শ্রশ্রধারী যবন কোন ধর্মশালায় বিদয়া প্রতাহ প্রাতে প্রায় এক ঘণ্টা কাল পারশ্র পুস্তক হইতেঈশ্বর প্রসঙ্গ পাঠ করিতেন, তাহা শ্রবণ বাসনায় তথায় শতাধিক বালবৃদ্ধ বনিতার সমাগম হইত, সকলে সেই প্রসঙ্গ, ভক্তিভাবে শ্রবণ করিত। সেই শ্রোতা-

দিগের মধ্যে দশ বৎসর বয়ঃক্রমের হুইটা বালক তাহা ভ্রনিভে শুনিতে অশ্রবর্ধণ করিত। ধর্ম যাজক তাহা ছই চারি দিন দেখিয়া নিতান্ত বিস্ময়াপর হইয়া ভাবিলেন এই বালকেয়া আমার ধর্ম পুস্তকের নিগ্র মন্ম কি উপায়ে বঝিতে পারিয়া ভক্তিভাবে অশ্রুবর্ষণ করে জিজাসিতে হইল। পরে তাহা-দিগকে ডাকিয়া যাজক জিজাসিলেন তোমরা শিশু, আমার ধর্ম পুত্তক পাঠের কি ভাব বৃঝিয়া রোদন কর। তাহারা প্রত্যন্তর করিল মহাশয়ের পাঠ আমরা কিছুই ব্রিতে পারি না তবে কি জানেন, আমাদিগের একটা বৃহৎ শাশুধারী ছাগ পশু ছিল। আপনি যে সময় শাশ্র বিকম্পিত করিয়া পাঠ করেন, তৎকালে আমাদিগের সেই ছাগ পশুর কথা স্মরণ হয়, সে তণ ভক্ষণ কালে অবিকল আপনার আয় শাশ্র নাডিয়া তণ ভক্ষণ করিত। আহা! অদ্য হুই মাস হুইল তাহার মৃত্যু হইরাছে। আপনার দাড়ী দোলান দেখিয়া আমাদিগের হৃদয়ে সেই ছাগ পশুর প্রতিমূর্ত্তির উদ্য হয় ও তাহার মৃত্যানিবন্ধন শোকে আমাদিগের অঞা সম্বরণ হয় ना। आमानिरगत त्रापरनत कांत्रण धरे- अछ कि हुरे नरह। মাইকেলের পুস্তক পড়িয়া অনেক পাঠক ও শ্রোতা বাবর সেই যবন শিশুদিগের স্থায় ভাবের উদ্রেক হইতে থাকে এবং তাঁহারা তদারা আর্দ্র হইয়া পড়েন। ফলতঃ মাইকেলের যেরূপ রচনা প্রণালী তাহা পড়িয়া সহসা ভাবে বিমোহিত হওয়া প্রায় অনেকের পক্ষে সহজ ব্যাপার নহে।

যে যে বিষয়ে জ্ঞানের অভাব আছে সেই সেই বিষয়

শর্ম করা উচিত-তাহা না করিয়া নিতান্ত নিপ্রয়োজনীয় বিষয় পাঠে নিমগ্ন থাকিয়া এক্ষণে অনেক অদূরদশী পাঠ-কেরা কালক্ষেপ করেন। যে সকল বিষয় অবগত না থাকিলে নির্বিলে দেহ যাত্রা নির্বাহ করা যায় না তাহা অন্তরে রাখিয়া বঙ্গদেশীয় স্ত্রীপুরুষ উভয়ই কেবল নভেল, নাটক ও উপতাদ পাঠে একণে নিয়ত নিযক্ত আছেন। দেহযাত্রা নির্কাহ বিষয়ক পুস্তকাদি নিরম্ভর পাঠে মহুষ্যের অন্তঃ-করণ ছর্বল হইলে নাটকাদি পাঠ করাতে মনের স্ফুর্ত্তি হইয়া রুত্তি সকল তেজিঙ্গিনী হয়; সেই হেতু লোকে মধ্যে মধ্যে নাটকাদি পাঠ প্রয়োজনীয় মনে করেন। একণে তাহা নহে, নাটকাদি পড়িয়া সময় থাকিলেও তাঁহারা দেহযাত্রা নির্বাহের উপযোগী পুস্তকাদি পাঠও প্রয়োজনীয় মনে করেন না : ইহাঁরা নাটক ও নভেলের প্রদঙ্গ পাঠ করিতে না পাইলে যথোচিত মনঃপীড়া উৎপাদন করেন। যেমন স্থরা বিপণির দ্বার উদ্যাটিত নাথাকিলে মদাভাবে মদাপোয়ীদিগের নিদারণ মন-স্তাপ জন্মিতে থাকে, নাটক পাঠের ব্যাঘাত হইলে তত্ততং-পাঠকেরা অধুনা সেইরূপ মনস্তাপ পান। এক্ষণকার সাংসা-রিক মনুষ্য মাত্রেরই স্বভাব সিদ্ধ এক প্রকার মনোবৃত্তি হই-য়াছে যে, তাঁহারা প্রায়ই নিন্দনীয় কন্মেরত হয়েন, ইত্যাকার মনোবৃত্তি সত্বেও নাটকাদি পাঠ করিয়া তাঁহাদিগের সেই হীন মনোবৃত্তির উত্তেজনা কেন আরো বৃদ্ধি করিয়া দেন ভাবিয়া স্থির হয় না।

যেমন অতি উপাদেয় ফলেরও সমস্ত ভাগ খাদ্য নহে

ভাহার ধক্ ও বীজ পরিত্যাগ করিয়া ভক্ষণ করিতে হয়, সেইরূপ অতি বিখ্যাত গ্রন্থেরও (সর্কাংশ জ্ঞানপ্রাদ নহে) যে যে ভাগ
জ্ঞানদায়ক নহে, তাহা ত্যাগ করিয়া পড়িতে হয়; জ্ঞানিলোকের
সহিত পাঠ্য পুস্তক আলোচনা না করিলে তাহার নিগূঢ়ার্থ
উদ্ভাবন করা যায় না।

ঈশ্বরের কি বিভূষনা যে পুস্তক পাঠে লোককে কুপথগামী করে, সেই পুস্তক পাঠার্থ আধুনিক অনেক লোকের প্রবৃত্তি অতি প্রবৃত্তঃ, যে পুস্তক পাঠে সৎপথ গামী করে মে দকলের পাঠ অতি বিরল হইয়াছে;

কোন কোন গ্রন্থকার ছই এক খান পুস্তক স্থচাকরূপে লিখিয়া আপনাদিগের নাম স্থবিখ্যাত করিয়াছেন, আর সে প্রকার লিখিতে সক্ষম হইতেছেন না। পূর্ক লিখিত পুস্তকের যশোগোরবের উপর নির্ভর করিয়া তাঁহারা অব-শেবে বাহা মনে করিতেছেন, তাহাই লিখিয়া নির্গত করিতেছেন, যদ্যপি দীর্ঘকাল পরে এক এক পুস্তক লিখিয়া বাহির করিতেন, তাহা হইলে তাঁহাদিগের পুস্তক অপেক্ষাক্ত উৎকৃষ্ট হইত; লেখকেরা অনেকে, তাহা না করাতে তাঁহাদিগের লেখা উৎকৃষ্ট হয় না, যেমন যে ভূমিতে পুনঃপুন শস্ত বপন করা হয় সে ভূমির ফলোৎপাদিকা শক্তি ক্রমশঃ বিনষ্ট হয়, ভূমি পতিত রাখিয়া দীর্ঘকাল ক্রষিকার্য্য না করিলে তাহাতে উৎকৃষ্টরূপ শস্ত উৎপদ্ম হয় সেইরূপ বঙ্গদেশের যে লেখক একবার লিখিয়া দীর্ঘকাল হ্লদ্যক্ষেত্রে আর কিছু উদ্ভাবন না করেন, পরে লিখিতে প্রবৃত্ত হয়েন তাঁহারই লেখা

সুচার হয়, পাঠকেরা অনেকে সে সন্ধান জানেন না, যে ব্যক্তি সর্বান লেখেন, আর যে ব্যক্তি একবার উত্তম লিথিরাছেন পাঠকেরা তাঁহারই লেখা পড়িয়া কালক্ষয় করেন। কিন্তু তাহাতে কিছু উপাদেয় বস্তু প্রাপ্ত হয়েন না। তবে কেবল ছই এক মহান্মার হলয় ক্ষেত্র এত উর্বার, যে তাঁহারা যথন তথন পুনঃপুন লিথিলেও তাহা অত্যত্তম হয়। যাহা হউক পাঠক ও শ্রোতা মহাশয়েরা এক বারের স্থ্যাতি লব্ধ লেথকের লেখা পাঠের নিময় হইয়া যেন সময়কে নষ্ট ও জ্ঞানােয়তি করিতে বঞ্জিত না হয়েন্। তাঁহারা যেন বিচার করিয়া পুত্তক পড়িতে অভ্যাস করেন।

এক্ষণকার বন্ধীয় গ্রন্থকারের। প্রায় সকলেই অন্থবাদক, ইহাঁদিগের মধ্যে বাঁহারা ভাষান্তর অথবা পুস্তকান্তরের আদ্যোপাস্ত অবিকল অন্থবাদ পূর্বক নিজ নিজ পুস্তক প্রস্তুত করিয়াছেন, কেবল তাঁহাদিগকে অনেক পাঠকেই অন্থবাদক বলেন কিন্তু উক্ত পুস্তুক লেথকের মধ্যে বাঁহারা ভাষান্তরের অথবা পুস্তকান্তরের স্থানে স্থানের লিখন কৌশল ক্রমে অন্থবাদ করিয়া আদর্শ পুস্তককে গোপনে রাখিয়া আদ্যোপান্ত স্থীয় স্থীয় গ্রন্থ প্রস্তুত করিয়াছেন, সেই সেই গ্রন্থকারকে আদি রচয়িতা ভাবিয়া অনেক পাঠক স্থিরভাবে বসিয়া আছেন। পর্য্যালোচনা করিয়া দেখিলে এক্ষণকার গ্রন্থকারেরা প্রায় সকলেই অন্থবাদক, কেহই আদি রচয়িতা নহেন।

লেখক।

-

চিশুনে হিন প্রিজের অস্থ্যতি লইয়া কহিতে প্রবৃত্ত হইলেন—মহাশয় বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা সাহিত্য বিষয়ক' পৃত্তক প্রণেতা, বোধ হয় ইদানীস্তন কালের লেধকদিপের মধ্যে কেবল আপনার পরিচিত আত্মীয় কএক জনের রচনা বাছলা রূপে সমালোচন করিয়াছেন। অনেক অগ্রগণ্য লেথকের সম্বন্ধে কোন কথা বলেন নাই। আমি সেরূপ না করিয়া ক্রমশঃ সমস্ত অগ্রগণ্য স্থলেথক ও কুলেথকের প্রস্থ রচনার প্রসঙ্গ উত্থাপন করিব। এ স্থরলোক, এস্থানীয় সকলেরই, মন্থব্য জাতির প্রত্যেকের সহিত সমান সম্বন্ধ, আয়রত্ত্ব মহাশয়ের আয় কেহ তাঁহাদিগের আত্মীয় অনাত্মীয় নহে। ইহারা কোন কোন বেধককে ভয় অথবা কোন কোন শেখ-কের নিকট কোন বিষয়ের নিমন্ত প্রত্যাশাপয় নহেন।

লেখকের বিবরণ কন্ত বলিব। সরস্বতী দেবীর ইচ্ছায় এক্ষণে কতকগুলি বীভৎসক্ষতি লেখক উদয় হইয়া, তাঁহার সস্তান—বিকলান্ধ ও কুৎসিৎ ভাবযুক্ত ভাষার সন্মান রক্ষা করিতেছেন। বীভৎসক্ষতি লেখক, পাঠক ও শ্রোতাদিগের অন্তঃকরণে তিনি যে কি এক প্রকার বিজ্ঞাতীয় প্রবৃত্তির সংঘটন করিঁরা দিরাছেন যে, তাঁহারা ঐরপ ভাষা পাইলে যথেষ্ঠ সমাদর করেন। অতএব দেবীর সে ইচ্ছার প্রতিক্লাচরণ করিতে কাহারও সাহস জন্মেনা। দেবলোকে এই, সকল বিষয়ের আন্দোলন হইতেছে এমন সময়ে বোপদেব, পাণিনি অমর সিংহ, হলায়ৢধ ও সাহিত্য দর্পণ কারের আত্মা সেই স্থানে উপস্থিত হইয়া জিজ্ঞাসিলেন মহোদয়গণ আমরা সরস্বতী দেবীর সহিত সাক্ষাৎ করিতে আসিয়া তাঁহাকে তাঁহার নিজ নিবাসে দেখিতে পাইলাম না। এই দেবলোকের কোন স্থানে এক্ষণে তিনি অবস্থিতি করিতেছেন অমুগ্রহ পূর্ম্বক পথ প্রদর্শন করিলে আমরা তাঁহার সির্মধানে গমন করি।

প্রিকা—তিনি, আপাততঃ এই স্বর্গ রাজ্যের কোন
নির্জন প্রদেশে সরোবর কৃলস্থ লতামগুপে শ্বেতপদ্মাসনে
উপবিষ্ট আছেন। আপনারা অনুসন্ধান করিয়া সহসা তথায়
গমন করিবেন না। কেন না—তাঁহার ম্বেহাম্পদ অত্যেজ্য পুত্র
বিকলাঙ্গ ইতর ভাষাকে বঙ্গে প্রচলন করণ জন্ত মহাশয়দিগের
চির প্রসিদ্ধ ব্যাকরণ স্থত্র, আভিধানিক শব্দ ও অলঙ্কার বিবজিতে রচনা প্রকাশের নিনিত্ত, তিনি অনেক আধুনিক
লেখককে আদেশ করাতে আপনাদিগের যথেষ্ট মান হানি
হইরাছে। সেই হেতু তাঁহার নিতান্ত লজ্জা জন্মিয়াছে।
একারণ সরস্বতী নির্জন স্থান আশ্রয় করিয়া আপনাদিগের
হইতে দূরে অবস্থান করিতেছেন।

তাঁহার এ প্রকার করিতে ইচ্ছা ছিল না, কিন্তু তৎপক্ষে উভয় শঙ্কট। এক দিকে ইতর শব্দের রচনা প্রচলিত না করিলে তাঁহার বৎসলতার অন্তথা করা হয়। অন্ত দিকে আপনাদিগের ব্যাকরণ, অভিধান ও অলফার শাস্তের চিরপ্রসিদ্ধ

বিধিবদ্ধ নিয়ম অন্তথা করিতে বাধ্য হইয়া আপনাদিগের অম-র্য্যাদা করিয়াছেন। যাহা হউক অবশেষে তিনি আমাকে কহিয়া-ছেন—"যে নীচ ভাষার শব্দগণ কহিয়াছিল বঙ্গদেশের কোন প্রকার প্রবন্ধে তাহার। স্থান পায় নাই। তদর্থে গ্রন্থাদিপ্রবন্ধ ও অন্তান্ত বুচনাতে তাহাদিগকে স্থান দিবার নিমিত্ত অনেক লেথককে প্রত্যাদেশ করিয়াছি। পরে জানিলাম তাহারা মিথ্য। কহিয়াছে যে হেডু বহুকালাবধি বঙ্গদেশের বিচারালয়ে শ্রীরাম পরের সংবাদ পত্রে ও কিতাবতী লেখায় তাহাদিগের অধিকার হইয়াছে। সবজজ, মুন্সেফ, ডেপুটীকলেক্টর মেজি-ট্টেট বাহাদুর্দিগের মধ্যে, থাঁহারা বঙ্গভাষায় রায় ফ্রশালা নটাশ রোবকারী রোয়দাদ লিখিয়া থাকেন ঐ সকলের সমস্ত স্থানই বিকলাঙ্গ ইতর শব্দে পরিপুরিত থাকে। তাঁহারা, যে যেমন ব্যক্তি তাঁহার সেইরূপ মান রক্ষা করিয়া বঞ্চ-ভাষা লিখিতে অভ্যান করেন এরপ বিকলাঙ্গ পুত্রের ইচ্ছা নয়। এমন কি বিচার পতিরা কোন ধনবান মাল্লমান ভত্মামি প্রভৃতি যাঁহারা তাঁহাদিগের প্রভৃত্বা লোক তাঁহাদিগের প্রতি কোন কথার উক্তি করিবার সময়ে দে-দেয় সে-করে. সে উপস্থিত হয়, সে-যায়, তাহারা ইত্যাদি ইতর অবিনয়ী শব্দের প্রয়োগ করিয়া থাকেন। ইহা দেখিয়া পুত্রের আনন্দের সীমা নাই। ইতর শব্দদিগের অধিকার এইরূপে অনেক দুর পর্যান্ত পরিস্থত হইয়াছে এবং তদ্ধারা বিচারপতিদিগের অর্বাচীনতা ও অসভ্যতাও বিশেষ রূপে প্রকাশ পাইয়া থাকে। সভ্য গ্রথমেণ্টও ঐক্নপ ইতর ভাষা নিখন প্রণানীকে বিচারালয় হইতে দ্রীভূত করিতেছেন না। স্থতরাং আমাকেই তাহার প্রতিকার করিতে হইবে যাহাতে বঙ্গদেশীয়
সকলে মনোযোগী হইয়া গবর্গমেণ্ট সন্নিধানে এ বিষয়ের
আন্দোলন করেন ও বজের বিচক্ষণ সম্ভ্রাস্ত লেভ্টেনেণ্ট
গবর্গর বিচারালয়ে ঐরপ লিখন প্রণালী রহিত করেন, আমি
সম্বর এমন প্রত্যাদেশ করিব।

এতন্তির ইতর বিকলান্ধ তাষা অদ্য কএক বংসর নভেল নাটকাদিতে অধিকার করিয়া আসিতেছে যথেষ্ট হইরাছে আর কেন এক্ষণে উহাদিগকে অধিকার চ্যুত করাই উচিত কেন না আমি লজ্জা ভয়ে অভিধান ও অলন্ধারাদি গ্রন্থ কর্তার সন্মুথে উপস্থিত হইতে পারিতেছি না, নিন্দিত ভাষাকে নিন্দিত বলিয়া প্রকাশিয়া সকলের চৈতন্ত সম্পাদন করিতে সপ্রতিকতিপয় লেখককে বঙ্গে ঘোষণা করিতে প্রত্যাদেশ করা হইরাছে ভনিয়াছি তাঁহারা ঐ ঘোষণাতে প্রবৃত্ত হইরাছেন।"

আমি এ সকল বৃত্তান্ত সরস্বতী দেবীর নিকট শুনিরাছি আপনাদিগের প্রন্থ নিরম সমুদ্রের প্রতি আর অধিক দিন নব্য লেথকেরা অবহেলা করিতে পারিবেন না আপনারা এই স্থানে বিশ্রাম করিয়া প্রতিগমন করুন, সরস্বতী দেবীকে লজ্জিতা করিতে আর তাঁহার সলিধানে গমন করিবেন না। কিছুদিন দেখুন বর্ত্তমান কালের ওরূপ লেখা বঙ্গে অধিক দিন স্থায়ী হইবে না। এই বৃত্তান্ত শুনিয়া বোপদেব অমরসিংহ হলায়ুধ প্রভৃতি সকলে বলিলেন "বিধিবদ্ধ নিয়মাবলীতে আধুনিক লেথকেরা রচনা কার্য্য

নির্বাহ করিতেছেন না তাহাতে আমরা কিছুই ক্ষোভ করি না, কেবল লম্পট, কুলটা, জারজ ও তস্কর প্রভৃতি ছুক্চরিত্র লোকের ইতি বৃত্তান্ত রচনা বদ্ধ করিয়া পুস্তক প্রকাশ করাতে বঙ্গদেশের অনেক পাঠক শ্রোতা শিশু ও মহিলাগণের কোমলাস্তঃকরণ, অসৎপথগামী হইতেছে। তাহা নিবারণের উপায় কি আছে আপশ্বি দেবী সরস্বতীকে, জিজ্ঞাদা করিয়া ক্রপা পূর্ব্বক আমাদিগকে অতঃপর অবগত করিরেন। সরস্বতী নিতান্ত লজ্জিতা হইয়াছেন শুনিয়া এ সম্য়ে তাঁহার সহিত সাক্ষাৎ করা অন্তচিত বিবেচনা করিয়া আমরা এক্ষণে স্বস্ব স্থানে গমন করিলাম।

অতঃপর চিনের্নাইন পুনশ্চ বলিতে আরম্ভ করিলেন এক্ষণকার অনেক লেথক ভাষাস্তরের ভাব ও দেশাস্তরের কচি বন্ধ ভাষার পুস্তকে আনয়ন করিয়া বঙ্গবাসীদিগের চিত্তরঞ্জন করিতে পারিতেছেননা তাঁহারা ভারতবাসিনী স্ত্রীজাতিতে বীর-রসের উদ্ভাবন করিয়া নিতান্ত অস্বাভাবিক ও অবাস্তবিক বর্ণনা প্রকাশ করিয়াছেন। সে বর্ণনার প্রতি কাহারও শ্রদ্ধা হয় না, তবে যে দেবী কালী ও হুর্গা কোন্ কালে কি বীরম্বভাব প্রকাশ করিয়াছিলেন সে এক স্বতন্ত্র ব্যাপার বলিয়া বঙ্গবাসীদিগের সংস্কার আছে; ভারতের স্ত্রীয়া সলজ্ব প্রকৃতি না হইলে তাহাদিগের মুখ দর্শন করিতে ভারতীয় লোকের ইচ্ছা হয় না, সেই স্ত্রীলোক অসি হস্তে লইয়া অস্বারোহণ করিলে কোন বঙ্গবাসী তাহাকে পাংশুরাশির উপরে সংস্থাপন করিয়া ছেদন করিতে ইচ্ছা না করেন? লেথকেরা বিলাতীয় ভাবের প্রশাকানন

বর্ণনা অন্থবাদ করিয়া বঙ্গজাতীর তৃপ্ত জন্মাইতে পারেন না সৌগন্ধযুক্ত কুস্থম কাননের বর্ণনা করিতে হইলে তাঁহাদিগকে ভারত রাজ্যের দিগে আসিতে হয়। সেই সময় কিছু বিলাতীয় কিছু ভারতীয় হুই ভাবে সংলগ্গ হইয়া যে এক মিশ্রময়ী ভাবের মৃর্ত্তির আবির্ভাব হয়, তাহা অভূত মৃর্ত্তি।—না হরিহর না কৃষ্ণ-কালী না হরগোরী———

গুণের ভাগ এই যে এক্ষণে বহুজন বঙ্গ ভাষাতে পুস্তক ও প্রবন্ধ লিখিতে প্রবৃত্ত হইয়াছেন, ইহাঁরা অপক্ষপাতী সমা-লোচকদিগের কটাক্ষ লক্ষ রাখিয়া রচনা কার্য্য নির্বাহ করিতে প্রবৃত্ত হইলে উত্তরকালে ভাষার উন্নতি করিতে পারিবেন এমন প্রত্যাশা হইতেছে, কিন্তু অনেক আত্মীয়-রঞ্জন সমালোচক আছেন তাঁহাদিগের প্রতি নির্ভর করিলে লেখকেরা ভাষার উন্নতি পক্ষে কুতকার্য্য হইতে পারিবেন না।

পরমের্যরের করণার সীমা নাই তিনি বঙ্গের সেই অপবিত্র অসরল অসংলগ্ন অব্যবস্থিত লেথকগণের রচনা প্রপীড়িত জনের মনোত্বংথ নিবারণার্থে পশ্চাল্লিথিত কএক জন পবিত্র সরল সংলগ্ন স্বাভাবিক ভাবসংযুক্ত জ্ঞানগর্ত্ত সন্দর্ভ রচন্মিতার স্বষ্টি করিয়াছেন বাঁহাদিগের গুণসম্বন্ধে কিঞ্চিৎ নিবেদন করিতেছি।

রাজা রামমোহন রায়, ভার রাজা রাধাকান্তদেব বাবু
নীলরত্ব হালদার ও ঈধরচক্ত ওপ্ত অতিশয় প্রশংসিত লেথক
ছিলেন ইহাঁরদিগের রচনা শক্তির পরিচয় মহোদয় নরলোকে
বিদ্যমান থাকিয়া পাইয়াছেন, সে সকল বিবরণ একপে উথাপনের অনাবশ্রক।

ঈশ্রচক্র বিদ্যাদাগর আধুনিক সুসাধু বঙ্গ ভাষার জনক, তাঁহার লেখনী হইতে যেরপ ভাষা নিঃস্ত হয় তদমূরপ বিতীয় কাহার লেখনী হইতে নিঃসরণ হয় না। বিদ্যাদাগর তাঁহার মধুময় রচনা রদ বর্ষণ করিয়া কাহার হৃদয় না প্রফ্ল করিয়াছেন ?

অধুনাতন কালের যত সম্বাদ পত্র সম্পাদক কিম্বা গ্রন্থ-রচয়িতা থাকুন বাবু রাজেন্দ্রলাল মিত্রের বিবিধার্থ সংগ্রহ পাঠ করিয়া যতদ্র জ্ঞান উন্নত হয়, দ্বিতীয় আর কোন বাক্তির প্রবন্ধ পাঠ তাদৃশ জ্ঞান উন্নত করিতে পারক নহে।

দক্ষিণ মজীলপুর নিবাসী হেমচক্র ভট্টাচার্য্য বিদ্যাদাগর মহাশরের লেথার এতাদৃশ অন্তকরণ করিয়াছেন যে স্থানে স্থানে অতিশয় মনঃসংঘোগ করিয়া পড়িলেও তাহা বিদ্যাদাগর মহাশয়ের
লেথা নহে এমন অন্তব করা যায় না, উক্ত লেথার কএক পঁক্তি
এখানে উত্থাপন করিতেছি "অরণি কার্চ্চ যেমন অয়ি উদ্গার
করিয়া থাকে দেইরূপ তাঁহার (সীতার) নেত্র হইতে বহুকাল
সঞ্চিত অক্র উল্গত হইল; কমল দল হইতে যেমন নীরবিন্দ্
নিঃস্ত হয়, তদ্রপ ঐ সময় স্ফটিক ধবল জলধারা দরদরিত
ধারে প্রবাহিত হইতে লাগিল এবং প্রবল শোকানলে সেই
বিশাললোচনার পূর্ণচক্র স্কুনর বদনমণ্ডল বৃস্তচ্ছির পক্ষজের
স্থায় একান্ত স্থান হইরা গেল।

ধর্মশীলা স্থমিত্রা কৌশল্যাকে বিলাপ করিতে দেখিয়া এই-রূপ কহিয়াছিলেন স্থা তাঁহোর (রামের) পবিত্রতা ও মাহাম্ম্য জ্ঞাত হইয়া কঠোর কিরণে তাঁহাকে পরিতপ্ত করিতে সাহসী হইবেন না। দর্ববিল শুভ স্থাপ্রপর্ণ সমীরণ কানন হইতে নিঃস্ত হইয়া অনতিশীত ও অনতি উষ্ণ ভাবে তাঁহার সেবা করিবেন। রজনীতে চক্র তাঁহাকে শয়ান দেখিয়া পিতার স্থায় সন্তাপহারক করজাল দারা আলিঙ্গন ও আনন্দিত করিবেন। সেই মহাবীর স্বভুজ বীর্যো নির্ভয় হইয়া, অরণ্যে গৃহের স্থায় বাস করিতে সমর্থ হইবেন। দেবি রামের কি আশ্রুয়্য মঙ্গল ভাব! কি সৌন্দর্যা! কি শৌর্যা! তিনি স্র্য্যের স্বর্য্য অগ্রির অগ্রি, প্রভুর প্রভু কীর্ত্তির কীর্ত্তি ক্ষমার ক্ষমা দেবতার দেবতা এবং ভূত সমৃদ্রের মহাভূত তিনি বনে বা নগরে থাকুন তাঁহার কোন দোব কাহারই প্রত্যক্ষ হইবে না। তিনি পৃথিবী ও ভানকী ও ভয়্মীর সহিত অবিলম্বে অভিষক্ত হইবেন।"

দক্ষিণ দেশীয় যে কএক ব্যক্তি কালীপ্রসন্ন সিংহের মহা-ভারত রচনা করিয়াছেন, ইহাঁরা প্রত্যেকেই বিখ্যাত লেখক কালসংক্ষেপ জন্ম ইহাঁরদিগের সকলের নাম সম্প্রতি উল্লেখ করিতে পারিলাম না।

তারাশন্বর ভটাচার্য্য তাঁহার কাদম্বরীর ভাষা এত মধুর এত ললিত করিয়াছেন বে বিদ্যাদাগর মহাশ্রের লেথা দ্রে রাখিয়া কথন কথন ঐ কাদম্বরী পাঠার্থে মন ধাবমান হইতে থাকে তাঁহার লেথার এই সকল ভাগ কি মনোহর "একদা মধু-মাদের সমাগমে কমলবন বিক্সিত হইলে, চ্যুত কলিকা অনু-রিত হইলে, মলয়মান্তরে মন্দ মন্দ হিল্লোলে আফ্লাদিত হইয়া কোকিল সহকার শাখার উপবেসন পূর্কক স্ক্রের ক্রিলে অশোক কিংশুক প্রেক্ট্রের করিলে অশোক কিংশুক প্রেক্ট্রের ব্রুলে মুকুল উলগত

এবং ভ্রমরের ঝন্ধারে চতুর্দ্দিক প্রতিশব্দিত হইলে আমি মাতার সহিত এই অচ্ছোদ সরোবরে স্নান করিতে আসিয়া-ছিলাম।"

"স্থে একবার আমার কথার উত্তর দেও। একবার নয়ন
উল্লালন কর। আমি তোমার প্রফুল মুখকমল একবার অবলোকন করিয়া, জন্মের মত বিদায় ইই, আমার সহিত তোমার
সেই অকৃত্রিম প্রণয় ও অকপট সৌহার্দ্দ কোথায় গেল ? তোমার
সেই অমৃতময় বাকা ও ক্লেহময় দৃষ্টি য়য়ণ করিয়া আমার বক্ষঃস্থল বিদীর্ণ হইতেছে ক্পিঞ্জল আর্ত্রস্তরে মৃক্তকঠে এইরূপ
ও অক্সরূপ নানা প্রকার বিলাপ ও পরিতাপ করিতেছিলেন।"

"প্রভাত সমীরণ মালতী কুসমের পরিমল গ্রহণ করিয়া, ফ্রেখিতি মানবগণের মনে আহলাদ বিতরণ পূর্বক ইতন্ততঃ বহিতে লাগিল। প্রদীপের প্রভার আরু প্রভাব রহিল না। প্রবের অগ্র হইতে নিশার শিশির মুক্তার স্থায় ভূতলে পড়িতে লাগিল।"

"চন্দ্রাপীড় নগরে আসিতেছেন শুনিয়া রমণীগণ অতিশয় উৎস্ক হইল আপন আপন আরম্ধ কর্ম সমাপন না করিয়াই কেহ বা অলব্রুক পরিতে পরিতে কেহ বা কেশ বাঁধিতে বাঁধিতে বাটীর বহির্গত হইয়া কেহ বা প্রাসাদোপরি আরোহণ করিয়া এক দৃষ্টিতে পথ পানে চাহিয়া রহিল একবারে সোপান পরপ্রায় শত শত কামিনীজনের সসদ্ধান পাদ নিঃক্ষেপ করায়
প্রাসাদমধ্যে এক প্রকার অভ্ত পূর্ব ও অক্রত পূর্ব ভূষণ শব্দ
সমুৎপর হইল, গবাক্ষ ভালের নিকটে কামিনীগণের মুখ পরক্ষরা

বিকসিত কমলের ভাষ শোভা পাইতে লাগিল স্ত্রীগণের চরণ হইতে আর্দ্র অলক্ত পতিত হওয়াতে ক্ষিতিতল পারবময় বোধ হইল। তাঁহাদিগের অঙ্গশোভায় নগর লাবণ্যময়, অলঙ্কার প্রভায় দিখলয় ইক্রায়্ধময় মুধমণ্ডলে ও লোচন পরম্পরায় গগনমণ্ডল চক্রময় পথনীলোৎপলময় বোধ হইতে লাগিল।"

বাব দেবেজনাথ ঠাকুর ঈশ্বর প্রসঙ্গ সম্বন্ধে যে সকল প্রস্তাব লিথিয়াছেন, তাহা অতি সর্ল স্থাময় এমন কি পাঠ করিলে নিতান্ত নান্তিকের নীরস অন্ত:করণেও ভক্তি রসের সঞ্চার হয় আপনাদিগের শ্রবণার্থে তাহার যৎকিঞ্চিৎ উত্থাপন করিতেছি "অহোরাত আপনার চরিত্র সংশোধন কর, অহোরাত্র তাঁহাতে (পরমেশ্বরে) প্রীতি ও তাঁহার প্রিয়কার্য্য সাধন কর। যদি কথন প্রলোভনের মলিন পঞ্চিল কর্দমে পতিত হইয়া ধর্ম হইতে ভ্রপ্ত হও. তবে বার বার বলিতেছি যে ঈশ্বরের নিকটে ক্ষমা প্রার্থনা করিও; তিনি ডোমানের হস্তধারণ পূর্ব্বক নেই পাপ পদ্ধ হইতে উদ্ধার করিয়া দেবতাদিগের পুণা পদ্ধিতে লইয়া যাইবেন। ঈশ্বর আমাদের আত্মার ভেষজ। যথন আমরা পাপ বিকারে বিক্লত হইয়া স্বাধীনতাকে নই করি অজ্ঞানান্ধ হইয়া কার্য্য করিতে থাকি তথন তিনি আমাদিগকে সহস্র প্রকার দণ্ড দারা স্বপথে লইবার যত্ন করেন, উপযুক্ত হুইলে সে সময়েও আমাদের হৃদয়ে বিন্দু বিন্দু অমৃত বারি প্রেরণ করেন দেখ ঈশ্বরের কি করুণা আমরা ঘোর পাপেতে জড়ীভূত থাকিলেও তিনি আমাদিগকে তাহা হইতে মুক্ত কুরিতেছেন।

বাবু নীলমণি বসাক যেরপ সরল স্থাগ ভাষায় ভাব সংলগ্ধ রাথিয়া পুস্তক লিথিয়া আসিয়াছেন ঐরপ কিছু লিথিতে পারিলে এক্ষণকার অনেক লেথক বাবুরা হস্তে মন্তক ছেদন করিতেন সন্দেহ নাই——

বাবু রাজনারায়ণ বস্থর বক্তৃতা ও অন্যান্ত পৃস্তকের এক চমংকারিণী শক্তি আছে। ঐ সকলের বর্ণনা যতদ্র ভক্তিরসশীলতা, যতদ্র সংসারের অনিতাতা, যতদ্র সেহ মনতা প্রভৃতি বৃত্তির উত্তেজনা করিতে পারে, অধুনা দিতীয় কোন লেথকের—লেখনী ঐক্রপ পারে এমন প্রতায় হয় না; তন্মধ্যে সংসারের অনিতাতা সম্বন্ধে কিঞ্চিৎ উদ্ভৃত করা ষাইতেছে "অনিতা বস্তর প্রতিপ্রেম অনেক যন্ত্রণা দায়ক, কারণ অনিতা বস্তর কোন স্থিরতা নাই। অদা রাজা কলা দরিদ্র, অদা মহোলাস কলা হাহাকার, অদা অভিনব বিকসিত পুস্পত্রা লাবণ্য যুক্ত, কলা ব্যাধি দারা শুদ্ধ ও শীর্ণ; অদ্য পুত্রের স্কচারু বদন দর্শন করিয়া আনন্দিত হওয়া, কল্য তাহার মৃত শরীরোপরি অশ্রুবর্ধণ করা; অদ্য পুণ্যুবতী রূপবতী প্রিয়বাদিনী ভার্যাের সহবাদে স্থাবেতে দ্রুব হওয়া, কল্য তাহার শৃত শরীরোপরি অশ্রুবর্ধন করা; আদ্য পুণ্যুবতী রূপবতী প্রিয়বাদিনী ভার্যাের সহবাদে স্থাবেতে দ্রুব হওয়া, কল্য তাহার শৃত শরীরোগরি অশ্রুবর্ধন করা; আদ্য পুণ্যুবতী রূপবতী প্রিয়বাদিনী ভার্যাের সহবাদে স্থাতিমা মাত্র রহিল, ইহাতে হুদয় বিদীর্ণ করা; হায় ! হায় ! কিছুই স্থির নাই।"

বাবু অক্ষয়কুমার দত্তের সন্দর্ভ-রচনার চাতুর্য্য সাতিশয় প্রশংসনীয়, তিনি অতি গুরুতর প্রস্তাব সমস্ত যেরূপ আশু বোধক সরল ভাষায় লিথিয়াছেন ঐরূপ গুরুতর প্রস্তাব অদ্যাবধি তাদৃশ সরল ভাষায় প্রায় কেহ লিথিতে সক্ষম হয়েন নাই; ভাঁহার সন্দর্ভ কি জ্ঞানগর্ভ! যথা—"তোমরা বিদ্যাবান ও ধর্মশীল বট; কিন্তু এ প্রকার গুণ সম্পন্ন হইয়া আলপ্রের বশীভূত থাকা উচিত নহে। কতকণ্ডলি পৃত্তক সমভিব্যাহারে বিরলে কাল-যাপনার্থে বিদ্যার সৃষ্টি হয় নাই, এবং সংসারের গুভাগুভ তাবত বিষয়ে উপেক্ষা করিয়া অন্তংসাহে কাল ক্ষেপণ করাও ধর্ম্মের উদ্দেশ্য নহে। ভূমগুলে জন্ম গ্রহণ করিয়া যদি সংসারের কার্য্যই না করিলে, তবে জীবন ধারণের ফল কি? শিক্ষিত বিদ্যা যদি জগতের উপকারার্থে নিয়োগ না করিলে, তবে সে বিদ্যার প্রয়োজন কি? যদি সকলেই তোমাদের স্থায় বুথা কাল হরণ করে, তবে এক দিবসেই লোক যাত্রার উচ্ছেদ দশা উপস্থিত হয়।"

বন্ধশক্ষ যেমন স্থমধুর, বন্ধুর রূপ তেমনি মনোহর। বন্ধুর সহিত সাক্ষাৎ হইলে, তাপিত চিন্ত শীতল হয়, এবং বিষণ্ণ বদন প্রদর হয়। প্রণার পবিত্র সচেরিত্র মিত্রের সহিত সহবাস ও সদালাপ করিয়া যেমন পরিতোষ জয়ে, তেমন আর কিছুতেই জয়ে না। তাঁহার সহিত সহসা সাক্ষাৎকার হইলে, কি জানি কি নিমিত্ত, শোক সম্ভপ্ত স্থহঃখিত ব্যক্তিরও অধর-যুগলে মধুর হাস্তের উদয় হয়। দীর্ঘকাল অনশনের পর অয় ভোজন করিলে যেরূপ তৃপ্তি জয়ে, পিপাসায় ওঙ্ক-কণ্ঠ হইয়া স্থশীতল জল পান করিলে যেরূপ স্থামুভ্ব হয়, এবং তপন তাপে তাপিত হইয়া স্থবিমল স্থামুগ্র সমারূপ সেবন করিলে অফ সন্তাপ দ্রীকৃত হইয়া যেরূপ প্রমোদ লাভ হয়, সেইরূপ প্রেয় বন্ধুর স্থমধুর সাজ্বনা বাক্য য়ায়া ছঃখিত জনের মনের সন্তাপ অস্তরিত হইয়া সম্ভোষ সহ প্রবাধ স্থার সঞ্চার হয়।——"

দৌষের মধ্যে তিনি তাদৃশ সংস্কৃতজ্ঞ না হইয়া মধ্যে মধ্যে শাল্লীয় মীমাংদাদির খণ্ডন ও নিন্দাবাদ করিয়াছেন, সেইটি তাঁহার পক্ষে যুক্তিদিদ্ধ কর্ম্ম হয় নাই। ফলতঃ অক্ষয় বাবুর রচনা যত প্রশংসনীয় তাঁহার অনেক বিষয়ের সিদ্ধান্ত তত প্রশংসনীয় নহে; যেহেতু তিনি লিখিয়াছেন—"ভভাভভ দিন-ক্ষণ তাঁহার (অশিক্ষিতের) কতই আশঙ্কা কতই উদ্বেগ উৎ-পাদন করে" এই আশঙ্কা কেবল অশিক্ষিতের হইয়া থাকে এমন নহে। জ্যোতিষ শাস্ত্র—নিপুণ স্থাশিক্ষিতদিগেরই ঐব্ধপ আশঙ্কা হইয়া থাকে. যে দিনক্ষণ বার তিথির সংযোগ মাহাত্ম্যে চির্দিন চক্রস্থর্য্যের গ্রহণ, তারানক্ষত্রের উদয়ান্ত, প্রবল বাতাার আবির্ভাব প্রত্যক্ষ হইয়া থাকে সেইরূপ তিথিনক্ষত্রের সংযোগ মাহাত্ম্যে কোন কর্ম করিলে অনিষ্ট ঘটনা হইবার বাধা কি আছে ? এমন স্থলে শুভাশুভ দিনক্ষণ গ্রাহ্য না করা যুক্তি-সিদ্ধ নহে। এক স্থানে লিথিয়াছেন "ভূত, প্রেত, পিশাচ প্রভৃতি অবাঝবিক পদার্থ তাঁহার (অশিক্ষিতের) ফ্রন্মক্ষেত্রে নিরম্ভর বিচরণ করে" ভূত, প্রেত, পিশাচ প্রভৃতিকে অসংখ্য স্থাশিকিত লোক বাস্তবিক বলিয়া মানেন। স্থাপিক্ষিতেরা বছ জনেও ভূত প্রেতাদি যে অবাস্তবিক অদ্যাবধি তাহা স্থির করিতে পারেন নাই। এমন স্থলে কোন প্রমাণ না দেখাইয়া চারুপাঠ লেথকের ভূত প্রেতাদিকে অবাস্তবিক ও কেবল অশিক্ষিতেরা ভূতাদি মানে, ইহা বলা অনর্থক হইয়াছে। পুনশ্চ তিনি বিধিয়া-ছেন "অশিক্ষিতদিগের বিহক্ষ বিশেষের স্থর বিষয়েই বা কত আস ও কত উৎকণ্ঠাই উপস্থিত করে" বিহন্ধ বিশেষের

স্বর বিষয়ে ত্রাসিত ও উৎক্ষিত হওয়া স্থানিক্ষিতের কার্য্য, অশিক্ষিতের নহে, চারুপাঠ লেখক তাহার কারণ নির্দ্দেশ করিতে शाद्रिन नार्ट ; यथन कपर्या ७ कर्कम श्रद्धेत, छत्र वा मत्नित शानि উপস্থিত করিয়া পীড়া উৎপাদন করিয়া থাকে। ভীষণ শব্দে গর্ভিনীর জরায়ুস্থ সন্তান বিনষ্ট করে, তথন কুশব্দ ও কুম্বরকে ভয় করা স্থশিক্ষিত কি অশিক্ষিতের কার্য্য ও দক্ষিণ দেশের পল্লী গ্রামের ভূতল নামক পক্ষীর ভয়ানক স্বর কর্ণকুহরে প্রবেশ করিলে, লেখক সে স্বরে ভয় না করার সিদ্ধান্ত কিরূপে করিতেন দেখা যাইত। যেমন কুম্বর শব্দ শ্রবণ নিবন্ধন ভয়ে পীড়াদি উৎপন্ন হয়, সেইরূপ স্কুম্বর শ্রবণে মহুষা প্রফুল ও অরোগী হয়; চারুপাঠ লেখক তাহা আলোচনা করেন নাই, তিনি অমুসন্ধান করিলে জানিতে পারিতেন, যে চিকিৎসকের ব্যবস্থায় অনেক বায়ুরোগ গ্রস্ত সেতারের স্থশন শুনিয়া আরোগ্য লাভ, পাদরি সাহেবদিগের স্থায়-শাস্ত্রের কতক জানা কতক না জানার স্থায় আর একস্থলে চারুপাঠ লেথক স্বকপোল কল্লিত মীমাংসা করিয়াছেন "পৃথিবীর স্থলভাগ জলময় সমুদ্রে পরিবেষ্টিত বটে কিন্তু ক্ষীর সমুদ্র, স্থরা সমুদ্র, ইক্ষু সমুদ্র প্রভৃতি পুরাণোক্ত সপ্ত সমুদ্রের অন্তিত্ব ঘটিত যত উপাধ্যান প্রচলিত আছে সর্কোব মিখ্যা।" গ্রন্থকার ইহার ভাবার্থ সংগ্রহ করিতে না পারিয়া ঐ সকলের অন্তিত্বের প্রতি হাস্তজনক মীমাংসা করিয়াছেন। তিনি স্পষ্ট অমুধাবন করিয়াছেন যে ক্ষীর সমুদ্র অর্থে ক্ষীর পূরিত, ইক্ষু সমু-जार्श, देक्षुत्रम পূরিত, হুরা সমুদার্থে হুরা পূরিত সমুদ্র, ফলতঃ

তাহা নহে, ক্ষীর গুণ বিশিষ্ট জল পূর্ণ সমুদ্রকে ক্ষীর সমুদ্র, ইক্ষুরস গুণযুক্ত সমুদ্রকে ইক্ষু সমুদ্র, স্থরাগুণ সম্প্রক প্রাছন। সমুদ্রকে স্থরা সমুদ্র বিলিয়া পৌরাণিকেরা উক্ত করিয়াছেন। চারুপাঠ লেশকের স্থায় অর্থ সংগ্রহ করিয়া আয়ুর্কেলোক্ত গোক্ষর বৃক্ষের স্থলে কোন ব্যক্তি জীবস্ত গরুর ক্ষুর আনিয়া পাচন প্রস্তুত করিয়াছিলেন। চারুপাঠ লেখকের প্রতি এই রূপ কটাক্ষ করাতে আনেকে বিরক্ত হইতে পারেন, কি করা যায় ছঃথের বিষয় যে আমরা তাঁহার অম সিদ্ধান্ত নিচয় গ্রাহ্য করিতে পারি না।

সাহিত্য বিষয়ক প্রস্তাব রচয়িতা, ঐতিহাসিক উপ-ন্থাস নামক প্রস্তাব লেথককে গ্রন্থকার শ্রেণীভুক্ত করিয়া ক্রমা-গত ত্রিবরণ বর্ণন ক্রিয়াছেন, তাহার মর্ম্ম কি, তাহা আমরা অমুভব করিতে দক্ষম হই নাই। উক্ত লেখক একজন ইংরাজিতে পারদর্শী বলিয়া ভূয়দী প্রশংদা করিলে ভাল ন্দ্রনাইত। তিনি গ্রন্থ রচনা কার্য্যে তত খাতি প্রতিপত্তি লাভ করিতে পারেন নাই, সে বিষয় লইয়া অধিক আন্দোলন করা পণ্ডশ্রম হইয়াছে। বাঙ্গালা পুস্তকের চারুতা সপ্রমাণ করিতে ঐতিহাসিক উপস্থাস লেখক পুস্তকের বিজ্ঞাপনে এক হাস্যজনক কথা লিথিয়াছেন "শ্রীযুক্ত হজ্সন প্রাট সাহেব এই পুস্তকের পাণ্ডুলিপি লইয়া আদ্যোপান্ত সমুদায় পাঠ করত বিশিষ্ট রূপ সম্ভোষ প্রকাশ করিয়াছিলেন। আমি তাহাতেই সাহস প্রাপ্ত হইয়া এই পুস্তক মুদ্রিত করিতে প্রবৃত্ত হই" হা তুৰ্দশা ৷ হা ভ্ৰান্তি ৷ ইংৱাজ হইয়া প্ৰাট দাহেব ঐ বাঙ্গালা পুস্ত-কের ভাল মন্দ যত দূর বুঝিয়াছিলেন তাহা মা গঙ্গাই জানেন।

মুক্তারাম বিদ্যাবাগীশ ও জগুগোহন ভর্কালভার যে বে পুরাণ অমুবাদ করিয়াছেন, সে সকল অতি পরিশুদ্ধ এবং চিত্ত-রঞ্জক হইয়াছে। রাষ্ক্রমণ ভট্টাচার্য্যের প্রকৃতি বাদ অভি-शान निकारी पिरात निजां अताजनीत भूजक इरेबाट्य। বারকানাথ বিদ্যাভ্রণের রোম ও রামগতি ভাররত্বের বঙ্গদেশের रेिज्यामापि, वाव रागभानम्क वत्नाभाषारात्र निकाश्रामी, वां वाजकृष् वत्मां शाधारात नी ितां ध (हेनियक रमत व्याथाप्रिका हैजानि नकन भूककई है : हाकि इहेट व्यस्तानिक, অত্নবাদিত বলিরা উহারদিগের অন্নবাদকগণের প্রতি কেহ উপেক্ষা করেন না যেহেতু এক্ষণকার পুত্তক লেথকেরা প্রায় কেহই আদি রচম্বিতা নহেন তাহাও এই স্বরলোকে ইতিপূর্বে উল্লেখ করা হইয়াছে। আদি রচয়িতার পুত্তক না হইলেও যেমন বিদ্যাদাগর মহাশয়ের পুস্তকে শিক্ষার্থীদিগের পরমোপকার হইতেছে, উপরি উক্ত অনুবাদক মহাশয়দিগের পুত্তক শিক্ষার্থী-দিগের তদমুরূপ। ঐ সকল গ্রন্থ অমুবাদকেরা সাধারণের অপরিমেয় ধন্তবাদ পাইবার যোগ্যপাত। উহাঁদিগের পুস্তক নিচয় শিক্ষার্থীদিগকে পবিত্র জ্ঞান মঞ্চের উর্ক্কভাগে প্রেরণ कतिया थाक । कतिल कि इटेरव मर्पा मर्पा नर्जन, नाउक তাঁহাদিগকে সেই মঞ্চ হইতে অধোভাগে আনিরা অজ্ঞান অন্ধ-কারে নিঃক্ষেপ করে ও তাঁহাদিগের চরণ, গুরুভার শৃত্বলে আবদ্ধ क्तिया तार्थ। छांशांतिशत्क शिवज ब्लान मर्थः व्यात्तारुव করিতে দেয় না ।

হরিনাথ স্থায়রত্বের প্রণীত রামের অরণ্য থাকা ও বিরাট-

শর্ক অতি ভুমধুর রসভাব পরিপূর্ণ; অলঙ্কার ব্যাকরণ ও ভাষার সরলভার প্রতি লক্ষ্য রাথিরা লেখক সন্দর্ভ কার্য্য নির্বাহ করিয়াছেন। তাঁহার রচনা শুনিলেই সহসা তাহার চারুতা অকুতব করিতে পারিবেন। যথা "ইহা কি সামারু ছ:বের বিষয়, যাহাদিগের সাগর পরিখা পর্যান্ত সমস্ত বস্তুদ্ধরা व न वर्डिनी, ठाँशता बीनिक थाकिएक र जिने व मिर्गिक स्मान দাসী হইরা থাকিতে হইল। সহস্র দাস দাসী বাহাঁর অগ্র পশ্চাৎ ধাৰমান হইত, তাহাকে এক্ষণে দীনবেশে স্থানেষ্টার जरूगामिनी इंटेट इंटेन। य एमोभनी च टएड कथन जान-নারও গাত্র মার্জন করে নাই। চলন ঘর্ষণ এখন তাহার জীবনোপায় হইল। এই দেখুন আমার তাদুশ স্থকোমল করতল কিণ্চয়ে কলম্বিত হইয়াছে। যে আমি কুন্তী ও আপনা-দিগের হইতে.কখনও ভীত হই নাই। সেই আমাকে একণে म्बनी जारत भन्न श्रुट्ट मर्खना मनक इंटेग्ना थाकिए इंटेन। वर्गक ক্ষকত হইরাছে কি না, রাজা পাছে কিছু বলেন, কেবল এই ভাবি-য়াই দিন যামিনী যাপন করি। অতএব নাথ। আমা অপেক্ষা शाभीयमी পृथिवीट जात क जाए वन। को भनी এই कथा বলিয়া দীর্ঘ নিখাদ পরিত্যাগ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন।" উক্ত লেথকের রামের অরণ্য যাত্রা পুস্তকে দীতার উক্তিতে এইরপ স্থলীত রচনা করিয়াছেন।

"দেখুন, পিতা পুত্র ব্রাতা প্রভৃতি আর সকলেই নিজ নিজ পুণ্য পাপের ফল ভোগ করে, কিন্তু পত্নীকে স্বামীর ভাগ্য ভাগিনী হইতে হয়। লোকে রাজার পত্নীকে মহিলী ও সন্ন্যা- সীর পত্নীকে সমাসিনী বলিয়াই নির্দেশ করে, অতএব আপনি বনবাসী তপস্বী হইলে আমি অবশ্যই বনবাসিনী তপস্বিনী হইব। কি পিতা, কি মাতা, কি পুত্র, স্থীজন, কেহই পতির তুল্যকক্ষ নহে। পতি ভিন্ন পতিব্রতা নারীর আর কোন গতিই নাই। এই জন্ত লোকে নারীকে সামীর অদ্ধাঙ্গ বলিয়া থাকে। অতএব আপনি যথন, শুরুর আজ্ঞা প্রতিপালন করিতে চলি-লেন, তথন আমিও সেই আজা প্রতিপালন করিব আপনি যদি আজ হুর্গম গৃহনে যাত্রা করেন, আমি অবশাই আপনার অগ্রগামী হইব। কি প্রাসানতল, কি বৃক্ষমূল, কি স্বর্গ, কি পাতাল, আপনি যেখানে যে অবস্তাতেই থাকুন, আমাকে ছায়ার ন্তায় সহচারিণী বলিয়া জানিবেন। অতএব আমি আপনার সঙ্গে মুগ-পূর্ণ দণ্ডক বনে অবশ্যই যাত্রা করিব। আমি কৌমারা-বস্থায় পিতৃ ভবনে যেমন স্থথে বাদ করিতাম দেখানেও দেই ভাবে থাকিব। অপনার অনুমোদিত নিয়ম পালন করিষ্কা ব্লুচারিণী হইয়া পতির শুশ্রষা করিব—অতএব আমি নিশ্চয়ই বন গমন করিব। আপনি আমাকে কিছুতেই নিরুত্ত করিতে পারি-বেন না। আমি ফল মূল আহার করিয়া আপনার সহিত বন-वांत्रिनी इट्टें। উচ্চতর ভূধর, রমণীয় নির্মর, বেগবতী নদী ও হংস কারণ্ডব-পূর্ণ কমলিনী শোভিত সরোবর সকল নিরীক্ষণ করিয়া পরম স্থামুভব করিব। অতএব জীবিতনাথ। আমাকে লইয়া চলুন, আমি আপনাতে রহিত হইয়া ক্ষণমাত্রও জীবন ধারণ করিতে পারিব না।"

গিরীশচন্দ্র বিদ্যারত্ব মহাশয়ের দশকুমার গ্রন্থ সম্বন্ধে

কোন সারদর্শী কর্তৃক যেরপ উক্ত হইরাছে, আমি তাহা স্যমক্ প্রকারে স্বরূপ কথা বলিয়া অন্থমোদন করি; তিনি এইরূপ বলিয়াছেন "এই বাঙ্গালা দশকুমারের রচনা অতিশন্ধ প্রসাদ শুণশালিনী। বাঁহাদিগের বাঙ্গালা ভাষার তারতমা বিবেচনা করিবার শক্তি আছে, তাঁহারা অনায়াসে ব্ঝিতে পারিবেন বে এরূপ প্রসাদ শুণশালিনা ও চমৎকারিণী রচনা, বাঙ্গলা ভাষার পুস্তুক মধ্যে অতি বিরল।"

রামকমল ভট্টাচার্য্য মহোদয়ের অঘোধ্যাকাণ্ডের রচনা কি মনোহারিনী, শুনিলে অন্তঃকরণ পরিতৃপ্ত হয়। কিঞ্চিৎ উদ্ধৃত না করিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না যথা—"মৈথিলী লজ্জিতা হইয়া বলিলেন, আর্য্যে! আমি পতিত্রতা নারীর ব্রতাচার অবগত আছি। বীণা যেমন অতন্ত্রী হইলে বাদিত হয় না, রথ যেমন অচক্র হইলে চলিত হয় না, মীন যেমন সলিল বিহীন হইলে জীবিত থাকে না, নারীও তেমনি পতি সেবার পরামুখী হইলে স্থুপ সন্তোগে সমর্থ হন না। পিতা মাতাও লাতা প্রভৃতি কেহই পতির তুলা হিতৈরী নহেন। আমি পরম দৈবত পতিকে অবজ্ঞা করিব, আপনি এরপ আশক্ষা করিতেছেন কেন? আমি পরিণয় কালাবধি এই ব্রত করিয়াছি, যে ভর্তার হিতের নিমিক্ত প্রাণ পর্যান্ত পরিবত্যাগ করিব।"

মধুস্দন বাচস্পতি সঙ্কলিত। "বসস্ত সেনা" এক রমণীর গদ্য পদ্য রচনা পূর্ব পুস্তক তাহার গদ্যভাগের কিয়দংশ শ্রবণ কফন।

"হায় আমি কি এতই নরাধম, এতই পাপায়া ও এতই

জ্বন্সের মধ্যে গণ্য হইয়া পড়িলাম। ক্ষণকাল পূর্ব্বে বাঁহাদের জীবন তুলা স্নেহভাজন ছিলাম, সেই চিরপরিচিত বন্ধুগণ সেই মেহকারী বান্ধবগণ, আমাকে নারী বধকারী ছুরাত্মা জ্ঞান করিয়া ব্যান্তের স্থায় হিংস্র, মার্জারের স্থায় লোভী, ভুজঙ্গের স্থায় থল, কৃষ্টীর স্থায় পাপী, গুধের স্থায় ঘুণাম্পদ ও কৃতান্তের স্থায় ভয়ঙ্কর, ভাবিয়া দূর হইতেই পরিত্যাগ করিতেছেন। হায়! দর্মং দহা ভূত ধাত্রী বস্ত্রমতীও কি আমার ভার দহ্ করিতে পারিলেন না ? তবে আর কাহাকে কি কহিব, কে আর আমার ভার লইবে ? হে ধর্ম্মরাজ। ধর্মাধর্ম সকলই তোমায় বিদিত. অতএব আমি কৃতাঞ্জলি ও কাতর হইয়া বিনয় করি। তুমি আমার এই অপ্রতিবিধের অপার বিপৎসাগরে পোত স্বরূপ বন্ধ হও, এখনই আমার জীবন গ্রহণ করিয়া উপকার কর. আর যেন, আমাকে এক পদও চলিতে না হয়, এবং এই অসহ যন্ত্রণা শুল সহা করিতে না হয়। হে মৃত্যু তুমি ভিন্ন এ সময়ে আর কেহই হিতকারী হইতে পারিবে না, আমি শরণাগত চরণানত হইতেছি, শীঘ্র আমার প্রাণ লও, এই ঘোর বিপদ হইতে পরিত্রাণ কর।"

ডাক্তর যত্নাথ মুখোপাধারের প্রণীত শরীর পালন, উদ্ভিদ বিচার ও ধাত্রী শিক্ষার মর্মার্থ অতি উপকারক ও ব্যবহার্য্য হইয়াছে।

তিনি বে এক্ষণকার অনেক লেথকের ন্যায় কাব্য কাণ্ডে হস্তার্পন পূর্ব্ব রুথা কালক্ষয় করিয়া হাস্থাম্পদ হয়েন নাই, ইহা অতি বৃদ্ধিমানের কার্য্য করিয়াছেন। কাব্য কাণ্ডে ধ্যাতি প্রতিপত্তি লাভ করা ঈশ্বর দত্ত বিশেষরূপ শক্তি-সম্পন্ন লোকের কার্য্য, ঈশ্বর সে শক্তি বাঁহাদিগকে না দিয়াছেন, তাঁহারাও ইদানীং কবিকুলের দলভূক্ত ইইয়া কবিতা দেবীকে অলক্ষার বিবর্জিত ও পথের কাঙ্গালিনী করিয়া যথায় তথায় ভ্রমণ করান। হায় কি হঃখের বিষয়! অতঃপর নিবেদন, হরানন্দ ভট্টাচার্য্যকৃত নলোপাথ্যান অতি বিশুদ্ধ সরল ভাষায় বিরচ্চিত ইইয়াছে; ইহাতে ব্যাকরণ কিছা অলক্ষার গত কোন দোব নাই; বিশেষত আদি সংস্কৃত পূক্তক হইতে ইহার ভাব সকল স্থনিপূণতা সহকারে সক্ষলিত হইয়াছে, তাহার কিয়দংশ শ্রবণ কর্ষন।

(নল) "রাজা গমন করিলে কিয়ৎক্ষণ পরে দময়ন্তীর নিজা ভঙ্গ হইল। নেত্রদ্বর উন্মীলন করিয়া দেখিলেন, হৃদয়নাথ নিকটে নাই। অমনি দশ দিক্ শৃন্ত দেখিয়া হাহাকার করিয়া উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন। প্রিয়তমকে উদ্দেশ করিয়া করণ বাক্যে কহিতে লাগিলেন, হা নাথ! এ হৃঃখিনীকে ফেলিয়া কোথায় পলাইলে? আমি তোমা বিনা আর কাহাকেই জানি না। এই সংসার মধ্যে তোমা বিনা আমার আর কেহ নাই। আমি একাল পর্যন্ত এক দেহের স্থায় তোমার সহত কালয়াপন করিয়াছি; কায়মনে তোমার সেবা করিয়াছ। এই হৃঃসহ হৃঃখভোগ তৃণ-তুলা বোধ করিয়া তোমার সক্ষে অরণ্যবাস আশ্রম্ম করিয়াছি। কিন্ত ত্মি কি প্রকারে ক্ষম্ম পায়ালম্বর্ক করিয়া চিরস্ঞ্জিত কলত্র-স্কেই বিমরণ প্রকার, এই ভীষণ মহারণ্য মধ্যে আমাকে নিদ্রিতা একাকিনী পরিত্যাগ করিয়া প্রস্থান করিয়া। এই জনশৃক্ত অবাদ্ধব স্থানে

আমি কাহার কাছে দাঁড়াইব? কে আমাকে রক্ষা করিবে? তোমার অন্তঃকরণে কি দয়ার লেশ মাত্র নাই ? যদি মনে করিলেই মৃত্যু হইত; তাহা হইলে তোমার অদর্শনে এক মুহূর্ত্তও জীবন রাথিতাম না। অথবা বুঝি তুমি পরিহাস করিয়া লতাবিতানে ব্যবহিত হইয়া কৌতুক দেখিতেছ ? এই পৰ্য্যস্তই ভাল; আর পরিহাদের প্রয়োজন নাই। বিকটাকার সিংহ, শার্দ,লাদি স্বাপদগণ ভয়স্কররূপে চতুর্দ্ধিকে ভ্রমণ করিয়া বেড়া-ইতেছে, দেখিয়া ভয়ে আমার হৃদয় কম্পিত হইতেছে। কোথার আছ ? আসিয়া দেখা দিয়া ভয় ভঞ্জন কর। এই যেন দেখিতে পাইলাম, আবার কোথায় লুকাইলে? তুমি ত অতি নিষ্ঠুর; আমার এ প্রকার বিলাপ দেখিয়া কেমন করিয়া স্বস্থ মনে রহিয়াছ ? আমি আমার জন্ম ক্ষণকালের নিমিত্তও চিন্তা করি না। কেবল ভোমার নিমিত্তই ভাবিতেছি; যথন তুমি কুধায় পিপাসায় একান্ত ক্লান্ত ও পথশ্রান্ত হইয়া সায়ং-কালে বৃক্ষমূলে আসিয়া উপস্থিত হইবে; তথন তথায় আমাকে দেখিতে ना পाইলে তোমার মন কির্মুপ হইবে? अध्या করিয়া কে তোমার শ্রান্তি দূর করিবে? কে আর প্রিয়বাক্য দারা তোমার হৃদয় শীতল করিবে ?ু বলিতে বলিতেই শোকে বিহবল হইয়া ভূতলে লুঠিত হইয়া রোদন করিতে লাগিলেন। নয়নে বাষ্পধারা বছিয়া ধরাত্ব আর্দ্র হইয়া উঠিল।"

ছতোম গাঁচার পুত্তকের ইতিবৃত্তান্ত নিতান্ত নিরুষ্ট, কিন্ত প্রায় এক্ষণকার মহায় মাত্রেরই কেমন একপ্রকার নীচ প্রবৃত্তি জন্মিরাছে যে, লোকের কুংদা পরিপূর্ণ সেই পুত্তক পাঠে ভাঁহারা যথেষ্ট হর্মলাভ ও নীচপ্রবৃত্তি চরিতার্থ করেন। যাহা হউক উক্ত লেখকের স্বভাবোক্তি বর্ণনার পারিপাট্য অদিতীয় ও অপূর্ব্ব, তাহা শ্রবণ করুন।

"গুপুন্ করে তোপ পড়ে গেল, কাকগুলো কা কা করে বাসা ছেড়ে উড়বার উর্জুগ করে। দোকানিরা দোকানের ঝাঁপ্ তাড়। থুলে গদ্ধেররীকে প্রণাম করে দোকানে গঙ্গাজনের ছড়া দিয়ে হুঁকোর জল ফিরিয়ে তামাক থাবার উর্জুগ কছে। ক্রমে ফরসা হয়ে এলো—মাছের ভারিরা দৌড়ে আবতে লেগেচে—মেচ্নিরা ঝগ্ড়া কত্তে কত্তে তার পেচু পেচু দৌড়েছে—দিশি বিদিশি যমেরা অবস্থা ও রেস্তমত গাড়ি পাল্কি চড়ে ভিজিটে বেরিয়ে-চেন—জর বিকার ও ওলাউঠার প্রাহ্রভাব না পড়লে এঁদের মুখে হাসি দেথা যার না—উলো অঞ্চলে মড়ক হওয়াতে অনেক গোদাগাও বিলক্ষণ সন্ধতি করে নেছেন; কলিকাতা সহরেও হুচার গোদাগাকে প্রাকৃটিস কত্তে দেখা যার।——"

"এ দিকে গির্জার ঘড়িতে টুং টাং টং টুং টাং ঢং করে রাত চার্টে বৈজে গ্যালো—বার ফট্কা বাবুরা ঘরমুথ হয়েছে। উড়ে বামুনেরা ময়দার দোকানে ময়দা পিস্তে আরম্ভ করেচে। রাস্তার আলোর আর তত তেজ নাই। ফ্রফ্রে হাওয়া উঠেছে।—বারাপ্তার কোকিলেরা ডাকে আরম্ভ করেচে। ছ একবার কাকের ডাক্, কোকিলের আওয়াজ ও রাস্তার বেকার কুকুর গুলোর থেউ খেউ রব ভিন্ন এখন এই মহানগর যেন লোকশৃত্য। ক্রমে দেখুন—"রামের মা চল্তে পারে না। প্রদের ন বৌ টা কি বজ্জাত মা" মাগী যেন জ্কী" প্রতৃতি

নানা কথার আন্দোলনে ছই একদল মেরে মানুষ গঙ্গালান কতে বেরিয়েছেন।"

"চার আনা! চার আনা! লালদিগি! তেরেজ্রি! এসে। গো
বাব্ ছোট আদালত" বলে গাড়োয়ানেরা সৌথীন স্থরে চীৎকার
কচ্চে,—নবদ্ধা গমনের বউএর মত হুই একটী কুটিওয়ালা গাড়ির
ভিতর বসে আছেন—সঙ্গি জুট্চে না। হুই একজন গবর্ণমেণ্ট
আফিশের কেরাণী গাড়োয়ানদের সঙ্গে দরের কসাকসি কচ্চেন।
অনেকে চটে হেঁটেই চলেছেন,—গাড়োয়ানেরা হাসি টিট্কিরির
সঙ্গে "তবে ঝাঁকা মুটেয় যাও, তোমাদের গাড়ি চড়া কর্ম্ম নয়"
বলে কমপ্লিমেণ্ট দিচেচ।

দশটা বেজে গ্যাচে। ছেলেরা বই হাতে করে রাস্তার হো হো কন্তে কত্তে স্কুলে চলেচে। মৌতাতি বুড়োরা তেল মেথে গামছা কাঁদে করে আফিমের দোকান, গুলির আড্ডার জন্চেন। হেটো ব্যাপারিরে বাজারে ব্যাচা কেনা শেষ করে থালি বাজরা নিয়ে ফিরে যাচেচ। কল্কেতা সহর বড়ই গুলজার,—গাড়ির হর্রা, সইসের পয়িদ্ পয়িদ্ শব্দ, কেঁদো কেঁদো ওয়েলার ও নরম্যাণ্ডির টাপেতে রাস্তা কেঁপে উট্চে—বিনা ব্যাঘাতে রাস্তার চলা বড় সোজা কথা নয়।——"

চিক্র আমি সংপ্রতি রেবরেও ক্লফমোহন বন্দ্যোপাধ্যায়, বাবু বিজেক্রনাথ ঠাকুর, বাবু স্থামাচরণ সরকার, রমেশচক্র দত্ত, বঙ্গাধিপ পরাজয় লেথক, লোহারাম শিরোরত্ব, মদনমোহন মিত্র, ভোলানাথ চক্রবর্তী, মনোমোহন বস্ত্র, বাবু পাারীচাঁদ মিত্র, কালীময় ঘটক, হরিমোহন মুখোপাধ্যায়, রাধামাধ্ব মিত্র, নৃসিংছ-

চক্ত মুখোপাধ্যার, ক্ষেত্রমোহন মুখোপাধ্যার, নবীনচক্ত মুখো-পাধ্যার, যহনাথ বন্যোপাধ্যার, বাবু শিবচক্ত্র দে, বাবু রামদাস সেন প্রভৃতি মহাশ্রগণের পুস্তক সম্বন্ধে কিছু বলিতে অবকাশ পাইলাম না, সমরান্তরে বলিতে মানস রহিল। বান্ধব, একাবিক সহস্র রজনী, রহস্ত প্রকাশ প্রভৃতি পত্র ও পুস্তক সকল স্কুচারু সাধু ভাষা বিশিষ্ট; লেথকেরা যে প্রণালীতে লিখিতেছেন, প্রক্রপ লিখিলে খ্যাতি প্রতিপত্তি লাভ করিতে পারিবেন।

প্রিক্স আধুনিক লেখক দিগের রচনাদি সম্বন্ধে বিস্তা-রিত বলিলেন, কিন্তু কি কার্ম উহাঁরদিগের পুস্তকের ইতিবৃত্ত-সম্বন্ধে কিছুই উত্থাপন করিলেন না?

চিশ্রে কারণ এই যে এক্ষণকার লেথকেরা কেহ কেহ
সাক্ষাৎসম্বন্ধে, কেহ কেহ প্রকারাস্তরে অমুবাদক মাত্র, আদিরচরিতা নহেন; স্কুতরাং পুস্তকের ইতিবৃত্তান্ত সম্বন্ধে উহাঁরদিগের বোগ্যতার কিছুই সংশ্রব নাই। কেহ কেহ এরপ
সিদ্ধান্ত করেন, কালিদাস ও প্রীহর্ষ প্রভৃতি কবিগণ মহাভারত
হইতে শকুন্তলা এবং নৈষধচরিত প্রভৃতি সম্বন্দন করিয়া কি
প্রকারে ঐ সকল পুস্তকের ইতিবৃত্তান্তের কর্তা বলিয়া বিখ্যাত
হইলেন? ফলত মহাভারতের ইতিবৃত্তান্তের ছায়ামাত্র উক্ত
গ্রন্থকারেরা গ্রহণ করিয়া তাহাতে নিজ্ব নিজ্ব নৃতন ভাব, নৃতন
রস ও উৎকৃষ্টরূপ যথেষ্ট নৃতন প্রসন্ধা, তাঁহাদিগের কৃতগ্রন্থে
সিন্ধবেশিত করিয়াছেন; ঐরপ এক্ষণকার গ্রন্থকারেরা আপনাদিগের গ্রন্থে কিছু সন্ধিবেশিত করিতে পারিলে, আমি তাঁহাদিগকে
আদিরচয়িতা ও প্রন্থের ইতিবৃত্তান্তের কর্তা বলিতে সঙ্কোচ

করিতাম না; ইতিবৃত্তান্ত সম্বন্ধে তাঁহারদিগের যোগ্যতার পরিচয় দিতে পরাস্ত্র্থ হইতাম না। তাঁহাদিগের গ্রন্থপাঠে প্রবৃত্ত হইয়া দেখিয়াছি পুরাতন সাহিত্যক্ষেত্রের ও ইংরাজি প্রভৃতি ভাষার গ্রন্থের স্থান স্থান হইতে তাঁহারদিগের পুস্তকের আদ্যোপাত্ত স্কলিত হইয়াছে: অনুসন্ধান করিলে দেই সকল পুস্তকের,কোন পংক্তি, কোন ভাব, কোন রস, কোন ইতিবৃত্তান্তের অংশ, কোন সংস্কৃত কোন ইংরাজি পুস্তক হইতে গৃহীত হইশাছে তাহা অনায়াদে প্রমাণ করা যায়; তাঁহারা অনেকেই আদি রচয়িতার পুস্তককে রূপান্তর করিয়াছেন, তাঁহারা ঢাক কাটিয়া জগঝম্প, ও প্যাণ্ট্লন কাটিয়া বহির্বাস করার স্থায় পুস্তক প্রস্তুত করিয়াছেন। কোন প্রকৃত কিম্বা আদি রচয়িতার লেখার সমালোচনা করিতে হইলে, তাঁহার পুস্তকস্থ ব্যক্তিদিগের কর্মকলাপের চমৎকারিতার ইতিবৃত্ত ও যে স্থানের লেখার দ্বারা স্করদের উদ্ভাবন করে তাহা সবিস্তার সমালোচনাতে নিবিষ্ট করিতে হয়। যাঁহার পুস্তকস্থ ব্যক্তিগণের মধ্যে প্রায় কাহরও কর্মের বিশেষ চমৎকারিতা নাই, সকলই যৎসামান্যরূপে অনুবাদিত ও ধাঁহার লেখা যৎসামান্য ও কোন স্থানে স্বর্নের উদ্ভাবন করিতে পারে না—সমালোচক ন্যায়রত্ব মহাশয় উক্ত লেথকের পুস্তকের আদ্যোপাস্ত আপনার সমা-লোচনা পুস্তকে উদ্ধৃত করিয়া পাঠকদিগের শিরংপীড়াদায়ক এক প্রস্তাব প্রস্তুত করিয়াছেন; উহা পড়িতে কাহারও ধৈর্ঘা রক্ষা পার না।

এক্ষণে কালীপ্রসন্ন সিংহের আত্মা কহিলেন, "প্রিন্স মহোদয়"

গদ্যলেখক মহাশ্য দিগের বিবরণ অদ্য এই পর্যান্ত হইয়া থাক, যাহা অবশিষ্ট থাকিল, আগামী অধিবেশনে তাহা সমাপ্ত হইবে; এক্ষণে আমি কোন বিখ্যাত নব্য কবির কবিজের পরি-চয় দিবার জন্য নিতান্ত উতলা হইয়াছি; মহাশ্যুগণ অন্ত্রাহ পূর্ব্বক অনুমতি দিউন যে, আমি সেই পরিচয় দিয়া স্থান্থির হই। প্রিন্দ কহিলেন "তুমি যদি আর স্থির থাকিত্বে না পার, তবে যাহা বলিতে প্রার্থনা করিতেছ, তাহা উত্থাপন কর"।

কালীপ্রসন্ধ, মাইকেল মধুস্থদন দত্তের কবিত্ব শক্তির পরিচয় দিতেছি, প্রবণ করিলে মোহিত হইবেন, তাঁহার স্বভা-বোক্তি রচনার কি মধুরতা।

স্বভাবোক্তি।

মেঘনাদ বধ হইতে

৩৫ পৃষ্ঠা

"——— বৈজয়ন্তধাম-সম প্রী,—
অলিন্দে স্থানর হৈমময় স্তভাবলী
হীরাচ্ড; চারিদিকে রম্য বনরাজী
নালন কানন যথা। কুহরিছে ভালে
কোকিল; ভ্রমর দল ভ্রমিছে গুজরি;
বিকসিছে ফুলকুল; মার্মরিছে পাতা;
বহিছে বাসস্তানিল; ঝরিছে ঝর্মরে
নির্মর। প্রবেশি দেবী স্থবণ-প্রাসাদে,
দেখিলা স্থবণ-ছারে ফিরিছে নির্ভরে
ভীমরূপী বামার্ন্দ, শ্রাসন করে।
ছলিছে নিষঙ্গ-সঙ্গে বেণী পৃঠদেশে।

১১৮ পৃষ্ঠা

"পঞ্চবটী-বনে মোরা গোদাবরী-তটে
ছিন্ন স্থাং । হার, সথি, কেমনে বর্ণিব
সে কান্তার-কান্তি আমি ? সতত স্থপনে
শুনিতাম বন-বীণা বন-দেবী-করে;
সরসীর তীরে বিদি, দেখিতাম কভু
দৌর-কর-রাশি-বেশে স্কর-বালা-কেলি
পদাবনে; কভু সাধ্বী ঋষি-বংশ-বধ্
স্থহাসিনী আসিতেন দাসীর কুটীরে,
স্থাংশুর অশু যেন অন্ধকার ধামে!
অজিন (রঞ্জিত, আহা, কত শত রঙে!)
পাতি বিস্তাম কভু দীর্ঘ তরুমূলে।
কভু বা প্রভুর সহ ভ্রমিতাম স্থথে

১১৯ পৃষ্ঠা

পাতি বাসতাম কভু দাঘ তরুমূলে।
কভু বা প্রভুর সহ ভ্রমিতাম স্থথে
নদীতটে; দেথিতাম তরল সলিলে
ন্তন গগন যেন, নবতারাবলী,
নব নিশাকাস্ত-কাস্তি! কভু বা উঠিয়া
পর্কাত-উপরে, স্থি, বসিতাম আমি
নাথের চরণ-তলে, ব্রততী যেমতি
বিশাল রসাল মূলে; কত যে আদরে
তুষিতেন প্রভু মোরে, বর্ষি বচনস্থা, হায়, কব কারে? কব বা কেমনে?
ভ্রেনছি কৈলাস-পুরে কৈলাস-নিবাসী
ব্যোমকেশ, স্থাসনে বৃদ্ধি গৌরী-সনে,
আগম, পুরাণ, বেদ, পঞ্চ তন্ত্র কথা

১৭৯ পৃষ্ঠা

পঞ্চমুথে পঞ্চমুথ কহেন উমারে।
স্বর্গীয় সৌরভে পূর্ণ শিবির দেখিয় ;
স্বর্গীয় বাদিত্র, দূরে শুনিয় গগনে
মৃছ ! শিবিরের দারে হেরিয় বিশ্বয়ে
মদনমোছনে মোছে যে রূপ মাধুরী !
গ্রীবাদেশ আচ্ছাদিছে কাদম্বিনীরূপী
কবরী; ভাতিছে কেশে রত্নরাশি;—মির্মি
কিছার তাহার কাছে বিজলীর ছটা
মেঘমালে ! আচম্বিতে অদৃশু হইলা
জগদম্বা । বহুক্ষণ রহিয় চাহিয়া
সত্র্যু নয়নে আমি, কিস্তু না ফলিল
মনোরও; আর মাতা নাহি দিলা দেখা।

वीत्रतम।

"কি সুচাৰু!"

>০ বৃষ্ঠা

পশিলা বীরকুঞ্জর অরিদল মাঝে
ধকুরির। এথনও কাঁপে হিয়া মম
থরথরি, অরিলে দে ভৈরব হুলারে!
ভনেছি, রাক্ষস পতি, মেঘের গর্জনে;
সিংহনাদে; জলধির কলোলে; দেথেছি
ক্রত ইরআদে, দেব, ছুটিতে পবনপথে; কিন্তু কভু নাহি ভনি ত্রিভ্বনে,
এ হেন ঘোর ঘর্ষর কোদও ট্লারে!
কভু নাহি দেথি শর হেন ভয়্লর!

পশিলা বীরেক্স বৃন্দ বীরবাছ সহ রবে, যুথনাথ সহ গজযুথ যথা। ঘন ঘনাকারে ধূলা উঠিল আকাশে,— মেবদল আসি যেন আবরিলা কৃষি গগনে; বিহাতঝলা-সম চকমকি উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে मनमान !-- थ्य भिका वीत वीतवाह। কত যে মরিল অরি, কে পারে গণিতে ? ২০১ পৃষ্ঠা চক্ষের নিমিষে কোষা তুলি ভীম বাহু निक्कि शिवा (घातनारम लक्करणेत नित्त । পড়িলা ভূতলে বলী ভীম প্রহরণে, পড়ে তরুরাজ যথা প্রভঞ্জনবলে মড়মড়ে ! দেব-অস্ত্র বাজিল ঝন্ঝনি, কাঁপিল দেউল যেন ঘোর ভূকম্পনে! বহিল ক্ষির ধারা। ধরিলা সম্বরে দেব-অসি ইন্দ্রজিৎ :--২০৫।৬ পূর্চা হেতায় চেতন পাই মায়ার যতনে সৌমিত্রি, ছক্ষারে ধমু: টক্ষারিলা বলী। সন্ধানি বিদ্ধিলা শূর থরতর শরে অরিন্দম ইন্দ্রজিতে, তারকারি যথা মহেখাস শর্জালে বিংধন তারকে। হায় রে, রুধির ধারা (ভূধর শরীরে বহে বরিষার কালে জলস্রোতঃ যথা.)

বহিল, তিতিয়া বন্ধ, তিতিয়া মেদিনী। অধীর বাথায় রথী, সাপটি সতরে শঙ্খ, ঘণ্টা, উপহারপাত্র ছিল যত যজ্ঞাগারে, একে একে নিক্ষেপিলা কোপে: যথা অভিমন্তা রথী, নিরস্ত্র সমরে সপ্তরথী অন্তবলে, কভু বা হানিলা রথচুড়, রথচক্র ; কভু ভগ্ন অসি, ছিন্ন চর্ম্ম, ভিন্ন বর্ম্ম, যা পাইলা হাতে। কিন্তু মায়াময়ী মায়া, বাত প্রসরণে, ফেলাইলা দুরে সবে, জননী যেমতি থেদান মশকরুদে স্থপ্তত হতে করপদ্ম সঞ্চালনে ! সরোষে রাবণি ধাইলা লক্ষণ পানে গৰ্জি ভীমনাদে, প্রহারকে হেরি যথা সন্মুখে কেশরী! মায়ার মায়ায় বলী হেরিলা চৌদিকে ভীষণ মহিষারত ভীম দণ্ড ধরে।

রোদ্রেরস।

"কি অদ্বিতীয় কবিশক্তি!"

২০০ পৃষ্ঠা—"ক্ষত্রকুলমানি, শত ধিক্ তোরে,
লক্ষণ! নির্লজ্জ তুই। ক্ষত্রিয় সমাজে
রোধিবে শ্রবণপথ স্থণায়, শুনিলে
নাম ভোর রথীবৃন্দ! তস্কর যেমতি,
পশিলি এ গৃহে তুই; তস্কর সদৃশ

২০৮ পৃষ্ঠা

শান্তিয়া নিরস্ত তোরে করিব এখনি। পশে যদি কাকোদর গরুডের নীডে. ফিরি কি সে যায় কভু আপন বিবরে, পামর ? কে তোরে হেথা আনিল হুর্মতি ?" किश्ना नऋग मृत्त,—"वीत्रकूनभानि, স্থমিত্লানন্দন, তুই । শত ধিক তোরে। রাবণনন্দন আমি, না ভরি শমনে। কিন্তু তোর অস্ত্রাঘাতে মরিমু যে আজি, পামর, এ চিরতঃথ রহিল রে মনে। দৈত্যকুলদল ইন্দ্রে দমিমু সংগ্রামে মরিতে কি তোর হাতে ? কি পাপে বিধাতা দিলেন এ তাপ দাসে, বুঝিব কেমনে ? আর কি কহিব তোরে ? এ বারতা যবে পাইবেন রক্ষোনাথ, কে রক্ষিবে তোরে, নরাধম ? জলধির অতল সলিলে ডুবিস যদিও তুই, পশিবে সে দেশে রাজরোষ—বাড়বাগিরাশিসম তেজে !

করুণরস।

"কি মনোহর!"

২৫৮ পৃষ্ঠা তনয়-বৎসলা যথা স্থমিত্রা জননী কাঁদেন সরযুতীরে, কেমনে দেখাব এ মুখ, লক্ষণ, আমি, তুমি না কিরিলে সঙ্গে মোর ? কি কহিব, স্থাধিবেন যবে

মাতা, " কোথা, রামভদ্র, নয়নের মণি আমার, অমুজ তোর ? কি ব'লে বুঝাব উর্মিলা বধূরে আমি, পুরবাসী জনে ? উঠ, বৎস! আজি কেন বিমুখ হে তুমি সে ভ্রাতার অনুরোধে, যার প্রেমবশে, রাজাভোগ তাজি তুমি পশিলা কানুনে। সমহঃথে দদা তুমি কাঁদিতে হেরিলে অশ্রময় এ নয়ন; মুছিতে যতনে অশ্রধারা : তিতি এবে নয়নের জলে আমি, তবু নাহি তুমি চাহ মোর পানে, প্রাণাধিক ? হে লক্ষণ, এ আচার কভু (স্থভাতৃবৎসল তুমি বিদিত জগতে!) সাজে কি তোমারে, ভাই, চিরানন্দ তুমি আমার! আজন্ম আমি ধর্মে লক্ষ্য করি, পূজিমু দেবতা কুলে,—দিলা কি দেবতা এই ফল ? হে রজনি, দয়াময়ী তুমি; শিশির-আসারে নিত্য সরস কুস্কুমে, নিদাঘার্ত্ত; প্রাণদান দেহ এ প্রস্থনে ! স্থানিধি তুমি, দেব স্থথাংশু; বিতর कीवनमाशिनी ऋथा, वाँहा ७ नमारन-বাঁচাও, করুণাময়, ভিখায়ী রাঘবে।" হেরি দূরে পুত্রবরে রাজর্ষি, প্রসরি বাহ্যুগ, (বক্ষঃস্থল আদ্র অঞ্জলে)

২৯৪ পৃষ্ঠা

কহিলা, "আইলি কি রে, এ ছর্গম দেশে এতদিনে, প্রাণাধিক, দেবের প্রসাদে, জুড়াতে এ চক্ষ্ঃ দ্বর ? পাইন্থ কি আজি তোরে, হারাধন মোর ? হায় রে, কত যে সহিন্থ বিহনে তোর, কহিব কেমনে, রামভদ্র ? লোহ যথা গলে অগ্নিতেজে, তার শোকে দেহত্যাগ করিন্থ অকালে।

বীভৎসরস। "কি বর্ণনার নৈপুণ্য!"

২৬৬ পৃষ্ঠা

অস্থি চর্ম্ম সার দারে দেখিলা স্থরথী জর রোগ। কভু শীতে কাঁপে ক্ষীনতন্ত্ব থর থরি; ঘোর দাহে কভু বা দহিছে, বাড়বাগিতেজে যথা জলদলপতি। পিত্ত, শ্রেম্মা, বায়্, বলে কভু আক্রমিছে অপহরি জ্ঞান তার। সে রোগের পাশে বিশাল-উদর ব'সে উদরপরতা;— অজীর্ণ ভোজন ত্রব্য উগরি হর্মতি পুনঃ পুনঃ হুই হস্তে ভুলিয়া গিলিছে স্থখাদ্য! তাহার পাশে প্রমন্তত্ব হাসে ঢুলু ঢুলু জুলু জাঁথি! নাচিছে, গাইছে কভু, বিবাদিছে কভু, কাঁদিছে কভু বা সদা জ্ঞানশৃত্য মৃঢ়, জ্ঞানহর সদা! তার পাশে বিস যক্ষা শোণিত উপরে,

কাসি কাসি দিবানিশি; হাঁপান্ন হাঁপানি—
মহাপীড়া ! বিস্টিকা, গতজ্যোতিঃ আঁথি।
২৬৯ পৃষ্ঠা দেখিলা রাঘব রথী অগ্রিবর্ণ রথে
(বদন শোণিতে আর্দ্র, থর অসি করে,)
রণে ! রথমুথে ব'দে ক্রোধ স্তবেশে !
নরমুগুমালা গলে, নরদেহরাশি
সম্মুথে ! দেখিলা হত্যা, ভীম ধ্রজাগাণি;
উর্ধবাহু সদা, হায়, নিধনসাধনে !
বৃক্ষশাথে গলে রজ্জু ছলিছে নীরবে
আত্মহত্যা, লোলজিহ্ব, উন্মীলিত আঁথি
ভয়ন্কর।——

উপমা, পূর্ণোপমা, মালোপমা, রূপক, সাক্তরূপক, পরস্পরিত রূপক, উৎপ্রেক্ষা, স্বভাবোক্তি প্রভৃতি অলহারের চমৎকার উদাহরণ মাইকেলে অনেক পাওয়া যায়। তাহার ছই এক হল না বলিয়া ক্ষান্ত হওয়া যায় না।

উপমা।

৬৬ পৃষ্ঠা ——— শুখাইল অক্রাবিন্দ্, যথা শিশির নীরের বিন্দ্ শতদল দলে— দরশন দিলে ভান্ন উদয়-শিথরে।

পূর্ণোপমা।

>>> পৃষ্ঠা — ছরম্ভ চেড়ী দতীরে ছাড়িয়া ফেরে দূরে মন্ত দবে উৎসব কোতৃকে—

[50]

হীনপ্রাণা হরিণীরে রাথিয়া বাঘিনী নির্ভয় হৃদয়ে যথা ফেরে দূর বনে।

মালোপমা।

১১২ পৃষ্ঠা মলিন বদনা দেবী, হায় রে যেমতি
থনির তিমির গর্ত্তে (না পারে পশিতে
সৌর কর রাশি যথা) স্থ্যকান্তমণি,
কিম্বা বিম্বাধরা রমা অমুরাশি তলে !

রূপক।

১৯ পৃষ্ঠা — শোকের ঝড় বহিল সভাতে !

স্থান-স্থানীর রূপে শোভিল চৌদিকে

বামাকুল, মুক্তকেশ মেঘমালা ; ঘন

নিখাস প্রালয় বায়ু; অশ্রারি ধারা

আসার; জীম্ত মক্র হাহাকার রব ?

চমকিলা লক্ষাপতি কনক আসনে।

উৎপ্রেক্ষা।

১৩ পৃষ্ঠা উঠিলা রাক্ষসপতি প্রাসাদ-শিথরে কনক উদয়াচলে দিনমণি যেন অংশুমালী।

১৯ পৃষ্ঠা — অশ্রময় আঁথি, নিশার শিশির পূর্ণ পল্মপর্ণ যেন ;

১১২ পৃষ্ঠা — রাশি রাশি কুসুম পড়েছে
তরুমূলে, যেন তরু তাপি মনস্তাপে
ফেলিয়াছে খুলি সাজ, দূরে প্রবাহিনী,

উচ্চবীচি রবে কাঁদি, চলিছে সাগরে কহিতে বারীশে যেন এ হুঃখ কাহিনী।

স্বভাবোক্তি অলঙ্কার।

১৪।১৫ পৃষ্ঠা — অদ্রে হেরিলা রক্ষঃপতি
রণক্ষেত্র। শিবাকুল, গৃধিনী, শকুনি,
কুকুর, পিশাচদল, কেরে কোলাহলে।
কেহ উড়ে, কেহ বদে, কেহ বা বিবাদে;
পাথশাট মারি কেহ খেদাইছে দ্রে
সমলোভী জীবে, কেহ গরজি উল্লাদে
নাশে কুধা অগ্নি; কেহ শোষে রক্ত স্রোতে;
পড়েছে কুল্লর পুঞ্জ ভীষণ আক্কৃতি।
ইত্যাদি।

অতঃপর দেবরূপী প্রেমচন্দ্র তর্কবাগীশ বলিতে প্রবৃত্ত হইলেন—যাহা হউক কোন সংস্কৃত ও স্থাপুভাষা শিক্ষিত ভাবৃক ব্যক্তি মাইকেলি অমিত্রাক্ষর রচনাকে উৎকৃষ্ট বলিযা গ্রাহ্য করেন না। তাঁহার কবিতায় যথেষ্ট কবিত্ব আছে। তাঁহার কবিতার যে যে দোষ তাহা ক্রমশ উল্লেখ করিতেছি শ্রবণ করুন। শিশু কালীপ্রসন্ন যে স্বভাবোক্তির উল্লেখ করিলেন তাহা বিশুদ্ধ স্বভাবোক্তি নহে, কারণ মধ্যে মধ্যে অলঙ্কার আছে। অপর্ঞ্জ লেথকের—

গৰ্ব্ব প্ৰকাশ।

হও। — তুমিও আইস, দেবি, তুমি মধুকরী

কল্পনা ! কবির চিত্ত-ফুলবন-মধু লয়ে, রচ মধুচক্র, গৌড়জন যাহে আনন্দে করিবে পান স্থধা নিরবধি।

অলঙ্কারাধিক্য।

১৩। ১৪ পূর্চা দেখিলা রাক্ষসেশ্বর উন্নত প্রাচীর— অটল অচল যথা; তাহার উপরে, वीत्रमत्म मख, (फरत अञ्जी मल, (১) यथा শুঙ্গধরোপরি সিংহ। চারি সিংহদার (কল্প এবে) হেরিলা বৈদেহীহর; তথা জাগে রথ, রথী, গজ, অশ্ব, পদাতিক অগণ্য। দেখিলা রাজা নগর বাহিরে, রিপুরুন্দ (২) বালি বুন্দ সিন্ধতীরে যথা, (৩) নক্ষত্ৰ-মণ্ডল কিম্বা আকাশ-মণ্ডলে। থানা দিয়া পূর্ব্ব দারে, ত্ব্বার সংগ্রামে, বসিয়াছে বীর নীল; দক্ষিণ হুয়ারে অঙ্গদ (৪) করভ সম নববলে বলী: কিম্বা (৫) বিষধর, যবে বিচিত্র কঞ্চক-ভূষিত, হিমান্তে অহি ভ্ৰমে উৰ্দ্ধ ফণা---ত্রিশূল সদৃশ জিহ্বা লুলি অবলেপে! উত্তর হয়ারে রাজা স্থগ্রীব আপনি বীরসিংহ। দাশর্থি পশ্চিম গুরারে-शाय (त विषध এবে জानकी-विश्तन, (৬) কৌমুদী বিহনে-যথা কুমুদরঞ্জন

শশাক ! লক্ষণ সঙ্গে, বায়ুপুত্র হন্,
মিত্রবর বিভীষণ। শত প্রসরণে,
বেড়িরাছে বৈরিদল স্বর্ণ লক্ষাপুরী
(৭) গছন কাননে যথা ব্যাধ-দল মিলি,
বেড়ে জালে সাবধানে কেশরিকামিনী,

এই ক্ষুদ্র পরিছেদে সাঁত সংখ্যক উপমা সংযোগ করিয়া লেথক পরিছেদে সম্ভৃত প্রকৃত মূর্ত্তিকে দেখিতে দিতেছেন না।

১৯ পৃষ্ঠা

----হেমাঙ্গী সঙ্গিনীদল-সাথে প্রবেশিলা সভাতলে চিত্রাঙ্কদা দেবী। আলু থালু, হায়, এবে কবরীবন্ধন! আভরণহীন দেহ. (১) হিমানীতে যথা কুস্থমরতন-হীন বন-সুশোভিনী লতা ! অশ্রময় আঁথি, (২) নিশার শিশির-পূর্ণ পদ্ম পর্ণ যেন ! বীরবাছ শোকে বিবশা রাজমহিষী, (৩) বিহক্তিনী যথা. যবে গ্রাদে কাল ফণী কুলায়ে পশিয়া শাবকে ! (৪) শোকের ঝড় বহিল সভাতে ! স্থর-স্থন্দরীর রূপে শোভিল চৌদিকে বামাকুল; (৫) মুক্তকেশ মেঘমালা (৬) ঘন নিশাস প্রলয় বায়; (৭) অশ্রবারি-ধারা আসার (৮) জীমতমন্দ্র হাহাকার রব! চমকিলা লম্ভাপতি কনক-আসনে।

লেথকের নানাবিধ গুরুতার অলঙ্কারে এই ক্ষুদ্র পরিচ্ছেদের কটিদেশ ত্রিভঙ্গ হইয়া গিরাছে।

শ্রুতিকটুতা এবং অপ্রযুক্ততা বা হুরুহ।

৩০ পৃষ্ঠা দিন দিন হীন-বীর্য্য রাবণ ছর্ম্মতি,
যাদঃ-পতি-রোধঃ যথা চলোর্মি-আঘাতে!
৫৪ পৃষ্ঠা হাসিয়া কহিলা উমা; "রাবণের প্রতি
দেষ তব, জিঞ্ছু! তুমি, হে মঞ্জ্নাশিনী

শচি, তুমি বাগ্র ইক্সজিতের নিধনে।
৬১।৬২ পৃষ্ঠা স্মরিলে দে কথা, সতি, হাসি আসে মুখে।
মলম্বা স্মন্ধরে তাত্র এত শোভা যদি

ধরে, দেবি, ভাবি দেথ বিশুদ্ধ কাঞ্চন-কান্তি কত মনোহর !"——

৯৭ পৃষ্ঠা মহাশক্তি অংশে, দেব, জনম বামার,
মহাশক্তি-সম তেজে ! কার সাধা আঁটে
বিক্রমে এ দানবীরে ? দস্তোলি-নিক্ষেপী
সহস্রাক্ষে যে হর্যাক্ষ বিমুধে সংগ্রামে,
সে রক্ষেক্রে রাঘবেক্র, রাথে পদতলে।

২৩৭ পৃষ্ঠা দেখিলা রাক্ষস-বল বাহিরিছে দলে অসমা, প্রতিঘ-অন্ধ, চতুঃস্কন্ধ রূপী

২৮৩ পৃষ্ঠা ———কামধুকে যথা কামলতা, মহেখাস, সদ্য কলবতী।

অপ্রচলিত শব্দ প্রয়োগ যথা, কমু, কঞ্ক, অরক, মন্ত্রে,

ইরমদ, অবলেপ, বীতংস, কাকোদর, প্রক্ষেড়ণ, কর্ম্বর, স্থিমা-ম্পতি, গরুৎমতী, প্রপঞ্চ, আনায় ইত্যাদি।

চ্যুত সংস্কৃতি বা উদ্ভট্ বিভক্তি।

বিলম্বেন, অবগাহে, প্রভাতিল, বাহিরি, সন্ধানি, লয়িতে, সমরিব, স্নেহেন, নিরস্তিলা, অস্থিরিলা, লাঘবিলা, আবরেন, নির্বীরিবে, ত্রাণিবে, বৃষ্টিল, মানি, বিউনিল, রপস, ছ্যারী, বিহস্পিনী, স্কেশিনী ইত্যাদি।

অসমর্থতা।

যে শব্দে যে অৰ্থ বোধ না হয় 1 ১২৬ পৃষ্ঠা ——কহিল গুৰ্মতি (প্রতারিত রোষ আমি নারিমু বৃঝিতে) ক্ষুধার্ত্ত অতিথি আমি কহিন্তু তোমারে। ২৪৯/৫০ পর্চা — অনম্বর আঁধারি ধাইল শিথর ;— ২০৭ পৃষ্ঠা বিষাদে নিখাদ ছাড়ি দাঁডাইলা বলী নিষ্কল, হায়রে মরি, কলাধর যথা রাহুগ্রাদে; কিমা সিংহ আনায় মাঝারে। ২০৯ পৃষ্ঠা সুপট্ট শর্ম শারী তুমি ভীমবাহ, সদা, কি বিরাগে এবে পড়িহে ভূতলে ? ——কোন নারী থেদে ২৭৬ পৃষ্ঠা কুড়িছে নয়নম্বর, (নির্দায় শকুনি মৃতজীব আঁখি যথা)

প্রতারিত রোষ—ক্কত্রিম রাগ অনম্বর—আকাশ নিকল—তেজোহীন বিরাগ—ভঃথ কুড়িছে—উপাড়িছে।

নিহতার্থতা অপ্রসিদ্ধ অর্থ বিশিষ্ট শব্দ।

২৩৫ পৃষ্ঠা

বিরাজিন্থ দশন শিপরে

আমি

এস্থলে শিথর শব্দের অর্থ অগ্রভাগ অপ্রসিদ্ধ। ১৯ পৃষ্ঠা স্থর স্থন্দরীর রূপে শোভিল চৌদিকে বামাকুল

স্থবস্থন্দরী শব্দের অর্থ বিহ্যুত অপ্রসিদ্ধ। ৫৮ পৃষ্ঠ। রত্ন সঙ্কলিত আভা কৌবের বসনে। কৌবেয় শব্দে বর্ণবিশেষ ইহা অপ্রসিদ্ধ।

ক্লিফতা-জড়িতার্থ শব্দ বিন্যাস I

২২৩ পৃষ্ঠা রক্ষ:কুল অনীকিনী-উগ্রচণ্ডা রণে।
পুজরাজ তেজ:ভুজে, অশ্বগতি পদে,
অর্ণরথ শির:চ্ড়া, অঞ্চলে পতাকা
রক্ষমর, ভেরী, তুরী, হৃন্ভি, দামামা
আদি বাদ্য, সিংহনাদ। শেল, শক্তি জাটি
তোমর, ভোমর, শূল, মুখল মুলগর

পট্টিশ, নারাঁচ, কৌস্ত শোভে দস্তরূপে, জনমিল নয়নাগ্নি সাঁজোয়ার তেজে।

কবি প্রসিদ্ধ বিষয়ের ব্যতিক্রম বর্ণনা

প্রসিদ্ধি বিরুদ্ধতা।

———নাচে তারাবলী । বেড়ি দেবদিবাকর মৃত্ব মন্দ পদে। তি॰ স॰

৫০ পৃষ্ঠা (কৈলাস পর্বত) স্থানাক্ত শৃঙ্গধর।

বিরুদ্ধ রসভাব।

(প্রমীলাতে বীর রস)

৮৪ পৃষ্ঠা

বিকট-কটক কাটি, জিনি ভুজ বলে
রঘু শ্রেষ্ঠে; এ প্রতিজ্ঞা, বীরাঙ্গনা, মম;
নতুবা মরিব রণে—যা থাকে কপালে!
দানব কুল-সম্ভবা আমরা, দানবী,—
দানব কুলের বিধি বধিতে সমরে,
দ্বিষৎ-শোণিত-নদে নতুবা ভুবিতে!
অধরে ধরিলো মধু, গরল লোচনে
আমরা; নাহি কি বল এ ভুজ মৃণালে?
চল সবে, রাঘবের হেরি বীর-পণা।
দেথিব, যেরূপ দেখি স্প্নথা পিসী

मां जिल महन-मर्त शक्षवरी वरन, रमश्चित लक्ष्मन भृदत्र,

গ্রাম্যতা।

৮৯ পৃষ্ঠা

এক দৃষ্টে চাহে বীর যত_় দড়ে রড়ে জড় সবে হয়ে স্থানে স্থানে। থেদায়, গেমু, থেমু, তেঁই ইত্যাদি।

অনোচিত্যদোষ।

৫৯ পৃষ্ঠা কহিলা শৈলেশস্থতা; "চল মোর সাথে,
হে মন্মথ, বাব আমি যথা যোগিপতি
যোগে মগ্ন এবে, বাছা; চল ত্বরা করি।"
৬০ পৃষ্ঠা কুলগে গেলু, মা, যথা মগ্ন বামদেব

৬০ পৃষ্ঠা কুলমে সেন্ধু, মা, যথা মাম বামদেব তপে ; ধরি ফুল-ধারুং হানিরু কুক্সণে ফুল-শার।

৬১ পৃষ্ঠা কেমনে মন্দির হতে, নগেল্র-নন্দিনী, বাহিরিবা, কহ দাসে, এ মোহিনী বেশে ? মুহুর্ত্তে মাতিবে, মাতঃ জগত হেরিলে ওরূপ মাধুরী ;

মাতৃ সংখাধন তৎপরে আদিরসের প্রবাহ; কি সার হীনের তার সন্দর্ভ হইরাছে। কবি কালিদাস হরপার্দ্ধতী সম্বন্ধে অনেক আদিরস লিথিয়াছেন, কিন্তু এমন কুৎসিৎ ভাবে কুত্রাপি তাহার অবতারণা করেন নাই বা রভিসহার কামদেবের মুথ হইতে মাতৃ সংখাধন করান নাই। বধ্ প্রমীলা-সম্বন্ধে শৃশুর বিভীষণের উক্তি । ১৮ পৃষ্ঠা নিবারে সতত সতী প্রেম আলাপনে এ কালাগ্নি, যমুনার স্থবাসিত জলে ডুবি থাকে কাল ফণী----

এতন্বাতীত অমুপ্ৰোগী উপমা, সন্দিগ্ধতা, শব্দানোচিত্য, কালানোচিত্য, রসদোব, তদ্ বদ্ ইদম্ শব্দদোব, ত্রন্বয়, প্রভৃতি শত শত দোব আছে, কেবল সময়াভাব জন্য বলিতে অসমর্থ হইলাম।

মেঘনাদ বধ কাব্য লেখক পুস্তকান্তর হইতে কবিত্ব রূপ মধু আহরণ করিরাছেন, আমরা স্বীকার করি; কিন্তু তাঁহার কবিতা মধুতে অনেক ছ্রিত পরমাণ্ ও মধু ক্রমের কিরদংশ মিশ্রিত আছে, তাহা নির্মাণ করিয়া পাঠকদিগের পান করা উচিত, যেহেতু ঐ ছুই ছরিত ভাগ গলাধঃকরণ করিলে ছর্ম্মতিমন্ততা মন্তকে প্রবেশ করিয়া টলাইয়া ফেলে, আর হিতাহিত জ্ঞান থাকে না। সামান্ত রূপ প্রক্রিয়াতে উহার দোষভাগ দ্র হইতে পারে না, মণিরামপুরে বে প্রকারে অস্থার ও বালির কৃপ সহকারে গন্ধান্ত নির্মাণের আয়োজন আছে, সেইরূপ মাইকেলি মধুময় পদ্য লেখায় নির্মাণের আয়োজন করিলে পরে পরিগুদ্ধ বিমল মধুরদ লাভ হইতে পারে, সহজেনহে।

রচনা শিক্ষার্থে মাইকেলি রচনা আদর্শ করিবার উপযুক্ত উৎক্লপ্ত বস্তু নতে।

অধিক অলম্বার দিলে কবিতা স্থলরীর স্বাভাবিক বিনোদিনী

মূর্ত্তি দেখা যায় না। সে ধারণা না থাকাতে মাইকেল স্তৃপাকার জলঙ্কারে কবিতাকে আচ্ছন করিয়াছেন।

তাঁহার ক্বত অমিত্রাক্ষর ছন্দ, ছন্দই নহে—অমিত্রাক্ষর ছন্দের যতি ও গুরু লগু বর্ণের, স্থানের ও পরিমাণের নির্দেশ থাকা উচিত, মাইকেলের লেথাতে সে সকল কিছুই নাই; তিনি কেবল অক্ষর গণনামুদারে এক ছন্দ প্রস্তুত করিরা তাহাকে অমিত্রাক্ষর ছন্দ বলিরা নাম দিরাছেন। তাঁহার প্রিয় পাঠকেরা সেই ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলিরা মানিতেছেন, কিন্তু প্রথমে গদ্য লিখিরা অক্ষর গণনা দ্বারা ভাগ করিয়া লইলে মাইকেলি অমিত্রাক্ষর ছন্দ অনায়াদে প্রস্তুত হইতে পারে।

রামগতি ভাষরত্ন বলেন—"কবিরা ছই তিনটি কথা দারা যে সকল অলদ্ধার নির্মিত করিয়া থাকেন, মেঘনাদে সে গুলি প্রস্তুত করিতে কথন কথন ছই তিন পংক্তিও লাগিয়াছে। মাইকেলের আর একটা দোষ এই তিনি বোধ হয় অভিধান দেখিয়া অপ্রচলিত কঠিন কঠিন শব্দ বাহির করিয়া প্রয়োগ করেন একতা তাঁহার রচনা ছর্কোধ হয়। উৎকৃষ্ট কবির রচনায় যেরূপ কোমল ও সর্কানা প্রচলিত শব্দের প্রয়োগ দারা প্রাঞ্জলতা, মনোহারিতা চিন্তাকর্ষকতা ও মধুরতা জন্মিয়া থাকে ইহাতে তাহার কিছুই নাই।" অতঃপর তিনি লিথিয়াছেন, প্রীযুক্ত মাইকেল মধুস্থান দত্ত আজি কালি অনেকের মতে বাঙ্গালার সর্কা প্রধান কবি বলিয়া পরিগণিত হইয়াছেন, এই কথাতেই তাঁহার নিজের অভিপ্রায় বোধ করা গিয়াছে। বিশে-

ষত মাইকেলের রচনা ও ছন্দের বিষয়ে দেশের লোকের যে কিরূপ অভিপ্রায়, তাহা ছুছুন্দরীবধ কাব্য উদ্বৃত করিয়া স্পষ্ট-রূপে প্রতীতি করিয়াছেন।

যদিচ হোমর, ভর্জিল, মিল্টন ও রামারণ অবলম্বন করিয়া মাইকেল মেঘনাদ লিথিয়াছেন, তথাচ তাঁহাকে কবিষের উৎকৃষ্ট সংগ্রাহক বলা যাইতে পারে।

তিনি যদ্যপি প্রসিদ্ধ বৈয়াকরণ, শান্দিক ও আলঙ্কারিকের দারা তাঁহার পদ্যাদি রচনা সংশোধন করাইয়া লইতেন, তাহা হইলে তাঁহার পুস্তক অতীৰ প্রশংসিত হইত।

কোন প্রসিদ্ধ স্তাবক লিখিয়াছেন যে "অমিত্র ছন্দে কাব্য রচনা করিয়া কেহ যে এত অল্পকালের মধ্যে এই প্রার-প্লাবিত দেশে এরূপ যশোলাভ করিবে—একথা কাহার মনে ছিল, কিন্তু বোধ হয় এক্ষণে সকলেই স্বীকার করিবেন যে মাই-কেল মধুস্দনের নাম সেই ছর্লভ যশঃ-প্রভায় বৃষ্ণমণ্ডলীতে প্রদীপ্ত হইয়াছে।"

বঙ্গমগুলীতে নহে কেবল কতিপয় দামান্ত শ্রেণীর বিষয়ী লোকের ও লেথকদিগের উৎসাহদাতা মহাশরগণের নিকট তাহা প্রদীপ্ত হইয়াছে। সংস্কৃত, কি সাধুতাষার স্থাশিক্ষিত কোন ব্যক্তির নিকট মাইকেলের যশঃ প্রদীপ্ত হয় নাই।

মাইকেলের স্তাবক লিখিয়াছেন "পূর্ব্বে আমারও সংস্কার ছিল যে, মেঘনাদ বধের শব্দ বিন্যাস অতিশয় কুটিল ও কদর্য্য এবং সে কথা ব্যক্ত করিতেও পূর্ব্বে ক্ষান্ত হই নাই। কিন্তু (সেই) গ্রন্থানি বারম্বার আলোচনা করিয়া আমার সেঠ সংস্কার দূর হইরাছে।" হইতে পারে। অন্ধ-কূপে প্রবেশ মাক্র কিছুই দেখা যার না, কিন্তু যেমন তথার বহুক্ষণ বাস ও বারস্বার ভ্রমণ করিলে কিছু কিছু দেখিতে পাওয়া যার, সেইরূপ মাই-কেলের নানা স্থানের অন্ধক্প স্বরূপ রচনাকূপে বসতি ও বার-স্থার ভ্রমণ করিয়া স্তাৰক তাঁহার রচনা চাতুর্ঘ্য কিছু কিছু অনুধাবন করিতে সক্ষম হইয়াছেন।

ন্তাবক পুনশ্চ লিথিয়াছেন, "প্রথমে কত লোক কতই বিলিয়াছিল, কতই ভয় দেখাইয়াছিল—কতই নিন্দা করিয়াছিল; অমিত্র-ছন্দে কাব্য রচনা করা বাতুলের কার্য্য" (বঙ্গভাষায়) ঐরপ বলিতে কি বুদ্ধিমান লোকেরা অদ্যাপি নিরস্ত হইয়াছে? স্তাবক পরে লিথিয়াছেন যে "এই গ্রন্থ খানিতে (মেখনাদবধ কাব্যে) গ্রন্থকর্তা যে অসামান্ত কবিতা শক্তির পরিচয় দিয়াছেন, তদ্তেই বিশ্বয়াপর এবং চমৎকৃত হইতে হয়।"

তাহা না বলিয়া—এই গ্রন্থ বানিতে (মেঘনাদবধ কাব্যে) হোমর, ভর্জিল, মিল্টন ও সংস্কৃত গ্রন্থকারদিগের ভাব আনিয়া মাইকেল কৌশলে সন্নিবেশিত করিয়াছেন, এই বলিলেই হইত।

"কবিশুক বাল্মীকি প্রভৃতি মহা কবিগণের কাব্যোদ্যান হইতে পূল্টারন পূর্বক মাইকেল মেঘনাদ বধ কাবা বিরচিত করিয়াছেন।" কিন্তু সেই কুস্থারাজি মূল বৃক্ষ হইতে বিচ্ছিন্ন করিবা, তিনি তাহা পর্যুষিত ও নির্গন্ধ করিয়া ফেলিয়াছেন। যাহা হউক উক্ত মেঘনাদ্বধ কাব্য পুস্তকে নানা বিষয়ক নানা-বিধ অপ্রাসন্থিক ভাব, স্তৃপাকারে উপস্থিত করা হইয়াছে, কিন্তু সে সকল স্পষ্টরূপে সহসা কেই ছাব্যুক্ত্ম করিতে পারেন না। উহাতে বহুতর অপ্রাসম্বিক ভাব আছে, এই হেতু ঐ পুস্তককে আমরা অসামঞ্জু ভাব সমষ্টির আকর বলি।

তর্কবাগীশ মহাশয় এইরূপ বলিয়া শেষ করিলে, কালী-প্রসন্নের সর্বাঙ্গ ক্রোধে কম্পবান ও চক্ষু রক্তবর্ণ হইয়া উঠিল, অগ্যুৎপাত হইলে লোকে যেরূপ উচ্চৈঃস্বরে চীৎকার করিতে থাকে. তিনি সেইরূপ করিয়া বলিলেন, কি । মাইকেলের কবিতার দোষ কীর্ত্তন। ইহা শুনিয়া কে স্থির হুইতে পারে? কি অন্তার ! উগ্রভাবে ইত্যাকার উক্তি করিলে প্রিন্স কহিলেন, কালীপ্রসর! তোমার স্থায় অনভিজ্ঞ শিশুর ও বিদ্যামন্দির হইতে অল্ল কাল বহির্গত তরুণ জনের কিম্বা বিষয়ী লোকদিগের অভিকৃতির উপর নির্ভর করিয়া আমরা মাইকেলি কবিতার মীমাংসা করিতে পারি না এবং কবিকরক্রম সদৃশ তর্কবাগীশ মহাশ্যের ও পঞ্জি মণ্ডলীর মত আমরা অরুণা করিতে পারি না। বৎস। স্থির ছও, কালে তোমার ও তোমার স্থায় বিবেচক-দিগের জ্ঞান পরিপক হইলে এ সকল বিষয়ের দোষ গুণ বিচার করিতে সক্ষম হইবে। প্রিন্স এইরূপ বলাতে কালীপ্রসন্ন মৌনাবলম্বন করিলেন।

তর্কবাগীশ সহাশর অনেকক্ষণ পর্যান্ত কবিতা রচনার বিবরণ বলিয়া শ্রান্ত হইলে, বেদান্ত বাগীশ, প্রিন্দ মহোদয়ের অনুমতি বাইয়া তাৰিবরণ কহিতে আরম্ভ করিলেন।

মহাত্মন্ প্রিত্স—আধুনিক কবিদিগের মধ্যে আমরা বাব্ রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়কে বথেষ্ট প্রশংসা করি; তাঁহার লেখা দেখিলে অনায়ানে বোধ হয়, তিনি অতি যোগ্য লোকের নিকট কবিতা রচনার শিক্ষা পাইয়াছিলেন। লেখাতে তাঁহার সবিশেষ অভ্যাস জন্মিয়াছে; অভ্যাস অনেক আধুনিক গ্রন্থকারদিগের ভার তিনি স্বয়ং সিদ্ধ হয়েন নাই, ভাহাতেই তাঁহার কবিতা এত গুণ সম্পন্ন হইয়াছে। স্বয়ং সিদ্ধ মহাশয় গণের দৃষ্টাস্তাম্পারে বর্ষানদীর মত তিনি ভ্রময়্ত্র-কবিতা- ভ্রোতঃ নিঃসরণ করেন নাই, আহা! তাঁহার কবিতার কি রমণীয় ভাব ও লালিতা! তাহা শ্রবণ করন।

অতিশয়োক্তি অলঙ্কার।

কোন স্থলে মৃত্সর করি নিরস্তর। উগরে নির্মর চয় মুকুতা নিকর॥

উৎপ্রেক্ষা।

তরুণ অরুণ ভাতি জ্বলে কোন হলে।
প্রবালের বৃষ্টি যেন হরেছে অচলে॥
কোথাও তটিনী কুল, কুল কুল স্বরে।
শেখরের শ্রাম অঙ্গে চারু শোভা করে॥
যেন রঘুপতি হাদে হীরকের হার।
ঝল্মল্ভাহুকরে করে অনিবার॥

কোষ মৃক্ত অসি পুঞ্জ ধক্ ধক্ জলে। দিনকর কর যেন জাহুবীর জলে। স্বভাবোক্তি অলঙ্কার।

विविध विश्व नाना चात्र शान करत्।

সস্তাপির তাপ দূর, মন প্রাণ হরে 🛭 সরসী সরিৎ সিন্ধ শেখর স্থানর। গহন গহবর বন নির্বার নিকর॥ দিনকর নিশাকর নক্ষত্র মণ্ডল। মেঘ মালে তড়িতের চমক উজ্জল। আর মন ! চল যাই সেই সব দেশে। যথায় প্রকৃতি সাজে মনোহর বেশে॥ দেখিবে বিচিত্র শোভা শৈল আর জলে। শ্রবণ জুড়াবে তটিনীর কল কলে॥ কন্দরে কন্দরে ফুটে কুস্থম অশেষ। শরীর জুড়াবে, যাবে সমুদয় ক্লেশ। দুষ্টান্ত অলঙ্কার। যোগ্য পাত্রে মিলে যোগ্য, স্থা স্থরগণ ভোগ্য, অস্থরের পরিশ্রম সার। বিক্ষিত তামর্দে, অলি আসি উড়ে বৃদ্ধে, ভেক ভাগ্যে কেবল চীৎকার॥ মাধবী মাকল-কায়, প্রকাশিত প্রতিভায়. বল তাহে কি শোভা অতুল। আকলের দেহ পরে, যদ্যপি বিরাজ করে, দেখিলে নয়নে বিধে শূল॥ উপমা। অবলা তরল তুণ তরঙ্গের প্রায়। যে দিগে বাতাস বহে সেই দিগে ধায়॥

[46]

বীররস।

মহাঘোর যুদ্ধে মুসলমান মাতে।

দিবারাত্র ভেদে ক্ষমা নাহি তাতে॥

সহস্রেক যোদ্ধা চিতোরেশ-পক্ষে।

বিপক্ষের পক্ষে যুঝে লক্ষে লক্ষে॥

বহে রক্ত-ধারা বুঁদেলা-শরীরে।

হয় স্নাত সেনা ঘন স্বেদনীরে॥

গুড়ুম্ গুড়ুম্ গুম্ মহাশব্ধ তোপে।

পড়ে সৈন্ত ঠাটে তরোবার—কোপে॥

গুলী পূর্ণ বন্দুক সঙ্গীন ঝাঁকে।

হড় দুড়ু হড় দুড়ু হড়ুমুড় হাঁকে॥

করে ৰাদ্য নানা শিঙ্গা ঢোল ঢাকে।

রণক্ষেত্র—ধ্লা রবের্লোক ঢাকে॥

শনন্ শন্ শনন্ শন্ গুলী পুঞ্ল ছোটে।

সিপাহীর বক্ষে শিলাবৃষ্টি ফোটে॥

করুণরস।

অদ্বে আরোহী তার, প্রদোষের পদ্মাকার,
আধ বিমুদিত নেত্রে পড়ি——
যে তমু কাঞ্চন সম, ছিল প্রিয়া প্রিয়তম,
ধ্লায় যেতেছে গড়াগড়ি
যে অধর স্ক্ধাকর, যে নয়ন ইন্দীবর,
ছিল প্রেয়দীর প্রিয়ধন।

সেই অধরেতে আসি, বায়সী স্থথেতে ভাসি, চক্ষে চঞ্ছ করিছে ঘাতন।

ওরে ও ক্ববক কাল। কি কর্ষিছে তব হাল? জঞ্জাল জন্মল বৃদ্ধি পায়। উত্তম বাছের বাছ, ফলপ্রদ যত গাছ, অনায়াসে উপাডিয়া যায় ॥ স্কুষক যেই হয়, পরিপক শস্য চয়, সে করে ছেদন সমুদয়। **जुरे काल निमारका,** नास्ति छान खगाखन, কাটিছ তরুণ শস্য চয়॥ ধিক কাল কালামুথ! ভারতের কোন স্থুখ, না রাখিলি ভুবন-ভিতর। কোণা সব ধহুর্দ্ধর, কোণা সব বীরবর, সব থেয়ে ভরিলি উদর॥ কি আছে এখন আর, দাসত্ব শৃত্যল সার প্রতিপদে বাঁধা পদে পদে। তুর্বল শরীর মন, ভিয়মাণ হিন্দুগণ, তত্তীন মত্ত স্বেষ মদে। উল্লেখ অলঙ্কার। शमा युष्क ध्वनधाम, किवा मिव वनताम, কিবা ভীম কিবা হুর্যোধন।

[64]

কিবা দ্রোণ ক্বত দীক্ষা, অপরূপ শর শিক্ষা, লক্ষ্য ভেদে নর নারায়ণ।

মধুস্দন বাচম্পতি সঙ্কলিত বসস্তবেনা পুস্তকের গদ্য ভাগের কতিপয় পংক্তি এই সভাদীন মহায়াগণকে চক্রমোহন অবগত করাইয়া তাঁহার গদ্য রচনার পরিচয় দিয়াছেন, আমি সেই গ্রন্থ হইতে পশ্চাৎ যে পদ্য পংক্তি নিচয় মহায়াদিগের নিকট কীর্ত্তন করিব, তাহাতে বাচম্পতি মহাশ্রের অদ্বিতীয় কবিষ্থাক্তির পরিচয় পাইবেন। ফলতঃ বাচম্পতি মহাশ্রের ভায়, মহোপাধ্যায় পণ্ডিত জনেরই কবিতা কার্য্যে হস্তক্ষেপ করা উচিত, সংপ্রতি যে সে কবিতা লিথিয়া বঙ্গ ভূমিকে পুনঃপুন লক্ষা নীরে নিময় করিতেছেন।

ভ্রান্তিমান অলঙ্কার, অদ্বিতীয় উৎপ্রেক্ষা ও রূপকাদি মিশ্রিত দীর্ঘ ললিত।

তমোরাশি বিনাশিয়া, প্রাচী দিক্ প্রকাশিয়া,
উদয় ভূধরে শশী, দেথ ঐ আসিছে।
উষাকরি অন্থভব, ডাকিছে বিহগ সব,
পাপ নিশা গেল বলি মৃদ-ভরে ভাসিছে॥
বিলম্ব নাহিক আর, দেশ দেখ চন্দ্রমার,
রেথা দেখা যায় ঐ, ক্রমে তমঃ টুটছে।
বেন যমুনার জলে, রাজহংস কুতৃহলে,
ভূবে ছিল পুনরায়, ক্রমে ক্রমে উঠিছে॥

প্রিয়তম প্রিয় পেয়ে, প্রতীচীর পানে চেয়ে,
প্রাচী দিক্ কৌমুদীর, ছলে যেন হাদিছে।
সতিনীর কাছে পতি, দেখিয়া ছঃখিতা অতি,
প্রতীচী তিমির শোক—নীরে যেন ভাদিছে॥
দেখ ঐ স্থাকর, প্রকাশিছে স্থা কর,
দিগঙ্গনা দীপ জালি, যেন গৃহে রাঝিছে।
প্রদীপের পিছে তমঃ, এ দীপের অক্তক্রম,
সর্থে তিমির রাশি, প্রতীচীরে চাকিছে॥
অর্কভাগে জ্যোতিঃ নাই, শোভা হীন শশী তাই,
উজ্জ্ব অপর ভাগ, ছইরূপ হ'য়েছে।
ব্ঝি বিয়োগীর শাণে, অর্ক্রান্ধ বেরেছে পাপে,
সংযোগীর বরে অর্ক্রভাগে, কান্তি রয়েছে॥

বাবু নীলমণি বদাক, গদ্য রচনায় অতি প্রসিদ্ধ, ইহা পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে। তিনি পদ্য রচনাতেও বিশেষ পরিপক্ষ ছিলেন। গ্রন্থান্তর হইতে অনুবাদ কিম্বা সক্ষলন করিয়া যে পুন্তক প্রস্তুত করা হয়, তাহার রচনা প্রণালী দেখিলেই অনুভব হইতে থাকে, যে, সে পুন্তক, গ্রন্থান্তর হইতে অনুবাদিত কিম্বা সক্ষলিত হইয়াছে। কিন্তু বাবু নীলমণি বসাক কি এক চমৎকার প্রণালীতে পারস্য ভাষা হইতে পারস্য উপভাস বঙ্গ ভাষায় অনুবাদ করিয়াছেন, যে তাহা দেখিলে অনুবাদ বোধ হয় না; বোধ হয় যেন তিনি পারস্য উপভাসের আদি রচ্মিতা, তাঁহার ললিত রচনা, এইরূপ ভাবগর্ভ। গৃহ মধ্যে দেখে ভূপ নারী-রূপ নিধি।
শশহীন শশি যেন গড়িয়াছে বিধি॥
যদ্যপি অচির প্রভা চির প্রভা হয়।
তথাপি রূপের তুলা কোন রূপে নয়।
কিবা চারু যুগ্ম ভূরু শোভে অতুলিত।
খঙ্গন গঞ্জন আঁথি অঞ্জনে রঞ্জিত॥
কুঞ্জিত কুন্তল জাল জিনি জলধর।
প্রাক্তর পদ্ধল যেন মুখ মনোহর॥

আহা মরি হেন স্থান কভু দেখি নাই।
নানা জাতি বৃক্ষ হেরি বেই দিকে চাই॥
স্থানে স্থানে সরোবর পরিপূর্ণ জলে।
চারি পাশে শোভে বৃক্ষ শাখা নম্র ফলে॥

বাব্ বিহারীলাল চক্রবর্তী ক্বত কবিতার অনির্বাচনীয়
মধ্রতার সহিত এক্ষণকার স্মনেক ব্যক্তির কবিতা-মধ্রতার
তুলনা করা যাইতে পারে না। যদ্যপিও তাঁহার বঙ্গস্থলরী
প্রায় আদিরসে পরিপূর্ণ, তথাচ উহাতে কুৎসিত অল্লীলতা
নাই। আধুনিক অনেক লেথকের বিরস ছলাবলীতে, প্রবণেক্রিয় অতি কট ভোগ করিয়াছে। কিন্তু চক্রবর্তী মহাশয়ের
বঙ্গস্থলরীর স্থচারু ছল আমারদিগের প্রবণক্রিয় যথেষ্ট পরিতৃপ্র
করিয়াছে। তাঁহার কবিতা যেরূপ তাহা প্রবণ কর্কন।
জগতের তুমি জীবিত রূপিনী,

তের তু৷ম জাবিত রাপণা, - জগতের হিতে সতত রতা ;

পুণা তপোৰন সরলা হরিণী বিজন কানন কুমুমলতা। পুরণিমা চাক চাঁদের কিরণ निगात नीशात, छेवात जाला ; প্রভাতের ধীর শীতল প্রন. गगरनद नव नीवनमाल. অধিষ্ঠান হ'লে কুঁড়ের ভিতরে কুঁড়ে থানি তবু সাজে গো ভাল : বেন ভগবতী কৈলাস শিখৱে বসিয়া আছেন করিয়া আলো। নাহিক তেমন বসন ভূষণ বাকল বসনা ছখিনী বালা: করে ছই গাচি ফুলের কাঁকণ, গলে এক গাচি ফুলের মালা। করম ভূমিতে পুরুষ সকলে, থাটিরা থাটিয়া বিকল হয়: তৰ স্থাতিল প্ৰেম তক্ত তলে স্মাসিয়া বসিয়া জুড়ায়ে রয়। মধুর তোমার ললিত আকার, মধুর তোমার সরল মন : শধুর তোমার চরিত উদার मधुत जामांत्र धानम् धन्। তুমি স্থাভাত, ভাবনা আঁধারে,

বে আঁধার সদা বরেছে খেরে;
বেন মোহ থেকে জাগাও আমারে,
দ্রে বার তম তোমার হেরে।
বিবর জগত তোমার কিরপে
বিরাজে বিনোদ মুরতি ধরি,—
কে বেন সভোবে ডেকে আনে মনে
দের স্থারদে হদর ভরি।
আননে লোচনে স্বরগ প্রকাশ,
স্থার প্রমূল কুস্ম ভূমি;
ছুড়াতে আমার জীবন উদাস,
ধরায় উদ্বা হয়েছ ভূমি।

ছদযেরো প্রিয় মূর্ত্তি মধুরিমা,
কেঁপে কেঁপে হেলে গড়িছে কেন
বিজয়া-বিকালে সোণার প্রতিমা
ছুলে ছুলে জুলে ভুবিছে ধেন।

বাবু নবীনচক্রমেন প্রণীত পলাশির যুদ্ধকাব্যে ঐতিহাসিক বিবরণের সহিত কবিকল্পনার সংযোগ হওয়াতে কাব্য অভি উৎকৃষ্ট হইয়াছে। কতদ্র উৎকৃষ্ট হইয়াছে, তাহার ব্যাধ্যা করিবার আবশ্যক নাই, মহাশ্যেরা শ্রবণ করিলেই অন্তব করিতে পারিবেন। অতথ্য শ্রবণ কর্মন,—

> দিবা অবসনি প্রায় , নিগার ভাষর বরষি জনল দ্বাশি, সহস্র কিরণ,

পাতিয়াছে বিশ্রামিতে ক্লান্ত কলেবর,
দ্র-তক্ষরাজি-শিরে অর্থ-সিংহাসন।
শচিত অ্বর্থ মেঘে অ্নীল গগন
হাসিছে উপরে; নীচে নাচিছে রঙ্গিনী,
চুম্মি মৃত্ কল কলে, মন্দ সমীরণ,—
তরল অ্বর্ণমন্তী গঙ্গা তরঙ্গিনী।
শোভিছে একটি রবি পশ্চিম গগনে,
ভাসিছে সহত্র রবি জাহ্নবী জীবনে।

ধন্ত আশা কুহকিনী তোমার মারার—
মুগ্ধ মানবের মন, মুগ্ধ ত্রিভ্বন!
ছর্বন মানব-মনোমন্দিরে তোমায়—
বদি না ক্ষিত রিধি: ছাঙ্কা ক্রুদ্ধের;
নাহি বিরাজিতে ভূপ্পিক্রির কে ক্রুদ্ধির;
শোক, ছংখ, ভর, ত্রাস, নিরাশ, প্রণম,
চিন্তার অচিন্তা অন্ত্র, নাশিত অচিরে
সে মনোমন্দির শোভা, পলাত নিশ্চর
অধিষ্ঠাত্রী জ্ঞান-দেবী ছাড়িয়া আবাস;
উন্মাদ-শার্দ্দ্ল তাহে ক্রিত নিবাস।

অনিছে স্থান্ধ দীপ, শীতন উজ্জ্বন, বিকাশি লোহিত নীল স্থানিশ্ব কিরণ; আতর গোলাপ গন্ধে হইয়া অচন,

বহিতেছে ধীর গ্রীম নৈশ সমীরণ;
লোভে পূজাধারে, স্তস্তে, কামিনী-কুন্তলে,
কোমল কামিনী কঠে কুন্তমের হার
লেখেছ কেমল ওই ফুল্মরীর গলে
শোভিতেছে মালা আহা! দেখ একবার;
দীপমালা পূজামালা, রূপের কিরণ,
করিরাছে ধামিনীর উক্ষল বরণ।

গভীর নীরব এবে নবাৰ শিবির,

দাস দাসী কক্ষে কক্ষে জাগিছে নীরবে;
কেবল জলিছে দীপ'; বহিছে সমীর,
সশস্থিত চিত্তে যেন সর সর ববে।
ঘন ঘন নবারের মলিন বদনে
বিকাসিছে স্বেদ-বিন্দু উৎকট স্বপন;
পর্বান্ধ উপরে বসে বিবাদিত মনে,
পূর্বা পরিচিত সেই রমণী রতন;
ক্ষমালে কোমল করে সেই স্বেদ-জন,
দীরবে বসিরা বামা মুছিচে কেবল।

নিতান্ত কি দিনমণি ডুবিলে এবার,
ডুবাইরা বঙ্গ আজি শোক সিমু জলে ?
কাও তবে, বাও দেব, কি বলিব আর ?
ক্রিন্তবা পুরঃ বস্তু-উদয়-অচলে;

কি জন্মে বলনা আহা ! ফিরিবা আবার ? ভারতে আলোকে কিছু নাহি প্রয়োজন; আজীবন কারাগারে বসতি যাহার, আলোক তাহার পক্ষে লজ্জার কারণ;

থস সদ্ধ্যে ! ফুটিয়া কি ললাটে তোমার—
নক্ষত্য-রতন-রাজি করে ঝল মল ?
কিম্বা গুনে ভারতের ছংখ সমাচার,
কপালে আঘাত বৃঝি করেছ কেবল,
তাহে এই রক্ত বিন্দু হয়েছে নির্গত ?
থস শীন্তা, প্রসারিয়া ধ্বর অঞ্চল,
লুকাও ভারত মুখ ছংখে অবনত;
আবরিত কর শীন্ত এই রণ স্থল;
রাশি রাশি অন্ধ্যার করি বরিষণ,
লুকাও এ অভাগাদের বিক্বত বদন।

বাবু দিজেন্দ্রনাথ ঠাকুর তাঁহার স্বপ্পপ্রয়াণ পুতকে কবি-কল্পনার বিশেষ চাতুর্য্য প্রকাশ করিয়াছেন; কাহারও মুখাপেক্ষা করিয়া তাঁহার গুণাহ্বাদ করিতেছি এমন নহে, শ্রবণ করিলেই ভাঁহার কবিত্বের পরিচয় পাইবেন, অতএব শ্রবণ কর্মন।

> व्याप्ति वारे, धरे ठाँहे, यनि खाताम नारे, कौकाद शिजा!

चरत्र दवन विरष्ट्, चः निरष्ट्, व्यनन वाहितिर्ह्छ, मंत्रीत नित्रा!

প্রপনে নক্ষত্ত, বত্র তত্ত্ব, কাননে ফুল-পত্ত, প্রনে চলে।

নরন ছর্নভা, নারীসভা, তা সবে নিপ্রভা করিয়া ভূলে।

ভূঁই তুলে ছুয়ো, মৃহ ছুঁয়ো, কেহ কুড়ায় ভূঁয়ো, বকুল-গাদা!

পাড়ে চাঁপা ফুলে, বাহু ডুলে, পায় গোলাব-মূলে, কাঁটার বাধা ।

ভাব ক্ব খুঁজি, করে পুঁজি, বভার সনে জুঝি, নিকুঞ্জ ঘুঁটে।

পিক পেয়ে নাড়া, দিল সাড়া, পল্লব দিয়া ঝাড়া, হরিও উঠে ৪

কলনার মন, ক্ষণে ক্ষণ, ফিরিছে ত্রিভ্বন, ক্বির সাথে।

কণে আঁথি-ছটি, ভরি' উঠি, অলক ভিনাইছে, পলক পাতে।

শবের সে বুকের উপরে চড়ি

মুথে চালি দের মদ্য, ভরানক মন্ত্র পড়ি পড়ি।

কণে কণে শব করে আর্তরব

কণেক চেডন পেরে, উঠে বড় মড়ি।

ভৈরব করিতে থাকে মন্ত্র জপ।
মর মর শব্দ করিয়া উঠে শ্রশান-পাদপ
রহিয়া রহিয়া মাঠ মধ্য দিয়া
আবেয়া চলিয়া যায় করি দপ্ দপ।
লোল জিহ্বা নাড়িছে বীভৎস-রস;
ঘেরিয়া ঘেরিয়া নাচে, ভূত প্রেত পিশাচ রাক্ষস।
মৃত নাড়ি ভূঁড়ি করে ছোড়া-ছুড়ি
মেদ রক্ত পান করে কলস-কলস।
ছয়েয় সিংহ নাড়িয়া বেড়ায় জটা;
থমকিয়া হাই ভূলে, পরকাশি দশনের ছটা।
কভূ হয়ে বাঘ করে তাগ বাগ
আরস্তে তাহার পর গর্জন ঘটা।

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যার বির্টিত কবিতাবলির ভারত ভিক্ষা উপাধ্যানে বিচিত্র কবিশক্তি গ্রাকাশিত হইয়াছে; স্বর্গ সভাস্থ দেবরূপী মহাত্মাগণের গোচরার্থে তাহার কিয়নংশ উল্লেখ করিতেছি, অমুকৃষ্ণা পুরংশর শ্রবণ করুন।

ত্যজি শব্যা তল, ডাকি উচ্চৈ:ম্বরে,
নিবিড় কুন্তল সরায়ে অন্তরে,
গভীর পাণ্ডুর বদন-মণ্ডল
আলোকে প্রকাশি, নেত্রে অক্রমণ
কৃষ্টিল উচ্ছাদে ভারত মাতা—

"কেন বে এবানে আসিছে কুমার ? ভারতের মুখ এবে অন্ধনার ! কি দেখিবে আর আছে কি সে দিন ? ত্র-ভঙ্গি করিয়া ছুটিত যে দিন ভারত সন্তান নৈঋত ঈশান, মুখে ক্লয় ধ্বনি তুলিয়া নিশান,

জাগারে মেদিনী গান্বিত গাথা !
"ভারতে কিরণে জগতে কিরণ,
ভারত জীবনে জগত জীবন,
আছিল যথন শাস্ত আলাপন,
আছিল যথন বড় দ্বশন—
ভারতের বেদ, ভারতের কথা,
ভারতের বিধি, ভারতের প্রথা,
গুঁজিত সকলে, পূজিত সকলে
ফিনিক, গিরীয়, যুনানী মণ্ডলে,

ভাবিত অমূল্য মাণিক্য যথা।
ছিল যবে পরা কিরীট কুওল,
ছিল যবে দও অথও প্রবল—
আছিল ক্ষির আর্য্যের শিরার
অলম্ভ অনল সদৃশ শিথার,
অগতে না ছিল হেন সাহসী
যাইত চলিয়া কেহ পরশি,
ভাকিত মণন 'জননী' বলিয়া

কেন্দ্রে কেন্দ্রে কানি ছুটিত উঠিরা
ছিলান তথন জগত মাতা !
"নাহি কি সলিল, হে. যমুনে গঙ্গে,
তোদের শরীরে—উথলিয়া রঙ্গে
কর অপস্থত এ কলত্ব রাশি
ভবকে তরকে অক বন্ধ গ্রাসি

ভারত ভ্বন ভাসাও জলে ?
হে বিপুল সিন্ধু করিয়া গর্জন
ভ্বাইলে কত রাজ্ঞা, গিরি, বন,
নাহি কি সলিল ভ্বাতে আমায় ?
আচ্ছন্ন করিয়া বিশ্ব্য হিমালয়,

লুকায়ে রাখিতে অতল জলে ?
এই কৃষ্ণবর্ণ জাতি সে ধখন,
উৎসবে মাতিয়া করিত ভ্রমণ.
শিখরে শিখরে, জলধির জলে,
পদাল্ক অন্ধিত করে ভূমগুলে,
জগত ব্রহ্মাণ্ড নথর দর্পণে
প্লিয়া দেখাত মহুজ-সন্তানে;
সমর হল্কারে কাঁপিত অচল,
নক্ষত্র, অর্থব আকাশ মণ্ডল——

তথন তাহারা ঘূণিত নহে ! ঘণন জৈমিনি, গর্ম, পতঞ্চল, মুম অভ্যুল শোভার উল্লি, ভনাইল ধীর নিগৃঢ় বচন, গাইল যখন ক্লফ দৈপায়ন ; জগতের তৃঃখে স্থকপিল বজ্যে শাক্য সিংহ যবে তাজিলা গার্হস্কো,

তখন (ও) তাহারা ম্বণিত নহে !

কিন্তু বাব্ হেমচক্ত বন্দ্যোপাধ্যায়ের কবিতা নির্দোষ নহে।

যতি ভঙ্গ।

বুত্র সংহার

>> পৃষ্ঠা কোন দেব অগ্রে ইল্ফে করুন উদ্দেশ
 পশ্চাৎ যুদ্ধ কল্পনা ইেবে সমাপিত ।

১৬ পৃষ্ঠা দানব রমণী ঐদ্রিলা সেথানে
শোভাতে মোহিত বিহ্বলিত প্রাণে ।

১৭ পৃষ্ঠা নিত্য ও ধর্মতা জ্ঞান, আফুল করে পরাণ।

৭০ পৃষ্ঠা জ্ঞালিলা যে যশোদীপ প্রদীপ্ত কেমনে

রাথিবে তব অঙ্গজগণ অতঃপরে।

৯৯ পৃষ্ঠা রাথিবে আমার কথা, কথন নহে অন্তথা,

বৃত্র সংহারের প্রির পাঠকেরা বলেন, উক্ত পুস্তকের কবিতার যতিভঙ্গ হইয়াছে দেখিয়া সমালোচকেরা কেন এত চমৎকৃত হয়েন; সংসারের সর্পত্রই ভঙ্গভাব বিরাজ করিতেছে, এমন
বে কুলীনের গৌরবের কুল। তাহা ভঙ্গ হইয়া যায়, এমন বে
দম্পতি-প্রণয় তাহাও ভঙ্গ হয়, এমন যে শ্রীকৃষ্ণ তিনি ত্রিভঙ্গ
হইয়া ব্রেজে কৃত কেলিকলাপ নিশার পূর্বক ব্রজবাসীদিগের

চিত্তরঞ্জন করিয়াছিলেন; অতএব যতিভঙ্কের প্রতি সমালোচক-দিগের দেবভাব কেন ?

উক্ত পুস্তকের ব্যাকরণ দোষ।

৪২ পৃষ্ঠা তুমি আর রতির কুশল

তব হওয়া চাই

বড় আগে হেলি হেলি, পুষ্প ধন্ম পৃষ্ঠে ফে**লি**

বেড়াইতে মনোহর বেশ

বেশে হওয়া চাই

৪৭ পূর্চা দাসত্বে যাইত ববে শ্রচী

দাসত সক্ষত হয় না

লজান্বর, তিষ্ঠিতে, রাত্রি দিবা, অহর্নিশি

কিবশ্বিধ----

তুরুহ।

পৃষ্ঠা অমরতা পরিণাম পরিশেবে যদি
দৈত্যপদ রজঃপ্রেষ্ঠ করহ ভ্রমণ

৭ পৃষ্ঠা অথবা বৰ্জিত হরে দেবত আপন থাকিতে হইবে স্বর্গে কন্দর্প সে বথা অসুর উচ্ছিট গ্রাসি পৃষ্ট কলেবর,

অন্থর পদান্ধ রজ শোভিত মন্তকে।

এন্থলে কন্দর্প, পুষ্ট কলেবর শোভিভ মন্তকে ও তিন পদের কি সম্বন্ধ জানা ভার।

শংপ্ৰতি অনেক স্তাবক বুজ সংহার কাব্য প্ৰণেতাকে মহা-

কৰি বলিরা গণনা করিয়া থাকেন; জদমুদারে তিনি, মহাকৰির
ভার সমস্ত গুণ সম্পন্ন হওয়া উচিত বিবেচনা করিয়াই রুক্তি
মহাকবি ব্যাদদেব মেমন পুরাণের স্থানে স্থানে কোন কোন
প্রস্তাব বর্ণনা উপলক্ষে জটিল ও ছরবগাহ করিয়াছেন।
(লোকে, যাহাকে ব্যাদকুট আখ্যা দিয়াছেন,) সেইরূপ ব্যাদদেবের ভায় মহাকবি মধ্যে গণনীয় হইবার ইচ্ছায় হেম
বাবু বুত্ত সংহার পুস্তকের স্থানে স্থানের বিবরণ এত জটিল
ও ছরবগাহ করিয়া লিখিতে যত্ব গাইয়াছেন যে, সেই সেই
স্থানকে হেমকুট না বলিয়া কেহ নিশ্চিস্ত থাকিতে পারেন না।

প্ৰসিদ্ধি বিৰুদ্ধ।

৬ পৃষ্ঠা অমর আত্মার ধ্বংস হয় পুনর্বার আত্মার ধ্বংস অপ্রসিদ্ধ ২২ পৃষ্ঠা আছত আছত ভাল, গোরা ছিলে হৈলে কাল, কন্দর্প গৌরাঙ্গ নতে

অনেচিত্যতা !

মাতা ঐক্রিলা, পুত্র কর্দ্র পীড়কে জিজ্ঞাসিতেছেন।
১৬২ পৃষ্ঠা কিরপ বসন ভ্যা, চলন কিরপ;
কত বয়: কার মত, কিবা তার রূপ;
হাব ভাব হাসি ভক্তি, নাসা ওঠাধর,
বক্ষ, বাহ কটি উক্ত অঙ্কুলী নবর,
১০ পৃষ্ঠা ইন্দিরার প্রিয় পদ্ম,
হ্রান্ড ক্লেখে লাইড ক্মলা।

এবে সে ছোঁবেনা আর হাতে তুলে দিলে তাঁর, শচির পরশ এবে মলা।"

"পৃজনীয়া কমলাকে, সে, ছোঁবেনা" ইত্যাদি অগৌরৰ ৰাক্য প্রয়োগ উচিত হয় নাই।

পৃষ্ঠা "চিস্তা দ্ব কর স্থির হওগো জননী আশীর্কাদ কর পুত্রে বাসব ঘরণী".

পুত্র হইয়া মাতাকে বাদব-ঘরণি বলিয়া সম্বোধন করা উচিত হয় নাই।

বাবু রাজক্ষ রার, বাবু হরিশচন্দ্র মিত্র, রাজকৃষ মুখো-পাধাার, কৃষ্ণচন্দ্র মজুমদার, শিবনাথ শাস্ত্রী প্রভৃতি কবিগণের কবিতার বিবরণ এই স্থর-সভার ভবিষ্যৎ অধিবেশনে বলিব মানস আছে।

ছই এক মহাশন্ন ব্যতীত এক্ষণে বস্তু ভাষার কোন ইংরাজি-শিক্ষিত থক্সনী-ভাষারা, নির্দ্ধেষ কবিতা লিখেন নাই, পরেও যে তাহা লিথিবেন, দে আশাও নাই; কবিতা-সম্বন্ধে ইহাঁরদিগের কচিই অপ্রশংসনীয়। ইহাঁরা যে সকল ছন্দ মনোনীত করেন, তাহা স্কুশ্রাব্য নহে, ইহাঁদিগের কবিতা যতি-বর্জ্জিত, সাধু, অসাধু, গ্রাম্য ও দেশান্তরীয় ভাষাতে বিমিপ্রিত। কর্তা কর্ম ক্রিয়া স্থান এই করিয়া ইহাঁরা কবিতা রচনা করেন; যদ্যপিও কবিতাতে কর্তা কর্ম ক্রিয়া স্থান এই করিবার রীতি আছে; কিন্তু ইংরাজী-শিক্ষিত গঞ্জনী-ভায়ারা যেরূপ ইংরাজীপ্রণালীতে কর্তা কর্ম ক্রিয়া স্থান এই করেন, বন্ধু ভাষার কবিতার দে প্রণালী অবলম্বন করিলে ক্রিতা কুৎসিত হয়।

ইহাঁদিগের রচনার ব্যাকরণ যে কোথায় থাকে, ভাহার নির্ণন্থ পাওয়া ভার। ইহাঁরা কেহই অলফারের প্রতি দৃষ্টি রাথিয়া কবিতা লিখিতে পারেন না। অলফার-বিরুদ্ধ কবিতা কথনই মন্ত্রের মনোরঞ্জন করিতে পারে না। কোন কোন কবি অলফার না জানিয়াও কবিতাও লেখেন, কি জানি তাহাও দৈবকর্ত্বক অলফার বিরুদ্ধ হয় না ও কবিতা অতি স্থানক হয়। যাহা হউক উক্তরূপ দৈব নিবন্ধনের উপর সকলেরই নির্ভর চলে না।

नाञ्ज।

ইংরাজি-শিক্ষিতদিগের অনেকের নিকট শাস্ত্র এক হাস্থানিক ও অসংলগ্ন পদার্থ ইইরাছে। যবন রাজ্যেররো এত-দেশীর যে সকল লিপিবদ্ধ ধর্মাশাস্ত্র ছেষাতিশয়ে বিনষ্ট করিয়া-ছিলেন; সেই সকলের অভাবে ধর্মা কথঞিং বিনষ্ট হইবে ভাবিয়া পূর্বতন পণ্ডিতবর্গ স্বীর স্বীর স্মবণ শক্তিকে অবলম্বন করিয়া সেই সমস্ত লিপিবদ্ধ করিয়াছিলেন; কিন্তু স্মরণ শক্তিতত ভ্রম-শৃষ্ঠ নহে, সেই হেতু সেই সকল সংগৃহীত শাস্ত্রে অনেক বৈষমা ও সসংলগ্ন বিবরণ শ্রবণ করা যায়—কোন কোন শাস্ত্রের যে পত্রে কোন বিষয় বিধি বলিয়া উক্ত হইরাছে, পত্রান্তরে তাহা আবার নিষিদ্ধ বলিয়া উক্ত হইরাছে, পত্রান্তরে তাহা আবার নিষিদ্ধ বলিয়া বিবেচিত। যাহা ছউক মৃল শাক্ষ্র কোন ক্রমে অসার পদার্থ নহে, তাহার সারবতা ও মর্মার্থ এতদ্র পরিপক্ক যে, পুনঃপুন কুতর্ক করিয়া ভাহা স্মবৈধ প্রতিপঞ্জ করা কাহারও সাধ্য নহে। তবে আক্রকাল

অনেক স্থবিজ্ঞাভিমানীগণ অনেক স্থলের প্রকৃত তাৎপর্য্য না ব্ৰিয়া রজ্জ্ কে সর্প-জ্ঞানের স্থায় আপাতত যেরূপ ব্ৰিয়া লন, তাহা লইয়াই আপনাদিগের অগাধ পাণ্ডিত্য প্রকাশ করিয়া জনসমূহকে বিষম ভ্রমে মুগ্ধ করিয়া ফেলেন, অপ্রাপ্ত বয়ন্ত নির্বোধগণ তাহাতেই সমস্ত শাস্ত্র ভ্রান্ত মনে করিয়া প্রত্যেকেই ধর্ম-শাস্ত্রের শুক সনাতন প্রভৃতি হুইয়া বসেন। এক্ষণে কি বন্ধু কি ইয়োরোপ কি অন্তান্ত দেশস্থ লোক যে বিষয় সার স্থির করিয়া লিপিবদ্ধ করেন, বিশেষ রূপে আন্দোলন করিলে তাহার অসার ভাগ সাধারণের চক্ষে প্রকাশ পাইতে থাকে। লিপি-বদ্ধ শাস্ত্রাংশ সে প্রকার অসার প্রসক্ষে পরিপূর্ণ নহে; তাহা অসার বলিয়া কেহ কোন কালে প্রতীত করিতে পারেন নাই, পরে যে কেহ (এক্ষণকার উপক্রমণিকাপার্চী ঋষিকুল বাতীত) পাৰিবেন, এ আশস্কাও হয় না। বালক স্ত্ৰী কুষী প্রভৃতি সামান্ত লোকেরাও অধুনা শান্ত শ্রবণ করিয়া তাহার প্রতি তর্ক ও পরিহাদ করিতে ক্ষান্ত হয়েন না, তাঁহারা জানেন না যে শাস্ত্র এমন অসার পদার্থ নহে যে, তাঁহাদিগের অকিঞ্চিৎকর তর্ক বলে তাহা মান ভাব ধারণ করিবে ? শাস্ত স্বভাবের সহিত সামঞ্জন্য ভাবে লিপিবদ্ধ আছে, এজন্ত ভাবি ঘটনার মীমাংদা-পক্ষে প্রায় ভ্রমশৃতা।

মন্ব্যকে যে শাস্ত্রের উপদেশান্ত্সারে চলিতে হয়, সে একরূপ শাস্ত্র ও সাহিত্য নাটকাদি কাব্য আর একরূপ শাস্ত্র;
যাহা পাঠে চিত্ত বিনোদন করে, যাহার ঘটনা সকল বাস্তবিক
নহে, স্থতরাং তাহার উপদেশান্ত্সারে কোন কর্ম করিতে

হয় না। একশকার আছে লোকের। সেই অবান্তিক ঘটনাদি শাস্ত্রে বর্ণিত দেখিয়া ঘুণা ও নিন্দা করেন ও তদমুসারে মন্তুষ্যের চলিতে হইবে বিবেচনা করেন। যাহাতে কর্ত্তব্য কর্ম্মের বিধি নাহি তাহা ধর্ম শাস্ত্র নহে; অনেকে সংস্কৃত লিপিবদ্ধ পুত্তক হইলেই তাহা হিন্দ্দিগের ধর্মশাস্ত্র বলিয়া দ্বির করেন, এমন কি অনেকের ধারণা আছে রঘু মাণ রত্বাবলী বিক্রমোর্কাশী মেঘদুত প্রভৃতি সমস্তই ধর্ম পুত্তক।

অনভিজ্ঞ পঞ্জনী-ভায়াদিগের ধারণা আছে, শাস্ত্র কিছুই নহে, উহা পরিতাক্ত মলিন বস্তের স্থায় অপকৃষ্ট, কিন্তু আমরা বছজন বছবর্ষ চিন্তা করিয়া যে বিষয়ের যেরূপ স্থির করি, সৌভাপ্য ক্রমে শাস্ত্র পাঠ কি শ্রবণ করিতে করিতে দেখিতে পাই যে, শাস্ত্র কারেরা সে বিষয় এত স্কল্প ও স্থান্দররূপে মীমাংসা করিয়া গিয়াছেন যে, তাহা আমার্দিগের ক্ষীণ বৃদ্ধির ধাবণায় বহুকালে উদ্ভুত হয় নাই। পরস্পরাগত শাঙ্গের নিয়মে না চলিলে সকল লোকে এত দিনে কিসে কি করিয়া আপনাদিগের অপকার করিতেন বলা যায় না: বঙ্গবাসীরা যাহা করেন, তাহা তাঁহা-मिटगत निक निक मिकाछ चाता कि हुই হয় ना, **छाँ** हाता পतन्यता-গত শাস্ত্রের আদেশামুদারে দকলই করেন, তাহাতেই শ্রেয় হয়, এক্ষণে যিনি তাহার অন্তথা করেন, তিনি ঘোর বিপদে নিপতিত হরেন। একণকার অনেক মহাশয় যাহা শুনিয়া করেন, তাহাও শান্তের অভিপ্রায়; যাহা আপনা আপনি वृशिश करतन, जाहा व्यभाख ও व्यमकृतनायक हहेया छिटि ; নীতিশিকা জ্ঞানোরতি প্রভৃতির অভ্রান্ত উপদেশ সমস্ত বে

শাস্ত্র হইতে প্রাপ্ত হওয়া যায়, যাহাতে কর্মের ভবিষ্যতের ফলাফল নির্দ্ধারিত করা প্রাছে, যে শাস্ত্রের দিদ্ধান্তার্যায়ী সমস্ত ঘটনা ঘটয়া থাকে, সে শাস্ত্রকেও অভিমানী দান্তিকগণ প্রতায় করেন না, কি প্রতায় করিবার প্রবৃত্তি দিলে পরিহাস করেন; তাঁহাদিগের অপেক্ষা মৃচ মন্তিফবিহীন লোক আর কোথায় আছে? সংসার যাত্রা নির্দ্ধাহের উপযোগী কোন কার্য্য কি প্রকারে নির্দ্ধাহ করিতে হইবে, তাহার উপদেশ শইতে এক্ষণে বঙ্গদেশীয় লোকেরা ভিন্ন জাতির নিকট গমন প্রকাক তাহা জানেন, কিন্ত ভিন্ন জাতির নিকট বাঙ্গালিকে পরামর্শ লইবার প্রয়োজন রাথে না। শাস্ত্রের মর্মার্থ শুনিলে তাহাতে সমস্ত বিষয়ের উৎকৃষ্ট আদেশ প্রাপ্ত হওয়া যায়।

শাসবেষী বাঙ্গালিরা কোন একটা নৃতন বিষয় ভাষাস্তরে দেখিয়া বলিয়া উঠেন, আহা আহা। এরূপ অভিনব চমৎকার বিবরণত শাস্ত্রে নাই, কিন্তু শাস্ত্র বাহল্য রূপে আলোচনা করিলে ঐরপ কত শত চমৎকার বিবরণ পাইতে পারেন, তাহার সংখ্যা করা বায় না। আবার কেহ কেছ আপনার অন্তঃকরণে কোন এক কথার আন্দোলন করিয়া কোন বিষয় ছির করিতে পারিয়া বলিয়া উঠেন; "কি নৃতন কথা ও নৃতন ভাব ও মীমাংসা আমার হৃদয়ে উদয় হইল।" তিনি যদি শাস্ত্র আলোচনা করিয়া দেখেন তবে তাঁহার সেই নৃতন কথা ও নৃতন ভাব ও নৃতন মীমাংসা অনাদি কালের পুরাতন অতি সামান্ত সম্পত্তি বলিয়া প্রতীত হইবে। বঙ্গবাদীর মধ্যে অনেক কুলাঙ্গার এতদুর অনভিত্র যে তাঁহারা

বলেন ইংরাজদিগের জ্যোতিষশান্ত অতি স্ক্র ও প্রাচীন। তাঁহাদিগের অফুকরণে আমারদিগের নাটকাভিনরের স্পৃষ্ট হইরাছে;
পুরাকালের ভগ্নাবশিষ্ট মানমন্দির, কুলাঙ্গারেরা ষদ্যপি বারাণসী
প্রভৃতি স্থানে দেথিয়া আদিতেন, তাহা হইলে এতদ্দেশের
জ্যোতিষশান্তের প্রাচীনতা ও স্ক্রতা বিষয়ের পরিচয় পাইতেন।
তবে ষে চক্ষে তাঁহারা সংস্কৃত-ধর্ম শান্ত দেথিয়া তাহা অসার ও
স্থল বিবেচনা করিয়া থাকেন, সে চক্ষে না কিছু বুঝিয়া মানমন্দির দেথিলে মানমন্দিরকে স্থল অট্টালিকা মাত্র, আর তাঁহারা
কিছু বিবেচনা করিবেন না। এই সকল কারণে দেশীয় পণ্ডিতগণ
উইটাদিগের নিকট নির্ম্বোধ বলিয়া প্রতিপন্ন হইয়া থাকেন।

আর যে কালে এতদেশে নাটক অভিনয়ের স্টি হইয়াছিল, তথন ইংরাজেরা নাটক অভিনয় কাহাকে বলে, তালা জানিতেন না, ভনেনও নাই; এমন কি নাটকাভিনয় প্রকরণ স্বপ্রযোগে তাঁহারদিগের অন্তঃকরণেও উদয় হয় নাই। স্থলত ভারতীয় শাস্ত্র অধ্যয়ন একান্ত পক্ষে তাহা প্রবণ অথবা তাহার মর্মার্থ গ্রহণ করিলে শাস্তের প্রতি লোকের প্রদা ব্যতীত অপ্রদা হইবার কোন কারণ থাকিত না, এমন সনাতন স্ক্রেম সংস্কৃত শাস্ত্র সত্তে লোকে কেন অসার বিজাতীয় ভাষায় প্রক পড়িয়া হর্কল জ্ঞান সাধনার গরিমা করেন। অনভিজ্ঞ লোকেরা বলেন, সে কালের শাস্ত্রে এখন চলিলে ভভ সংঘটনার সন্তাবনা নাই। কিন্তু কালভেদে বে প্রকারে জীবন যাত্রা নির্কাহ করিতে হইবে, শাস্ত্রকারেরা তাহার প্রধালী স্বতম্ব পরিছেদে বিধিবদ্ধ করিয়া গিয়াছেন।

এক্ষণে বাবু প্রাসন্মারের আত্মা সভাপতির অসমতি লইয়া সম্বন্ধ তম্ব সংক্রান্ত এইরূপ বলিতে প্রবৃত্ত হ'ইলেন।

সম্বন্ধ তত্ত্ব।

পুত্রের প্রতি পিতার ব্যবহার।

এক্ষণে অনেকের পিতা ইংরাজী ভাবাপন্ন হইরাছেন,
পূর্ব্ববং পূত্রবংসল নহেন। পিতার অভিপ্রায়, পূত্র আপনার
অন্নাচ্ছাদন সংগ্রহ করিয়া দিনপাতৃ করেন। তাঁহারা অনেকে
পূত্রকে শাসন করিতে সাহস করেন না। পূত্র ইংরাজি
পড়িরাছেন ইংরাজি পড়িলেই অগাধ বিদ্যা জন্মে। পিতা
মনে করেন আর তাহার প্রতি পিতৃ শাসনের আবশ্রক
হয় না।

অদ্যাপি ধন লোভের পরতম্ব হইয়া অনেকের পিতা কুরূপা কন্সার সহিত পুত্রের বিবাহ দেন; পুত্র অপরের সহিত কলহ অপরের অপকার ও মানহীন করিলে পিতা সে সকল নিবারণ না করিয়া পুত্রের অমুচিত কার্য্যে অমুমোদন করেন। পুত্র বিপদ গ্রস্ত ও ঋণ গ্রস্ত হইলে অনেকের পিতা পুত্রের উদ্ধার করিতে যত্ন পান না। অনেক নরাধ্য পুত্রিদগের প্রতি ইতর বিশেষ করিয়া থাকেন। পুত্রের পীড়া হইলে নিরস্তর তাহার পার্শ্বে বিদিয়া থাকা ও চিন্তিত চিন্তে তাহার তত্ব লওয়া ইত্যাদি স্নেহ-স্চক কার্য্য প্রায় এক্ষণ-কার পিতার মুখ্মগুলে প্রত্যক্ষ হয় না; স্থানান্তর হইতে

নির্দ্ধারিত সময়ে পুত্র গৃহে প্রত্যাগমন না করিলে পিতা শশ-বাস্ত হইয়া পথের দিকে চাহিয়া থাকিতেন একালে কোন পিতা প্রায় দেরূপ করেন না।

ধনোপার্জন করিতে না পারিলে পুত্রকে অস্নেহ ও উপার্জন করিতে পারিলে পুত্রকে বিশেষ সেহ করা পিতার নিয়ম হইয়াছে। বঙ্গে ধনান্থগত পিতৃস্নেহ হইরাছে, ইহা শুনিরা চমৎকৃত হইবেন না। ক্রমশঃ বিলাতীয় পিতৃ ভাবের আবির্ভাব
হইলে আরো কত শুনিতে পাইবেন। বঙ্গে ঐরপ ধনলোভী
পিতা দেখিলে ক্ষোভ হয় কিন্তু বিলাতে নুসংশ পিতার বৃত্তান্ত
শুনিলে এই স্থর-সভার অনেকে নিস্তর্ধ হইবেন; তথায় অস্ব
বালককে রাজপথে দেখিলে দানশীল লোকেরা তাহাকে অধিক
অর্থ দান করেন সেই হেতু অনেক পাষাণ পিতা পুত্রের চক্ক্
উৎপাটন করিয়া রাজপথে বসাইয়া দেন।

পিতার প্রতি পুর্ত্তের ব্যবহার।

সে কালের ইংরাজি অশিক্ষিত পুত্র কর্তৃক পিতার যতদ্র উপকার হইত, এক্ষণকার অগাধ বিদ্যাধর ইংরাজি শিক্ষিতের ছারা ততদ্র হয় না। তথন পিতার কথার উপর টীকা করিবার পদ্ধতি ছিল না, তাহাতে সংসার যাত্রা যেরপ শৃষ্থলা পূর্ব্বক নির্বাহ হইত, এক্ষণে সেরপ হয় না।

পিতৃ-আজ্ঞা প্রতিপালনার্থে রামচন্দ্র কঠিন যন্ত্রণা সহ্য করিয়াছিলেন, সেই হেতৃ এফণকার কোন কোন ক্বতি পুত্র রামকে বর্মর গদভ বলিয়া প্রকাশ করেন। এ সময়ের অনেক পুত্র বনিতার অমুমতি অবহেলন করিয়া পিতার সেবা ভক্তি করিতে সাহস করেন না। পুত্র অর্থ উপার্জ্জন করিয়া আর পিতার হস্তে অর্পণ করেন না। নির্দ্দোধী পিতাকে এক্ষণকার অনেক পুত্র সহস্র অপরাধের অপরাধী বলিয়া গণনা করেন, তাঁহারা প্রায় পিতার অভিপ্রায়ের বিপরীত কার্য্য করেন, পিতা বর্তমানে হীন প্রবৃত্তি চরিতার্থ করিতে পারেন না, সেই হেতু সর্ব্রদাই পিতার অচিরাৎ মৃত্যু প্রার্থনা করেন।

অনেক পুত্রকে পিতার নামে বিচারালয়ে অভিযোগ করিতে দেখা যায়, সে সমস্ত অভিযোগের বিবরণ বিশেষ রূপে ত্তনিতে এই সভাগীন মহাত্মাগণের সাবকাশ হইবে না : অতএব সংক্ষেপে এক অভিযোগের বিবরণ বলিতেছি শ্রবণ করুন-পুত্র বাদী ও প্রতিবাদী তাঁহার পিতা; জেলার বিচারালম্বে এইরূপ এক অভিযোগ উপস্থিত হয়, তাহার মর্ম অতীব বিচিত্র। পুত্র কার্য্য স্থান হইতে আসিয়া পিতাকে বলিলেন "মহাশ্র আমি যে টাকা পাঠাইয়াছিলাম, তাহার ব্যয়ের বিবরণ চাহি," পরে পিতা তাহা প্রদর্শন করাতে পুত্র অতি ক্রন্ধ হইয়া কহিলেন, "আমার আদেশের অতিরিক্ত টাকা আপনি বায় করিয়াছেন-যাহা অতিরিক্ত বায় করিয়াছেন তাহা আমাকে প্রত্যর্পণ করুন" পিতা তাহা প্রত্যর্পণে মশক্ত হইলে পুত্র বিচারালয়ে পিতার নামে অভিযোগ উপস্থিত করিলেন; পিতা পুত্র উভয়ে বিচারপতির সমক্ষে দণ্ডায়মান হইলেন, ইত্যবসরে পিতার উকীল বক্তৃতা করিলেন—"ধর্মাবতার দেখুন বাদী কি অভদ্র প্রকৃতির লোক—পিতার নামে অভিযোগ উপস্থিত করিয়াছেন; অপরিনের অর্থ পিতাকে অর্পণ করিলেও পিতৃ-ঝপ পরিশোধ হইবার নহে; পিতার নামে অভিযোগ!" বাদীর উকীল কহিলেন "ধর্মারতার প্রতিবাদীর উকীল আমার মক্কেলকে অনর্থক অভদ্র বলিতেছেন, উহাঁর অপেক্ষা ভদ্রলোক কোথার আছে! কিমিন কালে পিতৃ-ঝণ কেহ পরিশোধ করিয়া অধিক ছই সহস্র টাকা পিতার নিকট পাওনা করিয়াছেন।" উনিয়া বিচার-পতির চক্ষু স্থির হইল, তিনি কিংকর্ভব্যবিমৃঢ় হইয়া প্রস্তরের প্রতিমৃত্তির স্থার বিচারাসনে মৌনাবলম্বনে রহিলেন।

ইহাঁরা অনেকেই অবস্থার অতিরেক ব্যয় ভূষণ করিয়া পিতাকে নির্ধন করেন এবং পিতার প্রতি কঠোর বাক্য প্রয়োগ করেন।

মাতার প্রতি পুত্রের ব্যবহার।

অনেক পুত্র বলেন বঙ্গদেশীর জননীরা বিদ্যাবতী নহেন, পুত্রকে দেশান্তরের হিতোপদেশ দিতে পারেন না, উহাঁরা নির্ব্বোধ, ভক্তি করিবার যোগ্য নহেন।

পুত্র মাতাকে যথেষ্ট পরিশ্রম করান, পুত্র ধনবান ও বিদ্বান্

হইলে মাতা নানামতে স্থতোগ করিবেন, আজন্ম কাল যে

আশা করিয়া থাকেন, পুত্র উপযুক্ত হইলেও সে আশা সফল

হয় না। বিশেষতঃ নিষিদ্ধ কার্য্য করিতে মাতা পুনঃপুন নিষেধ

করেন, তাহাতে পুত্র অতিশয় বিরক্ত হয়েন।

এমন পুত্র এ কালে অনেক দেখা যাইতেছে বে, বৎসরাম্থে কর্ম স্থান হইতে পুত্র হুগলিতে নিজ নিবাসে আসিলে তাহার মুখমওল দেখিয়া পরিতৃপ্ত হুইবেন, মাতা পথ নিরীক্ষণ করিয়া আছেন; কি সংবাদ; কার্য্যালয় বদ্ধ হুইলে কলিকাতা হুইতে রেলওএ শকটে আরোহণ করিয়া নিজ অস্তঃকরণের প্রমোদ জ্ঞানানাস্থান দর্শনার্থ পুত্র পশ্চিমাঞ্চলে গমন করিলেন, মাতার সহিত সাক্ষাৎ করিতে হুগলিতে বারেক অবতরণ করিতে সাবকাশ পাইলেন না।

মাতার পীড়া হইলে এই মহাপুরুষেরা রীতিমত চিকিৎসা করান না। বলেন "জননীর বয়ক্রম অধিক হইয়াছে, উহাঁকে আর ঔষধাদি কি সেবন করাইব ? এক্ষণে উহাঁর পক্ষে গঙ্গা-জলই মহৌষধি।

ভাতার প্রতি ভাতার ব্যবহার **।**

অভেদ ভ্রাত্তাব এক্ষণে আর নাই; তবে পলীগ্রামে ছই
এক স্থানে ভ্রাত্তার দেখা বার। ভ্রাতার হুথে হুংথী, ভ্রাতার
ক্থথে স্থাী হইবার দিন যে কোথার প্রস্থান করিয়াছে, তাহার
নিরূপণ নাই। ইংরাজদিগের সহবাস ও তাঁহারদিগের রীতির
অমুকরণ করিয়া স্থলাত বৎসলতা কোন নির্জ্জন গহরে প্রবেশ
করিয়াছে। পূর্ব্বে পিতা স্থর্গগত হইলে জ্যেষ্ঠ ভ্রাতা তাঁহার
স্থলাভিষিক্ত হইয়া কনিষ্ঠকে পিতৃ-মেহের সহিত লালন পালন
ও পিতৃবৎ কনিষ্ঠের উপদ্রব সহ্য করিতেন, কনিষ্ঠও জ্যেষ্ঠকে
পিতার সন্ধান ও ভক্তি করিতেন; ভ্রাত্বর্গের নীচাশ্র-ব্রিতারা

প্রায়ই প্রাতৃ-প্রণয়ের উচ্ছেদ করেন, প্রাতা ষ্তদিন অস্থায় প্রাতার অপেক্ষা সঙ্গতিপন্ন না হয়েন, ততদিন তাঁহাদিগের দহিত সদ্ভাব থাকে, সঙ্গতিপন্ন হইলেই অমনি নিজ বনিতার নামে বিষয় সম্পত্তি করিতে আরম্ভ করেন ও প্রাতাদিগের হইতে স্বতন্ত্র হয়েন, তাহার কারণ এই যে একত্র থাকাতে পাছে তাঁহার অর্থ, অপাত্রে পতিত হয়, অর্থাৎ প্রাতৃগণের ভোগে আইসে। যে প্রাতৃগণ এক উদরে অবস্থান, এক অল্পে প্রতিপালিত; এক পাত্রে ভোজন, এক আসনে উপবেশন, এক শ্যায় শ্যন, এক মাতার স্তনপান করেন; তাঁহারা আন একালে একত্রে বসবাস, একত্রে শ্যন, ও ভোজনাদি করিতে পান না। এক স্থলে প্রত্বিগরি সমষ্টি হইলে পরম্পরের কত বঙ্গ কত সাহায্য কত হঃখ দ্র হইতে পারে, সে সকলের প্রতিপাক বার প্রতারা কিছুই বিবেচনা করেন না; তাঁহারা মনে করেন, কেবল সন্ত্রীক স্বতন্ত্র থাকিলে অনন্ত স্থ্য লাভ হয়।

ভগ্নীর প্রতি জাতার ব্যবহার।

পূর্ব্বে প্রতিবাদীর প্রতি লোক যে প্রকার ব্যবহার করি-তেন, এক্ষণে সহোদরা ভগ্নীও প্রাতার নিকট সে প্রকার ব্যবহার প্রত্যাশা করিতে পারেন না। যত দিন মাতা পিতা জীবিত থাকেন, তত দিন প্রাতা সহোদরাকে কথন কথন নিজালরে আনিয়া তাহার প্রতি যংকিঞ্চিত সমাদর ও স্বেহ প্রকাশিয়া থাকেন; পিতা মাতা স্বর্গগত হইলে আর প্রায় কাহার ভগ্নীকে পিতালরে দেখা যায়না। ভগ্নী অনাথা হইলে প্রাতা তাহাকে নিজালয়ে আনিয়া পাক কার্য্যে নিযুক্ত করেন। ভ্রাভ্-জায়া জ্যেষ্ঠা বা কনিষ্ঠা হউন, ভগিনীকে তাঁহার নিকট বদ্ধাঞ্জলি হইয়া থাকিতে হয়। সর্ব্বাপেক্ষা অপকৃষ্ট ভোজন ও বসন ভগিনীকে দেওয়া হইয়া থাকে। ভগিনী যে বিষয় সম্পত্তি লইয়া ভ্রাভ্-ভবনে বাস করেন, সে সকল প্রায় অনেক ভ্রাভা আত্মসাৎ করেন। ভ্রাভাই পিতার সমস্ত সম্পত্তির উত্তরাধিকারী। ভ্রাভ্-ভবনে ভগিনী কেহই নহেন, পরম্পরাগত যে, শাল্কের এই নিষ্ঠুর নিয়ম আছে, তাহাই ভগিনীর পক্ষে যথেষ্ট ক্লেশ-দায়ক; আবার তাঁহার প্রতি এক্ষণে অনেক ভ্রাভা অতি পরের মত ব্যবহার করেন, হায় তাঁহার। কি ছ্রাচার!

ভাতৃ-পুত্রের প্রতি পিতৃব্যের ব্যবহার I

পিতা যে পরিমাণে পুত্রকে স্নেষ্ট করিতেন, ভ্রাতৃ-পুত্রের প্রতি পিতৃব্যের প্রায় সেই পরিমাণে স্নেষ্ট করিবার ক্রাট ইইত না : ইহার শত শত দৃষ্টান্ত পূর্বের দেখা যাইত, এমন কি মহাত্মা ব্যক্তিরা নিজ সম্পত্তি পুত্র ও প্রাতৃপুত্রকে সমানাংশে বিভক্ত করিয়া দিতেন; সংপ্রতি তদ্বিপরীত কার্য্য প্রায় দৃষ্ট ইইয়া থাকে, ভ্রাতৃ-পুত্রেরা পিতৃব্যের নিকট কিছুই পান না । পিতামহের কোন ত্যাজ্য সম্পত্তি থাকিলে তাহা ভ্রাতৃ-পুত্রকে না দিতে হয়, এক্ষণকার অনেক কন্ধণাময় পিতৃব্য মহাশয়গণ অন্ধ্রকণ সেই যত্মই পান । ভ্রাতৃ-পুত্রকে লালন পালন করা ভক্ত লোকের অবশ্রু কর্ত্তব্য কর্ম্ম ছিল, এক্ষণে অনেক মহাত্মা তাহা করিয়া নিজ নিজ মাহাত্ম্যের গৌরব প্রচার করেন না । এক্ষণে গুক্তর

বিবাদ বিসম্বাদ কেবল প্রাভৃ-পুত্রের সহিতই অধিক দেখা যায়।
আনেক নিঃসস্তান পিতৃব্য স্বীয় ত্যাজ্য সম্পত্তি প্রাভৃপুত্র না পান,
তাহা অপাত্রের ভোগে আইদে এমন সন্ধান করেন,—ধর্মবলে
প্রাভৃপুত্রের প্রতি দ্বেষভাব আমাকে আশ্রয় করে নাই। বিষয়
কর্মে রহিত হইলেই এক্ষণকার পিতৃব্য মহাশয়েরা অনেকেই
প্রভ্রের সহিত বিশেষরূপ কলহে প্রবৃত্ত হয়েন।

পিতৃব্যের প্রতি ভাতৃ-পুত্রের ব্যবহার।

ভ্রাত-পুত্র পূর্ব্ব পিতৃব্যকে পিতার তুল্য সন্মান ও ভক্তি করিতেন, কিন্তু কালের দোষে এক্ষণকার ভ্রাতৃ-পুত্রের সেপ্রকার ভাব নাই, তাঁহারা অনেকে পিতৃবাকে একজন পথের পথিক বিবেচনা করেন, ইহাঁদিগের অনেকে পিতৃব্যের পশ্চাৎ পশ্চাৎ হো হো শব্দ পূর্ব্বক করতালি দিয়াছেন দেথিয়াছি। পিতা অশ্ক্ত হইলে ইতঃপূর্বে পিতৃবাই সংসার সম্বন্ধে কর্তৃত্ব করি-তেন, একালে পিতার ক্ষমতা ভ্রাতপুত্র স্বয়ং গ্রহণ করিতে প্রবৃত্ত হয়েন। যেমন পিতার সহিত স্বম্পষ্টরূপে কথা কহিতে সমুম জন্ম পুত্র সঙ্কোচ করিতেন, পিতৃবোর সহিত কথা কহি-তেও সেইরপ করিতেন। এক্ষণকার ভাতপুত্রেরা পিতৃব্যের কর্ণাকর্ষণ করিয়া কথা কহেন, সমক্ষে নৃত্যগীত অভিনয় কার্যা ও ধূমাদি পান করেন। কি ভয়ানক কাল!! শুনিয়াছি বিষয়ের অংশ দিরার ভয়ে বিচারালয়ে ভ্রাতৃপুত্রেরা অনেচক পিত্রাকে পিতামহীর গর্ভজাত কিন্তু পিতামহের সন্তান নহেন শপথ পূর্বক ইত্যাকার দ্বণিত মিথ্যা কথাও কহিয়াছেন।

এই সকল ভ্রাভূপুত্রেরা কালে যথন পিতৃব্য হইবেন, তথন তাঁহাদিগের ভ্রাভূপুত্রেরা ঐরপ প্রণালীতে সম্মান করিবেন সন্দেহ নাই, এই প্রকার আচরণের সহিত বঙ্গে অবতীর্ণ হইয়া অনেক ভাতৃপুত্র আবার আপনাদিগকে যোগ্য ও বিজ্ঞ গণনা করেন। অনেক যোগা ভ্রাভূপুত্রকে পিতৃব্যের বিপক্ষে যটি ধারণ করিতেও দেখা গিয়াছে।

স্ত্রীর প্রতি স্বামীর ব্যবহার।

স্নীকে প্রশ্রম না দেওয়া অথচ তাহার প্রতি স্নেহ রাখা স্বামীর উচিত, এক্ষণে স্বামীরা স্ত্রীকে অতিশয় প্রশ্রয় দিয়া স্ত্রীস্থবে বঞ্চিত হয়েন। স্ত্রীজাতি বিনয় ও মাধুর্য্য ভাব পরিত্যাগ করিয়া लारकत्र अधिया रायन। य हाक्य यामी खीरक पृष्टि करतन, সে প্রণয়ামুগত পক্ষপাত দৃষ্টি, অতএব স্বজন সজ্জন পরিজনের দৃষ্টিতে বনিতা যাহাতে প্রশংসনীয়া হন, এক্ষণে স্বামীরা সে উপায়ের উদ্দেশ করেন না। স্ত্রীকে স্থবোধিনী সর্ব্বজ্ঞা বিবেচনা করিয়া এক্ষণে স্বামী তাঁহাকে হিতোপদেশ দেওয়া আবশাক মনে করেন না। হিতোপদেশ না দেওয়াতে অনেকের বনিতা আজন্মকাল নিকৃষ্টভাবে কাল্যাপন করেন। যেমন কোন কোন বুক্ষের শাথা-পল্লব মধ্যে মধ্যে ছেদন ও কর্ত্তন করিয়া না দিলে তাহাতে স্বরস ফল জন্মে না, সেইরপ রমণীর আচার-রূপ বুক্ষে কু-রীতি ও কু-নীতিরূপ যে কুৎসিত শাখা পল্লব জন্মে, তাহা এক্ষণে স্বামীকর্তৃক মধ্যে মধ্যে বিচ্ছিন্ন করিয়া দেওয়া इम ना। य स्तीत विविष्ठना निक नारे, जारात रुख अर्थार्भन পূর্ব্বক অর্থ নষ্ট করিয়া স্বামী বিপদে পতিত হয়েন। এক্ষণকার অনেক স্বামী নিতান্ত অসার, তাঁহারা স্ত্রীর নীচাশয়ের অনুগামী হইয়া কর্ম করেন, স্ত্রীকে আপনার সদাশয়ের অনুগামিনী করিয়া কর্ম করাইতে পারেন না।

শ্রন্থরের প্রতি জামাতার ব্যবহার।

এক্ষণকার জামাতা শ্বশুরের প্রতি যে কত অত্যাচার করিয়া থাকেন, তাহার সবিশেষ বিবরণ বলিতে চক্ষে জল-ধারা আদিতেছে। জামাতারা কোন ক্রমেই শ্বন্তরের প্রতি স্থাসন্ন নহেন, বিবাহকালে নিষ্ঠ্রের ভার, শ্বন্তরের উপ-জীবিকার অর্থ পর্যান্ত লইয়া কন্তা গ্রহণ করেন, আবার সময়ে সময়ে প্রচুর উপহার না পাইলে শুশুরের প্রতি তাঁহারা প্রচণ্ড কোপ প্রকাশ করেন। এমন কি ত্র্ব্বাক্যও বলিয়া থাকেন। খণ্ডর কি করিবেন, সকল কথা সহা করিয়া থাকেন, এবং জামাতার কন্তা হইলে অচির কালের মধ্যে জমাতাকে আবার জামাতার জালার জলিতে দেখেন। পশ্চিমা-ঞ্চলে জামাতার উপদ্রবে প্রপীড়িত হইয়া তত্ত্বসাসীরা এক রাজাজা সংগ্রহ করিয়াছেন, সেইহেতু সে অঞ্লের জামাতারা আর শশুরের নিকট অপরিমেয় অর্থ কিম্বা মূল্যবান দ্রব্য গ্রহণ করিতে পারেন না; বঙ্গবাসীরা জামাতার উপদ্রব নিবারণের উপযুক্ত এক রাজাজ্ঞা যতদিন না প্রাপ্ত হইতেছেন, ততদিন তাঁছারদিগের শ্রেয় নাই। কোন দ্রব্য যদ্যপি খণ্ডর জামা-তাকে বিবাহকালে দিতে অক্ষম হয়েন, তবে নিষ্ঠুর জামাতা

অনারাদে তাঁহার নববিবাহিতা শিশুমতি বনিতাকে পিত্রালয়ে যাইবার বিদায় দেন না। জামাতারা কি নির্চুর নৃশংস! দর্মানা পথের শত্যোজন অন্তর দিয়াও তাহাদিগের গতিবিধি হয় নাই। শশুর জামাতার পূজনীয় ব্যক্তি, কিন্তু এক্ষণকার জামাতারা প্রকারান্তরে শশুরের পূজনীয় হইয়া উঠিয়াছেন। যে জামাতার বংশাবলীক্রমে কাংস্যপাত্রে ভোজন ও পিত্তলপাত্রে জলপান করিয়া আসিতেছেন, স্ত্রীগ্রহণকালে তিনি শশুরের নিকট রৌপ্য অর্পের ভোজন ও পেয় পাত্র লইন্যাও নিশ্চিন্ত হয়েন না; যেমন ধ্সরবর্গ মেঘে উষাপ্রদোধের কিরণ পতিত হইলে তাহা নানা রাগে রঞ্জিত হয়, সেইরূপ নিশ্রভ ক্লজাত ব্যক্তি বিবাহ কালে নানাবিধ উপসর্গরাগে রঞ্জিত হইয়া উঠেন ও শশুরের প্রতি কতই যে বিভীষিকা প্রদর্শন করেন। তাহা যিনি একালের শশুর, তিনিই সে বিভীষিকার ফল অমুভব করিয়া থাকেন।

গুরুর প্রতি শিষ্যের ব্যবহার।

মহাশয় বলিতে হংথ হয়, এক্ষণকার শিক্ষিত যুবক সম্প্রদায়
গুরুগণের প্রতি বিশেষ ভক্তিমান নহেন। ইইাদিগের মনের
বৃত্তি যে কতদ্র নিক্ষান্ত হইয়াছে, তাহার ইয়তা করা যায় না।
কি দীক্ষা-গুরু, কি শিক্ষা-গুরু, কি বয়ঃজ্যেষ্ঠ গুরু। কোন
গুরুই ইহাঁদের পূজ্যপাদ নহেন। দীক্ষা-গুরু শিষ্য মহাশয়ের নিক্ট এক সামায় ভৃত্যেরও সম্ভ্রম প্রাপ্ত হয়েন না।

বাবরা বলেন। গুরু কি জানেন যে উহাঁকে মান্ত করিব। কিন্তু অনেক গুরু এত অধিক বিষয় জানেন যে, অধিকাংশ অমুবাদের অমুবাদ ও তদ্য অমুবাদ পাঠকারী ইংরাজী শিক্ষিত শিষোরা উক্ত গুরু হইতে অধিক কিছুই জানেন না। অপর শিক্ষা-গুরু যেরপ সম্ভ্রম প্রাপ্ত হয়েন, তাহা অতি শোকা-বহ; বাঁহার উপদেশে জ্ঞান লাভ করত শিষ্যেরা মূর্থত্ব পরি-ভ্যাগ করিয়া স্থলীর্ঘ বক্তৃতা করিতে অগ্রসর হয়েন, বাঁহার কৃপায় বিদান্-দলভুক্ত হইয়া মন্তক উন্নত করিয়া বিচরণ करतन, याँशानिरगत माशाया वर्ष वर्ष ठाउँ टिन পाইया ভয়ানক অভিমানী হইয়া উঠেন। সেই সকল গুরুগণকে সময়ে জ্ঞাকেপ করেন না। কথন যদি কোন শিক্ষাগুরুর সহিত সাক্ষাত ঘটে, সন্তম রাখা দূরে থাকুক, মুথ তুলিয়া কথাও करहन ना। शुक्र शामहादि शिषा योनादिशहर जम् करवन. এরপ অবস্থায় গুরুর সহিত কেমন করিয়াই বা বাক্যালাপ করেন। অধিকস্ত বলিয়া থাকেন, উহাঁরা বেতনভূক গুরু, টাকা লইয়া শিক্ষা দিয়াছেন। যিনি অর্থ গ্রহণ করেন, তিনি ভতামধ্যে গণ্য, তাঁহার আবার মান্ত কি ? উহাঁরা চিরকালই আমাদিগের আমুগতা করিবেন, আমরা কখন করিব না। আবার কোন কোন শিষ্যের কুব্যবহারের কথা দূরে থাকুক, সময়ে সময়ে প্রহারাদি দারাও গুরুদক্ষিণা দিয়া থাকেন। এই সকল মহামতিরা ভ্রমেও ভাবেন না যে, কিরূপ প্রমোপ-কারী উপাধ্যায় মহাশয়গণের সহিত কিরূপ আচরণ করি-শাম। জন্মদাতা পিতা যে জ্ঞানধন দিতে অসমর্থ, যিনি সেই ধন প্রদান করেন, সামাগ্র ধন তাহার আংশিক মৃল্যও হইতে পারে না; সেই নরাকার পশুদিগের এই কথা এক একবার । মনে করা উচিত। অপর বয়ঃজ্যেষ্ঠ গুরুগণও প্রায় ঐরপ মাগ্র সময়ে সময়ে প্রাপ্ত হইয়া থাকেন।

বাবু প্রসন্মর ঠাকুরের আত্মা স্বলোকে দম্মতত্ত্বের কিঞ্চিৎ বিবর্ণ সমাপ্ত করিয়া বিশ্রামার্থে উপ-বেশন করিয়াছেন, ইতাবদরে সভাস্থ সকলে তত্রস্থ মনোহর কুসুমলতা বিতানে দৃষ্টিপাত করিয়া দেখিলেন, হুইটা সর্বাঙ্গ-মুন্দরী কামিনী তথায় পুষ্পচয়ন করিয়া কবরী ও কুস্তলে সংলগ্ন করিতেছেন। এক এক বার কল্লোলিনীর স্থির সলিলে বদনমণ্ডল দর্শন করিতেছেন, এক এক বার কল্পবৃক্ষতলস্থিত সভাস্থ জনের প্রতি দৃষ্টিপাত করিতেছেন, দেখিলে সহসা অমুভব হইতে থাকে, যেন তাঁহারদিগের ইচ্ছা জন্মিতেছে যে একবার সেই সভার সমীপে আসিয়া সেথানে কি বিষয়ের প্রসঙ্গ হইতেচে শ্রবণ করেন। কিন্তু কেহ না আহ্বান করিলে সেম্বলে আসিতে দৈধ করিতেছেন, উহাঁরদিগের মনের মানস পরিভৃপ্ত হেতু যথায় তাঁহারা অবস্থিতি করিতেছেন সেই স্থানে প্রাচীনতম জ্বয়-নারায়ণ তর্কপঞ্চাননের আত্মা অগ্রবর্তী হইয়া সম্লেহে বৃলি-লেন,—"বৎদে তোমারদিগের এই স্থরসভাতে একবার ভভাগমন করিতে হইবে,"; তাঁহাদিগের ইচ্ছিত বিষয়ে আকিঞ্চন করাতে উভয়ে সভাস্থলে উপস্থিত হইয়া ত্রিভূবন-মোহিনী মূর্ত্তি প্রতিভার সভাস্থল আনন্দমর করিলেন। অত:-

পর ধীরপ্রকৃতি চন্দ্রমোহন অতি সরলভাবে জিজ্ঞাসিলেন: "আপনারা কোনকুলে উৎপন্ন হইয়াছেন ? আপনার্দিগের নাম ও নিবাদের স্থান জানিতে আমরা অতিশয় ব্যগ্র হইয়াছি." রমণীদ্বয়ের একজন বিনীতভাবে বলিলেন, "আমারদিগের উভয়েরি দেবকুলে জন্ম, আমার নাম প্রভাবতী, আমার সঙ্গিনীর নাম স্বরন্থনরী, আমরা দাতজন প্রজাপতি বন্ধার নিবাদে অবস্থিতি করি, ছই ছই জন একত্রিত হইয়া মধো মধো আমাদিগকে বঙ্গ ভূমিতে গমন করিয়া তথাকার নারীজাতির वर्खमान वावहादतत विवतन आनिया कमल्यानिरक मिर्छ इय : আমরা প্রত্যাগমন কালে সকলেই এই মনোরম উদ্যানে শ্রান্থি দূর করিয়া যাই, ইতিপূর্বের প্রমদা ও প্রিয়বাদিনী নামী আমা-দিগের অন্ত হুই সহচরী এই কার্য্যার্থে বঙ্গে গমন করিয়াছিলেন, তাঁহারাও এই স্থানে বিশ্রাম করিয়া গিয়াছেন।" এই পর্যান্ত উক্ত হইলে প্রিন্স কহিলেন, প্রসন্নকুমার বাবর আত্মা আমা-দিগকে বঙ্গের পুরুষগণের কিঞ্চিৎ বিবরণ তাঁহার সম্বন্ধতত্ত্ব উল্লেখ করিয়াছেন; বঙ্গের স্ত্রীজাতির বিবরণ এই দেবাঙ্গনা-দিগের নিকট শ্রবণ করিতে হইবে, এই কথা বলিলে চন্দ্রমোহন দেবাঙ্গনাদিগের নিকট প্রার্থনা করিলেন, বঙ্গীয় রমণীরা ইদানীং স্বসম্বন্ধীয় লোকের পহিত কি প্রকার ব্যবহার করিতেছেন, আপ-নারা তাহার যৎকিঞ্চিৎ সংক্ষেপে বলিলে প্রিষ্ণ পরম পরিভুষ্ট হইৰেন ৷

প্রভাবতী বলিলেন "দে বিবরণ শুনিয়া প্রিক্স পরিতুষ্ট হই-বেন না। কেন না উহাঁর প্রশস্তমন পরছঃথে প্রপীড়িত হয়, ইহা আমারদিগের জানা আছে।" প্রিন্স কহিলেন "সে যাহা হউক আপনার দিগকে বঙ্গের নারী গণের সম্বন্ধ তত্ত্বের কথা আমাকে কিছু বলিতে হইবে।" "একাস্তই শুনিবার ইচ্ছা, অতএব শ্রবণ করুন" এই বলিয়া প্রভাবতী নীলকাস্তমণি রচিত আসনে উপ-বিষ্ট হইয়া বলিতে আরম্ভ করিলেন।

পুত্রের প্রতি মাতার ব্যবহার।

দেখিয়াছি পূর্ব্বে পুত্রকে নিমেষের নিমিত্ত চক্ষের অন্ত-রালে রাথিয়া মাতা স্থান্থির থাকিতে পারিতেন না, এক্ষণ-কার অনেক মাতা পুত্র প্রসব করিয়া তাহাকে স্বয়ং লালন পালন না করিয়া আপন প্রাচীনা মাতা খঞা অথবা কুট্ম বনিতার প্রতি প্রায়ই সেই কার্য্যের ভার অর্পণ করেন, তিনি যথন মাতা হইয়া পুত্রের প্রতি ঐরপ মায়া শুক্ত কার্য্য করেন তথন পিতা মাতা ভ্রাতা তাঁহার নিকট কোন প্রত্যাশাই করিতে পারেন না। পুত্র প্রবাদে অধায়ন কিম্বা ধনোপার্জন করিতে যাইলে, তাঁহার অবস্থান, ভোজন ও শয়ন কিরূপে হইতেছে, তাঁহার সমাচার আসিতে বিলম্ব হইতেছে कारत कि ? शृक्षकाल माछाता मर्क्सनारे এर मकल हिन्छ। করিতেন। এক্ষণকার মায়াশৃত্য মাতাদিগের অন্তঃকরণে সে সকল চিন্তা আর স্থান পায় না। সমীপে বসিয়া স্থত্নে সন্তা-নকে আহার করান, কিম্বা, শয়ন করিলে নিজাকর্বণ করাইতে কর্ণ মূলে মৃত্ করাঘাত করা, এক্ষণে মাতার কার্য্য না হইয়া পরিচারিকার কর্ত্তব্য কার্য্য হইয়াছে: পুত্র স্থানান্তর ঘাইলে

তাহার প্রত্যাগমন অপেক্ষা করিয়া পথের দিকে দৃষ্টি রাথা ইত্যাদি অতিশয় স্নেহের চিহ্ন আর এক্ষণকার মাতার দেখা যায় না।

ভগিনীর প্রতি ভগিনীর ব্যবহার।

কোমল স্বস্তঃকরণের সহিত সহোদরা ভগিনীর শুভ সংবাদ লাইতে ভগিনীরা পরস্পরে ব্যাকুল হইতেন, অধিক দিন ভগিনীর সংবাদ না পাইলে অঞ্জল নির্গত হইত, কোন আমোদজনক কর্ম্ম তাঁহারদিগের অস্তঃকরণ প্রাক্তর করিতে পারিত না; কথন ভগিনীর মুথমণ্ডল দর্শন, কথন তাঁহার সঙ্গে মধুরালাপ করিবেন, এই আশরে দিন যাপন করিতেন। এইক্ষণে এক ভগিনী অভ্ত ভগিনীকে যত্ন সহকারে দর্শন করেন না, ভগিনীর মন্ত্রলাম্পদ ভগিনীপতি কিম্বা তাহার পুত্র কন্তার তত্বাবধাবন কিম্বা পীড়া হইলে সংবাদ লওরা সে সকল প্রথা রহিত হইয়াছে, তবে মধ্যে মধ্যে নানাবিধ নৃতন নৃতন অলম্বারে বিভূষিত হইয়া কুটুম্ব কন্তার ভায় ভগিনীর বাটীতে আবির্ভাব হইয়া আপনার ধনসম্পত্তি বন্ত্রালক্ষার প্রভৃতির পরিচয় দিয়া যান। পরস্পরের প্রতি পরম্পরের মেহ-ভাব প্রকাশের কোন চিত্র দেখা যায় না।

ভাতার প্রতি ভগিনীর ব্যবহার।

এক্ষণকার ভগিনীরা প্রায় ভ্রাত্মেহ বিবর্জিতা, তবে যিনি পতি-পুত্র-বিহীনা, তাঁহারাই অগত্যা ভ্রাতার কিছু মঙ্গল চিন্তা করেন। প্রায় সকলেরই স্নেহ এক্ষণে স্বার্থপর হইয়াছে। ভগিনী যে ভ্রাতাকে সঙ্গুতিপন্ন দেখেন, তাহারই পক্ষ অবলম্বন করেন, তাহার আহার তাহার শুক্র বাতাই রত হয়েন, তাহার পত্নীকে সমাদর তাহার পুত্র তাহার কল্পা তাহার জ্ঞামাতাকেই সর্বস্থ ভাবেন। সেই ভ্রাতা না নিদ্রা যাইলে সেই ভ্রাতা আহার না করিলে সেই ভ্রাতা স্থেষ্ট না থাকিলে তিনি জ্ঞানশৃক্ত হয়েন, অল্প ভ্রাতা ক্ষ্মায় কাতর, পিপাসায় শুক্ত কণ্ঠ, নিদ্রা ভাবে উৎকণ্ঠিত হইলেও ভগিনী তত্ত্ব লইবার সাবকাশ পান না; পিতার ত্যাভ্যু সম্পত্তি তিনি পক্ষপাত করিয়া তাঁহার প্রিয় ভ্রাতাকে সমর্পন করেন। ভাগ্য অতি চঞ্চল পদার্থ; ভগিনীর প্রিয়, সম্পত্তিশালী ভ্রাতার হরবন্ধা উপস্থিত হইলেও বিপন্ন ভ্রাতা কালে সম্পন্নশালী হইলে ভগিনী আবার নৃত্রন সম্পন্নশালী ভ্রাতার পক্ষ অবলম্বন করেন। ইহাঁরা যে কি ত্বণিত প্রকৃতির ভগিনী, তাহা সভাসীন মহাশ্যেরা অনায়াসে বৃশ্বিতে পারিবেন, অতএব এরপ ভগিনীর মুখ মণ্ডল নেত্রপথে উদয় হইলে চক্ষ্ আচ্ছাদন করিতে ইচ্ছা হয়।

স্বামীর প্রতি স্ত্রীর ব্যবহার।

সামীর সাহায্যে আপনি স্থাী থাকিলেই হইল। আপনার বসন ভ্ষণ পান ভোজন উৎকৃষ্ট হইলেই হইল। স্থামীর প্রকৃত সেবা কিরপে করিতে হয়, এক্ষণকার স্ত্রীরা অনেকে তাহার আলোচনা করেন না। পূর্কে সামী স্থথে থাকিলে স্ত্রী সহস্র ছঃথকেও ছঃথ জ্ঞান করিতেন না, তাঁহারদিগের দৃঢ় হুংনি ছিল, স্থামীর শুশ্রধা করিলে মঙ্গল হইবে, বস্তুতঃ তাহাই ছইত; স্ত্রীর আচরণে স্বামী তাহার প্রতি এত সদয় থাকিতিন যে, সেই সদয়তা হইতে স্ত্রীর নানাপ্রকার স্থথোদয় হইত। সেপ্রকার গুণবতী স্ত্রীর সহিত লোকের আর সন্দর্শন হর না। একণকার স্ত্রীরা নিতান্ত সোহাগিনী, তাঁহারা কেবল সোহাগই ভাল বাসেন, পরিশ্রম না করিলে মনের ক্ষৃত্তি জয়েনা। স্ত্রীরা সদাই ক্ষৃত্তি লাভের জন্ত যত্ন পান, কিন্তু অলসপরতন্ত্র হেতু তাঁহারদিগের ক্ষৃত্তির উদয় হয় না। তবে ইইাদিগের অনেকে স্বামীর নার মেছলাচার গ্রহণ করেন না এবং স্বামী পাময় ভাবাপয় না হয়েন, এরপ য়ত্ব করেন। অনেক বৃদ্ধিহীনা বনিতা পতির যথেছলোবের অন্বগামিনী হয়েন। অনেক বৃদ্ধিহীনা বনিতা পিত্রালয়ে পতিগৃহের গ্লানি করিয়া পতির নিতান্ত অপ্রিয় হয়েন।

কন্যার প্রতি মাতার ব্যবহার।

কন্তা চিরদিন নিজগৃতে থাকিবে না, বিবাহ হইলে তাহাকে জামাতার হস্তে সমর্পণ করিতে হইবে। স্বামীর বশবর্ত্তিনী হইয়া সে যে কোন দেশান্তরে যাইবে, পুনশ্চ কতদিনে তাহার সহিত সাক্ষাৎ হইবে, বিপদ সম্পদে ইচ্ছা করিলেই যে আর মাতা তাহাকে অঙ্কে পাইবেন দে আশা থাকে না। এই সকল চিস্তার অভিত্ত হইয়া জননীরা কালাভিপাত করিতেন, এক্ষণে সে সকল চিস্তা মাতাব অস্তঃকরণে উদয়ই হয় না। প্রসবকালে কল্ঠাকে বিশেষ ক্রেশ সহ্য করিতে হয়, এই জল্প পূর্ব্ব কল্ঠারা তৎকালে মাতৃসদনে থাকিতেন এবং মাতা তাঁহার সেই ক্লেশ

লাঘৰ করিবার যৎপরোনাস্তি উপায় করিতেন, এইক্ষণে মাতা দত্তেও কল্পারা শুগুরালয়ে সন্তান প্রস্নেবর যন্ত্রণা সহ্য করেন। যে দিন কল্পা শুগুরালয়ে যাইতেন, মাতা মায়াতে অভিভূতা হইয়া অক্সল পরিত্যাগ করিতেন, এক্ষণে কল্পা মাতৃ প্রকোষ্ঠ পরিত্যাগ করিলেই মাতা অমনি নিশ্চিন্ত, আর কল্পা সন্থুরে কোন কথার উল্লেখই নাই, ধল্পরে একালের মাতা! এক্ষণকার মাতা উচ্চমনা, সেই জল্প ক্ষেহের বশ্বর্ভিনী হয়েন না, এই বলিয়া অনেকে ঐরপ মাতাদিগকে প্রশংসা করেন; আমরা করি না, কারণ কামিনীর কোমল প্রাণ অত কঠিন হওয়া উচিত নহে।

মাতার প্রতি কন্যার ব্যবহার।

পূর্ব্বে কন্তা, মাতাকে যেরপ সেবা শুশ্রুষা করিতেন, সেরপ সেবা শুশ্রুষা, মাতা পরিবারস্থ কোন লোকের নিকট প্রত্যাশা করিতেন না। এক্ষণকার প্রায় কাহার কন্তা বিশেষ রূপ মাতৃসেবা করেন না। ইহাঁরা মাতার নিকট কেবল আুলঙ্কার সংগ্রহ করিতে যতু পান; কন্তা সস্তুতিরা শুশুরালয়ে যাইয়া কেবল মাতার অদর্শন অরণ করিয়া রাজদিন অশ্রুপাত করিতেন। কতদিন পরে মাতার সহিত সন্দর্শন হইবে, তাহার দিন গণনা ও তাঁহার অদর্শনে মাতা কিরপে ব্যথিত হইয়াছেন, অস্তঃকরণে অনবরত সেই আন্দোলন করিতেন। কন্তারা এক্ষণে শুশুর গৃহে গিয়া অল্পদিনের মধ্যে মাতার কথা বিশারণ হইয়া যান, মাতার মন্ত্রল সমাচার লইতে বা জানিতে মনে থাকে না। কত কণ্টে তাঁহাকে মাতা প্রতিপালন

করিয়াছিলেন, কতদিন তিনি কস্থার পীড়ার সময় পার্শ্ব পরিবর্ত্তন করিয়া শয়ন করিতে পারেন নাই, কতদিন তাঁহাকে উত্তম পাত্রে সমর্পণ করিতে লোকের উপাসনা করিতে হইয়াছে।
ইত্যাদি কার্য্যের প্রতিশোধ দিতে ক্স্থাগণের আর প্রবৃত্তি জয়ে না।

ভ্রাত্-জায়ার প্রতি ননন্দ্র ব্যবহার।

এক্ষণে ননন্দু-মাত্রেই ভ্রাভূ-জায়ার প্রতি দেব করিয়া থাকেন, বেহেতু পিতা মাতা তাঁহার ভ্রাতৃ-জায়াকে যেরূপ বসন ভূষণ দেন, তাঁহাকে দে প্রকার দেন না। ভাবিয়া দেখিলেই ননশূর সেই ভ্রমজন্ত দেষভাব দূরীভূত হয়, কিন্তু তাহা তিনি ভাবিয়া দেখেন না। তিনি আবার যে ননন্র ভাতৃজায়া তাঁহার পিতা মাতা বধুকে অধিক বস্থালন্ধার দেন, ক্সাকে তত দেন না; এই প্রণালী সর্বত্ত প্রচলিত আছে, তবে কেন যে এক্ষণকার হীন-বুদ্ধি ননন্দুরা ভ্রাতৃ-জায়ার খণ্ডর দত্ত বস্ত্রালস্কার দেখিয়া ক্ষোভ ও হিংদা করেন ? তাঁহাদিগের অনেকের হিংসা এত প্রবল যে, কলহ সংঘটনার ভয়ে বধু পিত্রালয়ে না যাইলে পিতা ক্সাকে নিজ নিবাদে আনেন না, পূर्वकारणत ननम् निरंगत मन मत्रण ও ব্যবহার উৎকৃষ্ট ছিল, এক্ষণকার ননন্দ্রা সেরপে সরলা নহেন ও তাঁহাদিগের ব্যবহার নিতান্ত অপকৃষ্ট, সেই হেতু ভ্রাতৃজায়ার স্থুথ স্বচ্ছন্দ দেখিয়া নিতাত্ত অস্মা-পরবশ হইয়া আত্মানি উপভোগ করেন।

ননন্দূর প্রতি ভাতৃ-জায়ার ব্যবহার।

কন্থার প্রতি পিতার স্বভাবত যতদ্র বিশেষ স্বেহ জন্ম, বধ্র প্রতি ততদ্র স্বেহ জন্ম না, এক্ষণকার স্ত্রীলোকেরা স্বভাবত অতি ঈর্ষা পরবশ, তাঁহারা সেরপ স্বেহের ইতর বিশেষ দেখিয়া সহ্য করিতে পারেন না। কন্তা আপনার রক্ত হইতে জন্মিয়াছে, বধ্র সহিত রক্ত সংস্তব কিছুই নাই। কেবল প্রের প্রেয়নী বলিয়া খণ্ডর তাঁহাকে কিঞ্চিৎ স্বেহ করেন। ইহা স্বভাবের কার্য্য, এ সকল কিছুমাত্র চিন্তা না করিয়া এক্ষণকার ভাতৃ-জায়ারা শ্বভরের নিকট ননন্দ্র অত্যাদর দেখিয়া অতিশয় হিংসা দেষ করেন।

ভাতৃ-কন্যার প্রতি পিতৃম্বসার ব্যবহার।

ভ্রাত্-কন্তাকে পিতৃষ্বদা পূর্বের স্থায় একালে আর মেই করেন না, কারণ মেহ এক্ষণে স্বার্থপরতা হইতে উৎপন্ন হয়; পিতৃষ্বদা ভাবিয়া দেখেন যে, ভ্রাত্-কন্থা হইতে তাঁহার কোন বিশেষ উপকার হইবে না, তবে তাহার প্রতি ম্নেহ করার আবশ্যকতা কি—এরপ উত্তর কাল চিন্তা করিয়া স্ত্রীলোকেরা কার্য্য করিতে প্রবৃত্ত হইয়াছেন, সেই হেতৃ তাঁহাদিগকে বৃদ্ধিমতী বলিতে পারি না; ঘনিষ্ট লোকের সহিত সদ্ভাব থাকিলেই উপকার আছে, আর অনাদি কাল হইতে যথন এরপ নিঃম্বন্থ মেহ চলিয়া আদিতেছে, তথন এরপ না করা নিন্দনীয় কার্য্য। মেহের পাত্রদিগকে মেহ ও ভক্তি ভাজনকে ভক্তি করিলেই

লোকে ভদ্র বলে। তাহার অন্থথা করিলে লোকে অভদ্র বলে;
অভদ্র নাম লইরা ইহ সংসারে জীবিত থাকা বিড়ম্বনা মাত্র।
এ সকল সেকালের নারীজাতি বিশেষ বুঝিতে পারিতেন,
একালের স্ত্রীলোকেরা তাহা বুঝিতে পারেন না; অথচ মনে
মনে অভিমান করেন "আমরা পূর্ম্বকালের স্ত্রীলোকদিগের
অপেশা অনেকাংশে জ্ঞান বুদ্ধিতে উৎকৃষ্ট হইয়াছি।"

এক্ষণে প্রভাবতী সভাসীন মহাত্মাগণকে সবিনয়ে বলিলেন, "আমরা কার্যান্তরে আসিয়া আর অধিক কাল এখানে অবস্থিতি করিতে পারিতেছি না, সেই হেতু বঙ্গদেশের আধুনিক কামিনীগণের বিবরণ অতি সংক্ষেপে বলিলাম; বারান্তরে আসিয়া বিস্তারিত পূর্বক নিবেদন করিব। সম্প্রতি আমাদিগকে বিদায় অমুমতি দিউন" প্রিক্ষ প্রভৃতি সকলে তাঁহাদিগের প্রার্থনায় অমুমোদন করিলে তাঁহারা স্বর্গ সভা পরিত্যাগ করিয়া কমল-যোনির নিবাসাভিমুখে গমন করিলেন।

অনস্তর সভাসীন মহাস্থাগণৈর যত্নে বাবু রামগোপাল ঘোষের আত্মা বঙ্গের অভিনব যুবকদিগের সম্বন্ধে এইরূপ বলিতে প্রবৃত্ত হইলেন।

नवयूवा ।

এক্ষণে যুবাগণ যৌবন গর্ব্বে হুথা-গর্বিত হয়েন। তাঁহার দিগের শরীরে যৌবন কালের উপযুক্ত শক্তি নাই, তাদৃশ পরি- শ্রমের সাধ্য নাই, অদ্ধক্রোশ দূরে কার্য্যালয়ে যাইতে চরণ চলে না ; উপজীবিকার একাংশ যান বাহককে দিয়া কার্যালয়ে যাইতে হয়, বয়োধিকদিগের ভায়ে আহার করিতে অপারক, যদি করেন, তাহা জীর্ণ করিতে পারেন না। বয়োধিকদিগের অপেক্ষা বীর্ঘা-भानी मत्न करतन ; किन्न देशांता श्रीय करहे परतानी नरहन। সেই হেতু নিতান্ত নির্বীর্ঘ্য ও সর্ব্বপ্রকার স্থুখ ভোগে বঞ্চিত। দেশীয় বয়েধিক অধ্যাপক ও ভুস্বামীদিগের প্রাচীন কর্মচারি গণ এত কুধা তৃষ্ণা ও কষ্ট সহ্য করিতে সক্ষম যে, গ্রীম্মের মধ্যাহ্নকালে যথন যুবারা ক্ষুৎপিপাদায় কাতর হইয়া বাক্য ক্ষ্, টি করিতে পারেন নাও গৃহে বসিয়া খাস প্রখাস ত্যাগ করিতেও দাঁরুণ ক্লেশ জান করেন, অধ্যাপক প্রভৃতি প্রাচী-নেরা তথন এক বৃহৎ গুরুভার ছত্র মস্তকোপরি ধারণ পূর্ব্বক হস্তে প্রকাণ্ড যষ্টি ও স্ত্রপাকার বস্ত্র কক্ষে তিন চারি ক্রোশ পথ পরিভ্রমণের পর নিবাদে আদিয়া স্বহন্তে অন্ন ব্যঞ্জন প্রস্তুত করিয়া আহার করেন; দুক্পাত নাই।

গুরুজনকে অবহেলা করা ও মনজাপ দেওয়া এক্ষণকার জনেক যুবা ব্যক্তির নিত্য কর্ম হইয়াছে। কিঞ্চিনাত্র ক্রেশ সহ্য করিবার ভয়ে ও সামান্ত স্বচ্ছন্দ ভোগের অন্ধ্রোধে ইহাঁরা পিতা মাতাকে যথেষ্ঠ যন্ত্রণা দিতে কিছুমাত্র হৈধ বোধ করেন না।

ইদানীং ইহাঁরা যৌবন মদে মন্ত হইরা শারীরিক নিয়ম ভঙ্গ করেন, সেই হেতু ইহাঁদিগের মধ্যে নিরস্তর অকাল মৃত্যু বিচরণ করে—ইহাঁরাই অনেক নবীনা বনিতা ও শিশু সন্তানের স্বচ্ছলের পথে কণ্টক দিয়া প্রাণত্যাগ করেন। কেশ বিভাস ও পরিচ্ছদের পারিপাট্য করিয়া ইহাঁরা বর্দ্ধিষ্ণু লোক হইবার আশা করেন।

অনেক যুবা ব্যক্তি অতি হেয় হইলেও আপনাকে ক্ষুদ্র প্রাণী বিবেচনা করেন না। মনে করেন, তাঁহারা যাহা দেখিলাছেন, যাহা পড়িয়াছেন, যাহা গুনিয়াছেন, আর কেহ তাহা দেখেন নাই, গুনেন নাই, অথবা পাঠ করেন নাই, এইরূপ বিবেচনা করা যুবা সাধারণের মধ্যে প্রসিদ্ধ হইয়াছে।

এইক্ষণকার অনেক যুবকের চক্ষের জ্যোতিঃ এত ক্ষীণ হইরাছে যে, তাঁহারা উজ্জ্বল দিবাভাগে চক্ষে কাঁচ আবরণ না করিয়া দীর্ঘাকার বর্ণ পড়িতে পারেন না; সে কালের অতি প্রাচীন মহাশয়েরা কাঁচের সাহায্য না লইয়া নিশার আলোকে কুদ্র কুদ্র অক্ষর অনায়াসে পড়িতে পারেন। তথনকার যুবক এত সদাশয় ছিলেন যে, তাঁহাদিগের এক এক জনের সহিত শত সহস্র লোকের আস্তরিক প্রণয় হইত, এক্ষণকার যুবাদিগের সহিত অত্যর লোকেরও সন্তাব হয় না।

যুবারা তথন এত সরল ছিলেন যে, তাঁহারা অতি সামান্ত বস্ত্র পরিধান করিয়া সর্ব্বে যাইতেন, এক্ষণকার যুবা মহাশয়ের। অবস্থার অতিরেক বেশ বিস্তাদ করিতে না পারিলে বিপদস্থ পরম বন্ধুর নিকটেও যাইতে পারেন না।

যে যুবক আজন্ম কাল অবগত থাকেন যে, তাঁহার পিতা কোন মহৎ ব্যক্তির উপাসনা করিয়া তাঁহার সাহায্যে প্রতি-পালন হইয়া আসিয়াছেন, লক্ষ্মী-শ্রী আশ্রয় করিলে সেই মহৎ ব্যক্তির সহিত সাক্ষাৎ হইলে কোন যুবা প্রায় তাঁহাকে চিনিতে পারেন না, কেহ কেহ ছল করিয়া কহেন "আমি আপনাকে যেন কোথায় দেথিয়াছি বোধ হইতেছে, কিন্তু কোথায় দেথিয়াছি, বিশেষ স্মরণ হইতেছে না।" হা কি অক্তত্ত দ্বণিত প্রবৃত্তি! অসম্পৃতি জন্ম বাহার পিতা বিদ্যালয়ের বেতন দিতে পারেন নাই, সেই জন্ম যে ব্যক্তি তাঁহার বেতন দিয়া পড়াইয়াছেন, তাঁহাকেও অনেক যুবা, মান্ম করা দূরে থাকুক, গ্রাহাও করেন না। এরপ যুবারা আপনারা আপনাদিগকে যতই সম্ভ্রান্থ ও যতই উৎকৃষ্ট মনে করুন, আমি তাঁহাদিগকে অর্কাচীন ও অদ্রদর্শী ভাবিয়া এক্ষণে আর কিছু অধিক বলিলাম না।

বিষ্ণুতত্ত্ব।

এক্ষণে বন্ধবাসীরা বেমন অনেক দিকে নির্ব্বিদ্ন ইইয়াছেন, সেই সঙ্গে সঙ্গে অন্ত অন্ত দিক হইতে বিদ্ন নানা মূর্ত্তি ধারণ পূর্ব্বক ভীষণ বদন বাাদান করিয়া তাঁহাদিগকে গ্রাস করিতে আসিতেছে।

ইদানীং অবিরল শস্য ও প্রাণহস্তা ঝটিকা হইয়া থাকে, সংক্রামক জরে অসংখ্য লোক জীর্ণ শীর্ণ ও অকর্মণ্য হইয়া যায়, প্রভুর অন্তগ্রহ এক্ষণে সির্গত রত্নের স্থায় মৃত্র্যাপ্য হই-য়াছে, কর্ম্মচারীদিগকে ভয়্মশীল কাঁচের স্থায় নিজ নিজ সম্মানকে একান্ত স্তর্কে রক্ষা করিতে হয়। জনসমাজে থাকিয়া পূর্কে যেমন জনগণের সাহাষ্য ও সমবেদনার প্রত্যাশা করা যাইত, এক্ষণে আর তাহা করা যায় না। ক্যাপাত্রস্থ করা দারুণ ক্রেশদায়ক ব্যাপার হইয়াছে। প্রায় সকল মনুষ্যই স্থ্রথ রাজার স্থায় সস্তান হইতে স্থুখ লাভ করেন।

রেলওএ শকট যেমন সংক্ষিপ্ত কালের মধ্যে দেশান্তরে লইয়া যায়, তেমনি এক একবার ঐ সময়ের মধ্যে বহু লোককে যমালয় লইয়া যাইতেছে,। গঙ্গার তরঙ্গ পূর্ব্বরূপ প্রাণহস্তা আছে। ফিরিঙ্গি ও বঙ্গজাত সাহেবেরা বাঙ্গালির উপর বিষম বিরূপ। ডাক্তারদিগের দয়ার ভাগ কিছুমাত্র নাই। স্থরাপান অতিশয় প্রবল হইয়াছে। পূর্বাপেক্ষা দ্রব্যাদি চতুগুর্ণ মূল্যবান হইয়াছে; ধর্ম শাস্ত্রের আলোচনা প্রায় রহিত হইয়াছে। পুরোহিতেরা অঙ্গহীন করিয়া যজমানের ধর্ম কার্য্য সম্পন্ন করেন। দাস দাসী ও পাচিকা তুপ্পাপ্য হইয়াছে। প্রজাদিগের উপর প্রভুত্ব করিতে গবর্ণমেণ্ট ক্রমাগত কর্মচারী বৃদ্ধি করিতেছেন। কি সম্বাদ-নামান্ত বেতনের স্বরেজিষ্টার স্বডেপুটা পর্যান্ত প্রকাণ্ড প্রকাণ্ড ভূমামীর উপর আদেশ আজ্ঞা ও বিভীষিকা প্রকাশ করিতেছেন। আইনের কি অমুত কৌশল হইয়াছে! দস্থাকে চৌর্য্য দ্রব্য সামগ্রীর সহিত রাজপ্রহরির হস্তে সমর্পণ করিষা দিলেও প্রত্যয়জনক সাক্ষ্য দিতে না পারিলে দে অনায়াদে নিষ্ণৃতি পায়। কি ভয়ানক বিষ্ণৃ কে দ্বিপ্রহর রজনীতে ভদ্র জনকে সাক্ষী সংগ্রহ করিয়া দফ্য ধৃত করিবে ? কোন লোকের বনিতা বদ্যপি অন্তায় পূর্ব্বক স্বামীকে ত্যাগ করিয়া যায়, তবে নে কোন দণ্ড পাইবে না: বিচারপতি কেবল সেই স্ত্রীলোককে জিজ্ঞাদিবেন "তুমি তোমার স্বামীকে কি চাওনা?" সে যদি

বলে "না" তবেই নিষ্কৃতি পায়, তাহার যাহা ইচ্ছা তাহাই করিতে পারে, হায় কি ভয়ানক রাজনিয়ম ॥

বঙ্গভাষার সন্ধাদ পত্র হইতে বঙ্গের যেরূপ উপকার হয়, সেইরূপ অপকারও হইতেছে ; সে উপকারের বিবরণ সময়াস্তরে বলিবার মানস রহিল, এস্থলে বিদ্ন বিবরণ বলিতেছি, উপকারের कथा विलाल अधामिक इटेरिक। मन्नाम, भाव इटेरिक धरे অপকার হইতেছে যে, সম্পাদকদিগকে উপাসনা করিলে ইহাঁরা অপাত্রকে ও অযোগ্য ব্যক্তিকে ভূমনী প্রশংসা করিতে থাকেন; সেই প্রশংসাতে দর্পিত হইয়া মহুয়া গুণসম্পন্ন হইতে পারেন না। আজ কোন বাক্তি অন্তায় করিয়া তাঁহাদিগের আশ্রম লউন, তাঁহারা অমনি সমত্রে লেখনী ধারণ করিয়া সেই অস্তায়ী ব্যক্তির পক্ষ সমর্থনার্থে বদ্ধপরিকর হয়েন, বিদ্যার্থিদিগের কিঞ্চিৎ জ্ঞানযোগ হইবার উন্থে ইহাঁরা তাঁহাদিগকে পরম পণ্ডিত বলিতে আরম্ভ করেন, ব্যক্তিরা দান অভ্যাস করিবার উপক্রম করিলে তাঁহাদিগকে বদান্ত, বিচারপতিরা বিচারাসনে বসিতে বসিতে, তাঁহাদিগকে ধর্মাবতার, ধর্মচর্চার কেহ আরম্ভ করিলেই তাঁহাকে মহর্ষি বলিতে আরম্ভ করেন, ক্ষীণ মন ব্যক্তির কর্ণে সমাচার সম্পাদকদিগের ইত্যাকার প্রশংসাবাদ প্রবেশ হইবামাত্র তাঁহারা উচ্চাশয়ে গমন না করিয়া অভিমান ও অহন্ধারে জড়িত হইয়া অধঃপতনে অগ্রসর হয়েন, কি ভয়-কর বিঘ্ন। সম্বাদ পত্র প্রচারকেরা বলিতে পারেন, ঐরূপ প্রশংসাবাক্যে উৎসাহিত হইয়া লোকে উৎকৃষ্ট গুণ সম্পন্ন না হইয়া অপকৃষ্ট হইবে কেন ? তাহা সত্য, কিন্তু যাঁহাকে বেরূপ বলিলে তাঁহার হিত হইবে, তাঁহারা—প্রায় সেরূপ বলেন না। যাহা হউক লোকে যতদিন সম্বাদ পত্রের বর্ণনা ও পদ্ধী ভট্টের অতিশয় প্রশংসাকে সমান জ্ঞান না করিবেন, ততদিন বিদ্ন বিনাশ হইবার সম্ভাবনা নাই। কিন্তু এ দোষ সকল সম্পাদকের নাই।

আর এক বিদ্নের কথা শ্রবণ করুন, পূর্ব্বে ২৪ পরগণা হুগলি ও নদীয়া এই তিন জেলার লোক নিতান্ত দাসত্বের প্রিয় ছিলেন, অন্থান্থ জেলার লোক তাদৃশ দাসত্ব-প্রিয় ছিলেন না; তাঁহারা অনেকে স্বাধীন বৃত্তি অবলম্বন পূর্ব্বক সংসার যাত্রা নির্বাহ করিতেন; তাঁহাদিগকে দান্তিক ও আচার-ভ্রন্ত জাতির উপাসনা করিতে হইত না, এক্ষণে সকল জেলার লোকই হীন দাসত্ব বৃত্তির অনুগামী হইয়াছেন।

শিক্ষার্থীদিগকে গবর্ণমেণ্ট বিদ্যালয়ে নিতান্ত অধিক বেতন দিতে হয়, এজন্ম বিপদ্ম ভদ্রজন ধীশক্তি সম্পদ্ম পুত্রকে পড়া-ইতে পারেন না। কেবল বর্দ্ধিষ্ণু লোকের গজমতি সন্তানেরাই গবর্ণমেণ্ট বিদ্যালয়ে পাঠ করিতে সক্ষম হয়েন। কিন্তু তাঁহা-দিগের স্থথ সন্তোগের প্রতি নিতান্ত মনঃসংযোগ থাকাতে বিদ্যা জন্মে না। বিদ্যালয় হইতে কেবল ইংরাজদিগের দোষাংশ শিক্ষা করিয়া আইসেন।

সম্রান্ত ইংরাজের উপাসনা করিয়া অনেক ইংরাজী শিক্ষিত অযোগ্য ব্যক্তি স্থানে স্থানে বিচারাসন প্রাপ্ত হয়েন। পরম পণ্ডিত মানিয়া অনেক অবোধ উকীল মোক্তার মহাশয়েরা, তাঁহাদিগের উপর অবিশ্রান্ত অসঙ্গত স্তৃতিবাদ বর্ষণ করেন। সেই প্রশংসাবাদে দর্পিত হইয়া ইহাঁদিগের দিখিদিক জ্ঞান থাকে
না। বিচারাধিকারের অন্তর্গত এবং ইহাঁদিগের অপেক্ষা শতগুণে
উৎক্রষ্ট ধনবান, সম্ভ্রান্ত ও জ্ঞানাপন্ন যে সকল লোক থাকেন,
তাঁহাদিগের উপরেও ইহাঁরা অন্তৃতি প্রভূত্ব ও গরিমা
প্রকাশ করিতে অগ্রসর হয়েন। কি ভ্রমাবহ বিম্ন! বিখ্যাত
ব্যক্তিদিগকেও সেই প্রভূত্ব-প্রমন্ত রাজদাসদিগকে অতিশয়
শক্ষা করিতে হয়। কিন্তু তাঁহারা এই বলিয়া মনকে প্রবোধ
দেন যে, বনে বসতি করিলে বৃদ্ধিজীবি ব্যক্তিদিগেরও খাপদের আপদ হইতে উত্তীর্ণ হইবার সন্তাবনা থাকে না।

এক্ষণকার অধিকাংশ বঙ্গবাদী অতি কুটিল হইয়াছেন, সেই হেতু ইহাঁদিগের পরম্পর কেহ কাহাকে এমন কি অতি নিকট সম্বনীয় লোককেও প্রত্যের করেন না—পিতা মাতা পুত্রকে,—পুত্র পিতামাতাকে, স্বামী স্ত্রীকে, স্ত্রী স্বামীকে, গুরু শিষ্যকে, শিষ্য গুরুকে, রাজা প্রজাকে, প্রজা রাজাকে প্রত্যের করেন না। ইহাঁরা স্ক্রমোগ পাইলে সকলেই সকলকার অপকার করেন উপকার করিতে তত মনোযোগী নহেন; ইহাতে সমাজের যথেষ্ট বিদ্ন হইতেছে।

পূর্ব্বাপেক্ষা থাদ্যদ্রব্য সমুদায় অতিশয় ক্যত্রিম হইয়াছে, যাহা ব্যবহার করিয়া লোকে সর্ব্বদাই পীড়িত হুয়েন।

বন লোভ নিতাস্ত প্রবল হওয়াতে অনেক ভদসস্তান নিকৃষ্ট বৃত্তি অবলম্বন করিয়াছেন; কি ভয়াবছ বিম্ন!

বর্দ্ধিষ্ণু লোকের। অবৈধ কার্য্য করিলে অনেক সামান্ত লোক তাঁহাদিগের দৃষ্টাস্কায়সারে অবৈধ কার্য্যে প্রবৃত্ত হয়েন। বিদ্ধিষ্ণু লোকের অবৈধ কার্য্যের সঙ্গে সাঞ্চে আনেক উৎকৃষ্ট কার্য্য করিবার সঙ্গতি আছে ও তাঁহারা তাহা করিয়া থাকেন। কিন্তু তাঁহাদিগের দৃষ্টান্তাবলম্বী সামান্ত লোকের তাহা কিছুই করিবার সঙ্গতি নাই। তাঁহারা কেবল মাত্র অবৈধ কার্য্য করিয়া জনগণের নিকট ম্বণিত হয়েন।

সম্প্রতি বঙ্গদেশের সর্ব্বেই বিশেষত কলিকাতা রাজধানীতে সর্ব্বদাই এক এক সভাধিবেশন হয়, তাহার মধ্যে যে যে সভার বিদ্যালয়ের উন্নতি, ঔষধালয় সংস্থাপন, পথ সংস্কার কিষা রাজনিয়ম সংশোধন প্রভৃতির আন্দোলন হয়, তাহাতে বিশেষ উপকার দর্শে। তিভিন্ন আর যে যে সভার অধিবেশন হয়, তাহাতে কোন উপকার দর্শে না। কেবল বিদ্ন উৎপত্তি হয়।

সভ্যগণ স্থকপোল-কল্পিত বিষয় ও তাঁহারদিগের ভ্রম সংস্কার সংক্রান্ত উপদেশকে জ্ঞানগর্ত্ত বিন্যা প্রচার করেন ও আশা করেন, সেই সকল মত লোকের ধারণায় অভ্রান্ত বলিরা প্রদীপ্ত থাকে। কিন্তু প্রায় আর্য্যবংশীয়দিগের এক প্রকার সভাবসিদ্ধ জ্ঞান আছে বে, সেই স্থকপোল-কল্পিত ভ্রম-সংস্কার সংস্থাপনার্থে সভ্য মহাশয়েরা যাহা বাক্ত করেন, সভা-স্থান পরিত্যাগ করিবার পরক্ষণেই শ্রোতাদিগের অন্তঃকরণে আর তাহা বিরাজ করিতে শীরে না।

বর্ত্তমান কালে বঙ্গদেশে অসাধারণ জ্ঞান-সম্পন্ন এমন কোন লোকই আবিভূতি নাই, যে, তাঁহার নিজ মতকে জ্ঞানগর্ত্ত ভাবিয়া কেহ গ্রাহ্য করিতে পারে।

ইহাঁরদিগের সভা, ইহারদিগের বক্ত তা, ইহাঁরদিগের

লমমূলক জ্ঞানের আলোচনা ও প্রচারকে, বৃদ্ধিজীবী লোকেরা তৃণজ্ঞান করেন। তবে কেন যে ইহাঁরা, সভা হইবার ঘোষণাপত্র বিতরণ, রাত্রি জাগরণ, বর্তিকা দহন করিয়া নগর, পল্লী, উপপল্লী আলোড়ন করেন ইহার মর্মা বোধগম্য নহে। ইহাঁরদিগের মনোগত প্রসম্থ সংক্রান্ত বক্তৃতার চিংকারে, জনসমাজের কর্ণ বধির না করিলেই লোকে নির্কিল্পে থাকে। এই সকল স্বস্ব অপূর্ক মত সংস্থাপনের সভার, সারদ্দী বিদ্যাসাগর প্রভৃতি মহাশরণণ পদার্পণ করেন না। ঐ সকল সভায় গমনাগমন করিলে লোকের মতিছেল হয়, বঙ্গভূমির হুরদৃষ্টে ঐ সকল সভা কি বিদ্যাদারকই হইয়াছে।

ভারিত্ব।

পূর্বকালের ভারিত্বপ্রিয় লোকেরা গাঢ়তর মধ্বলমর চিন্তায় নিমগ্ন গাকিতেন, অথ্চ সদাশ্যে সকলের সহিত প্রণয়ালাপ করিতেন।

এক্ষণকার অনেকের এক প্রকার কদর্যা ভারিত্বরূপ হুর্দমনীয় পীড়া জন্মিরাছে, এই ভারিত্বের বশবর্তী হইয়া অনেকে বন্ধুলাভ করিতে পারেন না। ভারিত্বের প্রাহ্রভাবে পূর্ব্ববন্ধু পর্যান্ত অনাত্মীয় হয়েন। এইরূপ ভারিত্বের আশ্রয়ে এক্ষণে লোকে সম্রান্ত হইতে প্রত্যাশা করেন, তাহা হইতে পারেন না; ভারিত্বাভিনানীকে দকলেই তাচ্ছিল্য করেন। মানসিক কন্ট ব্যক্ত করিলে মনের ক্লেশ প্রাস হয়। ভারিত্বাবলম্বীরা সংসারে যে ক্লেশ পান, সেই ক্লেশের সহিত মানবলীলা সম্বরণ করেন, অধিক বাক্য ব্যয় না করাতে, তাঁহারদিগের ত্রংথ প্রকাশ পায় না, স্থতরাং কেহই তাহাঁরদির্গের ত্রংথভাগী হইতে পারেন না।

জনসমাজের স্কলকে সদালাপের সহিত সম্ভাষণ করিয়া পরিত্প করণজন্ম মনুষ্যের বাকশক্তি হইয়াছে, কিন্তু ভারিত্বাভি-মানীরা সদালাপে বিমুখ। এমন গুরুতর ভারিতাবলম্বী লোক দেখা গিয়াছে যে, পল্লীতে চৌর্য্য কার্য্য হইলে তাঁহারা সে বিষ-যের আদোপান্ত কি জানেন রাজপক্ষীয় লোকেরা তাঁহার-দিগের ছারা জানিতে সন্ধান করিলে, তাঁহারা মনোগত কথা ব্যক্ত না করায় দস্তার সহচর সন্দেহ পূর্বক শান্তিরক্ষকেরা তাঁহাদিগকে ধৃত করিয়া লইরা গিয়াছে। যথায় হিংস্রক অন্ত, ভীষণ ভুজম্ব ও নৃশংস দস্থা বিচরণ করে, সেই ভারি-অভিযানী মহাত্মার। জানিয়াও লোকের নিকট ব্যক্ত না করাতে, কত প্রাণী সতর্ক হইতে না পারিয়া বিনষ্ট হইয়ছে। কত সাধু ব্যক্তি অসাধু লোকের সহিত বন্ধৃতা করিয়া সর্বস্থ হারাইয়াছে—দেই অসাধু ব্যক্তির সমস্ত বিবরণ জানিয়াও দুরাচার ভারিঘাভিমানীরা তাহা সাধু ব্যক্তিগণের নিকটে প্রকাশ করেন নাই।

এইরূপ গাঢ়তর ভারিছের সঙ্গে তাঁহাদিগের অনেকের যৎ-গরোনান্তি লঘুত্ব আছে। কালাতিপাত করিবার জন্ম তাঁহার। নির্জীব তাস ও পাশাকে সহচর করিয়া থাকেন। তদপেকা সামান্ত মনুষ্য ও শিশুকে সহচর করিয়া কালাতিপাত করাও শ্রেয়ঃ। কারণ ঈশ্বরের স্বষ্ট প্রায় কোন মনুষ্য হেয় ও অপ্রদ্রেয় নহে; ভারিজাতিমানীরা তাস পাশাকে বহন করিতে সর্ব্বাঙ্গ নত করেন, তথাচ কিঞ্চিৎ ক্ষুদ্র প্রাণী ও শিশুকে নিকটে যাইতে দেন না, মধ্যে মধ্যে পেচকের ন্যায় মুখভঙ্গি করিয়া জ্ঞানাপলের ন্যায় বলেন যে, "অমুক ব্যক্তি যায় তায় সঙ্গে সহচারিতা করে," তাহা শ্রুত মাত্র মহামতি গে-সাহেবের এই পদ্যাবলী আমার শ্বরণ হয়।

Can grave and formal pass for wise,
When men the solemn owl despise

অনেকে বলেন ঐকপ ভারিত্বপ্রিয় লোকের মুখমওল প্রভাবে দর্শন করিলে নির্কিয়ে দিনপাত হয় না, কিন্তু সে কথার সত্যতার প্রতি আমরা নির্ভর করিতে পারি না। ফলতঃ তাঁহাদিগের বিষণ্ণ বদন নয়নগোচর হইলে অন্তঃকরণ বিমর্ম হইয়া যায়; ক্দ বাাছের নিকট যাইতে লোকের যেরূপ ভয়ানক শক্ষা জন্মে, ভারিত্বভিমানী নরাকার পশুর সমীপে বাইতেও সেইরূপ শক্ষা জন্মে। অসদৃশ ভারিত্ব—বিশেষ অহক্ষারের চিন্থ ভিন্ন অন্ত কিছুই নহে।

বাঁহার। দত্বর বিষয় ব্যাপার ব্ঝিতে অশক্ত, তাঁহারদিণের পক্ষে ভারিত্ব অবলম্বন করা এক বিচিত্র কৌশল, সন্দেহ নাই। ভারিত্ব উপলক্ষ করিয়া নীরব থাকায় আরও লাভ আছে, বন্ধ্ বান্ধব কুটুম স্বজন অতিথি অভ্যাগতদিগের জন্ত দায়প্রস্ত হইতে হয় না অর্থাৎ ঐ প্রকার ভাবাপন্ন লোকের নিকট যাইতে মন্থব্যমাত্রেই ঘণা করেন। সদাশন্ত্র বলিয়া মন্থ্যকে লোকে যে স্থ্যাতি করিয়া থাকেন, ভারিঘাভিমানীরা সে স্থ্যাতি লাভের অধিকারী নহেন, তাঁহাদিগকে সকলেই নীচাশ্য় বলে। নীচাশ্য় নাম লইয়া তাঁহারা কি স্থথে যে ধরাতলে প্রাণ ধারণ করিয়া থাকেন বলা যায় না তবে অধীন জনের নিকট কিঞ্চিৎ ভারিঘ্ন প্রকাশ না কুরিলে তাহারা ভয় পায় না, ও কার্য্য স্থচারলরপে নির্বাহ করে না, সেই হেতু দিবারাত্রি তাহাদিগের নিকট প্রকাপ কুৎসিৎ ভারিঘ্রের মূর্ত্তি ধারণ করা উচিত নহে; সময়ে সময়ে প্রফুল বদনে অধীনদিগের মঙ্গলামঙ্গলের সমাচার লইতে হয়। এফ।কার কদর্য্য ভারিঘাবলম্বিদিগের সে সকল বিবেচনা না থাকার তাঁহাদিগকে নিতান্ত নরাধ্য বলিয়া লোকে গণ্য করিয়া থাকেন।

ভারিমাভিমানীর বিবরণ অতি কৌতুকাবহ, উহাঁদিগের মৃথাবলোকন করিলে অন্তঃকরণ বিষণ্ণ হয় সন্দেহ নাই; উহাঁরা সদয়চিত্তে হাস্ত কৌতুক না করিলে ভিন্দিপাল প্রহার করা উচিত, ইহা আমাকে জষ্টিশ মিত্র বাবু জনান্তিকে বলিয়াছেন।

প্রেমটাদ তর্কবাগীশ, বাবু প্রদারকুমার ঠাকুর, চক্রমোহন সিদ্ধান্ত ও বাবু রামগোপাল ঘোষ প্রভৃতি মহাশয়গণের আত্মা স্করসভার দিতীয় অধিবেশনে বঙ্গদেশের বর্তমান বিবরণ উল্লেথ করিলে, শ্রবণান্তে সভাপতি প্রিন্স দারকানাথ ঠাকুর মহাত্মার স্মন্তঃকরণে যেরূপ ভাবের উদ্ধ হইল, তাহা এক্ষণে এইরূপে তিনি বাক্ত করিতে আরম্ভ করিলেন।

উপসংহার।



প্রিন্সের উক্তি।

ভাগ্য মন্দ না হইলে সকল স্কথে বঞ্চিতী হইবার পথে বন্ধবাদীরা অনেকে পদার্পণ করিবেন কেন? ভিষ্ণা দানে বিরত
হইরা এক্ষণে তাঁহারা অনেকে এক প্রকার ধর্ম কর্ম বিবৃদ্ধিত
হইরাছেন। পরোপকার ও আতিথ্য কার্য্যে বিরত হইরাছেন।
পীড়াদারক থাদ্য বস্ত ব্যবহারে তৎপর হইরাছেন। আপনা
দিগকে অধিক বৃদ্ধিমান মনে করেন। মন্দভাগ্য না হইলে
অভিমানে আপনাদিগকে বৃদ্ধিমান ভাবিরা চিরদিন নির্দ্যোধ
থাকিবেন কেন? নবা মহাশরেরা ক্রী-জাতিকে স্বাধীনতা
প্রদানে প্রোৎসাহী হরেন। কামিনীণণকে লইরা প্রকাশ্য
স্থানে পরিত্রমণ করিরা থাকেন। ভাগ্য মন্দ না হইলে
কুলাক্ষারেরা কুলাক্ষনাদিগকে প্রকাশ্য স্থানে লইরা বির বৃদ্ধি
করিতে প্রস্ত হইবেন কেন?

কোন মহাপুরুষ কুলস্ত্রীগণকে মহারাণীর পুত্রের নেত্রপথে আনিয়া মাহান্ম্য প্রকাশ করিয়াছেন। অনধিকার স্থানে দেশীয় বিচারপতিরা ও ভূসামীরা অভিমানের বলে প্রভূষ করিতে যুত্ন পান। কলিকাতার স্থুল স্বস্তুবিশিষ্ট বিদ্যুলয়ের শিক্ষক ও ছাত্রগণ পরম পণ্ডিত রাজা রাধাকাস্তকে যৎসামান্ত জ্ঞানাপন্ন বলেন এবং ইয়োরোপীয় দিগের নিকট স্বজাতির নিন্দা করেন এ সমস্তই অসহা।

প্রাচীন কর্ম্মচারীরা কার্য্যে অশক্ত হইলে অনেক প্রভু এক্ষণে তাহাদিগকে কার্য্যচ্যুত করেন অথচ আর তাহারদিগের প্রতিপালনে মনোন্বাগী হয়েন না। কর্ম্মচারী কঠিন পীড়ার প্রীড়িত হইলে প্রভুৱা তাহাদিগের প্রতি জক্ষেপ করেন না। এক্ষণকার লোকের ভাগ্য মন্দ না হইলে প্রভুৱা চির-কিঙ্করের প্রতি আজ কার্স নিতান্ত নিষ্ঠর হইবেন কেন?

অসমন্ত্রে অস্তুস্থ অনাহারী অধীন কশ্মচারীকে অনেক প্রভূ গুর্মম স্থানে প্রেরণ করেন ও মধ্যে মধ্যে আন্যোপান্ত মিথা সাক্ষ্য দিতে তাহাদিগকে অন্তরোধ করিয়া থাটকন।

পিতা পিতৃব্য জ্যেষ্ঠ সহোদর প্রভৃতির উপর অনেক কৃতী প্রভুত্ব করেন ইত্যাদি সকলই শোচনীয় ব্যাপার।

া যাহাতে ইতর শকাবলী ও ব্যভিচার দোষের আন্দোলন আছে, সেই সকল কুৎসিত গ্রন্থ পাঠে অনেকের কচি হইরাছে।

ভাগ্য মন্দ না হইলে সমস্ত বিল্পায়িনী বাসনায় আধুনিক মকুষ্যের মন ধাবমান হয় কেন ?

যবন বালকদ্বরের সম্বন্ধে যে আখ্যায়িকা শুনিলাম, সেই রূপ অনেক শ্রোতা মাইকেলের পদাবলী শুনিয়া ভাবে নিমগ্ন হয়েন। ইহা নিতান্ত কৌতুকাবহ!

বিচারালয়ের অন্তৃতিত ভাষা রহিতের কোন উপায় হই-তেছে না। ইহা ব্যবস্থাপক সভার মহৎ অনবধানতা। সমালোচকেরা কেবল আত্মীয় ও অনুগত লেথকদিগের রচনার সমালোচনা করেন। ইহা সম্পূর্ণ অন্যায়।

যাহা হউক এ সকল কুলক্ষণের সময় বিদ্যাসাগর মহাশয়ের গ্রন্থ সমুদার প্রচলিত আছে এবং মহাভারত ও রামারণ প্রভৃতির অমুবাদক উৎকৃষ্ট লেখকেরা গ্রন্থ প্রচার করিতেছেন সেই পরম মঙ্গল। তারাশঙ্কর ভটাচার্য্য যে কার্ম্বরীর স্থমধুর রচনা রিাথিয়া আসিয়াছেন, তাহা পাঠকেরা যথ√ তথন পাঠ করিয়া থাকেন; বাবু রাজেন্দ্রলাল মিত্র, বাবু রাজনারায়ণ বস্তু ও দেবেজনাথের জানগর্ত পুস্তক প্রচলিত আছে; স্থবিখ্যাত অক্ষরকুমার দত্তের পুস্তক বিদ্যালয়ে পাঠ হইতেছে ও তাঁহারও লেথার দোষ গুণ বিচারে ইদানীং অনেকে সক্ষম হইয়াঁছেন ইহা গুভ সংঘটনার লক্ষণ। ভুদেব বাবুর পুত্তকে হজসন প্রাট্ সাহেবের বিবরণ অতি রহস্যজনক। অতঃপর হরিনাথ ভাষরত্ব গিরীশচক্র বিদ্যারত্ব, মধুস্থদন বাচস্পতি, দারকানাথ বিদ্যাভ্যণ, হরানন্দ ভট্টাচার্যা প্রভৃতি পণ্ডিতমগুলীর বিশুদ্ধ ও ললিত সন্দর্ভ কিঞ্চিৎ কিঞ্চিৎ শুনিয়া বিমোহিত হইয়াছি। নভেল নাটকের হিল্লোল সভ্য মহাশয়েরা স্কুরলোকে উত্থাপন করেন নাই সেই শুভদায়ক।

মাইকেল মধুস্থদনের মেঘনাদ বধ কাব্যের স্বভাবোক্তি বীর করুণ বীভংস প্রভৃতি রস যেরূপ প্রণালীতে বিরচিত হইরাছে, কালীপ্রসন্নের বাচনিক শুনিলাম, সেই সেই রস ভাগ পাঠ করিলে চমৎকার জ্ঞান হয়, ঐ সকল রস বর্ণনা উপলক্ষে মাইকেল যে অসাধারণ কবিশক্তির পরিচয় দিয়াছেন, তাহা শত মুথ হইলেও প্রশংদা করিয়া শেষ করা যায় না। কিন্তু তুঃখের বিষয় এই যে এক্ষণকার কবিতায় যে যে দোয তাহা তিনিই প্রথমে প্রচলিত করিয়াছেন, সেই সকল দোষ ইতিপূর্ব্বে বেদান্তবাগীশ উল্লেখ করিয়াছেন, আমিও তাহ: সংক্ষেপে বলিতেছি.—এক্ষণে ইংরাজী শিক্ষিত থঞ্জনী ভারারা নির্দোষ কবিতা নিথেন না, কবিতা সম্বন্ধে তাঁহারদিগের কচিই অপ্রশংসন্^{শী}র: তাঁহারা যে সকল ছন্দ মনোনীত করেন, তাহ। সুহাব্য নহে, তাঁহারদিগের কবিতা যতি-বর্জিত, সাধ, অসাধু, পামা, ও দেশান্তরীয় ভাষাতে বিমিশ্রিত; কর্ত্তা কর্ম ক্রিয' স্থান ভ্রষ্ট করিয়া তাঁহারা কবিতা রচনা করেন: যদাপিও কবিতাতে কর্তা কর্ম ক্রিয়া স্থান ল্রন্থ করিবার রীতি আছে, কিন্তু ইংরাজি শিক্ষিত খঞ্জনী ভারারা যেরূপ ইংরাজি প্রণালীতে কর্ত্তা কর্ম ক্রিয়া স্থান এই করেন, বঙ্গ ভাষার কবিতায় সে প্রণালী অবলম্বন করিলে কবিতা কুৎসিত হয়, ভাঁচারটিগের রচনায় ব্যাকরণ যে কোণায় থাকে, তাহার নির্ণয় করা যায় না, তাঁহারা কেহই অলঙ্কারের প্রতি দৃষ্টি রাণিয়া কবিতা লিখিতে পারেন না, অলম্বার বিরুদ্ধ কবিতা কথনই মনুষ্যের মনোরঞ্জন করিবার উপযুক্ত হয় না।

রঙ্গুলাল, বিহারিলাল, হেমচন্দ্র, নীলমণি প্রভৃতির কবিতা সম্বন্ধে তর্কভূষণ মহাশয় ও বেদাস্কবাগীশ যাহা উল্লেখ করিয়া-ছেন, তাহা আমার একান্ত অমুমোদনীয়।

শাস্ত্র সম্বন্ধে যাহা শুনিলাম, তাহা অন্তঃকরণের সহিত গ্রাহ্য না করিয়া নিবৃত্ত হইতে পারিলাম না। স্থূলতঃ সংস্কৃত শাস্ত্র এমন অসার পদার্থ নহে যে, আধুনিক বাবুদিগের অকিঞিৎকর তর্ক বলে তাহা মান ভাব ধারণ করে। তাঁহাদিগের
মধ্যে স্থবিজ্ঞাভিমানিগণ শাস্ত্রের কোন স্থানের তাংপর্য্য না
বুঝিয়া রজ্ক্ক সর্প জানের তায় আপাতত যেরূপ বুঝিয়া লন,
অপ্রাপ্ত বয়য় নির্কোধণণ তাহাতেই সমস্ত শাস্ত্র ভাস্ত মনে
করিয়া প্রত্যেকেই ধর্ম শাস্ত্রের শুক সন্তুন প্রভৃতি হইয়া
বসেন। মনভাগ্য না হইলে অভাস্ত ঋষিগ ় প্রণীত শাস্ত্রের
উপদেশ এক্ষণকার অনেকের মনে অনুভ্রুমূলক বিলিয়া
ভাসমান হইবে কেন ?

পিতা ইংরাজি ভাষাপর হইরা পুত্রের প্রতি পূর্ণিং স্থেষ্ট করেন না; অশিক্ষিত পূর্ পূর্বের পিতার প্রতি বেরূপ ভক্তি করিতেন, এক্ষণে স্থানিক্ষিতেরা পিতাকে সেরূপ করেন না, পিতার নামে বিচারালয়ে অভিযোগ করেন। মাতাকে পূর্ শ্রন্ধা করেন না, তাঁহাকে পরিশ্রম করান, তাঁহার পরিতোষের কোন কার্য্য করেন না। মন্দভাগ্য না হইলে পুত্রের সাহায্য লাভে লোকেরা বঞ্চিত হইবেন কেন? যেরূপ আন্তরিক যত্র সহকারে উপাদের ফল পুত্পের প্রত্যাশার কোন বৃক্ষ রোপণ করিলে বদ্যাপি তাহাতে স্থাহ্য ফল ও স্থাক্ম পূত্প উৎপন্ন না হয়। অথবা যদি নিদাঘ সন্তাপিতের নেত্রপথে নবীন নীরদ উদর হইয়া তাহা বারি বর্ষণ না করে, তবে যেরূপ মনস্তাপ হয়; উপযুক্ত পুত্রের সাহায্য লাভে বঞ্চিত হইলে তদপেক্ষা অধিক মনস্তাপ জন্মে।

ভাগ্য অপ্রসন্ন না হইলে এক্ষণকার যুবাজন বলবীর্য্য

শুক্ত হইয়া বিষম বিজ্পনায় নিপতিত হইতেন না। আনেক ভাতার, ভাতার সহিত প্রণয় রহিত হইয়াছে, পূর্ব্বকালেও ভাত-কলহ ছিল, কিন্তু একালের স্থায় তাহা প্রত্যেক পরি-বারে প্রবল ভাবে ছিল না। ভগিনীর প্রতি এক্ষণকার অনেকের অণুমাত্র স্নেহ নাই। পিতৃব্য মহাশয়ের। অনেকে ভ্রাতৃ-পুত্রের প্রক্তি পরম শক্ততাচরণ করেন। ভ্রাতৃ-পুত্র পিতৃবাকে যে । একজন বলিয়া অবহেলা করেন। স্ত্রীকে হিতোপদেশ না দিয়া স্বামী নির্ব্বোধ স্ত্রীর বশীভত হইয়া আগ্রীয় জনের সহিতও অনুচিত ব্যবহার করেন। জামাতা খণ্ডবের ার্কাস্থ গ্রহণ করিয়াও সন্তোষ হয়েন না। শিক্ষা, দীক্ষা ও বয়োজ্যেষ্ঠ গুরুকে এক্ষণকার অনেক মহাপুরুষ তুণ তুলা জ্ঞান করেন। অতঃপর বঙ্গে মাতৃমেহ নিতান্ত ছর্মল হইয়াছে; প্রভাবতীর নিকট শুনিয়া বিস্ময়াপর হইলাম। ভগিনী কখন ভগিনীর মুখমণ্ডল দর্শন, কখন তাহার সঙ্গে মধুরালাপ করিবেন, এই আশয়ে দিন যাপন করিতেন; এক্ষণে ভগিনী অন্ত ভগিনীকে যত্ন সহকারে দর্শন করেন না। আপ-নার বদন ভূষণ পান ভোজন উৎক্ল ইইলেই হইল, স্বামীর প্রকৃত সেবাতে এক্ষণকার অনেক স্ত্রী নিযুক্ত থাকিতে ইচ্ছক নহেন। কন্তাকে কথন দেখিব কত দিনে তাহাকে জামা-তার গৃহ হইতে আনিয়া অঙ্কে উপবেশন করাইব এই সকল মেহ স্থচক চিন্তার আর একালের অনেক জননী অভি-ভতা হয়েন না; কত কষ্ট স্বীকার করিয়া মাতা কস্থাকে প্রতিপালন করিয়াছিলেন, কতই স্নেহ করিয়াছিলেন, এই মনে ভাবিয়া ও মাতার অদর্শন স্বরণ করিয়া পূর্ব্বে কন্থাগণ রাত্রদিন স্বশ্রুপাত করিতেন, এক্ষণকার কন্থারা প্রায় সেরপ করেন না। কামিনীর কোমল প্রাণ কঠিন হওয়া উচিত নহে, সেবিবেচনা না করিয়া কেহ কেহ বলেন, এক্ষণকার স্ত্রীলোকেরা উচ্চমনা হইয়াছেন, তাঁহারা অনিত্য ক্ষীণা স্বেহের বশবর্ত্তিনী নহেন। ল্রাভূ-জায়ার প্রতি ননন্দৃ ও ননন্দ্র প্রপ্রতি ল্রাভূ-জায়ার প্রতি সন্দ্র প্রতি ল্রাভূ-জায়ার প্রতি সভ্সায় ব্যহ্য়ার অতি নিন্দনীয় হইয়াছে। সম্বন্ধ নিবন্ধন স্বেহ এ সময়ে বেরপ রাম হইয়াছে, তাহাতে লোকালয়ে কি গহন কাননে বাম বঙ্করা শিদগের প্রক্ষে সমান হইয়া উঠিয়াছে ইহা নিতান্ত ক্ষোভের বিষয়।

পূর্ব্ধে স্ব-সম্পর্কীয় লোকের অপ্রত্নুল দেখিলে বঙ্গবাসীদিগের অক্রপাত হইত এবং তদর্থে দাধ্যান্ম্পারে দাহায্য করিতে
দাগ্র হইতেন। পূর্ব্বে স্ব-সম্পর্কীয় লোকের কঠিন পীড়া হইলে
দে বঙ্গে লোকে স্কৃষ্ট্রের ইইয়া নিজা ঘাইতেন না। যে বঙ্গে
স্ব-সম্পর্কীয় লোক শোকার্ত্ত ইইলে লোকে তাঁহাকে বছদিন
পর্যান্ত সাম্বনা করিতেন, তাঁহার সহবাস পরিত্যাগ করিয়া
স্থানান্তরে ঘাইতেন না। যে বঙ্গে কেহ বিপদস্থ হইয়া বিচারালয়ে
ঘাইলে স্ব-সম্পর্কীয় লোকেরা তাঁহাকে উদ্ধার না করিয়া নিশ্চিন্ত
থাকিতে পারিতেন না, এক্ষণে সেই বঙ্গে কি দারুণ অপ্রত্ন !
কি উৎকট পীড়া! কি হুদয়-বিদীর্ণ-কর শোক সন্তাপ!
কি বিচারালয়ের বিষম বিপদ! কোন উপলক্ষেই কোন
স্ব-সম্পর্কীয় লোক কাহাকে পরিত্রাণ করিতে অগ্রস্র হয়েন

না। কি ছঃসময়, কি নির্মমতা, কি নিষ্ঠুরতা, সম্প্রতি বঙ্গে বিচরণ করিতেছে, অপরের এবং আপনারদিগের নিকট শুনিয়া অপার ছঃথে নিপতিত হইলাম।

নব যুবারা নিতান্ত বলবীর্য্য-বিহীন ও স্থধ-ভোগে বঞ্চিত হইয়াছেন, এ সমস্ত শুনিয়া তাঁহারদিগের জন্ম গ্রহণের সার্থকতা কিছুই নাই বিবেচনা হইল।

বিশ্বতদ্বে যো সকল বিশ্বের কথা উল্লেখ হইরাছে, তাহা শুনিয়া সদকম্প ইইতেছে। উপায় কি ? ভাগ্য নিতান্ত মদ না হইলে একক্যল নানা বিশ্ব অর্থাৎ সমাজের বিশ্ব, শারীরিক বিশ্ব, দৈন কর্তৃক দেশ প্লাবন ও শস্য হানি বিশ্ব, ভাষার বিশ্ব, সভা সংস্থাপন দারা মহা বিশ্বকোন কোন সম্বাদ পত্রিকা সম্পাদকের স্কৃতি বিশ্ব, দাস্থান্ত্রাগ বিশ্ব প্রভৃতি পুঞ্জ পুঞ্জ বিশ্ব দেখা দিত না।

এ সমস্ত অশুভ সংঘটনা নিবারণের উপায় কি, সভ্য মহাশয়েরা তাহা দির করিয়া তৃতীয় সভাধিবেশনে আমাকে অবগত
করিলে বিশেষ পরিতৃষ্ট হইব, এই পর্যান্ত বলিয়া প্রিন্স প্রভৃতি
পরম্পরে সদ!লাপের পর সভা ভঙ্গ করিয়া বিশায় হইলেন।
তৎপরে স্থারলোকে স্কুমধুর বীণাধ্বনি হইতে লাগিল!

S. S. B. S.



CHAKRAVARTI AT THE VALMIKI PRES